শ্রীল শ্রীরঘুনাথদাসগোস্বামি-বিরচিত-

# মুক্তাচরিত্রম্।

নমঃ শ্রীশ্রীগান্ধর্ব্বাগিরিধরাভ্যাং ।

কন্দর্পকোটিরম্যায় স্ফুরদিন্দীবরত্বিষে।
জগন্মোহনলীলায় নমো গোপেন্দ্র-সূনবে ॥ ১ ॥
ক্রয়-বিক্রয়-খেলাব্ধৌ মুক্তানাং মজ্জিতাত্মনোঃ।
মিথো জয়ার্থিনোর্বন্দে রাধামাধবয়োর্যুগম্ ॥ ২ ॥
নিজামুজ্জ্বলিতাং ভক্তিসুধামর্পয়িতুং ক্ষিতৌ।
উদিতং তং শচীগর্ভব্যোম্নি পূর্ণং বিধুং ভজে* ॥ ৩ ॥

---

যিনি কোটি কোটি কন্দর্প হইতেও রমণীয় ও যাঁহার কান্তি বিকসিত নীলকমলসদৃশ, এবং যাঁহার লীলাসমূহ, স্থাবর জঙ্গমাত্মক জগতের মুগ্ধকর সেই গোপেন্দ্র নন্দন শ্রীগোবিন্দকে আমি নমস্কার করি ॥ ১ ॥

মুক্তাসমূহের ক্রয়বিক্রয়রূপ ক্রীড়াসাগরে যাঁহাদের চিত্ত মগ্ন হইয়াছে ও মুক্তাবিষয়ক বাদানুবাদে পরস্পর বিজয়ার্থী সেই শ্রীরাধামাধব-যুগলকে আমি বন্দনা করি ॥ ২ ॥

যিনি এই সংসারে অর্থাৎ এই সংসারস্থিত সর্ব্বসাধারণে, স্বীয় উজ্জ্বলভক্তি-সুধা সমর্পণ করিবার অভিলাষে শ্রীশচীমাতার গর্ভরূপ আকাশে সমুদিত হইয়াছেন সেই পূর্ণচন্দ্র শ্রীগৌরাঙ্গমহাপ্রভুকে আমি ভজনা করি ॥ ৩ ॥

---

*শ্রয়ে ইতি পাঠান্তরম্।

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্‌।
রাধাকুণ্ডং গিরিবরমহো ! * রাধিকা-মাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিত-কৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি ॥ ৪ ॥
হরিচরিতামৃতলহরীং বৃন্দাবিপিনাম্বুরাশিসম্ভূতাম্‌।
রসবদ্বৃন্দারকগণ-পরমানন্দায় সন্তনুমঃ ॥ ৫ ॥
একদা কিঞ্চিন্মাত্রশ্রুতপূর্ব্ব-বৃত্তান্তয়া সত্যভাময়া কৃষ্ণঃ সাকূতং পৃষ্টঃ।—

লতাস্তা মধুরাঃ কস্মিন্‌ জায়ন্তে ধন্যনিবৃতি।
নাথ ! মৎকঙ্কণন্যস্তং যাসাং মুক্তাফলং ফলম্‌ ॥

---

অহো ! আমি যাহার সুবিখ্যাত কৃপায়, এই ধরামণ্ডলে নামশ্রেষ্ঠ হরিনাম মহামন্ত্র, ও শ্রীশচীনন্দনমহাপ্রভু, স্বরূপ, রূপ, সনাতন, এবং বিশাল মথুরাপুরী গোষ্ঠবাটী, শ্রীরাধাকুণ্ড, গিরিবর শ্রীগোবর্দ্ধন, ও শ্রীরাধামাধবের চরণ সেবনাদি বিবিধ আশা প্রাপ্ত হইয়াছি, সেই শ্রীগুরুদেবকে নমস্কার করি ॥ ৪ ॥

শ্রীবৃন্দাবনসাগরে সমুৎপন্ন শ্রীহরিচরিতামৃতলহরী রসবেত্তা দেবগণের (কিম্বা রসজ্ঞ বিখ্যাত ভক্তগণের) পরমানন্দের নিমিত্ত সম্যক্‌রূপে বিস্তার করিতেছি ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণের মুক্তালতা সৃজন বৃত্তান্ত, লোকপরম্পরা কিঞ্চিন্মাত্র শ্রুত হইয়া সবিস্তারে শ্রবণাভিলাষে শ্রীসত্যভামা দেবী শ্রীকৃষ্ণকে সবিনয়ে জিজ্ঞাসা করিলেন ॥

নাথ ! আমার কঙ্কণ স্থিত মুক্তাফল যে লতাসমূহের ফলস্বরূপ; সেই মনোহর লতা সমূহ কোন পরম পবিত্র দেশে উৎপন্ন হইয়া থাকে ? (তাহা আমাকে বলুন)। অনন্তর শ্রীকৃষ্ণ (শ্রীসত্যভামাদেবীর ঐ প্রশ্ন শ্রবণে ভূতপূর্ব্ব) সেই বৃত্তান্ত স্মরণ হওয়ায় অন্তরে অত্যন্ত দুঃখান্বিত হইলেও প্রকাশ্যে হাঁসিতে হাঁসিতে বলিতে লাগিলেন।

---

* "মহো" ইত্যত্র মহঃ ইতি পাঠান্তরম্‌।

ততস্তদ্বচনাত্তস্মরণাৎ কৃষ্ণঃ স্বান্তর্নির্বহির্বিহস্যাহ।—
গতঃ স কালো যত্রাসীৎ মুক্তানাং জন্ম বল্লিষু।
বর্ত্তন্তে সাম্প্রতং তাসাং হেতবঃ শুক্তিসম্পুটাঃ॥

ততস্তদপূর্ব্বং শ্রুত্বা সবিশেষশ্রবণোৎকণ্ঠিতয়া তয়া বাঢ়মাম্রেড়িতঃ* কৃষ্ণঃ পুনরাহ।—একদা কার্ত্তিকে মাসি গোকুলে গোবর্দ্ধনগিরৌ দীপমালিকামহোৎসব আসীৎ। তত্র সর্ব্বো জনো বিচিত্রনেপথ্যসামগ্রীণাং সংস্কারায় সাধনায় চ পরমাশক্তো বভূব। গোপাস্তু স্বং স্বং ভূষয়ন্তোঽপি বিশেষতঃ গবাদিপশূনাং প্রসাধনার্থমুদ্যুক্তা আসন্। গোপ্যঃ কিল প্রসাধিতসদনাঃ আত্মনাং ভূষণার্থং নানালঙ্কার-সংস্কার-

---

প্রিয়ে! যে কালে লতা সমূহে মুক্তাসকলের উৎপন্ন হইয়াছিল সে কাল গত হইয়াছে। এখন মুক্তা সকলের উৎপত্তির কারণ শুক্তিসম্পুট (শুক্তি কৌটা) অর্থাৎ শুক্তি মধ্যেই মুক্তার সৃষ্টি হইয়া থাকে।

অনন্তর শ্রীকৃষ্ণের এই অপূর্ব্ব বাক্য কিঞ্চিন্মাত্র শ্রবণ করিয়া সবিশেষে শ্রবণোৎকণ্ঠিতা সত্যভামা কর্ত্তৃক পুনঃ পুনঃ জিজ্ঞাসিত হইয়া শ্রীকৃষ্ণ পুনর্ব্বার বলিতে লাগিলেন।

একদিন কার্ত্তিক মাসে গোকুলে শ্রীগোবর্দ্ধনে দীপমালিকা মহোৎসব হইয়াছিল। তখন সেই গোকুলবাসিগণ, ঐ মহোৎসবোপযোগি নানাবিধ নেপথ্য (অলঙ্কার) সামগ্রীর প্রস্তুতকরণে এবং ঐ মহোৎসব নিষ্পাদনার্থ অত্যন্ত যত্নবান্ হইলেন। এবং গোপগণ, স্ব স্ব অঙ্গে বিবিধ অলঙ্কারে বিভূষিত হইলেও তত্রস্থ গোমহিষাদি পশুদিগকে বিশেষরূপে সাজাইতে ব্যাপৃত হইলেন। আর গোপীগণ যথোচিত দ্রব্যদ্বারা স্ব স্ব গৃহাদি সুসজ্জিত করিতে লাগিলেন এবং আপন আপন অঙ্গ বিভূষিত করিবার জন্য নানাবিধ অলঙ্কার সংস্কার (মার্জ্জন) করণে তৎপর হইলেন। তন্মধ্যে বৃষভানুনন্দিনী শ্রীরাধা সাদা

---

* দ্বিত্রিরুক্তং আম্রেড়িতং।

সাধনপরা বভূবুঃ। রাধা তু মাল্যহরণাখ্যসরস্তীরোপান্ত-মাধবী-চতুঃশালিকায়াং স্বসখীসমুদয়েন পরমোত্তমমুক্তাভি-র্বিবিধভূষণানি রচয়িতুমারেভে।

ময়া চ বিচক্ষণ ইতি যথার্থনামকীর-কুমার-মুখতস্তন্নিশম্য সকৌতুকং তত্র গত্বাতিপ্রেমাস্পদস্য হংসী-হরিণীতি নাম্নো ধেনুযুগলস্য ভূষণৌৎসুক্যেন তাসাং সকাশে মৌক্তিকানি প্রার্থিতানি॥ ততঃ সুবিবিধ-বৈদগ্ধ্য-পরিমল-পরিলসিত-সামি*-নিমিলিত-বামনয়ন-নীলোৎপলদলাঞ্চলেন সাবহেলনমিব মনাগেব মামবলোক্য মুনিব্রত-জতুমুদ্রিত-হসিত-হীরকানর্ঘ্য-মহারত্নবহিঃপ্রকাশং নির্ভরাবেশবিশেষেণ হারাদিগুম্ফন-বিলাসমেব বিতন্বতীস্তাঃ প্রতি সস্মিতমিদমহমাভাষিতবান্—

হরণাখ্য সরোবরের তীর সমীপবর্ত্তি মাধবী চতুঃশালিকাতে উপবেশন করিয়া স্বীয় সখীগণের সহিত পরমোত্তম মুক্তা সমূহের দ্বারা নানাবিধ বেশভূষণ রচনা করিতে আরম্ভ করিয়াছিল।

তখন আমি, অতি বিচক্ষণনামক যথার্থনামা শুকশিশুর মুখে সেই বৃত্তান্ত শ্রবণ করিয়া,কৌতুকের সহিত সেই স্থলে গমন পূর্ব্বক মদীয় প্রেমাস্পদা "হংসী ও হরিণী" নামে বিখ্যাত ধেনুযুগলের ভূষণের নিমিত্ত ঔৎসুক্যান্বিত হইয়া রাধা প্রভৃতির নিকট মুক্তাচয় প্রার্থনা করিয়াছিলাম॥

কিন্তু আমার প্রার্থনা শ্রবণ করিয়া তাহারা বিবিধ বৈদগ্ধ-পরিমলে পরি-শোভিত ও অর্দ্ধনিমীলিত নীলোৎপলসদৃশ বামনয়নে নিহিত বস্ত্রাঞ্চলদ্বারা যেন অবহেলার সহিত আমাকে ঈষৎ অবলোকন করিয়া মৌনাবলম্বন পূর্ব্বক লাক্ষা-রঞ্জিত বিকশিত বাহুদেশে বিরাজমান হীরক অনর্ঘ মহারত্ন বাহিরে প্রকাশ পূর্ব্বক অত্যন্ত আবেশ বিশেষের সহিত হারাদি গ্রন্থন শোভা বিস্তার করিতে

* অর্দ্ধমিত্যর্থঃ।

ভোঃ ! অভিনব-যৌবনামূল্য-চিন্তামণি-লব্ধিবিবর্দ্ধিতোত্তুঙ্গ-গর্ব্ব-মহাপর্ব্বতাবগুণ্ঠিতকর্ণ্যঃ !* প্রিয়বয়স্য মম প্রার্থিতে ক্ষণমপি কর্ণানুদ্‌ঘাটয়ন্ত ভবত্যঃ।

ততস্তাসামীষৎ স্মিত্বান্যোন্যমালোকয়ন্তীনাং মধ্যে প্রগল্‌ভা ললিতা বিহস্য সরোষমিব ব্যাজহার। অয়ে নাগর ! এতানি বহুমূল্যানি মৌক্তিকানি রাজমহিষীযোগ্যানি, তব মহিষী-নামেবালংক্রিয়ায়ৈ সত্যমভিরূপাণি কথং ন দাস্যামঃ ॥

ততস্তদ্বচঃ শ্রুত্বা ময়া কৌতুকেনাবিষ্টেন সাম্না পুনঃ পুনরিদমেবোক্তং।—"ভোঃ প্রিয়ভূষণাঃ !† সর্ব্বাণি যদি ন

---

লাগিল। তখন আমি সহাস্যে তাহাদের প্রতি এইকথা বলিলাম। হে সখীগণ! তোমরা অভিনব যৌবনরূপ অমূল্য চিন্তামণি লাভ হেতু, অত্যুচ্চ গর্ব্বমহাপর্ব্বত বিবর্দ্ধিত হওয়ায় তদ্দ্বারা বদ্ধ কর্ণা হইয়াছ? তোমাদের প্রিয়, আমার প্রার্থিতবিষয়ে ক্ষণকাল কর্ণপাত কর।

আমার এই বাক্য শ্রবণানন্তর তাহারা ঈষৎ হাস্য করিয়া পরস্পর পরস্পরের প্রতি অবলোকন কারিণী সখীগণের মধ্যে প্রগল্‌ভা ললিতা সহাস্যবদনে সরোষবৎ আমাকে বলিয়াছিল। ওহে নাগর! রাজমহিষীদিগের আভরণযোগ্য এই বহুমূল্য মৌক্তিকসকল তোমার গোমহিষীদিগের অলঙ্কা-রের অনুরূপ, সত্যবটে, আহা ! তাহাদিগের অলঙ্কৃতির জন্য মুক্তাসকল কেনই বা প্রদান না করিব?।

অনন্তর ললিতার এইরূপ ছলবাক্য শ্রবণ করিয়া আমি কৌতুকাবিষ্ট হইয়া প্রিয়বাক্যে পুনঃ পুনঃ এইকথা বলিয়াছিলাম। হে প্রিয়ভূষণাগণ! যদি তোমরা সমস্ত মুক্তাগুলি আমাকে প্রদান না কর, তাহা হইতে আমার

---

* কর্ণ্যঃ ইত্যত্র কণ্ঠ্যঃ ইতি পাঠান্তরম্।

† ভূষণপ্রিয়াঃ কিম্বা প্রিয়স্য মম ভূষণাঃ যূয়ং।

দেয়ানি তদা মদত্যন্তপ্রিয়ধেনুযুগল-শৃঙ্গচতুষ্টয়-ভূষাপর্য্যাপ্তা-ন্যেবাবশ্যং দীয়ন্তাং ॥

ততো ললিতা সর্ব্বাসাং মৌক্তিকানি পুনঃ পুনশ্চালয়ন্তী ভূয়ঃ প্রাহ—হে কৃষ্ণ! কিং কর্ত্তব্যং তব ধেনুযোগ্যমেকমপি নাস্তি ॥

তদাহমুক্তবান্।—অয়ি! পরমচতুরে ললিতে! তিষ্ঠ তিষ্ঠ অহং কার্পণ্যভাক্ পশ্চাত্ত্বয়া বক্তুং ন শক্য ইত্যুপালভ্য* সত্বরমম্বাং ব্রজেশ্বরীমাগত্য মাতর্দ্দেহি মে মৌক্তিকানি, অহন্তু তানি কৃষ্টকেদারে (কৃষ্টকেদারিকায়ামেব) বপ্স্যামীতি পুনঃ পুনরবোচং। ততো মাত্রা বিহস্যোক্তং, বৎস! ন মৌক্তিকা-ন্যুপ্তানি প্ররোহন্তি। তদা ময়োক্তং মাতরবশ্যমেব দীয়ন্তাং

---

অত্যন্ত প্রিয় ধেনুযুগলের শৃঙ্গচতুষ্টয়ের ভূষণোপযোগ্য কতিপয় মুক্তা অবশ্য প্রদান কর। তখন ললিতা এইকথা শুনিয়া সকল সখীগণের মুক্তাসকল গ্রহণ করিয়া (সহাস্তে আমাকে দেখাইয়া দেখাইয়া) ঐ মুক্তাসকল সঞ্চালন করিতে করিতে পুনর্ব্বার বলিয়াছিল! হে কৃষ্ণ! আহা! কি করিব তোমার ধেনুযোগ্য একটী মুক্তাও নাই।

তখন আমি বলিয়াছিলাম, অয়ি পরমচতুরে ললিতে! তিষ্ঠ তিষ্ঠ (থাক্ থাক্) ইহার পরে আমাকে কৃপণ বলিতে পারিবে না, এই প্রকারে তাহাদিগকে নানাবিধ তিরস্কার করিয়া, তৎক্ষণাৎ আমার জননীর নিকট আগমন করিয়া বলিয়াছিলাম জননি! আমাকে কতকগুলি মুক্তা প্রদান করুন। আমি কৃষ্টকেদারে (চাস করা ক্ষেত্রে) তাহা রোপণ করিব, এইরূপে বারম্বার বলিয়াছিলাম। তৎপর আমার পুনঃ পুনঃ কথিত বাক্য শ্রবণ পূর্ব্বক জননী উচ্চহাস্ত করিয়া বলিয়াছিলেন। বৎস! মুক্তা রোপণ করিলে কখনও অঙ্কুরিত হয় না। তখন আমি বলিয়াছিলাম

---

* সনিন্দমাক্রুশ্য ইত্যর্থঃ।

দিনত্রয়াভ্যন্তরে প্ররূঢ়ানি ভবন্ত্যেব সাক্ষাৎ কর্ত্তব্যানীত্যস্ম-দ্বির্নিন্ধপরিহারাসমর্থয়া তয়া দত্তানি বহূনি মৌক্তিকানি ময়া গোকুলজলাহরণঘট্টসমীপবর্ত্তিনি* যমুনোপকণ্ঠে পৌরুষত্রয়ণ†-মবগাঢ়াং কেদারিকাং নিষ্পাদ্য সহাসং পশ্যন্তীষু কাস্বচিৎ গোপীষু (গোপিকাসু) তান্যুপ্তা সা পুনরপূরি। পরিতো বৃতিশ্চ কাষ্ঠৈর্নিবিড়া কৃতা।

ততস্তাসাং মৌক্তিকপ্রার্থনবচনাবসরনিরাসার্থং কেদারিকা-সেকায় বয়স্যদ্বারা গব্যেষু প্রার্থ্যমানেষু সোল্লুণ্ঠং বিহস্য তাঃ প্রোচুঃ।—তন্মৌক্তিক-কেদারিকা-সেকোঽস্মাকং গব্যেন

জননি। অতিঅবশ্য আমাকে মুক্তা প্রদান করুন, (আমি মুক্তা রোপণ করিলে) তিনদিনের মধ্যে অবশ্যই মুক্তাচয় অঙ্কুরিত হইবে, তাহা আপনি সাক্ষাৎ অবলোকন করিবেন। এইরূপে আমার আগ্রহ পরিহারে অসমর্থা হইয়া জননী আমাকে বহুতর মুক্তা প্রদান করিয়াছিলেন। (আমি তাহা প্রাপ্ত হইয়া) গোকুলের জলাহরণ ঘাটের সমীপবর্ত্তি যমুনার উপকূলে পৌরুষত্রয় পরিমিত নিম্ন কেদারিকা নিষ্পন্ন করিয়া এবং কোন কোন গোপীগণ সহাস্যে অবলোকন করিলে, আমি (তাহাদিগকে অনাদর পূর্ব্বক) মুক্তা সকল রোপণ করিয়া, সেই ক্ষেত্রে পুনর্ব্বার মৃত্তিকা দ্বারা পূরণ করিয়া দিলাম, এবং ঐ ক্ষেত্রের চতুর্দ্দিকে কাষ্ঠের দ্বারা ঘন ও সুদৃঢ় করিয়া বৃতি (অর্থাৎ বেড়া) দেওয়া হইয়াছিল।

অনন্তর ভবিষ্যতে গোপীগণ যাহাতে মুক্তা প্রার্থনা করিতে অবসর প্রাপ্ত না হয়, এতদর্থে আমি ইতঃপূর্ব্বে ক্ষেত্রে দুগ্ধ সেচন করিব এই অভিপ্রায় জানাইয়া বয়স্যগণ দ্বারা তাহাদিগের নিকট গব্য চাহিয়া পাঠাইলাম, ইহাতে

* বর্ত্মনি ইতি পাঠান্তরং।

† ঊর্দ্ধপাণিপুরুষত্রয়-পরিমাণং।

কথমুচিতঃ? যৎপ্রিয়গোভূষণার্থং কৃতমৌক্তিক-কেদারিকা-সেকস্তাসাং গবাং দুগ্ধেনৈব ক্রিয়তাং। তৎকেদারিকোৎপদ্যমানে ফলে, নাস্মাভিরভিলাষঃ কর্ত্তব্যঃ॥ ইতি শ্রুত্বা ময়া স্বগৃহাণাং* গবাং বহুভিঃ পয়োভিরেব তা দর্শয়তা প্রত্যহং সেকঃ ক্রিয়তে স্ম।

ততশ্চতুর্থদিবস এব মৌক্তিকানি প্ররূঢ়ানি। তদ্দর্শনেনোল্লসিতেন ময়া মাতুরঞ্চলং গৃহীত্বানীয় তদঙ্কুরা দর্শিতাঃ। তান্ দৃষ্ট্বা তু মাতা কিমেতদিতি মনসি বিচারয়ন্তী সন্দিগ্ধা সতী ব্রজং জগাম।

গোপ্যস্তু তৎ শ্রুত্বা হিংস্রালতাঃ প্ররূঢ়া ইতি পরস্পরং সহাসমূচিরে॥

---

উচ্চহাস্যে ব্রজসুন্দরীগণ পরিহাস পূর্ব্বক বলিয়াছিল এই যে, সেই মুক্তাক্ষেত্র সেচন করা আমাদিগের গোদুগ্ধদ্বারা কখনও উচিৎ নয়। যে প্রিয় ধেনুগণের ভূষণার্থ মুক্তাক্ষেত্র নির্ম্মাণ করিয়াছ, সেই প্রিয় ধেনুগণের দুগ্ধদ্বারা সেই মুক্তাক্ষেত্র সেচন কর। ঐ ক্ষেত্রে ফল উৎপন্ন হইলে আমরা কদাচ ঐ ফল অভিলাষ করিব না। তাহাদিগের এইবাক্য শুনিয়া আমাদিগের গৃহস্থিত গাভীগণের প্রচুর দুগ্ধের দ্বারা তাহাদিগকে দেখাইয়া দেখাইয়া প্রতিদিন সেচন করিতে লাগিলাম।

অনন্তর চতুর্থ দিবসে মুক্তাসকল অঙ্কুরিত হইল, তদ্দর্শনে অত্যন্ত উল্লাসিত হইয়া আমি জননীর অঞ্চল ধারণ করিয়া সেস্থানে আনয়ন করিয়া সেই মুক্তার অঙ্কুর দেখাইলাম। তখন তিনি সেই মুক্তার অঙ্কুর দর্শন করিয়া "ইহা কি" এই বলিয়া মনে বিচার করিতে করিতে সন্দিগ্ধচিত্তা হইয়া ব্রজে গমন করিয়াছিলেন॥

কিন্তু ব্রজাঙ্গনাগণ তাহা শ্রবণ করিয়া হিংস্রালতা অঙ্কুরিত হইয়াছে বলিয়া পরস্পর সহাস্যে বলিতে লাগিল।

---

* স্বগৃহস্থানাং কিম্বা স্বগৃহগবাং ইতি পাঠান্তরম্।

ততো নাতিবিলম্বেন মূর্ব্বাকারিণ্যস্তা মৌক্তিকলতা বিস্তারিণ্যঃ সমালোক্য সমীপবর্ত্তিনাং কদম্বানামুপরিষ্টাৎ ক্রমেণারোহিতাঃ(১)। ততঃ কতিপয়ৈর্দ্দিবসৈঃ তাঃ সৌরভো-ন্মাদিতমধুব্রতৈঃ কুসুমনিচয়ৈর্গোপীনাং চমৎকারমাতন্বানৈঃ(নাঃ) সকলং গোকুলমেবাধ্যবাসয়ন্(২)।

ততোঽষ্টবিধযোনিজ(৩)মৌক্তিকেভ্যো বিলক্ষণাং শ্রিয়ং দধতি মুক্তাফলানি তাসু জাতানি তানি দৃষ্ট্বা ব্রজবাসিনাং বিস্ময়োঽত্যর্থং জাতঃ, বিশেষতশ্চ গোপীনাং। ততঃ প্রত্যহ-মেব তদ্দর্শনেন জাতলোভাঃ তাঃ মন্ত্রয়াঞ্চক্রিরে(৪)। ভোঃ সখ্যঃ! ভদ্রেণ জ্ঞাতং, অস্মভ্যং কৃষ্ণো মৌক্তিকানি সর্ব্বথৈব

---

অনন্তর অবিলম্বে মূর্বালতার সদৃশ সেই মুক্তালতাগুলি বিস্তারিত দেখিয়া সমীপবর্ত্তি কদম্ববৃক্ষের উপরে ক্রমশঃ আরোহণ করাইয়া দিয়াছিলাম।

তৎপর কতিপয় দিবস মধ্যে সেই লতাসকল, ভ্রমরকুল উন্মাদনকারি সৌরভবিশিষ্ট কুসুমচয়ের দ্বারা গোপীদিগের অনির্ব্বচনীয় আনন্দ বিধান করিয়া সমস্ত গোকুল আমোদিত করিয়াছিল। সেই মুক্তাফল সকল, অষ্টবিধ কারণ জাত মুক্তা হইতেও বিলক্ষণ শোভা ধারণ করিয়াছিল। এবং লতাসমূহে মুক্তাসকল উৎপন্ন হইল দেখিয়া ব্রজবাসিগণের অত্যন্ত বিস্ময় হইল, বিশেষতঃ গোপীগণ ততোধিক আশ্চর্য্য মনে করিয়াছিল। তাহারা প্রতিদিন তদ্দর্শনে লোভাকৃষ্টা হইয়া পরস্পর মন্ত্রণা করিল এই যে, হে সখীগণ! উত্তমরূপে বিদিত হইয়াছি যে, কৃষ্ণ আমাদিগকে কখনও মুক্তা প্রদান করিবে না, (কারণ পূর্ব্বে

---

(১) ক্রমেণাবরোহিতাঃ ইতি পাঠান্তরম্। (২) আমোদয়ন্নিত্যর্থঃ।

(৩) শুক্তি হস্তি কদলী বৃষভ মেঘ ভেক পন্নগজানি মৌক্তিকোৎপত্তিস্থানানি।
করীন্দ্রজীমূত বরাহ শঙ্খ মৎস্যাহিশুক্ত্যুদ্ভববেণুজানি।
মুক্তাফলানি প্রথিতানি লোকে তেষাস্তু শুক্ত্যুদ্ভবমেব ভূরি ইতি বা॥

(৪) মন্ত্রয়াঞ্চক্রিরে ইতি বা পাঠঃ।

ন দাস্যত্যেব, ভবতু তৎকৃতমৌক্তিককৃষিপ্রক্রিয়াস্মাভির্ন দৃষ্টাস্তীতি ন স্যাৎ, তত্রানধ্যবসায়ং(১) ত্যক্ত্বা তদ্দ্বিগুণিকায়াঃ (দ্বিগুণায়াঃ) কেদারিকায়াঃ আরম্ভঃ কথং ন ক্রিয়তে?

ইতি শ্রুত্বাতিচতুরা ললিতা প্রাহ—ভোঃ পবনব্যাধি-ব্যাপৃতা গোপ্যঃ! গোবর্দ্ধনোদ্ধরণাদিভূমিমৌক্তিকোৎপাদনাদিকং লোকোত্তরাণামপি দুষ্করং কর্ম্ম,তেন যদঞ্জসা ক্রিয়তে, তৎ কিল মহাসিদ্ধতো লব্ধসিদ্ধৌষধিমন্ত্রাদিপ্রভাবাদেবেতি সমস্তব্রজজনৈর্নিশ্চিতমেব। অন্যথাহস্মদ্ব্রজেন্দ্রগৃহিণী—গর্ভসরোবরোৎপন্ন-সুকোমলনীলোৎপলস্য জ্ঞাতস্বগোপজাতি-ক্রিয়াকলাপ-মাত্রস্য গোপালকস্য তস্য তত্তৎকরণে কথমেতাবতী

আমরা তাহার প্রার্থিত মুক্তা এবং গোদুগ্ধ প্রদান করি নাই, অতএব এখন সে কেনই বা মুক্তাফল দিবে) নাই বা প্রদান করুক, তৎকৃত মুক্তাকৃষির প্রক্রিয়া আমরা দেখি নাই এমন নহে,—সব দেখিয়াছি। অতএব অনুৎসাহ পরিত্যাগ করিয়া কৃষ্ণের ক্ষেত্র হইতে দ্বিগুণ পরিমাণে মুক্তাক্ষেত্র কেন আরম্ভ কর না?

ইহা শুনিয়া পরমচতুরা ললিতা সখীগণের প্রতি বলিয়াছিল, হে বায়ুরোগ-গ্রস্ত গোপীগণ। শ্রীগোবর্দ্ধন ধারণাদি যে যে অদ্ভুত কর্ম্ম ও ভূমিতে মুক্তা উৎপন্নাদি যে যে অলৌকিক কার্য্য ইহা দেবগণেরও দুষ্কর, কিন্তু কৃষ্ণ তাহা অনায়াসে সম্পাদন করিতেছে, নিশ্চয়ই মহাসিদ্ধপুরুষ হইতে সিদ্ধমন্ত্র ও ঔষধাদি লাভ করিয়া তাহার প্রভাবেই এই সকল কার্য্য সমাধান করিয়া থাকে, ইহাই সমস্ত ব্রজবাসিগণ স্থির করিয়াছেন। নচেৎ আমাদিগের ব্রজ-রাজ গৃহিণীর গর্ভসরোবরে সমুৎপন্ন সুকোমল নীলোৎপলসদৃশ ও কেবলমাত্র স্বীয় গোপজাতীয় ক্রিয়াকলাপাভিজ্ঞ সেই গোপালক কৃষ্ণের ঐ সকল অদ্ভুত কার্য্য সম্পাদনে এতাদৃশ সামর্থ্য স্বভাবতঃ কিরূপে সম্ভবপর হইতে পারে? ইহা

(১) অনুৎসাহমিত্যর্থঃ।

শক্তিঃ স্বতঃ সম্ভবেদিতি জানন্ত্যোঽপি ভবত্যঃ সিদ্ধৌষধিমন্ত্রাদ্যন্তরেণ যত্তৎ কর্ম্মণি প্রবর্ত্তিতুমভিলষন্তি, তৎ খলু পরিণতাবগাধলজ্জাপরিহাসসাগরান্তঃস্বপতনায়ৈবেতি সত্যমবধার্য্যতাং ॥

ততস্তুঙ্গবিদ্যা প্রাহ।—অস্মাভিরপি শ্রীভগবতী-পাদপদ্ম-সিদ্ধমন্ত্র-শিষ্যা-নান্দীমুখী-সকাশাৎ সিদ্ধমন্ত্রমেকমাদায় কথং ন তথোদ্যমঃ ক্রিয়তে ?।

সর্ব্বাঃ—ভদ্রং বদতি তুঙ্গবিদ্যেতি নির্ণীয় তৎপার্শ্বমুপেত্য সবিনয়মাত্মাভিলাষং নিবেদয়ামাসুঃ ॥

ততঃ(১)অয়ে নিজনয়নযুগ্মদৃষ্টিসাফল্যায় চিরদিন(২)মস্মাভিরভিলষ্যমাণ-ক্রয়বিক্রয়-ক্রীড়াকুতূহলকল্পতরোর্বীজসকস্মাদ--

---

জানিয়াও তোমরা সিদ্ধঔষধ ও মন্ত্রাদি ব্যতিরেকে সেই কার্য্যে প্রবৃত্তা হইতে অভিলাষ করিতেছ। তাহা নিশ্চয়ই তোমরা পরিণামে অগাধ লজ্জা ও পরিহাস সাগরে নিজের পতনের জন্যই ঐরূপ সঙ্কল্প করিয়াছ, ইহা নিশ্চয় জানিও।

অনন্তর ললিতার ঐ বাক্য শুনিয়া তুঙ্গবিদ্যা বলিয়াছিল, আমরাও শ্রীভগবতী পৌর্ণমাসী পাদপদ্মের সিদ্ধ শিষ্যা নান্দীমুখীর নিকট হইতে একটী সিদ্ধ মন্ত্র গ্রহণ করিয়া কেনইবা সেইরূপ উদ্যম করিবনা ? ( অবশ্য করিব )

তুঙ্গবিদ্যা উত্তম পরামর্শ বলিয়াছে, ইহা স্থির নিশ্চয় করিয়া সকলে নান্দিমুখীর সমীপে গমন করিয়া সবিনয়ে আপনাদের স্বীয়াভিলাষ নিবেদন করিয়াছিল।

তদনন্তর ( তচ্ছ্রবণে নান্দীমুখী স্বগতঃ বলিতে লাগিল ) অয়ে! স্বীয় নয়নযুগলের দৃষ্টি সাফল্যের নিমিত্ত বহুদিন হইতে আমাদের চির অভিলষনীয় ক্রয় বিক্রয় বিষয়ক ক্রীড়া কুতূহলময় কল্পতরুর সাক্ষাৎ বীজরূপ এই অবসর, অদ্য নিশ্চয়ই অতি সৌভাগ্যে অকস্মাৎ নিকটবর্ত্তী হইয়াছে।

---

( ১ ) নান্দীস্বগতং। ( ২ ) ব্যাপ্য।

[illegible] ( ১ ) প্রত্যাসন্নো(২) বভূব ॥

তদ্বিদগ্ধানাং শিরোমণীরপ্যেতা(৩)স্তথা যুক্তিসৌষ্ঠবাতিশয়েন কৃত্যে(৪)হত্র প্রবর্ত্তয়ানি । যথা স তরুস্তূরিতমেব প্ররূঢ়ঃ ফলবান্ ভবেদিতি মনসি বিচিন্ত্য সান্তরানন্দং নান্দী প্রাহ ।—ভোঃ সখ্যঃ ! সত্যং মুকুন্দস্য ন মন্ত্রকৃতেয়ং মৃদি মৌক্তিকসৃষ্টিঃ ।

সর্ব্বাঃ ।—তন্নিজ জনন(৫) কারণশুক্ত্যাদিনাত্রমন্তরেণ কথং মৃত্তিকায়ামসম্ভবেয়ং তদুৎপত্তিঃ প্রতীয়তে ?

নান্দী ।—অস্যা ভুবঃ স্বাভাবিকেদৃক্প্রভাবাদেব । যদ্বিবিধরত্নজননীয়ং ব্রজবনভূরিতি শ্রীভগবতীপাদপদ্মোঃ পুনঃ

---

অতএব বিদগ্ধ রমণীগণেরও শিরোমণী এই ব্রজাঙ্গনাদিগকে তাদৃশ যুক্তি সৌষ্ঠবাতিশয় দ্বারা এই কার্য্যে প্রবর্ত্তিত করিব, যাহাতে ঐ কল্পতরু অবিলম্বেই অঙ্কুরিত হইয়া ফলবান হয়। এইরূপ মনে মনে চিন্তা করিয়া নান্দীমুখী আনন্দ মনে কহিলেন।—হে সখীগণ ! মৃত্তিকাতে এই যে মৌক্তিক সৃষ্টি হইয়াছে, তাহা মুকুন্দের মন্ত্র কৃত নয় সত্য জানিও।

তাহা শুনিয়া সখীগণ বলিলেন হে নান্দীমুখি ! মুক্তার উৎপত্তির কারণ শুক্ত্যাদি মাত্র। ঐ শুক্ত্যাদি ভিন্ন কিরূপে মৃত্তিকাতে মুক্তার উৎপত্তি সম্ভব হইতে পারে ? ( ইহা সম্পূর্ণ অসম্ভব। )

নান্দীমুখী বলিল সখীগণ! তোমরা এই বিষয় কিছুই অসম্ভব মনে করিও না কারণ ইহা এই ভূমির ঈদৃশ স্বাভাবিক প্রভাব। যে হেতু এই ব্রজবনভূমি বিবিধ রত্ন প্রসবিনী, ইহা শ্রীভগবতীপৌর্ণমাসী, আমাকে পুনঃ

---

( ১ ) কালঃ। ( ২ ) নিকটবর্ত্তী। ( ৩ ) গোপ্যঃ। ( ৪ ) কার্য্যে।
( ৫ ) মুক্তাজন্ম।

[illegible] । [illegible] কথা । যত্র প্রবালনব-পল্লব-মরকতচ্ছদ--বজ্র(১)মৌক্তিকপ্রকরকোরক(২)কমলরাগ(৩) নানাফলাদিমন্তো হিরণ্ময়মহীরুহাঃ(৪) স্ফুটমত্র(৫)জাতা জায়মানাশ্চ দৃশ্যন্তে, অতোঽস্যামুপ্তমুক্তাফলানি জনিষ্যন্তে ফলিষ্যন্তি চেতি কিং চিত্রং ? তদ্ভবতীভিরপি সুরভিতর-নবনবনীতাদিসেকপূর্ব্বকমতিপ্রযত্নেন তথা তৎকৃষিঃ ক্রিয়তাং যথা ততো(৬) হপ্যধিকতমানি পরমোত্তমফলানি লভ্যন্তে(৭) ॥

ইতি তদ্বচনমাধুরীমাপীয় সসন্তোষং সশ্লাঘং প্রত্যয়ন্ত্যঃ সর্ব্বাস্তা(৮)মালিঙ্গ্য নিজাং স্থলীমাগত্য স্পর্দ্ধয়া(৯)মজ্জয়ায়

---

পুনঃ বলিয়াছেন এবং তাহা যথার্থ অদ্ভুতও হইয়া থাকে। যে হেতু এই বৃন্দাবনে স্বর্ণময় বৃক্ষ সমূহ প্রকাশ্য রূপে উৎপন্ন হইয়াছে ও হইতেছে, প্রবাল (সমুদ্রসম্ভূত রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্ন বিশেষ ) সমূহ সে বৃক্ষের নব পল্লব, মরকত মণি সে বৃক্ষের পত্র,হীরক ও মৌক্তিক সমূহ সে বৃক্ষের কোরক (কুঁড়ি) পদ্মরাগ প্রভৃতি তাহার নানাবিধ ফলাদি। অতএব এই ব্রজ ভূমিতে মুক্তা রোপণ করিলে যে মুক্তাফল জন্মিবে ও ফলিবে তাহাতে আর বিচিত্র কি ? অতএব তদ্রূপ তোমরাও সুগন্ধ যুক্ত সদ্য জাত নবনীতাদি সেচন পূর্ব্বক অতিযত্নে মুক্তার কৃষি কর্ম্ম কর। যাহাতে শ্রীকৃষ্ণচন্দ্রের মুক্তাফল হইতেও পরমোত্তম ফল লাভ করিতে পার।

এই রূপে ব্রজাঙ্গনাগণ সেই নান্দীমুখীর বচন মাধুরী পান করিয়া হৃষ্টান্তঃ-করণে শ্লাঘার সহিত ঐ বাক্যে বিশ্বাস ও সংগমে তাহাকে আলিঙ্গন পূর্ব্বক নিজ নিজ গৃহে প্রত্যাগমনানন্তর স্পর্দ্ধার সহিত আমাকে জয় করিবার

---

( ১ ) হিরা। ( ২ ) কলিকা। ( ৩ ) পদ্মরাগাদি। ( ৪ ) বৃক্ষাঃ।
( ৫ ) বৃন্দাবনে। ( ৬ ) কৃষ্ণাৎ। ( ৭ ) যুষ্মাভিঃ। ( ৮ ) নান্দীমুখীঃ
( ৯ ) পরাভব ইচ্ছা স্পর্দ্ধা তয়া।

সমুচিতবেতনতো দ্বিগুণত্রিগুণগোরসপ্রদানেন কর্ম্মকারানানায্য স্থানে স্থানে কেদারিকাঃ কৃত্বা পেটিকায়ামগ্রথিতানি গ্রথিতান্যঙ্গভূষণরূপাণি চ যাবন্তি স্থিতানি(১) তাবন্তি যথাযুক্তমল্পান্যেব সংরক্ষ্যাঙ্গতঃ সমুত্তারিতানি চ(২) মৌক্তিকানি নিরবশেষং উপ্ত্বা(৩)প্রত্যহমেব ত্রিসন্ধ্যং(৪)গোদুগ্ধ-নবনীত-সুবাসিতঘৃতৈরেব সেকং কর্ত্তুমারব্ধবত্যঃ।

ততস্তাসাং(৫)মুক্তাকৃষিকরণশ্রবণান্মাৎসর্য্যতো(৬) লোভতশ্চ চন্দ্রাবলীপ্রভৃতয়োঽপি সর্ব্বা বল্লবাস্ততোপ্যধিককেদারিকাঃ স্থানে স্থানে কৃত্বা দেহগেহয়োরেকমপ্যসংরক্ষ্য সমস্তমৌক্তিকান্যুপ্তবত্যঃ॥

---

নিমিত্ত সমুচিত বেতন হইতেও দ্বিগুণ ও ত্রিগুণ গোরস প্রদান দ্বারা ভৃত্য সকল আনয়ন পূর্ব্বক স্থানে স্থানে ক্ষেত্র সকল নির্ম্মাণ করিয়া পেটিকাস্থিত অগ্রথিত ও অঙ্গভূষণযোগ্য গ্রথিত মুক্তাসকল যাহা যাহা ছিল তন্মধ্যে যথাযুক্ত সামান্য কিছু রাখিয়া এবং স্ব স্ব অঙ্গে যে যে মুক্তা ছিল তাহা অঙ্গ হইতে নিঃশেষরূপে অবমোচনানন্তর সমুদয় মুক্তা, ক্ষেত্র মধ্যে রোপণ করিয়া প্রতিদিন ত্রিসন্ধ্যাতেই গোদুগ্ধ, নবনীত ও সুবাসিত ঘৃত দ্বারা সেচন করিতে আরম্ভ করিল।

অনন্তর রাধাদি অন্যান্য ব্রজাঙ্গনাদিগের মুক্তার কৃষিকার্য্য শ্রবণ করিয়া মাৎসর্য্যবশতঃ লোভাকৃষ্ট হইয়া চন্দ্রাবলী প্রভৃতি অপরাপর ব্রজাঙ্গনা সকল তাহা হইতেও অধিক পরিমাণে ক্ষেত্র স্থানে স্থানে নির্ম্মাণ করিয়া তাহাতে দেহস্থ ও গৃহস্থ একটী মাত্রও না রাখিয়া সমস্ত মুক্তা বপন করিয়াছিল।

---

(১) মৌক্তিকানি। (২) সমুত্তার্য্য চ ইতি পাঠান্তরম্। (৩) রোপণং কৃত্বা। (৪) ব্যাপ্য। (৫) শ্রীরাধাদীনাং। (৬) পরোৎকর্ষাসহনতঃ।

ততঃ কতিপয়দিনান্তরে স্বস্বকেদারিকাসু জাতান্ হিংস্রালতাঙ্কুরান্ দৃষ্ট্বা অন্তর্গভিত(১)গর্ব্বাভিঃ বল্লভীভিস্তাভিঃ গর্ব্বাভিশ্ছলতো মৎপ্রিয়বয়স্যাঃ পরিহস্যন্তে স্ম ॥

একস্মিন্ দিনে গোরসানামতীবব্যয়ং স্বস্বগৃহস্য চ নির্ম্মৌক্তিকতাং বীক্ষ্য গোপাঃ সসংরম্ভং কারণং পপ্রচ্ছুঃ।

তচ্ছ্রুত্বা বৃদ্ধা ঊচুঃ।—ভো আয়ুষ্মন্তঃ! নানুযোগবিষয়ো(২) হ্যমাভির্বালাভিঃ কৃতো মৌক্তিককেদারিকাণাং নিমিত্তং বহুলো ব্যয়ঃ অচিরাদেব বহুতরলাভো ভবিষ্যতি। যৎকৃষ্ণকেদারিকায়াং রাজদারাণামপি দুর্ল্লভানি মুক্তাফলানি কিল দৃষ্টানি সন্তীতি ॥

অথৈকদা বিশাখয়া স্বকেদারিকাসু তানঙ্কুরানিরীক্ষ্য কাসাঞ্চিৎকর্ণে নিভৃতমিদমুক্তং।—

অনন্তর কতিপয় দিবসান্তরে স্ব স্ব ক্ষেত্রে হিংস্রালতার অঙ্কুর উৎপন্ন হইল দেখিয়া গর্ব্বান্বিতা ব্রজসুন্দরীগণ, আমার প্রিয়বয়স্যগণের প্রতি ছলক্রমে নানারূপ উপহাস করিয়াছিল।

একদিন গোপগণ গোদুগ্ধের প্রচুর ব্যয় ও স্ব স্ব গৃহের মুক্তাসমূহের অভাব দেখিয়া সক্রোধে তৎকারণ জিজ্ঞাসা করিয়াছিলেন।

তৎ শ্রবণে বৃদ্ধাগণ বলিয়াছিল হে আয়ুষ্মন্ গোপগণ! ইহা তিরস্কারের বিষয় নয়, মৌক্তিক-ক্ষেত্রের সেচন নিমিত্ত এই অবলাগণ প্রচুর পরিমাণে গোদুগ্ধ ব্যয় করিয়াছে কিন্তু অবিলম্বেই বহুতর লাভ হইবে, যে হেতু শ্রীকৃষ্ণের ক্ষেত্রেতে রাজমহিষীদিগেরও অত্যন্ত দুর্লভ মুক্তাফলসকল [ জায়মান অঙ্কুরিত রূপে ] পরিলক্ষিত হইতেছে।

অনন্তর একদিন বিশাখা স্বীয়ক্ষেত্র সমূহে মুক্তার অঙ্কুর নিরীক্ষণ করিয়া অপর কোন কোন সখীগণের কর্ণে নিভৃতভাবে এইকথা বলিয়াছিল যে, হে

(১) ধৃত। (২) তিরস্কারবিষয়ঃ।

ভোঃ সখ্যঃ! কৃষ্ণকেদারিকামধ্যে ময়া যাদৃশা অঙ্কুরা দৃষ্টা, এতত্তু তাদৃশা ন দৃশ্যন্তে, ন জানে পশ্চাৎ কিং ভবেৎ, কৃষ্ণবয়স্যদৃষ্টিনিবারণার্থং ছলতঃ সুষ্ঠু বেষ্ট্যতাং ॥

অথ কতিপয়দিবসৈঃ তাসাং রাধাদীনাং অন্যাসাঞ্চ কেদারিকাসু কণ্টকাদিচিহ্নেন লতাভির্নিজরূপে প্রকাশ্যমানে গোপীকেদারিকাসু হিংস্রালতা জাতা ইতি সকলগোকুল এব খ্যাতং ॥

এতদাকর্ণ্য বয়স্যদ্বারা গান্ধর্বা-গোষ্ঠ্যাং ময়েদং সোৎপ্রাসং(১) বিজ্ঞাপিতং, শ্রুতং ভবতীনাং কেদারিকাসু বহূনি মুক্তাফলানি জাতানি সন্তি। অহং তাবৎ স্নিগ্ধসুহৃৎসবয়স্যায় মহ্যং প্রথমফলানি দীয়ন্তাং।

---

সখীগণ! আমি কৃষ্ণের ক্ষেত্রমধ্যে যেমন মুক্তার অঙ্কুরসকল দেখিয়াছি, আমাদের ক্ষেত্রের অঙ্কুরগুলি তদ্রূপ দেখিতেছি না, জানিনা পরে কি হইবে, অতএব যাহাতে কৃষ্ণের বয়স্যগণ দেখিতে না পায় তাহার উপায় কর অর্থাৎ তাহাদিগের দৃষ্টি নিবারণার্থ ছলক্রমে সুন্দররূপে এই ক্ষেত্রগুলি বেষ্টন করিয়া দেও।

অনন্তর কতিপয় দিবসমধ্যে সেই রাধাদির ও অন্যান্য গোপাঙ্গনাদিগের ক্ষেত্রে কণ্টকাদি চিহ্নে পরিশোভিত লতাসমূহ নিজরূপে প্রকাশ পাইলে "গোপীদিগের ক্ষেত্রে হিংস্রালতা অঙ্কুরিত হইয়াছে" এই বৃত্তান্ত সমস্ত গোকুলে বিখ্যাত হইল।

ইহা শ্রবণ করিয়া আমি বয়স্যদ্বারা গান্ধর্ব্বাগোষ্ঠিতে (ব্রজাঙ্গনাদিগের সভাতে) মন্দ মন্দ হাস্যযুক্ত বাক্য উপহাসের সহিত জানাইয়াছিলাম, এই যে পরম্পরা শ্রুত হইলাম যে আপনাদের ক্ষেত্রে বহুতর মুক্তাফল উৎপন্ন হইয়াছে, আমি আপনাদের প্রিয়পাত্র অতএব বয়স্য সহ আমাকে প্রথমোৎপন্ন ফলগুলি প্রদান করুন।

---

(১) সনাকুঞ্চিতং।

ততস্তাভিরুক্তং।—যদি বয়ং কৃষিং অকরিষ্যামঃ তদা সকলগোষ্ঠং মৌক্তিকময়মভবিষ্যৎ। পশুপাল্যস্বধর্ম্মমপহায় স(১) ইব কঃ কীনাশবৃত্তি(২)মাশ্রয়েৎ॥

তদাকর্ণ্য ময়া নিখিলবয়স্যাঃ সবৎসা গাবঃ শকটবহা মহিষ্যঃ, সবর্করা অজা, বৃন্দাবনবর্ত্তিন্যো বানর্য্যশ্চ মৌক্তিকময়ৈর্মালাদ্যলঙ্কারৈর্মণ্ডিতাঃ॥

ততশ্চ গোপ্যো লজ্জয়া স্বভূষণমাহিত্যেকং(৩) বহুধন-বিনাশেন গোপেভ্যো ভয়া চ কিমত্র যুক্তমিতি মন্ত্রয়িতুমারেভিরে। অয়ে! গৃহীতকৃষ্ণপক্ষয়া ধূর্ত্তনান্দীমুখ্যাহভদ্রেণ প্রতারিতাঃ

এই কথা শুনিয়া ব্রজবাসীগণ বলিয়াছিল, যদি আমরা কৃষি কার্য্য করিতাম, তাহা হইলে এই সকল গোষ্ঠ মৌক্তিকময় হইয়া যাইত। পশুপালনরূপ স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া তাহার ন্যায় তোমাদের মধ্যে আর অপর কোন-ব্যক্তি নীচবৃত্তি অবলম্বন করিয়া থাকে?

তাহা শ্রবণ করিয়া আমি নিখিল বয়স্যগণ, সবৎসা ধেনুগণ, শকটবাহিনী মহিষীসকল, মেষশাবকসহ মেষসমূহ, ছাগশিশুসহ ছাগীসমূহ ও বৃন্দাবন-বর্ত্তিনী বানরী সকলকে মৌক্তিকময় মালা প্রভৃতি অলঙ্কারে ভূষিত করিয়াছিলাম।

অনন্তর [ তাহা দেখিয়া ] গোপীগণ স্ব স্ব ভূষণাভাবে লজ্জা ও পূর্ব্বোক্ত প্রচুর মৌক্তিকাদি-ধনক্ষয়ে গোপগণ হইতে তাড়নাদি ভয়ে "এই বিষয়ে কি করা কর্ত্তব্য" এইরূপে মন্ত্রণা করিতে আরম্ভ করিয়াছিল।—হে সখীগণ! কৃষ্ণপক্ষ অবলম্বিনী ধূর্ত্তা নান্দীমুখী আমাদিগকে অন্যায়রূপে প্রতারণা করিয়াছে,

---

(১) কৃষকঃ। (২) কর্ষকবৃত্তিঃ পক্ষে কার্পণ্যং।

(৩) বিনা।

স্থ(১) ইত্যাভাষ্য সরোষং ত(২)ন্নিকটমাগত্য তৎকথনপূর্ব্বকং বহুশস্তাভির্নির্ভর্ৎসিতা নান্দীমুখী প্রাহ।—

ভোঃ তপোভ্যঃ শপে ন ময়া সর্ব্বথৈব প্রতারিতাঃ স্থ, কিন্তু যুষ্মাভিরেব তৎসর্ব্বং বিনাশিতং ॥

সর্ব্বাঃ।—কপটিনি! (৩) কথংকারং(৪)।

নান্দী।—যতো গর্ব্বিতাভির্যুষ্মাভির্ঢক্কাবাদ্যবৎ কোলাহল-প্রপঞ্চেন সবয়স্যগণস্য তস্য শ্রবণকুহরে সুষ্ঠু গোচরীকৃত্য কেদারেষু (কেদারিকাসু) মুক্তাঃ স্ফুটমুপ্তাঃ(৫) তথা কোঽপ্যেকঃ প্রহরিকো(৬)ঽপি তত্র(৭) ন রক্ষিতঃ।

সর্ব্বাঃ।—এতাবতা কিং ন জাতং?।

---

এই বলিয়া তাহারা সকলে সরোষে নান্দীমুখীর নিকট গমন করিয়া উক্ত-বৃত্তান্ত বর্ণন পূর্ব্বক তাঁহাকে বহুবিধ ভর্ৎসনা করিয়াছিল।

গোপাঙ্গনাদিগের ভর্ৎসনা শ্রবণ করিয়া নান্দীমুখী বলিলেন, হে সখীগণ! তপস্যার শপথ করিয়া বলিতেছি আমি কোন প্রকারেও তোমাদিগকে প্রতারণা করি নাই, কিন্তু তোমরাই সকল বিনষ্ট করিয়াছ।

ব্রজাঙ্গনাগণ বলিলেন হে কপটিনি! কি প্রকারে আমরা সকল নষ্ট করিলাম; নান্দীমুখী বলিলেন, যে হেতু গর্ব্বান্বিতা হইয়া তোমরা ঢক্কাবাদ্যের ন্যায় কোলাহল বিস্তার দ্বারা কৃষ্ণ ও তাঁহার বয়স্যগণের শ্রবণ কুহরের সুগোচর করিয়া প্রকাশ্যভাবে ক্ষেত্রে মুক্তা সকল বপন করিয়াছ, এবং তাহাতে কোনও একটি প্রহরী রক্ষা কর নাই।

গোপীসকল বলিল, ইহার দ্বারা কি হইয়াছে?

---

(১) স্থঃ। (২) নান্দীমুখ্যাঃ। (৩) নান্দীমুখি!
(৪) কিং প্রকারেণ। (৫) রোপিতাঃ। (৬) রক্ষকঃ।
(৭) কেদারিকায়াং।

নান্দী সরোষং।—যজ্জাতং তচ্চতুরম্মন্যাভিঃ শ্রূয়তাং। যুষ্মান্ বিজেতুমভীষ্টমিষ্টান্নপ্রদানেন সুষ্ঠু প্রলোভ্য ধূর্ত্তগুরুণা যুষ্মন্নাগরেণ তেন প্রেরিতলোলুপভণ্ডমধুমঙ্গলেনাতিনির্ব্বন্ধতো(১) বিচিত্য কিঞ্চিৎ কিঞ্চিজ্জাতাঙ্কুরাঃ সর্ব্বা মুক্তা নিরবশেষং সমানায় তত্র তত্র হিংস্রাবল্লীকদম্বান্ সমারোপ্য বিস্তৃতাঃ(২) পৃথক্ স্বকৃত একস্মিন্ কেদারে প্রযত্নতঃ সংরোপিতাঃ। তথান্যাসাস্তু তথৈবানীয় কালিন্দীগভীরনীরান্তঃ প্রক্ষিপ্তাঃ। ইতি ময়া সুদৃঢ়ং জ্ঞাতমস্তি॥

ইতি নিশম্য সর্ব্বা আহুঃ।—অয়ি কূটত্ব-নাটক-নটন-প্রকটনৈককার্য্যানিন্দ্য-মহানান্দি!। অয়ি! ভণ্ডমধুমঙ্গলগুরু-

---

নান্দীমুখী সরোষে বলিল, হে চতুরাভিমানিনীগণ! যাহা হইয়াছে তাহা শ্রবণ কর,—তোমাদিগকে পরাভব করিবার নিমিত্ত অভীষ্ট মিষ্টান্ন প্রদান দ্বারা সুন্দররূপে প্রলোভিত করিয়া ধূর্ত্তগণের গুরু তোমাদিগের নাগর সেই কৃষ্ণ কর্ত্তৃক প্রেরিত লোভী ও ভণ্ড মধুমঙ্গলের দ্বারা অতিশয় আগ্রহে কিঞ্চিৎ কিঞ্চিৎ চয়ন পূর্ব্বক জাতাঙ্কুর মুক্তাসকল নিঃশেষরূপে গ্রহণ করিয়া সেই সেই ক্ষেত্রে হিংস্রালতাসমূহ সম্যক্‌রূপে রোপণ করিয়া বিস্তৃতপরিমাণ মুক্তা পৃথক্‌ভাবে স্বকৃত এক ক্ষেত্রে সযত্নে রোপণ করিয়াছে। এবং অন্যান্য গোপীগণের ক্ষেত্র হইতে সেইরূপ আনয়ন করিয়া কালিন্দীর গভীর সলিল মধ্যে নিঃক্ষেপ করিয়াছে, ইহা আমি নিশ্চয়রূপে অবগত হইয়াছি।

ইহা শ্রবণ করিয়া গোপীগণ বলিল, অয়ি! কূটত্ব-নাটক-নটন-প্রকটনৈককার্য্যানিন্দ্য-মহানান্দি! (অর্থাৎ কুটিলতা ব্যঞ্জক নাটক অভিনয় বিস্তারেই তোমার একমাত্র কার্য্য এবং ঐ কার্য্যেই তুমি অনিন্দনীয়া মহানান্দী) অয়ি ভণ্ড-মধুমঙ্গল-গুরুপ্রায়-মহাতীর্থে! (অর্থাৎ ভণ্ড মধুমঙ্গলের গুরুপ্রায় মহা

---

(১) আগ্রহতঃ। (২) মুক্তাঃ।

প্রায়মহাগতীর্থে! অয়ি! ব্রজপ্রথিত(১)শঠনটসহিত-নাট্যযোগ্যে! তৎপ্রিয়তমে নটি!। অয়ি কলিযুগতপস্বিনি! তিষ্ঠ তিষ্ঠেতি সভ্রূভঙ্গং তা(২)মাক্ষিপ্য স্বগেহমাগত্য পুনঃ পুনস্তমেব বিচারয়ন্তী তাসু রাধা(৩)—ভোঃ সখ্যঃ! নান্দীমুখী বা প্রতারয়তু স ধূর্ত্তস্তথা বা করোতু অধুনা তদ্বিচারেণ কো লাভঃ সাম্প্রতমন্যদ্দুঃখং ন গণ্যতে। গুর্ব্বাদিভ্যো ভয়মেব নঃ খেদয়তি। তদ্ভয়ন্তু তেভ্যো(৪) মৌক্তিকেষু দর্শিতেষ্বেব শিথিলী ভবেৎ। তাদৃশানি(৫) সর্ব্বথৈবাত্র সুদুর্ল্লভানি কিন্তু কৃষ্ণাদেব মূল্যেন যথা গৃহীতানি স্যুঃ তত্রোপায়শ্চিন্ত্যতাং॥

---

গতীর্থে! (মহাধ্যায়িনি) অয়ি! অয়ি ব্রজপ্রথিত-শঠনট-সহিতনাট্যযোগ্যে! (অর্থাৎ তুমি এই ব্রজের বিখ্যাত যে ধূর্ত্ত নট আছেন তাঁহার সহিত নৃত্যাদি ক্রিয়ার যোগ্যা)। হে তৎপ্রিয়তমে নটি! (অর্থাৎ তুমি সে নটের প্রিয়তমা নটী) অয়ি কলিযুগতপস্বিনি! তিষ্ঠ তিষ্ঠ (থাক থাক) এই বলিয়া গোপীগন, ভ্রূভঙ্গীর সহিত সেই নান্দীমুখীকে তিরস্কার করিয়া স্ব স্ব গৃহে গমন পূর্ব্বক পুনঃ পুনঃ ঐ মুক্তাবিষয়ে পরামর্শ করিতে লাগিলে, তন্মধ্যে শ্রীরাধা সখীদিগকে বলিল হে সখীগণ! নান্দীমুখীই আমাদিগকে প্রতারণা করুক কিম্বা সেই ধূর্ত্তশিরোমণিই প্রতারণা করুক, এক্ষণে সে বিচারে কি ফল হইবে, এখন আর অন্য দুঃখ গণনা করিনা। কিন্তু গুরুজন হইতে যে ভয় সেই ভয়ই আমাদিগকে পীড়া প্রদান করিতেছে, যদি গুরুজনদিগকে সেই নষ্টমুক্তা দেখাইতে পারা যায় তাহা হইলে সেই ভয় শিথিল হইবে সন্দেহ নাই। বিশেষতঃ তাদৃশমুক্তাফল এ গোকুলে দুর্লভ, কিন্তু কৃষ্ণ হইতে মূল্য দ্বারা যেরূপে মুক্তা গ্রহণ করিতে পারা যায় তদুপায় চিন্তা কর।

---

(১) খ্যাত। (২) নান্দীং। (৩) প্রাহ। (৪) গুর্ব্বাদিভ্যঃ।
(৫) মুক্তাফলানি।

ততঃ সর্ব্বাভির্বিভাব্যোক্তং,—চন্দ্রমুখী চতুরা ভবতি সুবর্ণানি গৃহীত্বা গত্বা সমুচিতমূল্যেন মৌক্তিকান্যানয়তু॥

ততস্তয়ো(১)ক্তং। সংপ্রত্যস্মাভিরুপালব্ধস্য(২) তস্য সমীপমহমেকাকিনী গন্তুমশক্তাস্মি. কাঞ্চনলতা মম সঙ্গে সমাগচ্ছতু। ইতি সর্ব্বাসামনুমত্যা বহুসুবর্ণানি গৃহীত্বা মৌক্তিকবাটিকাসমীপং তে(৩) আজগ্মতুঃ। তত্র তদ্বাটিকাধিকারিণং সুবলং ময়া সহ নিবিষ্টমক্রতাং,—হে সুবল! শ্রুতমস্মাভির্ভবদ্ভির্নব্যমুক্তানি বিক্রীয়ন্তে। তদিমানি শুদ্ধসুবর্ণানি গৃহীত্বা সমুচিতমূল্যেন প্রবীণপ্রবীণমুক্তাফলানি দীয়ন্তাং।

---

অনন্তর এ বিষয়ে গোপীগণ চিন্তা করিয়া বলিয়াছিল, চতুরা চন্দ্রমুখী সুবর্ণ গ্রহণ করিয়া কৃষ্ণ সমীপে গমন পূর্ব্বক সমুচিত মূল্যদ্বারা মুক্তাসমূহ আনয়ন করুক॥

তৎপর চন্দ্রমুখী কহিল, সম্প্রতি আমরা তাহাকে যথোচিৎ তিরস্কার করিয়াছি, অতএব তাহার সমীপে আমি একাকিনী যাইতে সমর্থা হইব না, কাঞ্চনলতা আমার সঙ্গে আগমন করুক। এইরূপে সকলের অনুমত্যনুসারে চন্দ্রমুখী ও কাঞ্চনলতা বহুতর সুবর্ণ গ্রহণ করিয়া মৌক্তিক বাটিকা সমীপে উপস্থিত হইল, সেখানে আমার সহিত উপবিষ্ট সেই বাটিকার অধিকারি সুবলকে বলিল, হে সুবল! আমরা শুনিতে পাইলাম আপনারা নূতন মৌক্তিক সমূহ বিক্রয় করিতেছেন, অতএব এই শুদ্ধ সুবর্ণ সকল গ্রহণ করিয়া সমুচিত মূল্য গ্রহণে উত্তম উত্তম মুক্তাফলসমূহ প্রদান কর।

---

(১) চন্দ্রমুখ্যা। (২) আক্ষিপ্তস্য।
(৩) চন্দ্রমুখীকাঞ্চনলতে।

ততঃ স্মিত্বা ময়োক্তং।—ইদানীমনেকধা প্রার্থ্যমানং নৈক-মপি মৌক্তিকমস্মভ্যং দত্তং। অস্মৎক্ষেত্রারিকাসেকার্থং দুগ্ধপারী(১) চ ভবতীভির্ন দত্তা। অস্মাভির্বরং কালিন্দীমধ্যে প্রক্ষেপ্তব্য(২) তথাপি ভবতীনাং গৃহসর্ব্বস্বেনাপি পণীকৃতেন নিখিলমৌক্তিকবৃন্দাদপকৃষ্টমেকমপি মৌক্তিকং সর্ব্বথা ন দাতব্যং।

ততঃ কাঞ্চনলতয়োক্তং,—মৌক্তিকনিমিত্তং পত্যাদিভ্যো যদি তাসাং ভীর্ন ভবেৎ তদাস্য(৩)কদর্যমৌক্তিমীদৃশীং কা নাম সহেত। ভবতু কিং কর্ত্তব্যং। হট্টপ্রসারিতবহুরত্না মথুরা তাবদ্দূরে তদদ্য ভোঃ সুবল! স্বয়মেব ভবতা মধ্যস্থেন ভূয়তাং। আস্থত্রিকমূল্যাদস্মাভির্বিশেষোঽপি দাতব্যঃ।

---

তাহা শ্রবণ করিয়া আমি ঈষৎ হাস্তে বলিলাম, সখীগণ! আমি অনেক অনুনয় বিনয় করিয়া কিছু মুক্তা প্রার্থনা করিয়াছিলাম, কিন্তু সে সময় আপনারা একটি মুক্তাও আমাদিগকে দিলেন না, এবং আমাদিগের ক্ষেত্র সেচনার্থ দুগ্ধভাণ্ড প্রার্থনা করিয়াছিলাম, আপনারা তাহাও প্রদান করিলেন না। আমরা বরং কালিন্দীমধ্যে মুক্তা সমূহ নিক্ষেপ করিব, তথাপি মূল্যস্বরূপ তোমাদিগের গৃহসর্ব্বস্ব প্রদান করিলেও নিখিল মৌক্তিক-চয়ের মধ্যে অপকৃষ্ট একটি মৌক্তিকও কখনও দিব না।

আমার এই বাক্য শ্রবণ করিয়া কাঞ্চনলতা বলিয়াছিল, মুক্তার জন্য যদি পতি প্রভৃতি হইতে তাহাদিগের ভয় না হইত, তাহা হইলে ইহার কুৎসিত উক্তি কোন্ নারী সহ্য করিত? সে যাহাই হউক, এখন কি কর্ত্তব্য। মথুরার হট্টে বহুরত্ন পাওয়া যায় কিন্তু সে মথুরা অনেক দূরে বর্ত্তমান্, অতএব হে সুবল! অদ্য তুমিই স্বয়ং মধ্যস্থ হও। অন্যান্য স্থানের বিক্রেয় মৌক্তিকাদির মূল্য অপেক্ষা আমরা বিশেষ মূল্যও প্রদান করিব।

---

(১) দোহনপাত্রং। (২) মৌক্তিকং। (৩) কৃষ্ণস্য।

ততশ্চ বিশেষশব্দশ্রবণান্ময়া বিহস্যোক্তং—ভবতু নাম(১) স্বভাবকোমলেন ময়া তু ভবতীভিরিব কাঠিন্যং কর্ত্তুং ন শক্যতে। অদত্ত্বা বা অন্যৎ কিং কর্ত্তব্যং। কিন্তু মৌক্তিকার্থিনীনাং সর্ব্বাসাং মৌক্তিকমূল্যনির্ণয়ঃ কিং ভবতীভ্যামেব ভবিষ্যতি ?।

তাভ্যা(২)মুক্তং,—অথ কিং।

ময়োক্তং।—কস্তাবদ্বিশেষঃ। ততশ্চন্দ্রমুখী কিঞ্চিদ্বিহস্য কাঞ্চনলতামালোকিতবতী। কাঞ্চনলতাথ সলজ্জং সুবলং প্রতি ব্যাজহার,—সখে সুবল! স্বয়মেব মধ্যস্থেন ভূত্বা সমাধায় সমীচীনযশোভারস্তাবদঙ্গীক্রিয়তাং ভবতা।

সুবলেনোক্তং,—বয়স্য! রহস্যতয়া বহুমূল্যত্বং কিয়ৎ কাঞ্চনলতয়া প্রকটীক্রিয়তে। আত্মনোঽভীষ্টমূল্যং স্বয়মেব স্ফুটং নিগদ্য ন কথং গৃহ্যতে।

---

অনন্তর বিশেষ শব্দ শ্রবণে আমি হাস্য পূর্ব্বক বলিলাম, যাহাই হউক আমি স্বভাবতঃ কোমল স্বভাববিশিষ্ট, তোমাদের মত কঠিন ব্যবহার করিতে সক্ষম হইব না। না দিয়াই বা আর কি করিব ? কিন্তু মৌক্তিকপ্রার্থী অন্য সমস্ত গোপীগণের মৌক্তিকমূল্য নির্ণয় কি তোমাদের দ্বারাই হইবে ?

তচ্ছ্রবণে চন্দ্রমুখী ও কাঞ্চনলতা কহিল, হাঁ, আমাদের দ্বারাই হইবে॥

তৎপরে আমি কহিলাম, বিশেষ মূল্য কি তাহা বল। অনন্তর তদ্বাক্য শ্রবণে চন্দ্রমুখী ঈষদ্ধাস্য পূর্ব্বক কাঞ্চনলতার প্রতি দৃষ্টিপাত করিল। অনন্তর কাঞ্চনলতা সলজ্জভাবে সুবলের প্রতি বলিল, হে সখে সুবল! তুমিই স্বয়ং মধ্যস্থ হইয়া এতদ্বিষয় সমাধান করিয়া সমীচীন যশোভার গ্রহণ কর॥

সুবল আমাকে কহিল, বয়স্য! রহস্যতা নিবন্ধন কাঞ্চনলতা কি পরিমাণে

---

(১) সম্ভাবনায়াং। (২) চন্দ্রমুখীকাঞ্চনলতাভ্যাং।

ততোঽহমব্রুবং,—সখে সুবল! চন্দ্রমুখ্যা অভিপ্রায়ো জ্ঞাতঃ(১)। মুক্তাফলানি গ্রহীতুং কাঞ্চনলতৈব বিচার্য্যানর্ঘ(২)মূল্যত্বেন পরিকল্প্য রাধাদিভিঃ প্রহিত্য মম(৩) সন্ত্যাস্তীতি। কিন্তু কাঞ্চনসঞ্চয়তোঽপি মুক্তাফলানামধিকং মূল্যং জগতি প্রসিদ্ধং। তস্মাদেকয়ৈব কাঞ্চনলতয়া কথমেতাসাং(৪) মূল্যপর্য্যাপ্তিঃ। যদি বা অস্যাঃ বক্ষসি স্বর্ণসম্পুটরূপফলদ্বয়ে বহুবশ্চিন্তামণয়োঽপি সন্তীতি চন্দ্রমুখী বক্তি তথাপি ন। যতো বৈকুণ্ঠনাথকণ্ঠস্থিতকৌস্তুভতোঽপি মমৈতদেকং মুক্তাফলং পরমপরার্দ্ধ্যং(৫)।

---

বহুমূল্যত্ব নির্ণয় করিল? আপনার অভীষ্ট মূল্য স্বয়ংই পরিস্ফুটরূপে ব্যক্ত করিয়া কেন না গ্রহণ করিতেছে?

অনন্তর আমি কহিলাম, সখে সুবল! চন্দ্রমুখীর অভিপ্রায় আমি বুঝিতে পারিয়াছি, মুক্তাফলরাজি গ্রহণ করিবার অভিলাষে বিচার করিয়া কাঞ্চনলতাকেই অমূল্যমূল্যস্বরূপে কল্পনা করিয়া রাধা কর্তৃক প্রেরিতা-কাঞ্চনলতা আমার সমীপে প্রদত্তা হইয়াছে, কিন্তু "কাঞ্চন সমূহ হইতেও মুক্তাফল সকলের অধিক মূল্য" ইহা ক্ষিতিতলে প্রসিদ্ধ আছে, অতএব কেবলমাত্র একা কাঞ্চনলতায় কি প্রকারে এই সমস্ত মুক্তারাজির মূল্য পর্য্যাপ্তি হইবে? যদিবা চন্দ্রমুখী এই কথা বলেন যে, ইহার বক্ষঃস্থলে স্বর্ণ সম্পুটরূপ ফলদ্বয়ে বহুপরিমাণে চিন্তামণিচয় বিদ্যমান রহিয়াছে, কিন্তু তথাপি যথোচিত মূল্য হইতে পারে না, কারণ বৈকুণ্ঠনাথের কণ্ঠস্থিত কৌস্তুভমণি অপেক্ষাও আমার এই এক একটি মুক্তাফলের মূল্য পরমপরার্দ্ধ॥

---

(১) ময়া। (২) অমূল্য। (৩) মৎসমীপে। (৪) মুক্তানাং।
(৫) মূল্যং।

তচ্ছ্রুত্বা ভ্রূভঙ্গেন মামবলোকয়ন্তী কাঞ্চনলতা সরোষমাহ,—নির্বুদ্ধিকে চন্দ্রমুখি। তদৈব ময়োক্তং তস্য ধূর্ত্তস্য সবিধে ময়া ন গন্তব্যং। তথাপি ত্বয়াহমাগ্রহেণানীয় কদর্থিতাস্মি। ত্বং মুক্তাফলান্যাদায় সমাগচ্ছ অহমিতশ্চলিতাস্মি।

চন্দ্রমুখী আহ,—কাঞ্চনলতে! সত্যং কথয়সি, তৎ কথমেকাকিন্যা ময়া মূল্যনির্ণয়ো ভবতু, কথং বা নির্জ্জনেঽত্র স্থাতব্যং "একযোগনির্দ্দিষ্টানাং সহ বা প্রবৃত্তিঃ সহ বা নিবৃত্তি"রিতি ময়াপি গন্তব্যং। ইত্যুভে এব গমনোদ্যতে দৃষ্ট্বা ময়োক্তং,—সুবল! তদৈব ময়োক্তং যদেতাভ্যাং মূল্যনির্ণয়ো ন ভবিষ্যতি।

তচ্ছ্রুত্বা তয়োঃ(১) সবিধমাগত্য (সামান্য) সুবলেনোক্তং,—সখি চন্দ্রমুখি। বয়স্যস্য মূল্যবিষয়ে মহানাগ্রহো দৃশ্যতে, তেন

---

তদ্বাক্য শ্রবণানন্তর ভ্রূভঙ্গভরে মৎপ্রতি অবলোকন করিয়া কাঞ্চনলতা সক্রোধে কহিল, অয়ি! নির্ব্বুদ্ধিকে! চন্দ্রমুখি! তখনই আমি বলিয়াছিলাম যে সেই কৃষ্ণের নিকট আমি যাইব না। তথাপি তুমিই আমাকে আগ্রহ সহকারে সঙ্গে আনিয়া বিড়ম্বিতা করিলে। তুমি মুক্তাফল লইয়া এস, আমি এস্থান হইতে প্রস্থান করিলাম॥

চন্দ্রমুখী কহিল, সখি কাঞ্চনলতে! সত্য বলিয়াছ, তাহা হইলে আমি একাকিনী কিরূপে মূল্য নির্ণয় করিব, কি করিয়া বা এই নির্জ্জন স্থানে থাকিব, যেহেতু "একযোগে নির্দ্দিষ্ট হইলে তাহাদের এককালীন প্রবৃত্তি বা এককালীন নিবৃত্তি হইয়া থাকে" অতএব আমিও এখান হইতে গমন করিব। এইরূপ উভয়কে গমন করিতে দেখিয়া আমি বলিলাম, সখে সুবল! আমি সেই সময়েই বলিয়াছিলাম, যে ইঁহাদের দ্বারা কখনই মূল্য নির্ণয় হইবে না॥

তাহা শ্রবণ করিয়া চন্দ্রমুখী ও কাঞ্চনলতার সকাশে গমন করিয়া সুবল

---

(১) চন্দ্রমুখীকাঞ্চনলতয়োঃ।

প্রিয়সখী রাধা, ললিতাদিভিঃ (প্রিয়সখীভিঃ রাধাললিতাদিভিঃ) সহাগত্য সমক্ষমেব(১) সমুচিতমূল্যং প্রদায় স্বেপ্সিতমুক্তাফলানি গৃহ্লাতু। তত্র ময়া মধ্যস্থেন ভূত্বা সাচিব্যং করণীয়ং।

ইতি নিশম্য চন্দ্রমুখীকাঞ্চনলতে তাসাং(২) সবিধে গত্বা সরোষমিব সর্ব্বং বৃত্তং কথয়াঞ্চক্রতুঃ।

ততশ্চ রাধা ললিতাদিভিঃ সহ মৌক্তিকবাটীপ্রান্তমাসাদ্য চন্দ্রমুখীদ্বারা সুবলমাকার্য্য(৩) তমাহ,—প্রিয়বয়স্য সুবল! অস্মাসু ভবতো নিরঙ্কুশঃ স্নেহঃ, অতঃ স্বয়মেব তথা বিধীয়তাং; যথাস্মাভিঃ সমুচিতমূল্যেন মুক্তাফলানি লভ্যন্তে।

---

বলিতে লাগিল,—সখি চন্দ্রমুখি! বয়স্যের মূল্যবিষয়ে মহদাগ্রহ দেখিতেছি, অতএব প্রিয়সখী রাধা, ললিতাদির সহিত আগমন করিয়া স্বয়ংই সমুচিত মূল্য প্রদান করিয়া স্বাভীপ্সিত মুক্তাফল সমূহ গ্রহণ করুক। তদ্বিষয়ে আমি মধ্যস্থ থাকিয়া সহায়তা করিব॥

এতাদৃশ বাক্য শ্রবণ পূর্ব্বক চন্দ্রমুখী ও কাঞ্চনলতা শ্রীরাধাদির সমীপে গমন করিয়া সরোষভরে সর্ব্ব বৃত্তান্ত কহিতে লাগিল॥

অনন্তর রাধা, ললিতাদির সহিত মৌক্তিকবাটীর প্রান্তে সমুপস্থিত হইয়া চন্দ্রমুখীদ্বারা সুবলকে আহ্বান করিয়া তাহাকে কহিতে লাগিল, প্রিয়বয়স্য সুবল! আমাদিগের প্রতি তোমার অনিবার্য্য স্নেহ, অতএব যাহাতে আমরা সমুচিত মূল্য প্রদান করিয়া মুক্তাফলরাজি লাভ করিতে পারি তুমিই স্বয়ং তাদৃশ বিধান কর॥

---

(১) সাক্ষাদেব। (২) শ্রীরাধাদীনাং।
(৩) আহূয়।

তচ্ছ্রুত্বা সুবলেন মহ্যং নিবেদ্য মদ্বচনেন মৎসন্নিধৌ তা ললিতাদয়ঃ সমানীতাঃ ॥

রাধা তু মমাত্রাগমনং ত্বয়া মদুপদ্রাবক(১)স্বপ্রিয়বয়স্যায় সর্ব্বথা ন প্রকাশনীয়মিতি সুবলমাভাষ্য মন্নিকটস্থকদম্বকুঞ্জান্তর্নিখিলবৃত্তান্তং নিশময়ন্তী(২) নিগূঢ়মাস্থিতা ।

ততো ময়া তাঃ সর্ব্বা নিভাল্য রাধা কথং ন দৃশ্যতে । ইত্যুক্তে তুঙ্গবিদ্যয়োক্তং,—গোকুলযুবরাজ ! সা খলু সপ্রণয়ং আর্য্যয়া জটিলয়া কস্যচিদ্গৃহকার্য্যবিশেষস্য কৃতে রক্ষিতা গৃহে বিদ্যতে ।

ততস্তদবসর(৩) এব প্রবিষ্টেন মধুমঙ্গলেন ইঙ্গিতবিজ্ঞা-

---

তদ্বাক্য শ্রবণ পূর্ব্বক সুবল আমার নিকট তৎসমুদয় বিজ্ঞাপিত করিয়া মদ্বচনানুসারে মৎসমীপে ললিতাদি সেই সমস্ত গোপীগণকে আনয়ন করিল ॥

রাধা সুবলকে বলিল সুবল ! "আমি এখানে আগমন করিয়াছি; ইহা মদুপদ্রাবক স্বরূপ ত্বদীয় প্রিয়বয়স্যের নিকট কোন প্রকারেও প্রকাশ করিও না" এইরূপ সুবলকে বলিয়া মৎসন্নিকটস্থ কদম্বকুঞ্জাভ্যন্তরে নিগূঢ়ভাবে উপবেশন করিয়া নিখিল বৃত্তান্ত শ্রবণ করিতে লাগিল ॥

অনন্তর আমি ললিতাদি সেই সমস্তগোপীবৃন্দকে নিরীক্ষণ করিয়া রাধাকে কেন দেখিতেছি না ? এইরূপ বলিলে তুঙ্গবিদ্যা কহিল, হে গোকুলযুবরাজ ! আর্য্যা, জটিলা প্রীতির সহিত কোন গৃহকার্য্যবিশেষের নিমিত্ত রাধাকে গৃহে রক্ষা করিয়াছেন ।

অনন্তর সেই সময়েই মধুমঙ্গল তথায় প্রবেশ করিয়া "শ্রীরাধা, মন্নিকটে

---

(১) অত্যাচারকারি । (২) শৃণ্বন্তী ।
(৩) তস্মিন্ সময়ে ।

পিতরাধানিগূঢ়সন্নিকটস্থিতিমবধার্য্য(১) কিঞ্চিদ্বিহস্য ময়োক্তং,—তুঙ্গবিদ্যে! মুক্তাগ্রহণেচ্ছা তস্যা(২) ন বিদ্যতে ইতি দৃশ্যতে।

ততস্তয়োক্তং(৩),—ন হি ন হি তন্মুক্তামূল্যমস্মাভিরেব দাস্যতে।

তদা ময়োক্তং,—বিশাখৈব রাধা, রাধৈব বিশাখা ততস্তন্মূল্যং বিশাখৈব দাস্যতীতি জ্ঞায়তে। ভবতু তত্র(৪) সমাগ্রহো নাস্তি কিন্তু যা স্বয়ু স্বয়মাগত্য ন গৃহ্লাতি তস্যাশ্চতুর্গুণং মূল্যং গৃহ্যতাং, মৌক্তিকানি চ সাধারণান্যেব(৫) দীয়ন্তাং, ইতি মে সর্ব্বেষাং সখীনাং সুদৃঢ়ো নির্ণয়ঃ।

---

নিগূঢ়ভাবে অবস্থিতি করিতেছে এইরূপ ঈঙ্গিত ভাব বিজ্ঞাপিত করিলে তাহা শ্রবণ করিয়া ঈষদ্ধাস্য পূর্ব্বক আমি তুঙ্গবিদ্যাকে কহিলাম, অয়ি! তুঙ্গবিদ্যে! "সেই রাধার মুক্তাগ্রহণে অভিলাষ নাই" ইহা স্পষ্টরূপে জানা যাইতেছে॥

তৎপরে তুঙ্গবিদ্যা কহিল তাহা নয় তাহা নয় আমরাই রাধিকার মুক্তার মূল্য প্রদান করিব।

তাহা শ্রবণে আমি বলিলাম,—বিশাখাই রাধা এবং রাধাই বিশাখা, সেই হেতু তাহার মৌক্তিক মূল্য বিশাখাই প্রদান করিবে, এইরূপ বোধ হইতেছে। যাহা হউক শ্রীরাধিকার আমার আগ্রহ নাই, পরন্তু যাহারা স্বয়ং আগমন করিয়া মুক্তাচয় গ্রহণ না করিবে তাহাদের চতুর্গুণ মূল্য গ্রহণ করিবে এবং সাধারণ মৌক্তিকনিচয় প্রদান করিবে, এইরূপ আমার সর্ব্বসখাগণের সুদৃঢ় নির্ণয়॥

---

(১) ঈঙ্গিতবিজ্ঞাপিতং, রাধয়া নিগূঢ়াং সন্নিকটস্থিতিমবধার্য্য। ইতি কস্মিংশ্চিদ্ পুস্তকে দৃষ্টং তচ্চ সুধীভির্বিবেচনীয়ং।

(২) রাধায়াঃ। (৩) তুঙ্গবিদ্যয়া উক্তং। (৪) শ্রীরাধায়াঃ।

(৫) সামান্যানি।

তদনু(১) সুবলং প্রতি ময়োক্তং,—সখে সুবল! সঞ্চিত(২) মুক্তাপূর্ণসম্পুটানানীয় পুরতঃ প্রসার্য্য বিচিত্য সর্ব্বকনিষ্ঠান্যেব মৌক্তিকানি পূর্ব্বকৃতং তৎকার্পণ্যমপ্যবিগণয্য প্রথমং তৎকৃতে(৩) বিশাখায়াং সমর্প্য তৎ(৪) সকাশাচ্চ তন্মূল্যং(৫) গৃহ্যতাং। যদি বা প্রস্তুতং(৬) দাতুং ন শক্নোতি ততস্ত(৭) দভিন্নেয়ং(৮)। তাবৎ পুষ্পপ্রবালচোরিকা গোপকন্যকা যত্র রক্ষ্যন্তে তৎসমীপবর্ত্তিমাধবীকুঞ্জকারায়াং সংবধ্য (সংরুধ্য) রক্ষ্যতাং।

তচ্ছ্রুত্বা মধুমঙ্গলেনোক্তং,—প্রিয়বয়স্য! নিরোধেঽপি (নিশীথেঽপি) পররামাভিঃ পলায়নবিদ্যাঃ স্ফুটমধীতাঃ সন্তি।

---

তৎপর সুবলের প্রতি আমি কহিলাম, সখে সুবল! সঞ্চিত মুক্তাপূর্ণ সম্পুটনিচয় আনয়ন পূর্ব্বক পুরোভাগে প্রসারিত কর এবং সর্ব্বাপেক্ষা ক্ষুদ্রতম মৌক্তিকসমূহ সংগ্রহ করিয়া পূর্ব্বকৃত তৎকার্পণ্য পরিহার পূর্ব্বক প্রথমে শ্রীরাধার নিমিত্ত বিশাখার হস্তে সমর্পণান্তে সেই বিশাখার সকাশ হইতে মৌক্তিকমূল্য গ্রহণ কর। যদিবা নগদমূল্য প্রদান করিতে সক্ষম না হয়, তাহা হইলে এই বিশাখা, রাধা হইতে অভিন্না অতএব পুষ্প-প্রবালচোরিকা গোপকন্যাগণ যে স্থানে রক্ষিতা হইয়া থাকে সেই স্থানের সমীপবর্ত্তি মাধবীকুঞ্জ কারাগারে বন্ধন পূর্ব্বক রক্ষা কর॥

তাহা শ্রবণ করিয়া মধুমঙ্গল কহিল, প্রিয়বয়স্য! নিরোধসত্বেও পররামাদের পলায়নবিদ্যা সম্যকরূপে অভ্যস্ত আছে॥

---

(১) ততঃ পরং। (২) সঞ্চিত। (৩) রাধানিমিত্তং।
(৪) বিশাখায়াঃ। (৫) মুক্তামূল্যং। (৬) নগদমূল্যং।
(৭) রাধায়াঃ। (৮) বিশাখা।

তদা মযোক্তং,—বয়স্য ! মযাপ্যেতদ্জ্ঞাযতে এব। কিন্তু চিন্তা নাস্তি, যদ্যপি পররামাস্পর্শো লজ্জাত্যাগশ্চাস্মদ্বিধানাং স্বপ্নেঽপ্যতীবাযোগ্যস্তথাপি,—

"স্বকার্য্যমুদ্ধরেৎ প্রাজ্ঞঃ কুর্ব্বন্নপি বিগর্হিতং"(১)।

তথা "আহারে ব্যবহারে চ লজ্জামপি পরিত্যজেৎ"(২)।

ইতি সংহিতাবচনবলাদহমেব প্রহরিকো ভবন্ সর্ব্বামেব রাত্রিং জাগ্র(৩)ন্নিরন্তরং নিবৎস্যামি ॥

ইতি নিশম্য সুবলসস্মিতমাহ,—পুরুষোত্তম ! প্রিয়সখ্যা বিশাখয়া এতাবতি মহাশঙ্কটে কিয়ন্তং কালং স্থাতব্যং ?।

ততো মযোক্তং,—যদর্থমিয়ং রক্ষ্যতে সা(৪) যাবৎ নিঃশেষং মূল্যদ্রব্যং প্রস্থাপয়তি, কিম্বা কিয়দ্দ্রব্যং গৃহীত্বা

---

অনন্তর আমি কহিলাম, বয়স্য ! আমিও সুষ্ঠুরূপে তাহা পরিজ্ঞাত আছি। পরন্তু তদ্বিষয়ে কোন চিন্তা নাই, যদিও পররামা সংস্পর্শ এবং লজ্জাপরিহার অস্মদ্বিধব্যক্তিগণের স্বপ্নেও হওয়া অতীব অযোগ্য, তথাপি,—

"বিগর্হিত কৃত্য করিয়াও প্রাজ্ঞজন।
স্বকার্য্য উদ্ধারে নিত্য করিবে যতন" ॥

তথা— ব্যবহারাহারে সদা লজ্জাত্যাগ বিধি ॥

এইরূপ সংহিতাবচনবলে আমিই প্রহরিক হইয়া সমস্তরাত্রি জাগরণ পূর্ব্বক নিরন্তর তথায় বাস করিব।

ইহা শ্রবণ করিয়া সুবল সহাস্যে কহিল,—সখে পুরুষোত্তম ! প্রিয়সখী বিশাখা এতাদৃশ মহাশঙ্কটে কতদিন পর্য্যন্ত থাকিবে ?।

তৎপরে আমি কহিলাম, যাহার জন্য এই বিশাখাকে রুদ্ধ করিয়া রাখিতেছি সেই রাধা যতদিন পর্য্যন্ত নিঃশেষরূপে মূল্যদ্রব্য প্রেরণ না করে, অথবা

---

(১) নিন্দিতং। (২) ত্যক্তলজ্জঃ সদা ভবেদিতি পাঠান্তরং।
(৩) সন্। (৪) রাধা।

স্বয়(১)মেবাগত্য ধ্রুবমস্যাঃ স্নেহাদিথমত্র স্থিত্বা অবশিষ্টদ্রব্যানয়নার্থমেনাং(২) প্রস্থাপয়তি। তাবদনয়া স্থাতব্যং।

ইতি শ্রুত্বা মধুমঙ্গলঃ প্রাহ,—সখে! এতদ্গোষ্ঠীনামধীশা সা(৩) সর্ব্বাভ্যোঽপি সর্ব্বকর্ম্মণি বিচক্ষণা বিশেষতঃ পলায়নে গব্যঘট্ট্যাং (গব্যঘট্টী) দানাদিষু সর্ব্বৈরস্মাভিঃ পুনঃপুনঃ প্রত্যক্ষীকৃতাস্তি(৪)। ত্বন্তুনিশ(৫)মুদঘূর্ণসে তেন মে মহতী চিন্তা জায়তে।

ততঃ স্মিতম(৬) পবার্য্যাহমবদং,—সখে! অলমনয়া চিন্তয়া। তন্নিকটে মমোদঘূর্ণা ন জনিষ্যত এব। যদি বা জায়েত তর্হি মদুত্তমাঙ্গস্য তদ্বামভুজামৃণালীমুপধানীকৃত্য ত(৭)দুর-

কিঞ্চিন্মাত্র দ্রব্য গ্রহণ পূর্ব্বক রাধা স্বয়ং এস্থানে আসিয়া বিশাখার স্নেহ বশতঃ বিশাখার ন্যায় এখানে থাকিয়া অবশিষ্ট দ্রব্য আনয়ননিমিত্ত এই বিশাখাকে প্রেরণ না করিবে, তৎকাল পর্য্যন্ত এইভাবে ইহাকে থাকিতে হইবে॥

এইরূপ বাক্য শ্রবণ করিয়া মধুমঙ্গল কহিল, সখে! এই গোপীগোষ্ঠের অধীশ্বরী সেই রাধা, সমস্ত গোপীগণাপেক্ষা সকল কার্য্যে সুনিপুণা, বিশেষতঃ পলায়ন বিষয়ে গব্যঘট্টীতে ( দুগ্ধাদি শুল্কগ্রহণস্থান কুতঘাটো ) দানাদিকালে আমরা বারং বার প্রত্যক্ষ করিয়াছি। কিন্তু তুমি নিরন্তর উদ্‌ঘূর্ণা ( নিদ্রাজন্য আলস্যাবেশ ) সেই জন্য আমার অত্যন্ত চিন্তা হইতেছে॥

অনন্তর আমি ঈষদ্ধাস্য পূর্ব্বক জনান্তিকে কহিলাম, সখে! এরূপ বৃথা চিন্তার প্রয়োজন নাই, তাহার নিকট আমার উদ্‌ঘূর্ণা হইবে না। যদি বা হয়, তাহা হইলে তদীয় বামভুজ-মৃণালীকে মদীয়োত্তমাঙ্গের উপধান স্বরূপে

( ১ ) রাধা। ( ২ ) বিশাখাং। ( ৩ ) রাধা। ( ৪ ) সাক্ষাৎ। ( ৫ ) ব্যাপ্য। ( ৬ ) জনান্তিকঃ। ( ৭ ) রাধা।

স্তনোল্লসিতপীতপট্টাম্বরবরবিধূপধানোপরি মদ্বামকরপল্লবমরুণং সভিন্যস্য(১) তথা মৌক্তিকপণনিমিত্তকবাগ্বিলাসমুল্লাসয়িষ্যামি(২)। যথা সুখেন জাগর্য্যয়ৈব চত্বারো রজনিযামা দ্রুতমেব বিরমন্তি। অথবা মদুরোনাম(৩)ঘনান্ধকারবিষমকারাগারান্তস্তাং(৪) প্রবিশ্য তৎপার্শ্বযুগলং কঠোরভুজগারুত্মতার্গলাভ্যাং দৃঢ়ং সংরুদ্ধ্য সুখেন নিরাতঙ্কঃ(৫) স্বপ্নবিলাসং বিতরিষ্যামি ( বিতানিষ্যামি )॥

ইতি শ্রুত্বা সর্ব্বাঃ স্ময়মানা বভূবুঃ। রাধা তূদগ্রীবিকয়া মাং বিশাখাং সর্ব্বাশ্চ সখীরবলোকয়ন্তী আহ,—চন্দ্রাবলীকেলিকুরঙ্গ! তিষ্ঠ তিষ্ঠেতি কাকুস্থৈর্মাং তর্জ্জয়ন্তী সুস্মিতাসীৎ।

---

বিধান করিয়া সেই রাধার উরস্তলে বিরাজিত অত্যুৎকৃষ্ট পীতপট্টাম্বর বিধুরূপ আস্তরণোপরি অরুণ রঞ্জিত মদীয় বাম করপল্লব বিন্যস্ত করিয়া এরূপভাবে মৌক্তিকপণ নিমিত্ত বাক্‌বিলাস [ উত্তর প্রত্যুত্তর ] করিব, যাহাতে রজনী যামচতুষ্টয় সুখজাগরণে অতিবাহিত হয়। অথবা মদীয় বক্ষঃস্থলরূপ নিবিড় অন্ধকারময় বিষম কারাগারাভ্যন্তরে সেই রাধাকে সংস্থাপন করিয়া তদীয় পার্শ্ব যুগল, মদীয় ভুজযুগলরূপ কঠোর গারুত্মক মণিময় অর্গলযুগলদ্বারা সুদৃঢ় ভাবে সংরুদ্ধ করিয়া সুখে নিঃশঙ্কচিত্তে স্বপ্নবিলাস বিস্তার করিব॥

মদীয় এতদ্বাক্য শ্রবণ করিয়া সমস্ত গোপীগণ ঈষদ্ধাস্যবদনা হইল। পরন্তু রাধা, গ্রীবা উত্তোলন করিয়া আমাকে ও বিশাখা এবং অন্যান্য সখীগণকে অবলোকন করিতে করিতে আমাকে বলিতে লাগিল,—হে চন্দ্রাবলীকেলীকুরঙ্গ! তিষ্ঠ তিষ্ঠ ( থাক্ থাক্ ) এইরূপে মৃদুস্বরে আমাকে তিরস্কার করিয়া সুস্মিতাননা হইল॥

---

( ১ ) উপন্যাসং কৃত্বা। ( ২ ) উত্তরপ্রত্যুত্তরং কথয়িষ্যামি।

( ৩ ) মত্তাবনায়াং। ( ৪ ) রাধাং। ( ৫ ) নিঃশঙ্কঃ সন্।

বিশাখা তু কুটিলদৃষ্ট্যা মামবলোকয়ন্তী আহ,—ব্রজধূর্ত্ত-ধৃষ্ট! অপেহি অপেহীতি বদন্তী সখীমধ্যে লীনা বভূব।

ততঃ সর্ব্বাভিঃ সুবলং প্রত্যুক্তং,—সুবল! বিদূষকতাং ত্যজ; যদি ভবতাং বিক্রয়েচ্ছা বর্ত্ততে, তর্হি মুক্তাঃ প্রদর্শ্য সমুচিতমূল্যেন প্রদীয়ন্তাং, নোচেদ্বয়ং গৃহং গচ্ছামঃ। মধুরাত এব মৌক্তিকান্যানয়িতব্যানি।

ইতি নিশম্য সুবলেন সম্পুটামুদ্ঘাট্য তাভ্যো মৌক্তিকানি প্রদর্শ্য মাং প্রত্যুক্তং,—প্রিয়বয়স্য! ইমানি মৌক্তিকান্য-মূল্যানি আভির্গৃহপত্যাদিকং সমস্তগোধনানি চ বিক্রীয়াপি একস্যাপি(১) মূল্যং দাতুমশক্যং (ন শক্যং)। এতাঃ খলু

---

কিন্তু বিশাখা কুটিল নয়নে মৎপ্রতি অবলোকন করিতে করিতে বলিতে লাগিল, "হে ব্রজধূর্ত্ত ধৃষ্ট! এখান হইতে সরিয়া যাও সরিয়া যাও" এইরূপ বলিতে বলিতে সখীমধ্যে প্রবেশ করিল॥

অনন্তর সুবলের প্রতি গোপীগণ কহিতে লাগিল, হে সুবল! বিদূষকতা পরিত্যাগ কর, যদি তোমাদের বিক্রয়েচ্ছা থাকে, তবে মুক্তা দেখাইয়া সমুচিত মূল্য গ্রহণ পূর্ব্বক মুক্তা প্রদান কর, তাহা না হইলে (স্পষ্ট করিয়া বল) আমরা গৃহে যাই, মথুরা হইতেই মৌক্তিকচয় আনয়ন করাইব॥

এই প্রকার বাক্য শ্রবণ করিয়া সুবল সম্পুটচয় উদ্ঘাটন পূর্ব্বক তাহাদিগকে মৌক্তিকরাজি অবলোকন করাইয়া মৎপ্রতি কহিল, প্রিয়বয়স্য! এই সমস্ত মৌক্তিকরাজি অমূল্য, ইহারা গৃহপত্যাদি ও সমস্ত গোধন সমূহ বিক্রয় করিয়াও কেবলমাত্র একটির মূল্যও প্রদান করিতে সক্ষম হইবে না।

---

(১) মৌক্তিকস্যাপি।

ভবৎস্নিগ্ধাঃ সর্ব্বানুপেক্ষ্য ত্বামেব জানন্তি । তস্মাদেতৎপূর্ব্বকৃতকার্পণ্যমপি বিস্মৃত্য মাঞ্চ ত্বদনুগতমবেক্ষ্য যৎকিঞ্চিন্মূল্যং গৃহীত্বা বিনামূল্যেন দত্তবদাসামভীপ্সিতমৌক্তিকানি দাতুমাজ্ঞা ক্রিয়তাং ।

ততোঽহং (অবোচং) সখে ! ন হি ন হি বয়ং বাণিজ্যব্যবসায়িনঃ। ভবতু কিং কর্ত্তব্যং ভবদ্বচনঞ্চ রক্ষণীয়ং ; তদযৎ কিঞ্চিদল্পমেব ময়া মৃগ্যতে, তদ্দাপয়িত্বৈব (তন্মামাজ্ঞাপয়িত্বৈব) দীয়স্তাং। কিঞ্চ উৎকোচং গৃহীত্বা বারম্বারং মম ঘট্টীদানদ্রব্যাণি ভবতা বিনাশিতানি সন্তীতি মম কেনাপি কথিতমস্তি তস্মান্মূল্যদ্রব্যং সমক্ষমেব ময়ৈবাভ্যো গ্রহীতব্যং।

সুবলঃ কিঞ্চিদ্বিহস্যাহ,—ভদ্রং বচঃ ; কিঞ্চ এতাভিঃ

---

পরন্তু ইহারা ভবদীয় স্নেহযুক্তা ও সমস্ত উপেক্ষা করিয়া একমাত্র তোমাকেই জানে। সেই হেতু ইহাদের পূর্ব্বকৃত কার্পণ্য বিস্মরণ পূর্ব্বক এবং আমাকেও ত্বদনুগত জানিয়া যৎকিঞ্চিৎ মূল্য গ্রহণ পূর্ব্বক বিনামূল্যে প্রদান করার মত ইহাদিগের অভীপ্সিত মৌক্তিকচয় প্রদান করিতে অনুমতি কর ॥

অনন্তর আমি বলিলাম, সখে সুবল ! না না তাহা হইবে না, কারণ আমরা বাণিজ্যব্যবসায়ী। যাহা হউক, কি করিব তোমার বাক্য প্রতিপালন করাও কর্ত্তব্য, সুতরাং যৎকিঞ্চিৎ অল্পমাত্র মূল্য আমি প্রার্থনা করিতেছি, তাহা প্রদান করাইয়া মুক্তারাজি প্রদান কর। পরন্তু তুমি উৎকোচ গ্রহণ করিয়া বারম্বার মদীয় ঘট্টীদান দ্রব্যনিচয় বিনষ্ট করিয়াছ, ইহা আমি কোনও ব্যক্তির নিকট শ্রবণ করিলাম ; সেই জন্য মূল্যদ্রব্য নিকটে যাইয়া আমি স্বয়ংই ইহাদের নিকট হইতে গ্রহণ করিব ॥

সুবল ঈষদ্ধাস্য করিয়া কহিল, ভালকথা, কিন্তু এই গোপীগণ স্বীয়

স্বীয়স্বীয়াভীপ্সিতমৌক্তিকানি বিচিত্য পৃথক্ পৃথক্ কূটীকৃতানি(১) দৃষ্ট্বা ভবতাপি স্বাভীপ্সিতমূল্যং কথ্যতাং ।

ততোঽহমব্রবং ;—ভদ্রং দর্শয়ন্তু স্বস্বাভীপ্সিতমৌক্তিকানি মূল্যং কথ্যতে ময়া ।

সুবলঃ প্রাহ,—প্রিয়বয়স্য ! এতাঃ বিনয়েন যন্নিবেদয়ন্তি ; তৎ কৃপয়াবধার্য্য ভবতে যদি রোচতে তদা বিধীয়তাং(২) ।

ততোঽহং,—সুবল ! কথ্যতাং, কিং নিবেদয়ন্তি, যুক্তঞ্চেৎ-কর্ত্তব্যং ।

সুবলঃ (প্রাহ),—এবং নিবেদয়ন্তি, "মধুপুরী তাবদ্দূরে সমগ্রমূল্যদ্রব্যাণাঞ্চ সমাচয়নং দিনদ্বয়মধ্য এব সম্পদ্যতে । গুরুকুলস্তু মৌক্তিকালঙ্কারাদ্যদর্শনাৎ ক্ষণে ক্ষণে খিদ্যমানং

---

স্বীয় অভীপ্সিত মৌক্তিকরাজি একত্রিত করিয়া পৃথক্ পৃথক্ভাবে রাশীকৃত করিলে তদবলোকন করিয়া তুমিও স্বাভীপ্সিত মূল্য ব্যক্ত কর ॥

অনন্তর আমি কহিলাম, ভাল, ইহারা স্ব স্ব অভীপ্সিত মৌক্তিকরাজি মৎসকাশে সংস্থাপিত করুক আমি মূল্য কহিতেছি ॥

সুবল বলিল, প্রিয়বয়স্য ! এই গোপীগণ সবিনয়ে যাহা নিবেদন করিতেছে অনুগ্রহ পূর্ব্বক অবধারণ করিয়া যদি তোমার অভিমত হয় তাহা হইলে বিধান কর ॥

অনন্তর আমি কহিলাম, হে সুবল ! বল, উহারা কি নিবেদন করিতেছে, যদি উপযুক্ত হয় তবে করিব ॥

সুবল কহিল, এই প্রকার নিবেদন করিতেছে যে, "মধুপুরী অধিকদূরে বিদ্যমান, সমগ্র মূল্যদ্রব্য সংগ্রহ করিয়া দুই দিনের মধ্যেই প্রদান করিব, পরন্তু গুরুকুল মৌক্তিক অলঙ্কারাদি দেখিতে না পাওয়ায় প্রতিক্ষণে দুঃখ প্রকাশ

---

(১) রাশীকৃতানি । (২) ক্রিয়তাং ।

বাঢ়মাক্রোশতি। অতোঽতিস্নিগ্ধান্ ভবদ্বিধানবগত্য(১) লজ্জা-মপি পরিহায় (অপহায়) নির্জ্জনবনান্তরমাগতানামস্মাকমৃণে-নৈব মৌক্তিকানি দাপয়িত্বা দ্রুতমেব বিদায়ঃ ক্রিয়তাং। মূল্য-দ্রব্যাণ্যস্মাভির্ভবতামভীপ্সিতবৃদ্ধিসহিতানি(২) দিনদ্বয়াভ্যন্তরে পরিশোধ্য প্রদেয়ানি(৩)যদ্যস্মাস্থ ভবদ্বয়স্য প্রতীতির্ন জায়তে, তদা ত্বমেবাস্মাকং প্রতিভূর্ভবে"তি(৪)। তস্মাৎ পরমপ্রতীতি-পাত্রাভ্যঃ সন্ততসত্যবাদিনীভ্যঃ এতাভ্যঃ প্রতীতিং কৃত্বা দত্তেষু মৌক্তিকেষু মূল্যদ্রব্যং অভীপ্সিতবৃদ্ধিশ্চাচিরাল্লপ্স্যতে। তদৈতাভিঃ সহ নিবিড়স্নেহোঽপি বর্দ্ধিষ্যত এব।

ততোঽহং বিহস্য, সুবল! ত্বং শুদ্ধবুদ্ধোঽসি; আসাং ব্যবহৃতিঃ কিঞ্চিন্মাত্রাপি ত্বয়া ন জ্ঞায়তে। কুটিনাটীনাটিকা-

---

পূর্ব্বক অত্যন্ত ভর্ৎসনা করিতেছে,এই হেতু ভবদ্বিধ ব্যক্তি অতিস্নিগ্ধ স্বভাব অবগত হইয়া লজ্জা পরিহার পূর্ব্বক নির্জ্জন বনান্তরে আগমন করিয়াছি, অতএব আমাদিগকে ঋণদ্বারা মৌক্তিকনিচয় প্রদান করাইয়া অতি শীঘ্রই এস্থান হইতে বিদায় কর; ভবদীয় অভীপ্সিত ব্যবহার সহিত মূল্যদ্রব্য আমরা দুই একদিনের মধ্যে পরিশোধ করিব। যদি আমাদিগের প্রতি তোমার বয়স্যটীর বিশ্বাস না হয়, তাহা হইলে তুমিই আমাদিগের সম্বন্ধে প্রতিনিধি স্বরূপ হও"। সেই হেতু পরম প্রতীতি পাত্র ও সদা সত্যবাদিনী এই সমস্ত গোপীগণের প্রতি বিশ্বাস করিয়া মৌক্তিকচয় প্রদান করিলে মূল্যদ্রব্য এবং অভীপ্সিত বৃদ্ধি অচিরেই লাভ করিবে, এবং ইহাদের সহিত প্রগাঢ় স্নেহও বিবর্দ্ধিত হইবে॥

অনন্তর আমি হাস্য পূর্ব্বক কহিলাম, হে সুবল! তোমার নিতান্ত সরল বুদ্ধি। ইহাদের ব্যবহার কিছুমাত্রও তুমি জান না, কুটিনাটীর

---

(১) প্রাপ্য। (২) ব্যবহারসহিতানি। (৩) দেয়ানি।
(৪) ইতি নিবেদয়ন্তি।

নর্ত্তক্য ইমা মৌক্তিকং গৃহীত্বা নিজনিজভর্তৃমহাদুর্গকোষ্ঠৈ(১)-র্বেষ্টিতান্ স্বস্বগুরুকুলমহাপর্ব্বতান্ প্রবিশ্য দ্রব্যমদত্ত্বা যদি খেলয়ন্ত্যস্তিষ্ঠেয়ুস্তর্হি ত্বয়া কিং কর্ত্তব্যং ।

সুবলঃ (প্রাহ) । সখে ! মৈবং ব্রবীঃ । এতাঃ খলু নৈবং করিষ্যন্তি । যদি বা কুর্য্যুস্তদোজ্জ্বলবনাস্তার্জ্জুনকোকিলাদিভিঃ সহ তত্র গত্বা স্বয়মাভিঃ স্বীকৃতং, স্বয়ং প্রগাঢ়াশ্লেষচুম্বনাধরসুধাপানাদিরূপমূল্যমেতাসাং ভর্তৃষু সংশ্রাব্য তৎ(২)প্রাপ্ত্যর্থং তেভ্যস্তথা ভয়ং প্রদর্শয়িষ্যামি । যথা ত(৩) এব দ্রুতমমূ(৪)-স্তৎসমীপং প্রস্থাপ্য ত(৫)দ্দাপয়িষ্যন্তি ।

---

নাটিকা নর্ত্তকী স্বরূপ এই গোপীগণ মৌক্তিক গ্রহণ পূর্ব্বক স্ব স্ব পতিরূপ মহাদুর্গকোষ্ঠ পরিবেষ্টিত স্ব স্ব গুরুকুলরূপ মহাপর্ব্বতে প্রবেশ করিয়া মূল্যদ্রব্য না দিয়া যদি ক্রীড়া রসে মত্ত থাকে তাহা হইলে তুমি কি করিবে ? ॥

সুবল বলিল, সখে ! একথা বলিও না, ইহারা নিশ্চয়ই সেরূপ করিতে পারিবে না । যদিই বা করে, তবে আমি এই সুনির্ম্মল রমণীয় বনস্থ ময়ূর এবং কোকিলাদির সহিত তথায় গমন করিয়া "স্বয়ং এই গোপীগণ কর্ত্তৃক স্বীকৃত হইয়াছে যে, স্বয়ং প্রগাঢ়াশ্লেষ চুম্বন ও অধর—সুধাপান দানাদিরূপ মূল্য প্রদান করিবে", তাহা ইহাদের ভর্ত্তৃগণ সকাশে শ্রবণ করাইয়া তন্মূল্য প্রাপ্তিজন্য সেই গোপগণকে এরূপে ভয় দেখাইব যাহাতে সেই সমস্ত পত্যাদি গুরুজন অনতিবিলম্বে ইহাদিগকে তোমার সমীপে প্রেরণ করিয়া তন্মূল্য প্রদান করাইবে ॥

---

(১) গড় । (২) মূল্যং । (৩) পত্যাদয়ঃ । (৪) গোপ্যঃ । (৫) মূল্যং ।

তন্নিশম্য মধুমঙ্গলেন সক্রোধমুক্তং,—রে সুবল! ত্বং নাম্নৈব সুবলঃ পুমাংশ্চাসি বস্তুতস্ত্ববলাকৃতির্মুহুর্দৃষ্টোঽসি। যতঃ সাম্প্রতমপ্যাসাং অবলানাং ফুৎকারং ক্ষুদ্রাদপি ক্ষুদ্রতরেষু তদ্ভর্ত্তৃষু কর্ত্তুং যদিচ্ছসি; তদ্ভীরুস্বভাবস্য তবৈতৎ সমুচিতমেব, তস্মাত্ত্বমেবাত্রোপবিশ্য তিষ্ঠ। ময়ৈব বিজয়াসিধাটীং প্রগৃহ্য বলাদাসাং ভর্ত্তৃসহিতগোমহিষ্যাদিকং বেষ্টয়িত্বা সমানীয় রুদ্ধ্বাত্র নন্দীশ্বরপুরে রক্ষিষ্যতে; তদা তা(১) এব স্বয়মাগত্য স্বস্বদ্রব্যং মূল্যং দত্ত্বা স্বং স্বং পতিং গোধনাদিকঞ্চ মোচয়িষ্যন্তি।

ততঃ তচ্ছ্রবণেন জনিতমহাদুঃখভরেণৈব ময়োক্তং,—প্রাণসখ মধুমঙ্গল! কথমেবং ত্বয়া মন্ত্র্যতে? ব্রজবাসিনো

তাহা শ্রবণ করিয়া মধুমঙ্গল সক্রোধে কহিল, ওরে সুবল! তুমি নাম মাত্রই সুবল, এবং নামমাত্র পুরুষ। বস্তুতঃ আমি বারম্বার তোমার অবলা সদৃশী আকৃতি অবলোকন করিতেছি। সম্প্রতি এই অবলাগণের ক্ষুদ্রাদপি ক্ষুদ্রতর ভর্ত্তৃবিষয়ে সেই ফুৎকার (ফুস্‌ফাস্‌) করিতে অভিলাষ করিতেছ, তাহা ভীরু স্বভাববিশিষ্ট তোমার সমুচিতই হইয়াছে, সেই হেতু তুমি এই স্থানে উপবেশন করিয়া থাক। মৎকর্ত্তৃক যোদ্ধৃবেশ গ্রহণানন্তর বলপূর্ব্বক ইহাদিগের ভর্ত্তৃসহিত গোমহিষ্যাদি সমাবেষ্টন করতঃ আনয়ন পূর্ব্বক সংরুদ্ধ্য করিয়া এই নন্দীশ্বরপুরে সংরক্ষিত হইবে। তাহা হইলে গোপীগণই স্বয়ং আগমন করিয়া স্ব স্ব মূল্যদ্রব্য প্রদান পূর্ব্বক স্ব স্ব পতি ও গোধনাদিগণকে মোচন করিয়া লইবে॥

অনন্তর তচ্ছ্রবণ নিবন্ধন জনিত মহাদুঃখভরে আমি কহিলাম। প্রাণসখ মধুমঙ্গল! কি প্রকারে তুমি এরূপ মন্ত্রণা করিতেছ? ব্রজবাসিগণ,

(১) গোপ্যঃ।

ভিন্নপুলিন্দাদ্যা অপি মে প্রিয়েভ্যোঽপ্যধিকপ্রিয়াঃ। এতে(১) তু সগোত্রাঃ সহোদরা মদভিন্না এব; তস্মাদেতন্মান্ত্রণমত্যৌবাসুচিতং। সুবলভাষিতমেব কিঞ্চিদ্যাতি। তথাপি ন প্রিয়জনৈঃ সমমাদানপ্রদানপ্রয়োগেণ রসরক্ষা ন জায়ত এব। তথা চ স্মৃতিঃ—

নৈবাদানং প্রদানং হি মিত্রৈঃ সহ বিতন্যতে।

কৃতে প্রীত্যা ভবেল্লোপঃ কলহস্তদনন্তরমিতি॥

ততঃ প্রস্তহমেব(২) মূল্যং দত্ত্বা মৌক্তিকানি নয়ন্তু।

তচ্ছ্রুত্বা সক্রোধমিব সুবলং নিভাল্য অয়ে! কৌটিল্যপারঙ্গত সুবল! সর্ব্বৈরেব মিলিত্বা বিড়ম্বয়িতুমেব বয়মত্রানীতা

ভিন্ন পুলিন্দাদি হইলেও আমার প্রিয়াপেক্ষা অধিক প্রিয়। পরন্তু ইহারা সগোত্র ও সহোদর এবং আমা হইতে অভিন্নই, অতএব এরূপ মন্ত্রণা অতীব অনুচিত। সুবলোক্ত বাক্যই আমার কিঞ্চিৎ প্রতিপন্ন হইতেছে, তথাপি প্রিয় আত্মীয় স্বজনের সহিত আদান প্রদান প্রয়োগ করিতে গেলে সদ্ভাব রক্ষা হয় না। তথা স্মৃতিশাস্ত্রে উক্ত আছে যে,—

আদান প্রদান কার্য্য রূপ ব্যবহার।

মিত্র সহ কখন না করিবে বিস্তার॥

প্রীতি সহ করিলেও লোপ নিরন্তর।

কলহাদি ক্রমে ক্রমে হয় তার পর॥ ইতি

অতএব উপস্থিত মূল্য প্রদান করিয়া মৌক্তিকচয় লইয়া যাউক॥

তাহা শ্রবণ করিয়া গোপীগণ কপট ক্রোধ প্রকাশ করিয়া সুবলের প্রতি অবলোকন করিয়া কহিল, অরে! কৌটিল্যপারদর্শিন্ সুবল! সকলে সম্মিলিত হইয়া আমাদিগকে বিড়ম্বিতা করিবার জন্যই তুমি

(১) গোপাঃ। (২) সাক্ষাদেব।

ভবতা, তদ্যূয়ং মৌক্তিকবাণিজ্যব্যবসায়েন রাজ্যং কুরুত। বয়ং চলিতাঃ স্ম ইত্যুক্ত্বা চলন্তীনাং তাসাং সবিধমাগাম্য সৌহার্দ্দমভিব্যঞ্জয়ন্ স্থবলো ললিতাং নীচৈঃ প্রাহ,—সখি! ললিতে! আদানপ্রদানব্যবহারস্য স্নেহভঙ্গকারিত্বাৎ কেবলং তদ্ভয়েনৈব প্রিয়বয়স্যেন মূল্যনির্ণয়ং প্রস্তুতবিত্তলাভঞ্চ বিনা সর্ব্বথৈব মৌক্তিকানি ন দেয়ানীতি সর্ব্বপ্রকারেণাবধারিতং(১) তস্মাৎ সমাগত্য প্রথমং তাবন্মূল্যমেব নির্ণীয়তাং; তল্লাভোপায়ঃ পশ্চাচ্চিন্তনীয়ঃ ইত্যনুনয়েন তাঃ পরাবৃত্য মৎসমীপমানীয় মাং প্রত্যুবাচ,—বয়স্য! নর্ম্ম হিত্বা মূল্যমেব তাবৎ কথ্যতাং।

---

এখানে আসিয়াছ, অতএব তোমরা মৌক্তিকবাণিজ্য ব্যবসায় দ্বারা রাজ্য কর, আমরা চলিলাম"। এই বলিয়া গমন করিতে আরম্ভ করিলে তাহাদিগের নিকট আগমন করিয়া সৌহার্দ্দ্য প্রকাশ পূর্ব্বক স্থবল ললিতাকে মৃদুস্বরে কহিল, সখি ললিতে! আদান প্রদান ব্যবহার স্নেহ ভঙ্গকারিত্ব নিবন্ধন কেবলমাত্র তদ্ভয়বশতই প্রিয়বয়স্য মূল্য নির্ণয় ও উপস্থিত বিত্তলাভ ব্যতিরেকে কোন প্রকারেই মৌক্তিকরাজি প্রদান করিতে পারিবে না, ইহা আমি সবিশেষরূপে বুঝিতে পারিয়াছি. অতএব প্রত্যাগমন করিয়া প্রথমে মূল্যমাত্র নির্ণয় কর পশ্চাৎ তল্লাভোপায় চিন্তা করা যাইবে। এইরূপ অনুনয় বাক্যে তাহাদিগকে প্রত্যাবর্ত্তন করাইয়া মৎসমীপে আনয়ন করিয়া আমার প্রতি কহিতে লাগিল, বয়স্য! পরিহাস পরিহার পূর্ব্বক ইহাদিগকে মূল্য নিরূপণ করিয়া বল॥

---

(১) জ্ঞাতং।

ততোঽহং,—সখে সুবল! প্রথমং তাবৎ কস্যা মৌক্তিকানাং মূল্যং কথনীয়ং?

সুবলঃ (প্রাহ),—এতাসাং মধ্যে ললিতৈব মুখ্যা ত(১)দেতদ্গৃহীতমৌক্তিক-মূল্যং প্রথমং নিরূপ্যতাং(২)।

ততোঽহং কিঞ্চিদ্বিহস্য,—এতদ্বাহিনীনাং(৩) প্রবীণয়া ললিতয়া সমরে পৌরুষেণ(৪) যদি মাদৃশঃ পুরুষসিংহঃ(৫) সকৃদপি কুণ্ঠিতাস্ত্রীকর্ত্তুং শক্যতে; তদাস্যাঃ(৬) সমক্ষং সর্ব্বথৈবাস্ত্রী ন ভবিষ্যামি(৭)। কিম্বা সন্তুতমমুক্তাস্ত্রী(৮) ভূত্বা এতৎ(৯)পৌরুষমেবানুকীর্ত্তয়(১০)ন্নিমা(১১)মেবানুচরিষ্যামীতি ইদমেব যৎকিঞ্চিন্মূল্যং দত্ত্বা গৃহ্লাতু।

---

অনন্তর আমি বলিলাম সখে সুবল! প্রথমে কাহার মৌক্তিকচয়ের মূল্য কহিব?॥

সুবল কহিল, ইহাদিগের মধ্যে ললিতাই প্রধানা অতএব প্রথমে এতদ্‌গৃহীত মৌক্তিকমূল্য ব্যক্ত কর॥

তৎপরে আমি ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিলাম, এই সমস্ত বাহিনীগণের মধ্যে শ্রেষ্ঠতমা ললিতা যদি সমরে পুরুষ-ব্যবহার-পরাক্রমে মাদৃশ পুরুষসিংহকে একবার মাত্রও কুণ্ঠিতাস্ত্র করিতে সক্ষম হয় তবে এই ললিতার সমক্ষে সর্ব্ব প্রকারেই স্ত্রীর ন্যায় থাকিব, কিম্বা অমুক্তাস্ত্রী হইয়া এই ললিতার পৌরষমাত্র অনুকীর্ত্তন করিয়া ইহারই অনুচর হইয়া থাকিব। এইরূপ এইমাত্র যৎকিঞ্চিৎ মূল্য প্রদান করিয়া গ্রহণ করুক।

---

(১) ললিতায়াঃ। (২) কথ্যতাং। (৩) সেনানাং মধ্যে।

(৪) পুরুষব্যবহারেণ পরাক্রমেণ। (৫) পুরুষশ্রেষ্ঠঃ।

(৬) ললিতায়াঃ। (৭) তস্যাং স্ত্রীব তিষ্ঠামি। (৮) সন্তুতমুক্তাস্ত্রী ইতি পাঠান্তরং। (৯) ললিতায়াঃ। (১০) প্রশংসন্। (১১) ললিতাং।

সুবলঃ স্মিত্বাহ,—গোকুলবীর! সুদীপ্রদর্পভরৈর্মহেন্দ্রগর্ব্ব-পর্ব্বতখর্ব্বনায় সপ্তরাত্রমত্র(১) বামকরকমলকনিষ্ঠাঙ্গুলি-বরাটকশিখরোপরি ভ্রমর ইব গোবর্দ্ধনগিরির্যেন ব্যধারি তেনোচ্চণ্ডেন ভবতা সমমবলেয়ং কোমল্যললিতা কথমিব সমিতি(২)মতিবিস্তারয়তু।

মধুমঙ্গলঃ (প্রাহ),—সুবল! ত্বং কং পূর্ব্বমস্য পৌগণ্ডকৃতং দর্পমতিশ্লাঘসে? যদধুনা তারুণ্যামৃতসেকেন স দর্পকল্পতরু-র্লক্ষলক্ষগুণং পল্লবিতোঽস্তি।

সুবলঃ (প্রাহ),—কথমিতি বিদিতং?

মধুমঙ্গলঃ (প্রাহ),—যদনেন পূর্ব্বারীণাং সকলানাং পূর্ব্বং যাদৃশবৈকল্যং কারিতমাসীৎ সাম্প্রতমেত(৩)দ্দুর্গমং তদ্ধৃদয়ঙ্গ-

---

আমার এই বাক্য শুনিয়া সুবল সহাস্যে বলিল হে গোকুলবীর! অত্যন্ত দর্পভরে দেবরাজ মহেন্দ্রের গর্ব্ব পর্ব্বত খর্ব্ব করিবার জন্য এই ব্রজে সপ্তরাত্র পর্য্যন্ত বামকরকমলের কনিষ্ঠাঙ্গুলিরূপ বরাটক (কমলবীজকোষ) শিখরোপরি (অগ্রভাগে) স্থিত ভ্রমরের ন্যায় গোবর্দ্ধনগিরিকে যে তুমি ধারণ করিয়াছ, সেই দুর্দ্দান্ত তোমার সহিত এই অবলা কোমল হইতেও সুকোমল ললিতা কিরূপে সংগ্রাম করিবে?॥

সুবলের এই বাক্য শ্রবণে মধুমঙ্গল বলিল সুবল! তুমি ইহার পূর্ব্বতন পৌগণ্ডকৃত কোন্ দর্পকে অত্যন্ত শ্লাঘা করিতেছ, যেহেতু তারুণ্যামৃত সেক দ্বারা সেই মদন কল্পতরু লক্ষ লক্ষ গুণে পল্লবিত হইয়াছে॥

সুবল বলিল, তাহা তুমি কিরূপে জ্ঞাত হইয়াছ?

মধুমঙ্গল বলিল, যে হেতু এই কৃষ্ণ, পূর্ব্বজাত শত্রু সকলের সম্বন্ধে পূর্ব্বে যেমন ব্যাকুল করিয়াছিল, এক্ষণ বর্ত্তমান দুর্গম হৃদয়ঙ্গমকন্দর্প পর্ব্বত

---

(১) ব্রজে। (২) সংগ্রামং। (৩) বর্ত্তমানং।

মানতনুপর্ব্বতানভিলীলয়ৈব কেন চ নখরাস্ত্রেণৈব খণ্ড-খণ্ডীকৃত্য মহামায়াদিভি(১)স্ততোঽপ্যতুলতরবৈকল্যমাপাদিতমাস্তে ।

ততোঽহং বিহস্য,—সুবল ! সত্যমন্যত্র ময়া তাদৃশেনৈব ভূয়তে, নত্বেতস্যাঃ(২) পুরতঃ যস্মাত্ততোঽপি(৩) প্রবরবিগ্রহে বিবিধবৈচিত্রীপ্রবীণয়ানয়া বারম্বারং ভ্রূধনুষ্টঙ্কারেণৈব হুঙ্কারেণ হেলয়া স্তব্ধীকৃতোঽস্মি । তৎ কথমিয়মবলা ভবতু ।

ইত্যাকর্ণনেন স্মেরমুখীঃ সখীরবলোক্য স্বানন্দোত্থবিকারানবগূহ্য সক্রোধমিব ললিতয়োক্তং,—অয়ে ! সুবল বিদূষক ! মধুমঙ্গলসহচরস্য গোকুলভণ্ডস্য ভণ্ডাদেব্যাঃ(৪)

---

সকলকে অবলীলাক্রমে কোন তীক্ষ্ণাস্ত্রের দ্বারা* খণ্ড খণ্ড করিয়া মূর্চ্ছা† তাহা হইতেও অতুলতর বৈকল্য প্রাপ্ত হইয়াছে ॥

তৎপর আমি হাস্য করিয়া বলিয়াছিলাম সখে সুবল ! সত্য বলিয়াছ, আমি অন্যত্র তাদৃশই হইয়া থাকি বটে, কিন্তু এই রাধার সমীপে নয় । কারণ পূর্ব্ব হইতেও প্রবলবিগ্রহে, বিবিধ বৈচিত্র্য প্রবীণা এই রাধা পুনঃ পুনঃ ভ্রূধনুষ্টঙ্কার দ্বারা হুঙ্কারমাত্রে অবলীলাক্রমে আমাকে স্তব্ধ করিয়াছিল । অতএব এই রাধা কিরূপে অবলা হইবে ।

ইহা শ্রবণে সখীগণকে হাস্যমুখী অবলোকন করিয়া স্বীয় আনন্দজন্য বিকারচয় সবিশেষে সংগোপন করতঃ যেন সক্রোধে ললিতা কহিল,—অয়ে বিদূষক সুবল ! মধুমঙ্গলসহচর গোকুলভণ্ডের ভণ্ডতা দেবী

---

(১) যুদ্ধাদিভিঃ পক্ষে কামাদিভিঃ । (২) রাধায়াঃ । (৩) পূর্ব্বতোঽপি ।
(৪) চন্দ্রবল্যা ।

---

* পক্ষে নখরাস্ত্র দ্বারা । † পক্ষে কামদ্বারা ।

সত্যং ত্বমপ্যাবিষ্টোঽসি ; যদস্মানেতৎসমক্ষং সমানীয় বিড়ম্বনসমুদ্রে সংপাতয়ন্ কৌতুকং পশ্যন্নসীতি নিগদ্য কুটিলদৃষ্ট্যা সাস্রাক্ষিপন্তীমাগচ্ছত ভোঃ সরলাঃ! আগচ্ছতে-ত্যুক্ত্বা সর্ব্বাভিঃ সহ গচ্ছন্তীং(১) তদবসর এব তত্রাগতা ভগবত্যাঃ পূর্ণমাস্যা অন্তেবাসিনী নান্দীমুখী তদ্গমনবার্ত্তা-মখিলাং সর্ব্বাভ্যঃ সমবধার্য্য ব্যাজহার,—সখি! ললিতে! নর্ম্মশালিনোঽস্য শ্রীব্রজেন্দ্রনন্দনস্য পরিহাসবাক্যমাত্রেণৈব স্বকার্য্যমুপেক্ষ্য কথমপয়াস্যসি, ক্ষণং ময়া সহ নিবৃত্য,—

অপমানং পুরস্কৃত্য মানং কৃত্বা তু পৃষ্ঠতঃ।
স্বকার্য্যমুদ্ধরেৎ প্রাজ্ঞঃ কার্য্যধ্বংসো হি মূর্খতা॥

---

চন্দ্রাবলী কর্ত্তৃক সত্যসত্যই তুমিও আবিষ্ট হইয়াছ, যেহেতু আমাদিগকে ইহার সমক্ষে আনয়ন পূর্ব্বক বিড়ম্বন সমুদ্রে সংপাতিত করিয়া কৌতুক দেখিতেছ। এইরূপ বাক্য প্রয়োগ করিয়া কুটিলদৃষ্টিভরে সংপ্রতি যেন তিরস্কার করিতে করিতে "এস সরলাসখীগণ এস" এই বলিয়া সমস্ত গোপীগণের সহিত গমনোদ্যতা ললিতাকে তদবসরেই ভগবতী পূর্ণ-মাসীর অন্তেবাসিনী নান্দীমুখী তথায় সমুপস্থিত হইলেন এবং ললিতার গমনবার্ত্তার বিবরণ সকলের সকাশ হইতে সম্যগ্রূপে অবধারণ করিয়া বলিতে লাগিল, সখি ললিতে! নর্ম্মশালি এই শ্রীব্রজেন্দ্রনন্দনের পরিহাস বাক্যমাত্রেই স্বীয়কার্য্যে উপেক্ষা করিয়া কিরূপে গমন করিতেছ? ক্ষণকাল আমার সহিত নিবর্ত্তিত হইয়া—

"অপমান পুরঃসর পৃষ্ঠে করি মান
স্বকার্য্য উদ্ধারে যত্ন করেন ধীমান,
যে যাহা বলুক বা করুক শঠতা—

ইত্যাদিন্যায়েন পরিহাসবিড়ম্বনানি (অপি) সোঢ়্বা ধৈর্য্যা-মালম্ব্য স্বকার্য্যমুদ্ধর । কিঞ্চ ময়া শপথং কৃত্বা ব্যাহ্রিয়তে(১) । অস্য নর্ম্মভিরেব লগ্নকৈরিব(২) মৌক্তিকানি দাপয়িতব্যানি । অন্যথা ভবৎপূর্ব্বকৃতকার্পণ্যমনুস্মরতোঽপ্যভিমানশালিনোঽস্য নর্ম্মপ্রয়োগো ন সম্ভবতি । তদনস্যা মৌক্তিকমূল্যং শ্রুত্বা যৎকৃতে ভদ্রং স্যাত্তদেব ব্যবহর্ত্তব্যমিতি বলাদিব তাং(৩) হস্তে গৃহীত্বা সর্ব্বাভিঃ সহ মুক্তাকূটনিকটমানীয় মাং প্রত্যুক্ত-বতী(৪)গোকুলযুবরাজ ! তত্র ভবত্যা ভগবত্যা শুভাশীঃ-শতপূর্ব্বকং ভবন্তং প্রতি কিঞ্চিৎ সন্দিষ্টমস্তি ।

ততোঽহং,—নান্দীমুখি ! কুশলমাস্তে তত্র ভবতী

---

ইত্যাদি ন্যায়ানুসারে পরিহাস বিড়ম্বননিচয় সহ্য করিয়া ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক স্বকার্য্য উদ্ধার কর, আরও আমি শপথ করিয়া কহিতেছি, যে ইহার নর্ম্মনিচয়ই লগ্নক ( ঘটক ) স্বরূপ হইয়া মৌক্তিকরাজি প্রদান করাইবে, অন্যথা তোমাদিগের কৃতকার্পণ্য অনুস্মরণ করিলেও এই অভিমানশালি শ্রীকৃষ্ণের নর্ম্মপ্রয়োগ কদাচ সম্ভব হয় না। অতএব অন্যা-ন্যের মৌক্তিক মূল্য শ্রবণ করিয়া যাহা করিলে ভদ্রোচিত হয়, সেইরূপ ব্যবহার করিবে এই বলিয়া বলপূর্ব্বকই যেন সেই ললিতাকে হস্তধারণ পূর্ব্বক সকল গোপীগণের সহিত মুক্তাকূট নিকটে আনয়ন করিয়া নান্দীমুখী আমার প্রতি কহিতে লাগিল যে, হে গোকুলযুবরাজ ! পূজনীয়া ভগবতীর শুভাশীঃ শতপূর্ব্বক আপনার প্রতি কিঞ্চিৎ সন্দিষ্ট আছে ॥

অনন্তর আমি কহিলাম, নান্দীমুখি ! সেই পূজনীয়া ভগবতী কুশলে

ভগবতী? তৎ কথ্যতাং কিমাজ্ঞাপয়তি, তৎসন্দেশামৃতেনা-ত্মানমপ্যায়য়ামি।

নান্দীমুখী (প্রাহ),—ইমা বৎসা রাধাদয়ো ব্রজকুমারিকা অস্মাকমতীব স্নেহপাত্রাণি আয়ুষ্মতি ভবত্যপি(১) সন্ততং পর-মানুরক্তাঃ তদস্মান্ বীক্ষ্য অত্যাগ্রহং বিমুচ্য আসাং দাতুং শক্যমানমূল্যমাদায় মহাষ্টনিধিপতের্ব্রজেন্দ্রস্য কুমারেণ ভবতা এতদভিষ্টমৌক্তিকানি দত্ত্বা বয়ং সন্তোষণীয়া ইতি ভগবত্যাঃ সন্দেশমিমমবকলয্য নর্ম্মাণি পরিত্যজ্য মুক্তাফলদানেনৈতাঃ সন্তোষ্য গৃহায় প্রস্থাপয়িতুং মহানুভাবাঃ সর্ব্বগোকুলসুখ-কারিণো ভবন্ত এব প্রমাণং।

ততোঽহং সশ্লাঘং,—নান্দীমুখি! পূর্ব্বং সুবলহস্তেন তৎ(২)-

---

আছেন ত? অতএব বল তিনি কি আজ্ঞা করিয়াছেন, তাঁহার সন্দেশরূপ অমৃতদ্বারা আত্মাকে আপ্যায়িত করি॥

নান্দীমুখি কহিল, তুমি মহাষ্টনিধিপতি ব্রজেন্দ্র কুমার, এই সমস্ত বৎসা রাধাদি ব্রজকুমারিকা আমাদিগের অতীব স্নেহপাত্রী, আয়ুষ্মৎ তোমাতেও অবিরত পরমানুরক্তা, অতএব আমাদিগের প্রতি দৃষ্টিপাত করিয়া অতিশয় আগ্রহ পরিহার পূর্ব্বক ইহারা দান করিতে যাহা সক্ষম হয় এরূপ শক্যমান মূল্য গ্রহণ করিয়া ইহাদিগের অভীষ্ট মৌক্তিকনিচয় প্রদান করিয়া আমাদিগকে সন্তোষিতা করিবে", এবম্প্রকার ভগবতীর এই সান্ত্বনা বাক্য অবধারণ করিয়া নর্ম্মচয় পরিত্যাগ পূর্ব্বক মুক্তাফল প্রদান করিয়া ইহাদিগকে সন্তোষিত করিয়া ইহাদের গৃহগমন প্রস্থাপন বিষয়ে সর্ব্বগোকুল সুখকারি মহানুভব আপনারাই প্রমাণ॥

অনন্তর আমি প্রশংসার সহিত কহিলাম, নান্দীমুখি! পূর্ব্বেই সুবল

---

(১) যদ্যপি। (২) ভগবত্যা।

প্রহিতাজ্ঞাকুসুমং শিরসি নিধায় সমগ্রমেব(১) (সমাগ্রহমেব) পরিত্যজ্য ললিতা-মৌক্তিকানাং যঃ কশ্চন মূল্যাভাসোঽনয়া(২) সহ নির্ণীতোঽস্তি ত(৩)দস্যা(৪) মুখতো নিশম্য ততো যত্ত্বয়া ত্যাজ্যতে তদপি ময়া ত্যাজ্যং।

ইত্যাকর্ণ্য সকম্পাধরং ভ্রুবং কুটিলয়ন্তীং ললিতাং সর্ব্বাশ্চ স্মিতমুখীরবলোকয়ন্তী নান্দীমুখী স্মিতপূর্ব্বকমেবাহ,—ব্রজযুবরাজ ! স(৫)ইমাভ্যঃ শ্রুতোঽস্তি, কিন্তু তাদৃঙ্নর্ম্ম পরিহায় অস্মৎসমক্ষমস্যাসাং সর্ব্বাসামেব যথাযুক্তং মূল্যং কথ্যতাং।

ততো(তদা) ময়োক্তং,—নান্দীমুখি ! আসাং সর্ব্বতো জ্যায়সী জ্যেষ্ঠা তদস্যা মৌক্তিকমূল্যমনয়া সহ বিচার্য্য ত্বয়ৈব কথ্যতাং।

---

হস্তদ্বারা ভগবতী প্রেরিত আজ্ঞাকুসুম উত্তমাঙ্গে ধারণ করিয়া সমগ্র মূল্যই পরিত্যাগ করিয়া কেবলমাত্র ললিতার মৌক্তিকচয়ের যে কোনও মূল্যাভাস ইঁহার সহিত নির্ণীত হয়, সেই মূল্যাভাস এই ললিতার মুখে শ্রবণ করিয়া তাহা হইতেও যাহা ত্যাগ করিতে বলিবে তাহাও আমি ত্যাগ করিব।

ইহা শ্রবণান্তে সকল সখীগণকে স্মিতমুখী ও ললিতাকে সকম্পাধর ও ভ্রূযুগল বক্ররূপে বিস্তার করিতে দেখিয়া নান্দীমুখী ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিল,ব্রজযুবরাজ ! পূর্ব্বোক্ত মূল্যাভাস ইহাদের সকাশে শ্রবণ করিয়াছি, কিন্তু তাদৃশ নর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক আমার সমক্ষে সকলেরই যথাযুক্ত মূল্য নির্ণয় করিয়া বল॥

অনন্তর আমি কহিলাম, নান্দীমুখি! এই জ্যেষ্ঠা গোপীগণেরমধ্যে জ্যেষ্ঠা (প্রবীণা) সেইহেতু অগ্রে এই জ্যেষ্ঠার মৌক্তিক মূল্য ইহার সহিত পরামর্শ করিয়া তুমিই ব্যক্ত কর॥

---

(১) মূল্যং। (২) ললিতয়া। ময়া ইতি পাঠান্তরং। (৩) মূল্যাভাসং। ত্বমিতি পাঠান্তরং। (৪) ললিতায়াঃ। (৫) নির্ণয়ঃ মূল্যাভাসঃ।

নান্দীমুখী (প্রাহ),—বিত্তস্বামিনৈব মূল্যং প্রথমং কথনীয়ং; তৎস্বয়মেব ভবতা তৎ কথ্যতাং।

ততোঽহং,—নিশাপতের্মম হৃদয়াকাশবীথ্যাম্মুদিতায়াং রাধায়াং উদয়ন্ত্যামনুরাধায়াং স্বমর্য্যাদামুন্মুচ্য তয়ো(১)র্মধ্যে রাগেণোদয়ন্তী জ্যেষ্ঠা মন্মথচন্দ্রং তাভ্যাং সহ বা পৃথগ্বা মনাগপি স্বমুখেন পরিষ্বজতু ইতি।

ততস্তন্নিশম্য নিকুঞ্জান্তরিতায়াং রাধায়াং ললিতাবিশাখা-জ্যেষ্ঠাসু চ তিসৃষু ভ্রূভঙ্গেন ক্রোধমভিনয়ন্তীষু ময়োক্তং,—নান্দীমুখি! স্বস্বমহালাভকরমপি ভাষিতমবধার্য্য কথমেতাঃ ক্রুধ্যন্তি।

নান্দীমুখী (প্রাহ),—সুন্দর! গোকুলশ্যামনিশাপতেরন্য-

নান্দীমুখী কহিল, বিত্তস্বামিই প্রথমে মূল্য নিরূপণ করিয়া থাকে, অতএব প্রথমে তুমিই স্বয়ং তন্মূল্য ব্যক্ত কর।

অনন্তর আমি কহিলাম, "নিশাপতি স্বরূপ মদীয় হৃদয়াকাশমার্গে সমুদিতা রাধায় অনুরাধা উদিত হইলে স্বমর্য্যাদা পরিত্যাগ পূর্ব্বক সেই রাধা ও অনুরাধার মধ্যে অনুরাগভরে উদয়মানা জ্যেষ্ঠা, তাহাদিগের সহিত অথবা পৃথক্ একাকিনী মন্দমন্দভাবে মন্মথচন্দ্র স্বমুখদ্বারা পরিচুম্বন করুক" এইমাত্র মূল্য কহিলাম।

অনন্তর তদ্বাক্য শ্রবণ করিয়া নিকুঞ্জান্তরস্থিতা রাধা এবং ললিতা বিশাখা ও জ্যেষ্ঠা ভ্রূভঙ্গদ্বারা ক্রোধ প্রকাশ করিলে পর তদ্দর্শনে আমি কহিলাম, নান্দীমুখী! স্বস্ব মহালাভজনক বাক্য শ্রবণ করিয়া কেন ইহারা ক্রোধ করিতেছে?।

নান্দীমুখী কহিল, হে সুন্দর গোকুলশ্যামনিশাপতি ভিন্ন অন্য পরি-

(১) রাধানুরাধয়োর্মধ্যে।

পরিগৃহীতানাং সতীনামস্মাকমেতৎপরপুরুষস্য মুখচন্দ্রচুম্বনকরণং দূরে তাবদাস্তাং স্পর্শোঽপি মহাপাপায়েবেতি ক্রুধ্যন্তি।

ইত্যাদি বিনোদলীলামাকর্ণ্য সত্যভামা কৃষ্ণমাহ,—নাথ! তারাগণনে রাধায়া বিশাখেতিপ্রসিদ্ধমপি নাম হিত্বা সাকূতমনুরাধেতি নাম প্রযুঞ্জতস্তম্নর্ম্মালাপভঙ্গীং স্বস্মিন্ স্বস্মিন্নেবাবধারয়ন্ত্যো(১)স্তয়োর্বিদগ্ধরাধাবিশাখয়োর্ন্যায্য এব রোষঃ, ললিতা কথং কুপ্যতি?

কৃষ্ণঃ (প্রাহ),—প্রিয়ে! অনুরাধেতি ললিতায়া এবাপরপর্য্যায়ঃ।

সত্যভামা (আহ),—যাদবেন্দ্র! এতদপূর্ব্বলীলাকথাশ্রবণেন মম মনসি তৃপ্তেরলং বুদ্ধির্নাস্তি তৎ কথয় কথয়।

---

গৃহীতা সতী, আমাদিগের এই পরপুরুষের মুখচন্দ্র চুম্বনকরণ দূরে থাকুক স্পর্শও মহাপাপের নিমিত্ত, এই হেতু ক্রোধ করিতেছে।

ইত্যাদিরূপ বিনোদলীলা শ্রবণ করিয়া সত্যভামা কৃষ্ণকে কহিল, হে নাথ! তারাগণনে রাধার বিশাখা এই প্রসিদ্ধ নাম পরিত্যাগ করিয়া পরিহাসছলে সাভিপ্রায় বশতঃ অনুরাধার নাম প্রয়োগ করায় স্বস্ববিষয়ে স্বীয়নাম বিবেচনা করিয়া সেই বিদগ্ধা রাধা এবং বিশাখার যে রাগ হইয়াছিল তাহা ন্যায্য, পরন্তু তোমার সেই নর্ম্মালাপভঙ্গী শ্রবণ করিয়া ললিতা কেন ক্রোধ করিল?

কৃষ্ণ কহিল। প্রিয়ে! ললিতার অনুরাধা বলিয়া অপর একটি নাম আছে॥

সত্যভামা কহিল। যাদবেন্দ্র! এই অপূর্ব্ব লীলাকথা শ্রবণ করিয়া মনের তৃপ্তিবৃত্তি পর্য্যাপ্তি হইতেছে না অতএব এতদ্বিষয় সবিস্তারে বর্ণনা কর॥

---

(১) বিবেচয়ন্ত্যোঃ।

কৃষ্ণঃ (প্রাহ),—ততোঽহং, স্মিতশবলিতচম্পকলতা-বদনচন্দ্রমালোকয়ংস্ত(১)দ্‌গৃহীতমুক্তাকূটং হস্তেন চালয়ন্নিদমবদং,—নান্দীমুখি! ইয়ং তে প্রিয়সখী চম্পকলতা কস্মাদপি সিদ্ধাৎ প্রাপ্তসিদ্ধিরিতি ময়া৷বহুদিনমনুমিতমাস্তে(২)।

নান্দীমুখী। কথমনুমিতং?

ময়োক্তং,—যত ইয়ং চম্পকবল্লী স্থাবরা মধ্যে (স্থাবরমধ্যে) বৃহৎফলদ্বয়ভারানতাপি লীলয়া চংক্রমীতি; অতো মুদিরসুন্দরে মত্তুরসি চম্পকমালা ভূত্বা স্বসৌরভভরেণ মাং বাসয়তু(৩)। ময়াপি স্বসিদ্ধিবলাৎ এত(৪)দাজ্ঞয়ৈবাস্যাঃ-

---

কৃষ্ণ কহিতে লাগিল। তৎপরে আমি ঈষদ্ধাস্য সম্বলিত চম্পকলতার বদনচন্দ্র অবলোকন করিয়া চম্পকলতা পরিগৃহীত মুক্তাফলরাশি হস্তদ্বারা সঞ্চালন করিয়া বলিলাম নান্দীমুখি! তোমার প্রিয়সখী এই চম্পকলতা কোনও সিদ্ধব্যক্তির সকাশ হইতে সিদ্ধিলাভ করিয়াছে, ইহা আমার বহুদিন হইতে অনুমান আছে॥

নান্দীমুখী কহিল, কি প্রকারে অনুমান করিলে?

আমি বলিলাম; যেহেতু এই চম্পকবল্লী, স্থাবরমধ্যে বৃহৎ ফলদ্বয়ের ভারে অবনতা হইয়াও অবলীলাক্রমে ইতস্ততঃ গমনাগমন করিতেছে অতএব মেঘসদৃশ সুন্দর আমার বক্ষঃস্থলে চম্পকমালা হইয়া স্বীয় সৌরভভরে আমাকে সুবাসিত করুক। আমিও নিজসিদ্ধিবলে অবিলম্বে এই চম্পকমালার

---

(১) চম্পকলতায়াঃ। (২) অনুমানকৃতমাস্তে।

(৩) সুবাসিতঙ্করোতু। (৪) এতস্যাশ্চম্পকলতায়াঃ আজ্ঞায়াঃ।

কণ্ঠে সূক্ষ্মতরমরকতমণিমালয়া বক্ষোজয়োরন্তরে(১) চ মহেন্দ্রনীলমণিনায়কেন স্বরিতমেব ভবিতব্যং ॥

সুবলঃ,—প্রিয়সখ ! চংক্রমণাদিনাঽস্যাঃ(২) সিদ্ধিঃ সর্ব্বৈরনুভূয়ত এব, তব তু কেনাপি কদাপি কুত্রাপি সা(৩) নৈব দৃষ্টাস্তি ; তস্মাদ্দুষ্করেঽস্মিন্ কর্ম্মণি সহসৈব প্রবৃত্তেন ভবতা যদি নিষ্পাদয়িতুমশক্যং স্যাত্তর্হি বয়মাভিরুপহসিষ্যামহে ; অতো বিচার্য্যৈব প্রবৃত্তেন ভবিতব্যং ॥

ততোঽহং,—সুবল ! মম সিদ্ধিং পশ্যন্নপি ন পশ্যসি ? ময়া কিং কর্ত্তব্যং ॥

নান্দীমুখী ;—মধুরাঙ্গ ! কদা কুত্র কা সিদ্ধিস্ত্বয়া নিষ্পাদিতাস্তি, সা কথ্যতাং, সর্ব্বে শুশ্রূষবঃ সন্তি ॥

---

আজ্ঞাক্রমে ইহার কণ্ঠে সূক্ষ্মতর মরকতমণি মালারূপে এবং স্তনযুগলের মধ্যে মহেন্দ্রনীলমণি নায়ক স্বরূপ হইব ॥

সুবল কহিল, প্রিয়সখ ! চংক্রমণাদিহেতু এই চম্পকলতার সিদ্ধি সকলেই অনুভব করিয়া থাকে কিন্তু তোমার সিদ্ধি কোনজন কর্ত্তৃক ও কখনও কোনস্থানেও অবলোকন হয় নাই। সেই হেতু এই দুষ্করকার্য্যে সহসা প্রবৃত্ত হইয়া যদি তুমি নিষ্পাদন করিতে অশক্য হও তাহা হইলে আমরা ইহাদিগের উপহাসাস্পদ হইব, অতএব সবিশেষ বিচার পূর্ব্বক প্রবৃত্ত হওয়া কর্ত্তব্য॥

অনন্তর আমি কহিলাম, সুবল! আমার সিদ্ধি দেখিয়াও দেখিতে পাইতেছনা তাহাতে আমি কি করিব॥

নান্দীমুখী কহিল। মধুরাঙ্গ ! কখন কোনস্থানে কিরূপসিদ্ধি তোমা-

---

[১] মধ্যে। [২] চম্পকলতায়াঃ।
[৩] সিদ্ধিঃ।

ততো ময়োক্তং ;—দেবযাত্রায়ামম্বিকাবনে শরণাগতত্বেন তাতপাদয়োঃ পতিতং মহাজগরং পাদাঙ্গুষ্ঠস্পর্শমাত্রেণৈব সর্ব্বালঙ্কৃতিভূষিতো বিদ্যাধররাজো ময়া ব্যধায়ি। গিরীন্দ্ররাজো গোবর্দ্ধনশ্চ সপ্তাহ(১)মেককরেণৈব ছত্রাকমিবানায়াসেনৈবাধারি। কালিয়বিষজ্বালাবিমোহিতঃ সুবলাদিবয়স্যগণঃ স্বদৃষ্টিমাত্রেণৈব সচেতনঃ স্ফুটমকারি। বারম্বারং মহাদাবানলোঽপ্যমৃতীকৃত্য সুখেনৈব (স্বমুখেনৈব) স্ফুটমপায়ি। এবমাদয়ো বহবঃ সিদ্ধিপ্রভাবা গোকুলে কেন যানসূভূতাঃ সন্তি ? তদতিবিস্তরেণালং ॥

ইতি নিশম্য ঈষৎস্ময়মানা ললিতা প্রাহ,—নান্দীমুখি ! এষ

---

কর্ত্তৃক নিষ্পাদিত হইয়াছে, তাহা বল, আমরা সকলে সেই সিদ্ধি শ্রবণ জন্য অভিলাষ করিতেছি ॥

অনন্তর আমি কহিলাম, দেবযাত্রা উপলক্ষে অম্বিকাবনে শরণাগতত্বহেতু পিতৃপাদের চরণকমলযুগলে পতিত মহা অজগরকে পাদাঙ্গুষ্ঠ স্পর্শমাত্রেই সর্ব্বালঙ্কৃতি বিভূষিত বিদ্যাধররাজা করিয়াছিলাম। গিরীন্দ্ররাজ গোবর্দ্ধন শৈলকে আমি সপ্তাহকাল ব্যাপিয়া একহস্ত দ্বারা ছত্রবৎ অনায়াসে ধারণ করিয়াছিলাম। কালিয়-বিষজ্বালায় বিমোহিত সুবলাদিবয়স্যগণকে স্বদৃষ্টিমাত্রে স্ফুটরূপে সচেতন করিয়াছিলাম। বারম্বার মহাদাবানলকেও অমৃতরূপে পরিণত করিয়া পরিস্ফুটভাবে অনায়াসে পান করিয়াছিলাম, এবম্ভূতাদি বহুবিধ সিদ্ধিপ্রভাবনিচয় গোকুলে কোনজন কর্ত্তৃকই বা পরিলক্ষিত হয় নাই ? অতএব অতিবিস্তরে প্রয়োজন নাই।

এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া ললিতা ঈষদ্ধাস্যবদনে কহিতে লাগিল,

---

[১] ব্যাপ্য।

তে দুর্ললিতো নাগরঃ সর্ব্বমেতৎ সত্যং কথয়তি; কিন্তু স কালো গতঃ, যত্র ব্রহ্মচর্য্যবলেন তৎ সর্ব্বং নিষ্পাদিতমাসীৎ, সাম্প্রতং নৃশংসকংসসেবকগোবর্দ্ধনমল্লগৃহিণ্যাঃ(১) পদ্মা-শৈব্যা-প্রভৃতীনাঞ্চ ব্রজাঙ্গনানাং সন্ততসম্ভোগবিলাসেন দূষিতব্রহ্ম-চারিত্বাদস্যান্তর্হিতাঃ সর্ব্বাস্তাঃ সিদ্ধয়ঃ ॥

ততোঽহং কিঞ্চিদ্বিহস্য; ললিতে! "তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা" ইত্যস্য পদ্যস্যার্থমবুদ্ধৈব ত্বয়েদমুচ্যতে, তত্তদর্থঃ শ্রূয়তাং,—যথা সর্ব্বভক্ষণেনাপি বহ্নেস্তেজোগ্লানির্ন ভবেৎ; প্রত্যুত তৎবৃদ্ধির্হত্যেব ভবতি, তথা ভবাদৃশীনামুত্তমবরাঙ্গনানামবিরতমধুররসোপভোগমাধু-

---

নান্দীমুখি! এই তোমার দুর্ললিত নাগর এই সমস্ত সত্যই বলিয়াছে, কিন্তু সেকাল এখন বিগত, যেকালে ব্রহ্মচর্য্যবলে সেই সমস্ত অলৌকিক কার্য্য নিষ্পন্ন হইত সম্প্রতি নৃসংশ কংস-সেবক গোবর্দ্ধনমল্ল-গৃহিণী চন্দ্রাবলী এবং পদ্মা শৈব্যা প্রভৃতি ব্রজাঙ্গনাগণের সন্তত সম্ভোগ বিলাস দ্বারা ব্রহ্ম-চারিত্ব দূষিত হওয়ায় ইহার সেই সমস্ত সিদ্ধি সমূহ অন্তর্হিত হইয়াছে ॥

অনন্তর আমি ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিলাম, ললিতে!—

"দোষমধ্যে গণ্য নাহি হয় তেজীয়ান্।
সর্ব্বভুগ্ বহ্নি হয় তাহার প্রমাণ" ॥

এই শ্লোকের যথার্থ অবগত না হওয়ায় তুমি এরূপ বলিতেছ; অতএব তদর্থ বিশদভাবে শ্রবণ কর। যেরূপ সর্ব্ব ভক্ষ্যদ্রব্য ভক্ষণ করিয়াও বহ্নির তেজঃ গ্লানি হয় না। প্রত্যুত উত্তরোত্তর তাহার বৃদ্ধি প্রাপ্তির যোগ্য হয়, তদ্রূপ ভবাদৃশী উত্তম বরাঙ্গনাগণের নিরন্তর মধুর রস উপভোগমাধুর্য্যে

---

[১] চন্দ্রাবল্যাঃ।

র্যোগ্যং মমাপি সিদ্ধির্নিরন্তরমুজ্জ্বলা ভবন্তী পরমবৃদ্ধিমেবাধিক-তরামবাপ ॥

মধুমঙ্গলঃ,—ললিতে ! সত্যং ব্রবীতি প্রিয়বয়স্যঃ, সিদ্ধিশ্চেন্ন বৃদ্ধিমায়াতি তর্হি মুক্তাঃ কথং ভূমৌ প্ররোহাস্তু(১) প্ররূঢ়াশ্চ(২) কথং সর্ব্বতঃ প্রসারিণ্যো ( বল্লিকাঃ ) ভবন্ত্যঃ প্রচুরতরং ফুল্লন্তি ফলন্তি চ ॥

ললিতা বিহস্য ; আর্য্য মধুমঙ্গল ! তৎ কিং ভবৎপ্রিয়-বয়স্যস্য সিদ্ধেঃ প্রভাবঃ ? ॥

মধুমঙ্গলঃ,—তৎ কস্য ? ॥

ললিতা,—বৃন্দাবনভূমেরেব ॥

রাধা স্বগতং,—ললিতে ! এতৎ কামিনীসঙ্গস্য চেত্যুচ্যতা-মিতি রাধয়োক্তং বিশাখাপ্যনুভাষিতবতী ॥

---

আমারও সিদ্ধি নিরন্তর উজ্জ্বলিতা হইয়া অধিকতর পরম বৃদ্ধিকে প্রাপ্ত হইয়াছে ॥

মধুমঙ্গল কহিল, ললিতে ! প্রিয়বয়স্য সত্যই বলিয়াছে, যদি সিদ্ধি বৃদ্ধি প্রাপ্ত না হইয়া থাকে তাহা হইলে মুক্তারাজি কি প্রকারে ভূমিতে আরোপিত করিলেন ও অঙ্কুরিতই বা কি করিয়া হইল ? এবং সর্ব্বত্র প্রসারিত হইয়া প্রচুরতররূপে পুষ্পবিকশিত ও ফলচয় উৎপন্ন হইতেছে ॥

ললিতা হাস্য পূর্ব্বক কহিল, আর্য্য মধুমঙ্গল ! তাহা কি ত্বদীয় প্রিয়-বয়স্যের সিদ্ধি প্রভাব ? ॥

মধুমঙ্গল কহিল, তাহার যদি সিদ্ধ প্রভাববলে না হয় তবে কাহার ? ॥

ললিতা কহিল, বৃন্দাবন ভূমিরই প্রভাব ॥

অনন্তর রাধা স্বগতঃ কহিতে লাগিল, ললিতে ! ইহা কামিনীসঙ্গ

---

[১] আরোপয়ন্তি । [২] অঙ্কুরিতাঃ ।

ততোঽহং,—তৎ কথমত্রৈব ভবতীভিরুপ্তমুক্তা হিংস্রা জাতাঃ ? ॥

ললিতা,—ভো বিদগ্ধশিরোমণে ! মুক্তাঃ কিং হিংস্রা ভবন্তি ?

ময়োক্তং,—তৎকথং মুক্তা নোৎপন্নাঃ ॥

ললিতা,—ভূমিবিশেষস্য বীজস্য চ বৈগুণ্যাৎ ॥

রাধা স্বগতং,—ললিতে ! ক্ষেত্রস্যাস্য গুণাদপ্যচ্যুতামিত্যেতদ্বিশাখাপ্যুক্তবতী ॥

নান্দীমুখী,—ললিতে ! সত্যমেব কথয়তি বিশাখা ॥

ললিতা,—কথমিব ? ॥

---

প্রস্তাব এই কথা বল, এই প্রকার রাধা কর্ত্তৃক কথিত হইলে বিশাখাও কহিল অয়ে! ইহা কামিনীসঙ্গ জাত ফল॥

অনন্তর আমি কহিলাম, তাহা হইলে এই স্থানেই তোমাদের কর্ত্তৃক উক্ত মুক্তারাজি কেন হিংস্রালতারূপে পরিণত হইল॥

ললিতা কহিল। অয়ে চতুরশিরোমণি! মুক্তা কি কথন হিংস্রা হইয়া থাকে ? ॥

আমি কহিলাম, তবে মুক্তাচয় উৎপন্ন হইল না কেন ? ॥

ললিতা কহিল. ভূমি বিশেষ ও বীজচয়ের বৈগুণ্য নিবন্ধন ॥

রাধা স্বগত কহিল, ললিতে ! এই ক্ষেত্রের গুণ বশতঃই উৎপন্ন হয় নাই এইরূপ বল, এইরূপে শ্রীরাধিকার অভিলাষ সূচক বাক্য বিশাখাও বলিল ॥

নান্দীমুখী কহিল,—ললিতে ! বিশাখা সত্যই বলিয়াছে ॥

ললিতা কহিল,—কি রকম ? ॥

নান্দীমুখী,—যস্মাৎ সর্ব্বদা সর্ব্বাঙ্গীণমুক্তিবিষবল্লরি(বল্লী)-মহোষরভূমৌ(১)সন্ততপরমানন্দকরপ্রেমভরোজ্জ্বলিতভক্তিপীযূষ-স্বরবল্লিসরসতরমহাক্ষেত্রেঽস্মিন্‌ বৃন্দাবনে ধ্রুবমাগন্তুকা যে কেচন জন্তবো ভক্তা এব ভবন্তি কথং নু মুক্তা ভবন্তু ॥

ললিতা বিহস্য,—বিশাখে! স্ফুটং কামিনীসঙ্গস্য ইতি ভবদ্বাগ্বিলাসোঽপি স সন্দর্ভো(২)ভবিষ্যতি তদ্বিবৃত্য কথ্যতাং ॥

বিশাখা,—"আরূঢ়যোগোঽপি নিপাত্যতেঽধঃসঙ্গেন যোগী কিমুতাল্পসিদ্ধি"রিতি ন্যায়েনাস্য কায়ে মনসি গোত্রে চ(৩) শ্যামলতরস্য সচ্ছিদ্রবংশীরসিকস্য রতনারীকস্য ক্ষণমাত্রসঙ্গেন

---

নান্দীমুখী কহিল। যেহেতু সর্ব্বদা সর্ব্বাঙ্গীণ মুক্তিরূপ বিষ বল্লরির মহা উষরভূমিতে মুক্তা হয়, কিন্তু নিরন্তর পরমানন্দজনক-প্রেমভরে উজ্জ্বলিত ভক্তিপীযূষ স্বরবল্লির সরসতর মহাক্ষেত্রস্বরূপ এই বৃন্দাবনে আগন্তুক যে কোনও জন্তুসমূহ ভক্তিপরতন্ত্রা হয় অয়ি! তাহারা কিরূপে মুক্তি হইবে? ( অর্থাৎ তাহারা মুক্তাফলরূপে পরিণত না হইয়া একবার মুক্তিপদ প্রাপ্ত হয়। এই হেতু আমাদের মুক্তা উৎপন্ন হয় নাই ) ॥

ললিতা হাস্যপূর্ব্বক কহিল, বিশাখে! পরিস্ফুটভাবে ব্যক্ত হইল যে কামিনী সঙ্গের প্রভাব বশতঃই এই ত্বদীয় বাগ্বিলাসদ্বারাও সেই যথার্থ সন্দর্ভ প্রকাশ পাইবে, অতএব তাহা বিবৃতরূপে ব্যক্ত কর ॥

বিশাখা কহিল! যোগসমারূঢ় যোগীও অধঃসঙ্গে অধো নিপতিত হয় তাহাতে অল্প সিদ্ধির বিষয়ে কি বলা যাইতে পারে? ঈদৃশ ন্যায় বাক্যদ্বারা কায়, মন ও বাক্যে এই শ্যামলতর সচ্ছিদ্রবংশীরসিক নারী-রত-জনেরা ক্ষণমাত্র

---

[১] মুক্তা ভবন্তি। [২] যথার্থঃ। [৩] বাক্যে চ।

মুক্তা অপি ভূমৌ গর্ভবাসেন জননমাসাদ্য সচ্ছিদ্রীভূয় সংসার-গুণবদ্ধা বভূবুঃ ॥

ততোঽহং,—বিশাখে! নিখিলমেব সত্যং কথয়সি।

সুবলঃ,—বয়স্য! কথমিব? ॥

ততো ময়োক্তং,—মম কামবিলাসাধ্যাপকস্য সৌন্দর্য্য-

[illegible]

বাসিনো জীবন্মুক্তাঃ কঠোরতপস্যাকুলমাচর্য্য গোকুলবনেঽস্মিন্ প্রবরগোপগৃহেষু জনিমঙ্গীকৃত্য ব্রজবিলাসিন্যো ভূত্বা সুসারবৈদগ্ধ্যাদিগুণৈরাবৃতা (রাবিষ্টা) এতা ইব মদুরসি স্রজ ইব বিলসন্তি। তথৈবাপরে পরমমুক্তা অপি মদচিন্ত্যগুণৈরাকৃষ্টা অস্মিন্ ব্রজবনে নিত্যসিদ্ধস্থাবরজঙ্গমেষু পশুপক্ষি-

---

সঙ্গলাভ প্রাপ্ত হইয়া মুক্তাচয়ও ভূমিগর্ভবাস পূর্ব্বক প্রাদুর্ভাব ও সছিদ্রী হইয়া সংসার গুণে* বদ্ধ হইয়াছে ॥

তৎপরে আমি কহিলাম, বিশাখে! তুমি সমস্তই সত্য বলিয়াছ ॥

সুবল কহিল, বয়স্য! কিরূপ? ॥

অনন্তর আমি কহিলাম যেহেতু কামবিলাসাধ্যাপকস্বরূপ আমার সৌন্দর্য্য ও বৈদগ্ধ্যাদি গুণচয় বিশেষরূপে নারদাদি মুনিগণের মুখে শ্রবণ পূর্ব্বক দণ্ডকারণ্যবাসি জীবন্মুক্ত ঋষিগণ কঠোর তপস্যাকুল আচরণ করিয়া এই গোকুলবনে প্রবর গোপগৃহে জন্ম অঙ্গীকার পূর্ব্বক ব্রজবিলাসিনী হইয়া সুসার বৈদগ্ধ্যাদি গুণগণাবৃতা ইহাদের ন্যায় মদুরস্থলে মাল্যবৎ বিরাজ করিতেছে, তথা অপর পরমমুক্ত মুনিগণও মদীয় অচিন্ত্যগুণে আকৃষ্ট হইয়া এই ব্রজবনে নিত্যসিদ্ধ স্থাবর জঙ্গম নিবহে পশু, পক্ষী, ভূরুহাদি

---

* সূত্রে।

স্তূরুহাদয়ো (১)ভূত্বা মামানন্দয়ন্তঃ পরমানন্দমাস্বাদয়ন্তো নন্দয়ন্তি ॥

সুবলঃ—বয়স্য ! সাধু বর্ণিতং ॥

ললিতা কিঞ্চিদ্বিহস্য,—মহাসিদ্ধশ্চেদ্ভূমিভেদগুণং বিনা তব সিদ্ধেঃ প্রভাবাম্মুক্তা জায়ন্তে তর্হি পরমসিদ্ধোঽপি ভবান্‌ কিঞ্চিন্মাত্রাধিকদ্রব্যলাভায় ত(২)দ্বিক্রয়ক্ষুদ্রবৃত্তৌ কথং প্রবৃত্তোঽস্তি ॥

ততোঽহং,—মুর্খে ললিতিকে ! যৌবনধনগর্ব্বিতাভির্ভবতীভির্যথা স্বধর্ম্মং পরিত্যজ্য ইতস্ততশ্চঞ্চল্যতে তথা স্বধর্ম্মপরিনিষ্ঠবৈশ্য শিরোমণিশ্রীব্রজরাজস্য একপুত্রেণ ময়াপি স্বধর্ম্মং পরিত্যজ্য কিমুচ্ছৃঙ্খলেন ভবিতব্যম্‌ ; যতঃ

---

হইয়া আমার আনন্দবর্দ্ধন পূর্ব্বক পরমানন্দ অনুভব করতঃ বিরাজ করিতেছে ॥

সুবল কহিল, বয়স্য ! সাধু কীর্ত্তন করিয়াছ ॥

ললিতা ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিল, যদি মহাসিদ্ধ হইত তাহা হইলে ভূমিভেদগুণ ব্যতিরেকে অর্থাৎ মৃত্তিকাভেদ বিনা তোমার সিদ্ধির প্রভাবেই মুক্তারাজি উৎপন্ন হইত। পরন্তু যদি পরম সিদ্ধও হও তবে তুমি কিঞ্চিন্মাত্র অধিকদ্রব্যলাভের নিমিত্ত মুক্তাবিক্রয়রূপ 'ক্ষুদ্রবৃত্তিবিষয়ে কি প্রকারে প্রবৃত্ত হইলে ? ॥

অনন্তর আমি বলিলাম অয়ি ! মূঢ়ে ললিতিকে ! যৌবন ধনে পরিগর্ব্বিত হইয়া তোমরা যেরূপ স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক ইতস্ততঃ পুনঃ পুনঃ সঞ্চলন করিতেছ তদ্রূপ স্বধর্ম্মনিষ্ঠ বৈশ্যশিরোমণি শ্রীব্রজরাজের একমাত্র পুত্র আমিও স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া স্বেচ্ছাচারী হইব নাকি।

---

(১) প্রায়োবতাদমুনয়োবিহগবনেঽস্মিন্‌ বৃন্দাবনেকিমপিতন্মমতোষদীনাং।

(২) মুক্তাবিক্রয়ঃ।

"কৃষি-বাণিজ্য-গোরক্ষা-কুশীদং(১) তুর্য্যমুচ্যতে" ইতি বৈশ্যানামস্মাকং চতস্রো বৃত্তয়ো ভবন্তি; আসামেকবৃত্ত্যাচরণেনৈব সর্ব্বসিদ্ধের্দ্ধিস্তচ্চতুষ্টয়মাচরতো মম পুনঃ সিদ্ধিঃ পরমকাষ্ঠামারূঢ়ৈব পরং বিরাজতে॥

নান্দীমুখী সস্মিতং,—স্বধর্ম্মনিষ্ঠযুবরাজ! ভবতঃ কৃষি-বাণিজ্য-গোরক্ষা-স্তিস্রো বৃত্তয়ঃ স্পষ্টমনুভূয়ন্ত এব বৃদ্ধিজীবিকা তু কদাপি নাবকলিতাস্তি॥

ততোঽহং,—নান্দীমুখি! সা(২)প্যস্মাভিঃ ক্রিয়মাণাপি(স্তি) ত্বয়া কিং ন জ্ঞায়তে? সাম্প্রতমপি মুক্তাত্যন্তাভাবসংক্ষোভি-

---

যেহেতু শাস্ত্রে ঋষিগণ, কৃষি, "বাণিজ্য, গোচারণ ও কুশীদ (ব্যবহার) এই চারিপ্রকার বৃত্তি" বৈশ্যদিগের সম্বন্ধে নিরূপণ করিয়াছেন আমরা বৈশ্য এই হেতু আমাদিগের চারিটী বৃত্তি বিদ্যমান রহিয়াছে. ইহার মধ্যে একটি মাত্র বৃত্তি আচরণ দ্বারাই সর্ব্বসিদ্ধির বৃদ্ধি হয়, পরন্তু তচ্চতুষ্টয় বৃত্তি আচরণ করায় আমার সিদ্ধি কেবলমাত্র পরমকাষ্ঠায় আরূঢ়া হইয়া বিরাজ করিতেছে॥

নান্দীমুখী ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিল হে স্বধর্ম্মনিষ্ঠ যুবরাজ! তোমার কৃষি, বাণিজ্য ও গোরক্ষা এই বৃত্তিত্রয় স্পষ্টরূপে অনুভূত হইতেছে, কিন্তু বৃদ্ধি জীবিকা কখনও অবলোকন করি নাই॥

অনন্তর আমি কহিলাম নান্দীমুখি! সেই বৃদ্ধি জীবিকাও আমরা আরম্ভ করিতেছি তাহা কি তুমি অবগত হইতেছ না? সম্প্রতি ও মুক্তার অত্যন্ত অভাব হেতু অর্থাৎ মুক্তা প্রাপ্তির অভাবে সংক্ষুব্ধা এই গোপীগণের

---

(১) ব্যবহার। (২) বৃদ্ধিজীবিকা।

নীভি(১)রেতাভিঃ সহ সংকামিত(২)স্বধর্ম্মং মুক্তাপারব্যাপার-বৃদ্ধিবৃত্তিং(৩) বিধাতুমারব্ধবানস্মি ॥

বিশাখা কিঞ্চিদ্বিহস্য,—সুবল! যত্র(৪)যো রজ্যতি(৫) স খলু বিনিন্দ্যমপি তদেব শ্লাঘ্যতয়োৎকীর্ত্তয়তি(৬) অতস্তাবৎ সুষ্ঠু অধর্ম্মস্যাপি শোভনত্বেন বর্ণনমস্য ত্বৎপ্রিয়সখস্য নাযোগ্যম্ ॥

সুবলঃ বিহস্য,—নান্দীমুখি! ন কেবলমসৌ(৭) ধনস্য বৃদ্ধিং লভতে কিন্তুন্যেষাং পদার্থানামপি ক্ষণে ক্ষণে বৃদ্ধিং লভমানোঽস্তি ॥

---

সহিত বাঞ্ছিত স্বধর্ম্ম মুক্তাসমূহের অপার ব্যাপার স্বরূপবৃদ্ধি বৃত্তি বিধান করিবার নিমিত্ত আরব্ধ করিয়াছি ॥*

বিশাখা ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিতে লাগিল হে সুবল! যে কার্য্যে যেজন অনুরক্ত হয় সে ব্যক্তি নিশ্চয়ই নিন্দনীয় কার্য্য হইলেও তাহাকে শ্লাঘ্যস্বরূপে কীর্ত্তন করিয়া থাকে। অতএব এই অতিশয় অধর্ম্ম কার্য্যের শোভমানত্বে বর্ণনা করা এই তোমার প্রিয়সখার অযোগ্য হয় নাই ॥

হাস্য পূর্ব্বক সুবল কহিল, নান্দীমুখি! মদীয় বয়স্য কেবলমাত্র ধনবৃদ্ধি লাভ করে না, পরন্তু অন্য পদার্থেরও ক্ষণে ক্ষণে বৃদ্ধি লাভ করিয়া থাকে ॥

---

(১) পক্ষান্তরে মুক্তো দূরীভূতো যোঽত্যন্তাভাবো বিয়োগস্তেনানন্দোত্থ সাত্ত্বিকাদৈ্যর্যঃ সংক্ষোভস্তদযুক্তাভিঃ। (২) বাঞ্ছিত।

(৩)পক্ষে মুক্তা দূরীভূতা অপারব্যাপারানাং গোচারনাদ্যনেকবিহারানাং বৃদ্ধিবৃত্তির্যাস্মিন্ কামতস্বধর্ম্মে তং ॥ (৪) কমান। (৫) যোঽনুরক্তোভবতি।

(৬) শ্লাঘ্যত্বেনগায়তি। (৭) বয়স্য।

---

* সম্প্রতি মন্নিবহ জন্য বিয়োগ দূরিভূত হইল বলিয়া আনন্দ জন্য সাত্ত্বিকাদি দ্বারা সংক্ষোভযুক্ত গোপিগণের সহিত গোচারনাদি বহুবিধ বিহারের

নান্দীমুখী,—কস্য কস্য ? ॥

সুবলঃ,—প্রথমং প্রত্যঙ্গে, মনসিজকোটিবিজয়ি(নি) নবতারুণ্যস্য নেত্রাঞ্চলে চঞ্চলকমলবিনিন্দিঘূর্ণনস্য, ভাষিতে চ সুধাসারোজ্জ্বলমাধুরীনাম্ ॥

মধুমঙ্গলঃ—সুবল ! ইতরপদার্থানাং বৃদ্ধিঃ কিং ত্বয়া বিস্মৃতা ॥

সুবলঃ,—স্মারয় কেষাং(১) ॥

মধুমঙ্গলঃ,—মকরকুণ্ডল-মণিমঞ্জীরহার-বলয়-কেয়ূরমণি-মুদ্রিকাদিভিঃ পরমসৌন্দর্য্যদর্পাদিকমধুরকেলিবিলাসানাম্ ॥

---

নান্দীমুখী কহিল। কাহার, কাহার ॥

সুবল কহিল। প্রথমে প্রতিঅঙ্গে কাম কোটি বিজয়ি নবতারুণ্যজনের, নেত্রাঞ্চলে চঞ্চল কোমল কমলবিনিন্দিঘূর্ণনের এবং বাক্যে সুধাসারোজ্জ্বল-মাধুরী বরাঙ্গনাগণের বৃদ্ধি লাভ করিয়া থাকে ॥

মধুমঙ্গল কহিল। সুবল ! এতদ্ভিন্ন পদার্থচয়ের বৃদ্ধি কি তুমি বিস্মৃত হইয়াছ ?

সুবল কহিল। স্মরণ করাও কাহাদিগের ?

মধুমঙ্গল কহিল। মকর কুণ্ডল মণি মঞ্জীরহারবলয় কেয়ূর মণি মুদ্রিকাদির সহিত পরম সৌন্দর্য্য দর্পাদি মধুর কেলিবিলাস সমূহের ॥

---

[ ১ ] পদার্থানাং।

---

বিদ্ধিবৃত্তি স্বরূপ বাঞ্ছিত স্বধর্ম্ম তাহা দূরী হইলেও এখন তাহা বিধান করিবার নিমিত্ত আরম্ভ করিয়াছি।

ললিতা,—আর্য্য ! অন্যতরৈকবস্তুনঃ কথং বৃদ্ধিং সঙ্গোপিতবানসি ॥

নান্দীমুখী,—কতরস্য ?

ললিতা,—বল্লবকুলসাধ্বীসাধরামৃতোচ্ছিষ্টস্য ॥

রাধা সস্মিতং,—ললিতে ! সত্যং সত্যং বপুরাখ্যাতি ভোজনমিত্যেতৎ(১)প্রগুণ(২)তররসায়নপানেনৈব বাহুযুগলে সুবৃত্তেন্দ্রনীলার্গলাদর্পদলনবলনস্য, বক্ষসি মারকতকবাটাহঙ্কারবিধ্বংসিবিস্তারস্য, উরুদ্বয়ে চ মরকতকদলীস্তম্ভগর্ব্বসর্ব্বঙ্কষসুবৃত্তিতায়াঃ, বদনে চ শারদশশধরপরার্দ্ধমাধুর্য্যসঙ্কোচকারিনির্ভরসুষমায়াঃ, চরণয়োঃ নবরসালপল্লবপ্রশস্তি(৩)বিত্রাসিমাধুর্য্যস্য, সর্ব্বাঙ্গে মধুরতরসন্নিবেশকুশললজ্জাকারিসুভগসৌষ্ঠবস্য, বপুষি চ নবনবমুদিরেন্দীবরেন্দ্রনীলপ্রভাহারিবিসারি-

---

ললিতা কহিল। আর্য্য ! অন্যতর এক বস্তুর বৃদ্ধি কেন গোপন করিয়া রাখিলে ?

নান্দীমুখী কহিল। কোন্ বস্তুর ?

ললিতা বলিল। সাধ্বী সমূহের অধরামৃত উচ্ছিষ্টের ॥

শ্রীমতী রাধা সহাস্যে কহিতে লাগিল,—ললিতে ! সত্য সত্যই বপুর আখ্যান করিয়াছ, ভোজন ইহা এই অধরামৃত সুন্দরতর রসায়ন পানদ্বারা, বাহু যুগলে রমণীর বৃত্ত ইন্দ্রনীলার্গলা দর্প দলন বলনের, বক্ষঃস্থলে মারকত কবাট দ্বারা অহঙ্কার বিধ্বংসি বিস্তারের, উরুদ্বয়ে মরকত কদলীস্তম্ভ গর্ব্ব সর্ব্বঙ্কষ সুন্দর বৃদ্ধির বদনে শারদ পূর্ণ শশধরের পরার্দ্ধ মাধুর্য্য সঙ্কোচকারি নির্ভর সুষমারাশির, চরণদ্বয়ে নবরসাল পল্লবের প্রশংসাবিধ্বংসি মাধুর্য্যের, সর্ব্বাঙ্গে মধুরতর সন্নিবেশ কুশল লজ্জাপ্রদায়ি সুভগ সৌষ্ঠবের এবং, শরীরে নবনব

---

[১] অধরামৃত। [২] সুন্দর। [৩] প্রশংসা।

প্রকটোজ্জ্বলতাভরস্য, যেনা(১)স্য সকলান্তর(২)মপ্যভিব্যাপ্য বিলসিতমিতি তন্মৃদুভাষিতামৃতং বিশখয়াপি সস্মিতস্ফুট-সুলপিতকুসুমেন সুবাসিতং ব্যধায়ি ॥

মধুমঙ্গলঃ,—সপরামর্শং বয়স্য ! পররমণীমধুরাধরলোলুপং ত্বামেতা ধূর্ত্তা মিষ্টমিষ্টবচনমাধুরীভরেণ পরিলোভয়ন্ত্যঃ প্রচুর-তরবৃদ্ধিং প্রতিশ্রাব্য (পরিশ্রাব্য) মৌক্তিকান্যাদায় জটিলাদি-দুর্গমাস্থায় মূলমপি ন দাস্যন্তি ; বৃদ্ধিবার্ত্তা তু দূরে বর্ত্ততামিতি সুষ্ঠু বিজ্ঞায়াহং মিত্রেণ হিতমাশংসনীয়মিতি বিজ্ঞাপয়ন্নস্মি (বিজ্ঞাপিতোঽস্মি)। অগ্রে তুভ্যং যদ্রোচতে।

ততোঽহং দশনৈরসনাং সংদশ্য,—সখে ! ইমা গান্ধর্ব্বাদয়ঃ

---

সুন্দির ইন্দীবর ইন্দ্রনীল প্রভাহারি বিসারি প্রকটোজ্জ্বলতা ভরের বৃদ্ধিলাভ যে বস্ত্র ইহার সকলের মধ্যে ব্যাপ্ত থাকিয়া বিলসন হইতেছে। এবম্বিধ সেই মৃদুভাষিতামৃত সখা বিশাখা কর্ত্তৃক স্ফুটরূপে সুলপিত সুগন্ধি কোমল কুসুম দ্বারা সুবাসিত বিধান করিয়াছে ॥

মধুমঙ্গল কহিল, ( পরামর্শ করিয়া ) বয়স্য ! পররমণীর মধুরঅধরে লোলুপ হওয়ায় তোমাকে এই সমস্ত ধূর্ত্তা গোপীগণ মিষ্ট মিষ্ট বচনমাধুরী ভরে এবং সবিশেষ লোভ দেখাইয়া প্রচুরতর বৃদ্ধির কথা শুনাইয়া মৌক্তিক নিচয় গ্রহণপূর্ব্বক জটিলাদি দুর্গমস্থানে প্রবেশ করতঃ বৃদ্ধিবার্ত্তা দূরে থাকুক মূলও প্রদান করিবে না” এইরূপ সুন্দররূপে অবগত হইয়া আমি মিত্রজন হিত-বাক্যই প্রয়োগ করিয়া এইরূপ বিজ্ঞাপন করাইলাম। পরে তোমার যাহা অভিরুচি হয় ॥

অনন্তর আমি দশন দ্বারা রসনা সংদংশন করিয়া, সখে! এই সমস্ত

---

[ ১ ] বস্ত্রনাঃ। ২ ] মধ্যে।

কুলাঙ্গনাঃ প্রকামাদানপ্রদানে মহাশুচয়স্তদজানত্যৈব ত্বয়েদমুচ্যতে তচ্ছ্রূয়তাং সাম্প্রতমেব স্বাধরামৃতোপঢৌকনেন(১) মামতীব সন্তোষ্য গান্ধর্ব্বিয়া মৎসকাশাৎ প্রাতর্গৃহীতকমলরাগ(২)রেখিকাযুগলেন নিজবক্ষোরুহৌ পরিভূষ্য মদুরসি তদেব চতুর্গুণীকৃত্য সায়মেব বিতীর্ণম্(৩)। ললিতয়া চ পরশ্বঃ সায়মমৃতস্রাবিচুম্বকরত্নমেকমাদায় কলিক্রমেণ(৪) ত্রিগুণীকৃত্য পরিশোধিতং। বিশাখয়াপি নিশীথে পরমাগ্রহেণ মন্মধুরাধরামৃতমাদায় স্বসর্ব্বস্বভূতং (তদেব) প্রাতর্বহুগুণীকৃত্য প্রদায় বাঢ়মাপ্যায়িতোঽস্মি। চম্পকলতাদয়শ্চ বারম্বারং স্বস্বাভীষ্টপদার্থমাগ্রহেণাভিগৃহ্য কাশ্চিদ্দ্বিগুণীকৃত্য কাশ্চিত্ত্রিগুণীকৃত্য প্রদায় মামতীব সন্তোষিতবত্যঃ,

---

গান্ধর্ব্বাদি কুলাঙ্গনাগণ প্রকাম আদান প্রদানে মহাশুচি তাহা না জানিয়াই তুমি এই প্রকার বলিতেছ অতএব তাহা শ্রবণ কর। সাম্প্রতই স্বস্ব অধরামৃত উপঢৌকন দ্বারা আমার সাতিশয় সন্তোষ বিধান করতঃ গান্ধর্ব্বাকর্ত্তৃক মৎ সকাশ হইতে প্রভাতে গৃহীত পদ্মরাগমণি রেখিকা যুগল দ্বারা স্বীয় পয়োধর যুগলকে পরিভূষিত করিয়া মদীয় বক্ষঃস্থলে সেই স্তনযুগল চতুর্গুণী করিয়া সায়ংসময়েই প্রদত্ত হয়। ললিতা কর্ত্তৃকও পরশ্বঃ সায়ং সময়ে অমৃতস্রাবি এক চুম্বকরত্ন গ্রহণ পূর্ব্বক কলহ ক্রমে ত্রিগুণী করিয়া পরিশোধিত হয়। বিশাখা কর্ত্তৃকও নিশীথকালীন পরমাগ্রহ সহকারে মদীয় মধুর অধরামৃত গ্রহণ করতঃ স্বসর্ব্বস্বভূত সেই মৎমধুরামৃত প্রভাতে বহুগুণী করিয়া প্রদান করায় সাতিশয় আপ্যায়িত হইয়াছি। চম্পকলতাদিগণও স্বস্ব অভীষ্ট পদার্থ অগ্রহাতিশয় গ্রহণ করিয়া কাহারাও দ্বিগুণী কাহারাও

---

[১] কৌতুকেন। [২] পদ্মরাগমণি। [৩] দত্ত। [৪] কলহ।

কিন্তু অাসু জনদ্বয়ী কেবলং প্রদানে কিঞ্চিদন্যাদৃশ(১)ব্যবসায়া বর্ত্ততে ॥

নান্দীমুখী,—কতরা সা ॥

ততোঽহং,—একা রঙ্গণবল্লী মদ্বক্ষসি (মদুরসি) নিজবক্ষঃস্থিতনিস্তল(২)মধুরফলযুগলস্য ত্রিরারোপণমুরীকৃত্য মৎকরমর্দ্দনফলদ্বয়ং গৃহীত্বা সকৃদেব তদর্পিতং অবশিষ্টং দ্বিরর্পণং গতিক্রিয়ামাচর্য্য নাদ্যাপি করোতি। কাচিদন্যা রঙ্গণমালাসহচরী তুলসী নাম্নী দ্বিগুণীকৃত্য দাতুমুক্ত্বা মদেকপরিরম্ভ(নাম)স্তবকং সমাদায় সাম্প্রতং ইদানীং দেয়ং, তদানীং দেয়মিতি কালং ক্ষপয়ন্তী মূলমপি ন দদাতি ॥

---

ত্রিগুণী করতঃ প্রদান পূর্ব্বক আমাকে অতীব সন্তোষিত করিয়াছে। কিন্তু ইহাদিগের মধ্যে কেবলমাত্র দুই জন গোপী, প্রদান বিষয়ে কিঞ্চিৎ অন্য প্রকার ব্যবসায় ( চেষ্টা ) দেখিতেছে ?

নান্দীমুখী কহিল। সে কে ?

অনন্তর আমি কহিলাম, একা রঙ্গণবল্লী, স্বীয় বক্ষঃস্থিত বর্ত্তুল মধুর ফল যুগল, মদীয় বক্ষঃস্থলে ত্রিবার আরোপণ অঙ্গীকার করিয়া মৎকর মর্দ্দন ফলদ্বয় গ্রহণ পূর্ব্বক একবার মাত্র তাহা অর্পণ করিয়াছে, অবশিষ্ট অর্পণ দ্বয়, গতি ক্রিয়া আচরণ করতঃ অদ্যাপি প্রদান করিতেছে না। অন্যা, রঙ্গণমালার সহচরী তুলসী নাম্নী কোনঃ রমণী, দ্বিগুণী করিয়া প্রদান করিব বলিয়া মদীয় এক পরিরম্ভ রূপ স্তবক গ্রহণ পূর্ব্বক সংপ্রতি "এখন দিব, এখন নয় তখন দিব" এই বলিয়া কালাতিবাহিত করিতেছে। অঙ্গীকৃত মূলও এখন পর্য্যন্ত প্রদান করিতেছে না।

---

( ১ ) অন্যপ্রকার। কিয়দন্যাদৃ' ইতি পাঠান্তরং। ( ২ ) বর্ত্তুল।

মধুমঙ্গলঃ,—অয়ি রঙ্গণবল্লীতুলস্যৌ। যুবয়োঃ সকাশাদলভ্যমানাত্মদিব্যদ্রব্যোঽপি প্রিয়ম্বদোঽস্মৎপ্রিয়বয়স্যঃ সহজসারল্যতো ভবদ্বিধাসু প্রিয়মেব বক্তি। তথাপ্যেতাদৃশেঽপ্যস্মিন্(১) বঞ্চনচাতুরীমাচরন্তীভ্যাং ভবতীভ্যাং কৃতঘ্নত্বাৎ লোকধর্ম্মতো ভয়ং ন ক্রিয়তে? ॥

তদাকর্ণ্য চারু হসন্তী ললিতা প্রাহ,—মধুমঙ্গলার্য্য। মধুমঙ্গল। ভাষিতং তৎ পীযূষতঃ প্রিয়তরং ন হি কস্য গোষ্ঠে, প্রত্যক্ষরং প্রতিপদং তদলীকতোঽপ্রশক্যাশনস্য(২) ন হি চেদিহ (৩)ভূরিগন্ধঃ। ততঃ সহাসকোলাহলং সাধু ললিতে! সাধু বর্ণিতমিতি সর্ব্বাস্তাস্তা(৪)মালিঙ্গিতবত্যঃ, রাধা চ তথৈব মনসা ॥

মধুমঙ্গল কহিল, অয়ি রঙ্গণবল্লি! অয়ি তুলসি! তোমাদের নিকট হইতে স্বীয় দিব্যদ্রব্য প্রাপ্ত না হইয়াও প্রিয়ম্বদ আমাদিগের প্রিয়বয়স্য, নিসর্গ সারল্য নিবন্ধন ভবদ্বিধ জনবিষয়ে ভাল কথাই বলিতেছে, তথাপি এতাদৃশ নিসর্গ সারল্য জনে বঞ্চন চাতুরী আচরণ করিয়া তোমরা কৃতঘ্নতা হেতু লোকত ও ধর্ম্মতঃ কিছুমাত্রও ভয় করিতেছ না?

তাহা শ্রবণ করিয়া সুচারু হাস্য করিতে করিতে ললিতা বলিতে লাগিল, হে আর্য্য মধুমঙ্গল! গোষ্ঠে (সভায়) তোমার সখার সেই পূর্ব্বোক্ত বচন কোন্‌জনের পীযূষ অপেক্ষা প্রিয়তর না হয়? যদি ত্বদীয় সখার সেই বাক্যে উৎকটামিক্ষি ভক্ষণের প্রচুর গন্ধ না থাকিত, তাহা হইলেই ঐ বাক্যের প্রতি অক্ষর ও প্রতিপদ অলীক হইত*। অনন্তর সহাস্য কোলাহলপূর্ব্বক "সাধু, ললিতে! ত্বদীয় কর্ত্তৃক সাধু বর্ণিত হইয়াছে" এই প্রকার বলিয়া

(১) জনে। (২) সিদ্ধিপানস্য ইত্যর্থঃ। (৩) ভাষিতে। (৪) ললিতাং।

* এই বাক্যটী শ্লেষ পূর্ব্বক বলিয়াছেন।

নান্দীমুখী,—মোহন ! কথমপ্রতীতিঃ ক্রিয়তে ? ললিতা-প্রেমপাত্রীয়ং রঙ্গণমালিকা, দ্বিতীয়া চ(১) বিশাখা-প্রিয়শিষ্যা তদেতাভ্যামেব তে প্রবোধ্য ত(২)দবশ্যং দাপয়িষ্যতে। যথা তাভ্যাং(৩)সহ ভবতঃ শুদ্ধভাবেন পুনঃপুনরেব ব্যবহারো নির্বহতি। যদি বা দাপয়িতুং ন শক্যতে তদা তদবশিষ্টদ্রব্যং [illegible](৪)[illegible](৫) স্বয়মেব দাপ্যতে (দাস্যতে)। এতে অপি যদি তে ঝটিতি* দাতুং নাঙ্গীকুরুতস্তর্হি কেনাপি [illegible]-যোক্তুং ন শক্যতে। ভবতা ত্বনঙ্গমঞ্জরীসহোদরাগ্রতঃ ক্রিয়-মাণ এব হুংকারারম্ভে তাভ্যামেব সাধ্বসেন স্বীকৃতবন্ধসহিতং

---

সকলে তাহাকে আলিঙ্গন করিতে লাগিল, শ্রীমতী রাধাও মনঃদ্বারা আলিঙ্গন করিলেন।

নান্দীমুখী কহিল, হে মোহন! কেন অপ্রতীতি করিতেছ ? এই রঙ্গণ-মালিকা, ললিতার প্রেমপাত্রী, দ্বিতীয়া তুলসী ও বিশাখার প্রিয়শিষ্যা, অতএব এই ললিতা ও বিশাখা উভয়ে রঙ্গণমালিকা ও তুলসীকে [illegible] প্রকারে প্রবোধ দান করিয়া সেই অলভ্যমান দ্রব্য অবশ্যই প্রদান করাইবে, যাহাতে সেই রঙ্গণমালা ও তুলসীর সহিত তোমার শুদ্ধভাবে পুনঃ পুনঃ এই ব্যবহার নির্বাহ হয়। যদিচ প্রদাপন বিষয়ে অক্ষমা হয়, তবে সেই অবশিষ্ট দ্রব্য, রঙ্গণবল্লী ও তুলসীর প্রতি প্রগাঢ় স্নেহ নিবন্ধন ললিতা ও বিশাখা উভয়ে স্বয়ংই প্রদান করিবে, এই ললিতা বিশাখাও যদি তোমাকে প্রদান করিতে সহসা স্বীকৃতা না হয়, তবে ইহারা তোমাকে কোনও বিষয়ে [illegible] করিতে সমর্থা হইবে না, পরন্তু তুমি অনঙ্গ মঞ্জরীর সহোদরাগ্রে হুংকারারম্ভ করিলেই সুতরাং তাহারা [illegible] [illegible] ব্যাকুলিতা [illegible]

---

(১) তুলসী। (২) অলভ্যমানদ্রব্যং। (৩) রঙ্গণমালাতুলসীভ্যাং।

(৪) রঙ্গণবল্লীতুলস্যোঃ স্নেহাৎ, ইত্যত্র তব স্নেহাদিতি পাঠান্তরং।

(৫) ললিতাবিশাখাভ্যাং। * এতে অপি চেদ্ঝটিতি ইতি পাঠান্তরং।

(স্বীকৃতবৃদ্ধিসমেতং) তৎ(১)দ্রুতং সুতরাং বিতরিষ্যতে। ততঃ সর্ব্বাসু নান্দীমুখীং মাঞ্চ সভ্রূকুটিকৌটিল্যমীক্ষমাণাসু কিঞ্চিদুপসৃত্য তুঙ্গবিদ্যা সান্তঃস্মিতমাহ,—ভো ভোঃ সখ্যঃ! অপূর্ব্বৈকা বার্ত্তা শ্রূয়তাং॥

সর্ব্বাঃ,—সখি! কা সা?

তুঙ্গবিদ্যা,—একঃ কান্ত(২)দর্পনামাচার্য্যঃ শ্রুতোঽস্তি?॥

ললিতা,—পরম্পরয়া শ্রুতোঽস্তি ভদ্রেণ ন জ্ঞায়তে॥

তুঙ্গবিদ্যা,—তৎপ্রিয়শিষ্যেণ শ্যামলমিশ্রনাম্না তৎকৃত-সূত্রাণাং সন্ধিচতুষ্টয়াখ্যাতকৃদ্বৃত্তয় ইতি ব্যাখ্যাতাশ্চতস্রো বৃত্তয়ো যাঃ কৃতাঃ সন্তি তাঃ কিং ভবতীভির্দৃষ্টচর্য্যো ভবন্তি?॥

---

স্বীকৃত বৃদ্ধি সহিত সেই দ্রব্য অবিলম্বে প্রদান করিবে। অনন্তর গোপীগণ ভ্রূকুটি কৌটিল্য সহকারে নান্দীমুখী-ও আমাকে নিরীক্ষণ করিতে লাগিলে সস্মিত মনে তুঙ্গবিদ্যা কিঞ্চিৎ নিকট বর্ত্তিনী হইয়া বলিতে লাগিল, হে সখিগণ! এক অপূর্ব্ব বার্ত্তা শ্রবণ কর।

সকলে কহিল, সখি! সেই অপূর্ব্ব বার্ত্তা কি?

তুঙ্গবিদ্যা কহিল। কান্তদর্প* নামে এক আচার্য্য আছে শুনিয়াছ কি?

ললিতা কহিল। পরম্পরায় শ্রবণ করিয়াছি পরন্ত সবিশেষ অবগত নহি।

তুঙ্গবিদ্যা কহিল, শ্যামলমিশ্র নামা তাহার প্রিয়শিষ্য কর্ত্তৃক কান্তদর্পাচার্য্য কৃত সূত্র সমূহের "সন্ধি চতুষ্টয় আখ্যাত কৃদ্বৃত্তি" এই বৃত্তি চতুষ্টয় যাহা ব্যাখ্যাত হইয়াছে তাহা কি তোমরা দেখিয়াছ?

---

(১) দ্রব্যং। (২) কন্দর্প।

---

* কন্দর্প দর্প।

বিশাখা.—বিষ্ণুঃ বিষ্ণুঃ তদ্বৃত্তিদর্শনং তাবদ্দূরেঽস্তু স (১)এব কদাপি ন কর্ণগোচরীকৃতোঽস্তি ॥

ললিতা সাকূতং,—তুঙ্গবিদ্যে ! কুত্রাসৌ(২) ত্বয়া পরিচিতঃ ॥

তুঙ্গবিদ্যা,—সখীস্থল্যা একমহাপদ্মাপ্সরসা(৩) তদ্বৃত্তি-পাঠার্থং তং(৪) মৃগয়িতুং সায়মত্রাগতমাসীৎ ॥

ততোঽহং,—তুঙ্গবিদ্যে ! এতাবদ্দূরভূমৌ কথং তৎ(৫)-সঞ্চারঃ ? ॥

তুঙ্গবিদ্যা,—নিকামবন্যাবৃদ্ধিসামর্থ্যেন। ইত্যাকর্ণ্য সর্ব্বাঃ স্মিতং কুর্ব্বন্তি স্ম ॥

---

বিশাখা কহিল, "বিষ্ণু, বিষ্ণু," তদ্বৃত্তি দর্শন দূরে থাকুক তাহা কখনও কর্ণ গোচর করি নাই।

ললিতা সাভিপ্রায় বলিতে লাগিল,—তুঙ্গবিদ্যে! সেই আচার্য্যের সহিত তোমার কোথায় পরিচিত হইয়াছে?

তুঙ্গবিদ্যা কহিল। সখীস্থলী হইতে এক মহাপদ্মাপ্সরা [মহাপদ্মানদী] তদ্বৃত্তি পাঠের জন্য সেই শ্যামলমিশ্রের অন্বেষণ নিমিত্ত সায়ংসময়ে এইস্থানে সমুপস্থিতা হয়।

অনন্তর আমি কহিলাম, তুঙ্গবিদ্যে! এতাবৎ দূরভূমিতে কিপ্রকারে সেই পদ্মানদীর সঞ্চার হইল?

তুঙ্গবিদ্যা কহিল, নিকাম [সাতিশয়] বন্যা [বান] বৃদ্ধি সামর্থ্য নিবন্ধন, ইহা শ্রবণ করিয়া সকলে হাস্য করিতে লাগিল।

---

(১) শ্যামলমিশ্রঃ। (২) আচার্য্যঃ ইত্যত্র। কুতোঽসৌ ইতি পাঠান্তরং।
(৩) নদ্যা। (৪) শ্যামলমিশ্রং। (৫) নদ্যাঃ।

ললিতা,—ততস্ততঃ ॥

তুঙ্গবিদ্যা,—শ্যামলমিশ্রাদ্বিতীয়েনালীকরাজপণ্ডিতেন প্রথমং নর্ম্মপঞ্জিকাং ক্রয়বিক্রয়পঞ্জিকাঞ্চ বিধায় সাম্প্রতমলীক-পঞ্জিকা তথাদানপ্রদানপঞ্জিকা চ প্রপঞ্চিতা অনুক্রমেণ (অক্রমেণ) নামান্তরেণ চ প্রপঞ্চিতৈতৎপঞ্জিকাচতুষ্টয়ং *ভবতীভিঃ শ্রোতমস্তীতি মন্যে ॥

ললিতা,—অথ কিং সোঽপি সুষ্ঠু অনুভূয়মানোঽস্তি ॥

তুঙ্গবিদ্যা,—তেভ্যোঽপি পরমসমীচীনতীব্রধীপ্রাগল্ভ্যেন তৎসতীর্থেন কুহকভট্টেন তদ্বৃত্তিচতুষ্টয়স্য টীকা যুগপৎকর্ত্তু-মারব্ধাঃ সন্তি ॥

চম্পকলতা,—তুঙ্গবিদ্যে ! ত্বং সর্ব্ববিদ্যাবিশারদাসি

---

ললিতা কহিল, তার পর তার পর?

তুঙ্গবিদ্যা কহিল, শ্যামলমিশ্র হইতে অদ্বিতীয় অলীক রাজ পণ্ডিত কর্ত্তৃক প্রথমে "নর্ম্মপঞ্জিকা" ও "ক্রয় বিক্রয় পঞ্জিকা" বিধান পূর্ব্বক সম্প্রতি "অলীক পঞ্জিকা" এবং তথা "আদান প্রদান পঞ্জিকা" এই পঞ্জিকা চতুষ্টয় প্রপঞ্চিত হইয়াছে, অনুক্রমে নামান্তরেও প্রপঞ্চিত এই পঞ্জিকা চতুষ্টয় তোমরা শ্রবণ করিয়াছ ইহা আমি মনে করি।

ললিতা কহিল, হাঁ শ্রবণ করিয়াছি এবং তাহাকেও সুন্দররূপে অনুভব করিয়াছি।

তুঙ্গবিদ্যা কহিল, সে সমস্ত হইতেও পরম সমীচীন তীব্রধী প্রাগল্ভ্যতা তৎসতীর্থ* কুহক ভট্ট কর্ত্তৃক তদ্বৃত্তি চতুষ্টয়ের টীকা যুগপৎ করিবার জন্য আরব্ধ হইয়াছে।

চম্পকলতা কহিল, তুঙ্গবিদ্যে! তুমি সর্ব্ববিদ্যায় বিশারদা অতএব তোমার

---

* সহাধ্যায়ী।

তদেষাং চতুর্ণাং শাস্ত্রকারিণাং নামধেয়নিরুক্তিমবগন্তুং(১) সর্ব্বাস্বত্যোঽভিলষন্তি ॥

বিশাখা,—আচার্য্যভট্টয়োরর্থঃ স্পষ্ট এব তন্মিশ্রপণ্ডিতয়োঃ স তাবন্নিরুচ্যতাং ॥

তুঙ্গবিদ্যা বিহস্য,—দোষোঽপ্যস্তি গুণোঽপ্যস্তি তেন মিশ্রেণ মিশ্রোত (মিশ্রতে) ইতি মিশ্রঃ ॥

নান্দীমুখী,—কতরো বা দোষঃ কতরো বা গুণঃ ? ॥

তুঙ্গবিদ্যা,—বৈদগ্ধ্যাবৈদগ্ধ্যয়োরবিচারেণৈব যত্র কুত্রাপি সর্ব্বত্র প্রবৃত্তিরিতি দোষঃ। সারল্যাধিক্যেন উত্তমানুত্তমা-বিচারেণৈব* বৈষম্যং বিনা সর্ব্বত্র সমতয়া প্রবৃত্তিরিতি মহান্ গুণঃ ॥

---

নিকট হইতে এই শাস্ত্রকারি ব্যক্তি চতুষ্টয়ের নামধেয় নিরুক্তি ( ব্যুৎপত্তি লভ্যার্থ ) অবগত হইবার জন্য সকলে অভিলাষ করিতেছে।

বিশাখা কহিল, আচার্য্য ও ভট্ট এই পদ দ্বয়ের অর্থ স্পষ্টই বুঝা যাইতেছে, অতএব তন্মিশ্র পণ্ডিত দ্বয়ের ব্যুৎপত্তি লভ্যার্থ বিশদ ভাবে ব্যক্ত কর।

তুঙ্গবিদ্যা হাস্য পূর্ব্বক কহিল, দোষও আছে, গুণও আছে, যেইহেতু মিশ্রিত থাকিলে মিশ্র, শব্দ বলিয়া অভিহিত হয়।

নান্দীমুখী কহিল, দোষই বা কি ? গুণই বা কি ?

তুঙ্গবিদ্যা কহিল, বৈদগ্ধ্য ও অবৈদগ্ধ্যের অবিচারের সর্ব্বত্র যে কোনও স্থানে প্রবৃত্তি, ইহাই দোষ। "সারল্যাধিক্য নিবন্ধন উত্তমানুত্তম, বিচার না করিয়া বৈষম্য বিনা সর্ব্বত্র সমতারূপে প্রবৃত্তি" ইহাই মহাগুণ।

---

(১) ব্যুৎপত্তিং জ্ঞাতুং। * উত্তমাধমবিচারেণ ইতি পাঠান্তরং।

ললিতা স্মিত্বা,—তদস্যৈতন্মিশ্রতাপদবীঃ* সমুচিতৈব ॥

চিত্রা,—পণ্ডিতোঽপি নিরুচ্যতাং ॥

তুঙ্গবিদ্যা,—সদসদ্বিচারিকা বুদ্ধিঃ পণ্ডা তয়া যুক্তঃ পণ্ডিতঃ ইতি। অয়(১)স্তু বুদ্ধিগৌরবেণ "পূর্ব্বপরয়োঃ পরবিধির্বলবান্" ইতি বিচার্য্য পরা অসদ্বিচারিকা যা সা পণ্ডা তামেবোত্তমত্বেনাশ্রিতস্তদ্যুক্তত্বাৎ পণ্ডিত ইতি।

চিত্রা,—সখি তুঙ্গবিদ্যে! সন্ধ্যাদিচতুষ্টয়স্যাপ্যর্থঃ প্রকাশ্য কথ্যতাং ॥

তুঙ্গবিদ্যা,—চিত্রে! অস্মদ্গোষ্ঠ্যাং তৎপ্রপঞ্চনে (এতৎপ্রপঞ্চনে) ললিতৈব দক্ষা তৎ সৈব কথয়তু ॥

---

ললিতা ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিল, অতএব এই মিশ্রপদবী উপযুক্তই হইয়াছে।

চিত্রা কহিল, "পণ্ডিত" শব্দেরও ব্যুৎপত্তি লভ্যার্থ বিশদ ভাবে বর্ণনা কর?

তুঙ্গবিদ্যা কহিল, সদসদ্বিচারিকা বুদ্ধিকেই পণ্ডা বলা যায় সেই পণ্ডাযুক্তই পণ্ডিত বলিয়া অভিহিত। পরন্তু এই পণ্ডিত বুদ্ধিগৌরবতা প্রযুক্ত "পূর্ব্ব এবং পরের মধ্যে পরবিধি বলবান্" এইরূপ বিচার করতঃ "পরা অর্থাৎ অসদ্বিচারিকা যে বুদ্ধি তাহা পণ্ডা তাহাকেই উত্তমরূপে আশ্রিত, তদ্যুক্ততা বশতঃ পণ্ডিত" ইতি।

চিত্রা কহিল, সখি তুঙ্গবিদ্যে! সন্ধি প্রভৃতি চতুষ্টয়েরও অর্থ প্রকাশ করিয়া বল?

তুঙ্গবিদ্যা কহিল,—চিত্রে! আমাদিগের গোষ্ঠীমধ্যে তৎপ্রপঞ্চনে ললিতাই নিপুণা অতএব সেই বর্ণন করুক।

---

* তদেতন্মিশ্রপদবী ইতি পাঠান্তরং। (১) পণ্ডিতঃ।

ললিতা,—চিত্রে! এতৎপ্রসঙ্গলেশোঽপি ময়া কদাপি ন শ্রুতোঽস্তি*, তদেতৎপ্রকরণব্যাখ্যাত্রী তুঙ্গবিদ্যৈব তদর্থং জানাতি ॥

চিত্রা,—তুঙ্গবিদ্যে! মচ্ছিরসা শাপিতাসি ত্বয়ৈব ব্যাখ্যায়তাং ॥

ততোঽতিলজ্জয়া স্বয়মসংকথ্য রাধিকাতিপ্রীতিপাত্রীং মনাগপ্যনুচ্যমানাং তদীয়সুখদসবিধাং ভূচারণবর্য্যা-কিশোরীং তুঙ্গনর্ম্মাখ্যবৈহাসিকীং† চক্ষুঃকূণনেন সস্মিতমালোকয়ন্ত্যাং তুঙ্গবিদ্যায়াং, তুঙ্গনর্ম্মা কিঞ্চিৎ সন্নিধায় সস্মিতমন্মুখমব-লোকয়ন্তী‡ নিজগাদ,—চিত্রে! স তাবদর্থোঽস্মাভির্ন

ললিতা কহিল, আমি এই প্রসঙ্গের লেশমাত্রও কখনও শ্রবণ করি নাই অতএব এই প্রকরণ ব্যাখ্যাত্রী শ্রীতুঙ্গবিদ্যাই ইহার অর্থ অবগত আছে।

চিত্রা কহিল, তুঙ্গবিদ্যে! আমার মাথার দিব্য তুমিই এতদ্বিষয় ব্যাখ্যা কর।

অনন্তর অতিশয় লজ্জা বশতঃ স্বয়ং বলিতে না পারায় শ্রীরাধিকার অতি প্রীতিপাত্রী, অন্য কর্ত্তৃক অনুচ্যমানা অর্থাৎ কোন বিষয় অকথিতা, শ্রীরাধার সুখদ সদৃশা, ভূদেবতাবর্য্যা-কিশোরী, তুঙ্গনর্ম্মানাম্নী বৈহাসিকীকে তুঙ্গবিদ্যা, নয়নেঙ্গিতদ্বারা ঈষৎ হাস্য সহকারে অবলোকন করিলে তুঙ্গনর্ম্মা কিঞ্চিৎ সন্নিকট-বর্ত্তিনী হইয়া আমার সস্মিত মুখ অবলোকন করিয়া চিত্রাকে বলিল,—চিত্রে!

* শ্রুতোঽস্তি ইতি পাঠান্তরং।

† যা স্বয়মপি হসতি পরানপি বা হাসয়তি বা বৈহাসিকী।

‡ সস্মিতমুখমবলোকয়ন্তী ইতি পাঠান্তরং।

জ্ঞায়তে কিন্তু তয়াপ্সরসা পুনঃ পুনরাগত্য সবিনয়ং স্বয়মাগ্রহ-ভরেণ সুপ্রসন্নীকৃতাৎ যথার্থপদবীক-মিশ্রবরাদধীত্য তদ্বৃত্তি-চতুষ্টয়ব্যাখ্যানমস্মৎসহিততুঙ্গবিদ্যাগ্রতঃ সাঙ্গং যদকারি তৎ সমাসেন ময়া কথ্যমানং শৃণুত,—

প্রথমং স্বেন দূতীদ্বারা বা কৃতাভিযোগেন যূনোর্মিলনং সন্ধিঃ। তস্য বৃত্তির্বিবরণমভিসারাদিরিতি।

ততঃ কুচালম্ভ-পরিষ্বঙ্গ-চুম্বনাধরপানরূপাণাং শৃঙ্গার-ভেদানাং চতুষ্টয়মেব চতুষ্টয়ং। তস্য তস্য (১) বৃত্তির্নখ-ক্ষতাদিঃ, বাহুবন্ধ(ন)ভঙ্গ্যাদিঃ, গণ্ডস্থলে সবিলাসমুখ-কমলারোপণাদিঃ, সবৈদগ্ধ্যদংশাদিরিতি।

---

সেই অর্থ আমরা সবিশেষ জানি না। কিন্তু সেই অপ্সরা পুনঃপুনঃ এখানে আসিয়া সবিনয়ে ও স্বয়ং আগ্রহভরে প্রসন্নীকৃত যথার্থ পদবীক অর্থাৎ যথার্থনামা মিশ্রবরের নিকট হইতে অধ্যয়ন করিয়া সেই বৃত্তি চতুষ্টয়ের ব্যাখ্যান আমাদিগের সহিত তুঙ্গবিদ্যাগ্রে সাঙ্গোপাঙ্গ অঙ্গের সহিত যাহা কীর্ত্তন করিয়াছিল তাহা আমি সংক্ষেপে বলিতেছি শ্রবণ কর,—

প্রথমে স্বয়ং অথবা দূতীদ্বারা কৃতাভিযোগ নিবন্ধন যুবক যুবতীর যে মিলন তাহাই সন্ধি, অভিসারাদি তাহার বৃত্তি অর্থাৎ বিবরণ।

অনন্তর কুচ সংস্পর্শ, আলিঙ্গন, চুম্বন, অধরপানরূপ শৃঙ্গারভেদ এই চতুষ্টয়ই চতুষ্টয়। নখক্ষতাদি, বাহুবন্ধন ভঙ্গ্যাদি, গণ্ডস্থলে সবিলাসে মুখকমল আরোপণাদি এবং সবৈদগ্ধ্য দংশাদি সেই চতুষ্টয়ের বৃত্তি।

---

১। চতুষ্টয়স্য।

ততোঽন্যোন্যনর্ম্মলপিতমাখ্যাতং। তস্য বৃত্তিঃ পরস্পরজয়াকাঙ্ক্ষয়া নিগূঢ়ার্থপ্রহেলিকাদিপ্রয়োগ ইতি(১)॥

চিত্রা সস্মিতং,—তুঙ্গনর্ম্মন্! অশ্রুতচরৈতদপূর্ব্বার্থব্যাখ্যানমস্মৎকর্ণগোচরীকৃতং, ভবত্যা তৎ কৃদ্বৃত্তেরপ্যর্থঃ সুষ্ঠু নিরুচ্যতাম্॥

তুঙ্গনর্ম্মা,—আনন্দং করোতীতি আনন্দকৃৎ-সম্ভোগঃ। তস্য বৃত্তিঃ শীৎকারচক্ষুর্নিম্মীলনাদিরিতি। কিন্তু কান্দর্পাচার্য্যাদ্যবতারিণা কলাপ(২)প্রিয়েণ সিদ্ধকুমারেণানেন তত্তদ্বি-

অনন্তর পরস্পর নর্ম্ম সম্ভাষণই আখ্যাত, তাহার বৃত্তি পরস্পর জয়াভিলাষ বশতঃ নিগূঢ়ার্থান্বিত প্রহেলিকাদি* প্রয়োগ।

চিত্রা সস্মিতবদনে কহিল, তুঙ্গনর্ম্মন! তুমি অশ্রুতচর এই অপূর্ব্ব অর্থের ব্যাখ্যান আমাদের কর্ণগোচরী করিলে, অতএব কৃদ্বৃত্তিরও অর্থ বিশদভাবে বর্ণনা কর।

তুঙ্গনর্ম্মা কহিল, আনন্দ প্রদান করে বলিয়া আনন্দকৃৎ সম্ভোগ নামে অভিহিত। তাহার বৃত্তি, শীৎকার, নয়ননিম্মীলনাদি এবং কান্দর্পাচার্য্যাদির অবতারি কলাপপ্রিয় † এই সিদ্ধ কুমার কর্ত্তৃক সেই সেই বিগ্রহ ‡ দ্বারাই যে

১। প্রহেলিকা—কূটপ্রশ্নঃ, হেঁয়ালি ইতি ভাষা। তল্লক্ষণং যথা,—

বাক্তীকৃত্য কমপ্যর্থং স্বরূপার্থস্য গোপনাৎ।

যত্র বাহ্যান্তরাবর্থৌ কথ্যেতে সা প্রহেলিকা॥

২। কলাপব্যাকরণ পক্ষে বর্হি।

* স্বরূপার্থ গোপন পূর্ব্বক অন্যার্থ প্রকটনের নাম প্রহেলিকা।

† ব্যাকরণ পক্ষে বর্হি

‡ সমাসবাক্য পক্ষে শরীর।

গ্রহান্তরেণৈব(১) যৎকলাপব্যাকরণমাবির্ভাবিতং তত্রাত্যন্তো-পাদেয়ত্বেন অতিশয়রহস্যত্বেন চ প্রকটমনিগদ্য ভঙ্গ্যা নাম-ধেয়ান্তরেণ চ যৎকিঞ্চিৎ নিগূহিতং(২) তত্ত্ববিদ্বিদগ্ধরসিকস্নিগ্ধ-বিদগ্ধজনৈর্বিদগ্ধবুদ্ধিসখীভিঃ সমমধিকবিচারেণ* সম্যগনুভবনীয়-মিতি ॥

চম্পকলতা কিঞ্চিদ্বিহস্য,—তুঙ্গবিদ্যে ! এতদ্ভট্টপাদানাং দ্বাবেব ভুজৌ তত্রাপ্যতীব সুকুমারৌ তৎ কথমেকদৈব টীকাচতুষ্টয়ং লেখিতুং শক্নোতু ॥

তুঙ্গবিদ্যা,—মুগ্ধে ! নিজেন্দ্রজালবলেনায়ং ভুজচতুষ্টয়-মপি প্রাদুষ্কর্তুং শক্নোতি ॥

---

কলাপব্যাকরণ আবির্ভাবিত হইয়াছে, তাহাতে অত্যন্ত উপাদেয়ত্ব ও অতিশয় রহস্যত্ব নিবন্ধন প্রকট ভাবে বর্ণনা না করিয়া ভঙ্গিক্রমে ভিন্ন ভিন্ন নামধেয়-দ্বারা যাহা কিছু সংগোপিত হইয়াছে, তাহা বিদগ্ধ বুদ্ধি সখীগণের সহিত সমধিক বিচার বশতঃ ভববিধ রসিক স্নিগ্ধ বিদগ্ধ জনগণের সম্যক্‌রূপে অনুভব যোগ্য।

চম্পকলতা ঈষৎ হাস্য পূর্ব্বক কহিল, তুঙ্গবিদ্যে ! এই ভট্টপাদের দুইটী মাত্রভুজ, তাহাতে আবার সেই ভুজদ্বয় অতীব সুকুমার, অতএব কি প্রকারে এক সময়েই টীকা চতুষ্টয় লেখনে সক্ষম হইল ।

তুঙ্গবিদ্যা কহিল, মুগ্ধে ! এই ভট্টপাদ স্বীয় ইন্দ্রজাল বলে ভুজ চতুষ্টয়েরও প্রাদুর্ভাব বিষয়ে সক্ষম হইয়া থাকে ।

---

১। সমাসান্তরেণৈব। ২। গোপিতং।

* সমধিকবিচারেণ ইতি পাঠান্তরং।

ললিতা,— সত্যং সত্যং বাসন্তিকরাসোল্লাসমহোৎসবে পরমরাসস্থলী(১)নিকটবর্ত্তিপ্রবিষ্টকনামারণ্যখণ্ডান্তর্নিকুঞ্জান্তরালে(২)ঽপি পররামারত্নমপহর্ত্তুং নিখিলবল্লবীবৃন্দবঞ্চনায় চ স্বপরিচায়কাদ্ভুতনিজমাধুরীসন্ততিমবগুণ্ঠ্য (৩) কুহকবলাদেবানেন চতুর্ভুজত্বমাবিষ্কৃতমাসীৎ ॥

বিশাখা,—ললিতে! সত্যমেতৎ সর্ব্বমস্য কুহকবলবিজৃম্ভিতমেব(৪)যৎ প্রিয়সখ্যা সহ গদ্যপদ্যৈর্নর্ম্মালাপগোষ্ঠ্যাং তাং(৫) জেতুং নিজকুহকপাণ্ডিত্যেন সম্প্রতি বৃদ্ধিবৃত্তিমাচরতা পদদ্বয়স্য(৬) বৃদ্ধিঃ কদাচিৎ কদাচিদ্‌যদনেন ক্রিয়তে তদস্মাভিরপি দৃষ্টমস্তি ॥

---

ললিতা কহিল, সত্য সত্য, বাসন্তিক রাসোল্লাস মহোৎসবে পরম রাসস্থলীর নিকটবর্ত্তি প্রবিষ্টক নামে অরণ্যখণ্ড মধ্যে নিকুঞ্জাভ্যন্তরে পররামা রত্ন অপহরণার্থ ও নিখিল বল্লবীবৃন্দ বঞ্চন নিমিত্ত স্বপরিচায়ক অদ্ভুত স্বীয় মাধুরী সন্ততি আচ্ছাদন পূর্ব্বক কুহকবলেই ইহা কর্ত্তৃক চতুর্ভুজত্ব প্রকাশিত হইয়াছিল।

বিশাখা কহিল, ললিতে! এই সমস্তই কুহকবলে বিস্তারিত তাহা সত্য বটে যে হেতু প্রিয়সখীর সহিত গদ্য পদ্যদ্বারা নর্ম্মালাপ গোষ্ঠীতে তাহাকে (প্রিয়সখীকে) জয় করিবার জন্য স্বীয় কুহকপাণ্ডিত্যে সম্প্রতি বৃদ্ধি বৃত্তি আচরণে কখন কখন যে এইজন পদদ্বয়ের (শ্লেষে ক্রয় বিক্রয়ের) বৃদ্ধি করিয়া থাকে তাহাও অস্মজ্জনগণ কর্ত্তৃকই পরিলক্ষিত হইয়াছে।

---

১। পারাসলীতি খ্যাতঃ। ২। মধ্যে। ৩। আচ্ছাদ্য।
৪। প্রকাশিতমেব। ৫। প্রিয়সখীং।
৬। পাদাম্বুজস্য পক্ষে ক্রয়বিক্রয়স্য।

সুদেবী,—বিশাখে ! চতুর্ণামেতেষাং শাস্ত্রকারিণাং প্রায়েণৈক এব ব্যবসায়ঃ কথং দৃশ্যতে ? ॥

নান্দীমুখী,—সুদেবি ! এতদ্বিবরণমল্পাক্ষরেণ তুঙ্গনর্ম্মণা যদকারি তৎ কিং ত্বয়া ন হি শ্রুতং ? ॥

সুদেবী,—যাবগ্রামস্থপ্রিয়সখ্যাং তদানীং দত্তমনস্কয়া ময়া তৎ(১)সম্যক্তয়া নাবধারিতং, তৎ কৃপয়া ত্বয়ৈব বিস্তরেণ সংকথ্য শ্রাব্যতাং ॥

নান্দীমুখী,—সুদেবি ! শ্রূয়তাং ; বস্তুত এতে চত্বারঃ কুহকভট্টনামা এক এব কুমারো ভবতি। স এব কৃত্যভেদ-বিনোদসম্পাদনায়াত্মনঃ প্রকৃষ্টতরকুহকপ্রভাবাৎ প্রকটিতেনৈ-কেন বিগ্রহেণৈব "কান্তদর্পাচার্য্য" ইতি অপরেণ "শ্যামল-মিশ্র" ইতিপদবীমধ্যারূঢ়ো বর্ত্ততে। অলীকরাজপণ্ডিতেন সমং

---

সুদেবী কহিল, বিশাখে! শাস্ত্রকারী এই ব্যক্তি চতুষ্টয়ের প্রায়ই এক ব্যবসায় দেখিতেছি কেন ?

নান্দীমুখী কহিল, সুদেবি! এতদ্বিবরণ সংক্ষেপে তুঙ্গনর্ম্মা যাহা বলিল তাহা কি তুমি শ্রবণ করিলে না ?

সুদেবী কহিল, সে সময়ে যাবগ্রামস্থ প্রিয়সখীর প্রতি মনোনিবেশ থাকায় তাহা সম্যক্রূপে মৎকর্ত্তৃক অবধারিত হয় নাই, অতএব কৃপা করিয়া তুমিই বিশদভাবে বর্ণনা করতঃ শ্রবণ করাও।

নান্দমুখী কহিল, সুদেবি! শ্রবণ কর, বস্তুত কুহকভট্ট নামক এক কুমারই এই চারিজন। সেই কুমার কুহকভট্টই কার্য্যভেদে বিনোদ (লীলা) সম্পাদন জন্য স্বকীয় প্রকৃষ্টতর কুহক প্রভাবেই এক বিগ্রহ প্রকটন দ্বারা "কান্তদর্পাচার্য্য" ও অপর বিগ্রহ প্রকটনে "শ্যামলমিশ্র" এইরূপ পদবী

---

১। বিবরণং।

তু স্ফুটমস্য (১)পৃথগ্বিগ্রহতা নাস্ত্যেব কিন্ত্বয়মেব(২) সদা ধর্ম্মী কুমারঃ, স্ফুটমত্র বিলাসবিশেষোল্লাসকরণায় কিঞ্চিৎ প্রকাশভেদেনালীকরাজপণ্ডিতেতি নামান্তরমুররীকৃত্য কামমাত্মীয়ানামাত্মনশ্চ পরমানন্দকল্লোলমাস্ফালয়ন্ বিহরতে ॥

ততোঽহং,—হং হো! যচ্চতুর্ভুজত্বাদিকলীলায়িতমখিলমস্মাভিঃ সিদ্ধতাপ্রভাবৈরেবাবির্ভাব্যতে। তস্মাৰ্থাভিরাভিরুগ্রাভিঃ কুহকভট্টাভির্নিজনিকৃষ্টকুহকপ্রভাবৈরেবেতি সন্ততমুদব্দ্যত ॥

ইতি মদ্বচঃ সমাকর্ণ্য সর্ব্বাঃ,—অনেন সিদ্ধগোস্বামিনা স্বপ্রভাবেণ নিজালীকতাপি সিদ্ধীসম্পাদ্য স্বমুখেনৈব পরং নির্দ্ধারিতা ব্যধায়ী(৩)তি সর্ব্বৈর্নির্ভরমুল্লাস্যমানে হাসকুতূহলে ॥

---

মধ্যারূঢ় হইয়াছে, পরন্তু অলীকরাজ পণ্ডিতের সহিত এই শ্যামলমিশ্রের স্ফুটরূপে পৃথক্ বিগ্রহতা নাই, কিন্তু এই কুমার শ্যামলাচার্য্য সদা ধার্ম্মিক স্ফুটভাবে ইহাতে বিলাস বিশেষে উল্লাস করণার্থ কিঞ্চিৎ প্রকাশভেদ হেতু "অলীকরাজপণ্ডিত" এই নামান্তর গ্রহণ পূর্ব্বক যথেচ্ছামত আত্মীয়গণের এবং আত্মার পরম আনন্দকল্লোল বিস্তার করতঃ বিহার করিতেছে।

অনন্তর আমি কহিলাম, হং হো! মৎকর্ত্তৃক লীলায়িত যে অখিলচতুর্ভুজত্বাদি তাহা সিদ্ধতা প্রভাবেই আবির্ভাবিত হইতেছে। অতএব মূর্খা এই সমস্ত উগ্রস্বভাবা কুহকভট্টা এই নারীগণ নিজ নিকৃষ্ট কুহক প্রভাবেই এই সমস্ত নিরন্তর ঘোষণা করিতেছে।

এতাদৃশ মদ্বাক্য শ্রবণ করিয়া সকলে কহিতে লাগিল, এই সিদ্ধগোস্বামী স্বপ্রভাবে স্বীয় অলীকতা সিদ্ধিই সম্পাদন করিয়া স্বমুখেই কেবল নির্দ্ধারিত পূর্ব্বক, আমাদের সন্নিকটে বর্ণনা করিয়াছে. এই প্রকারে কুতূহল বশতঃ হাস্য পূর্ব্বক সকলে নির্ভর উল্লাসিত হইলে।

---

১। শ্যামলমিশ্রস্য। ২। শ্যামলমিশ্রঃ। ৩। অকারি।

অহং স্বগতং,—ভো ! আশ্চর্য্যং আশ্চর্য্যং অমূভির্বাবদূক-বল্লবীভির্বচনপ্রকাশপরিপাটীভির্বাঢ়মলীকতৈব ময়ি সিদ্ধী-কৃতেতি মনসি বিভাব্য লজ্জয়া ময়া তদনাকর্ণিতমুদ্রয়ৈব তাঃ সুষ্ঠু যথার্থ্যেব কিঞ্চিদ্বিহস্য ব্যাহৃতং(১),—ভো মুগ্ধাঃ যৌবনান্ধাঃ বিলাসিন্যঃ ! যদ্যত্র(২) ন হি বঃ প্রতীতিস্তর্হি সর্ব্বেষাং সমক্ষমেব স্বসিদ্ধিং দর্শয়ন্ প্রথমমস্যাঃ (৩)কণ্ঠে বনমালা(৪) ভবানি ইতি বিহস্য চম্পকলতামুপসর্পন্ "বয়স্য ! সিদ্ধস্য তব পররমণীস্পর্শঃ পরমন্যায্য ইতি বিহস্য বদতা মধুমঙ্গলেন নিবর্ত্তিতোঽহমবদং,—সখে ! সিদ্ধস্য সিদ্ধয়া সংযোগো মিথঃ পরমানন্দলাভায়ৈব ভবতি ॥

---

আমি স্বগত বলিতে লাগিলাম, ভোঃ আশ্চর্য্য ! বচন প্রকাশ পরিপাটী এই সমস্ত বাবদূক* বল্লবীবৃন্দ, আমাতে অতিশয় অলীকতা স্থাপন করিয়াছে। এই প্রকার মনে ভাবনা করিয়া লজ্জানিবন্ধন আমি তাহা অনাকর্ণিত ভঙ্গিমা-দ্বারাই সুন্দররূপে বিবেচনা করতঃ ঈষদ্ধাস্য পূর্ব্বক কহিলাম,—অয়ি ! মুগ্ধা যৌবনান্ধা বিলাসিনীগণ ! যদি এই সিদ্ধ বিষয়ে তোমাদিগের প্রতীতি না হয় তবে সকলের সমক্ষেই স্বসিদ্ধি দেখাইয়া প্রথমে এই চম্পকলতার কণ্ঠে মণিমালা (বা বনমালা) স্বরূপে বিরাজিত হই। এই বলিয়া চম্পকলতার নিকটে গমন করিলে "হে বয়স্য ! তুমি সিদ্ধপুরুষ, তোমার পররমণী স্পর্শ অতীব অন্যায্য" এইরূপ হাস্যবাক্যে মধুমঙ্গল কর্ত্তৃক নিবর্ত্তিত হইয়া আমি কহিলাম, সখে ! সিদ্ধব্যক্তির সিদ্ধজনের সহিত যে পরস্পর সংযোগ তাহা পরম আনন্দলাভের নিমিত্তই হইয়া থাকে।

---

১। কথিতং। ২। সিদ্ধবিষয়ে। ৩। চম্পকলতায়াঃ।
৪। মণিমালা ইতি পাঠান্তরং।

---

* বাচাল, যাহারা অত্যন্ত কথা বলে। † অশ্রুতমুদ্রা।

উক্তঞ্চ শ্রীনারদেন,—

"পরমানন্দলাভায় স্বযূথ্যামেব* সংশ্রয়ে"দিতি। ইতি নিশম্য হসন্তীষু সর্ব্বাসু পরমানন্দজনিতকম্পাদিসাত্ত্বিকবিকারান্ ভয়েনেবাচ্ছাদয়ন্তী চম্পকলতা প্রপলাপ্য কুঞ্জান্তরালে(১) প্রবিষ্টা রাধাং পৃষ্ঠে সমালিঙ্গ্য নিলীনাসীৎ॥

ততোঽহং,—চিত্রাং মৌক্তিকানি হস্তে চালয়ন্নুক্তবান্,—চিত্রে! সমক্ষমাগত্য মৌক্তিকমূল্যং শৃণু শৃঙ্গারকর্ম্মবিচক্ষণায়াস্তব মূর্ত্তিমঞ্জুষিকায়াং(২) তৎসাধনানি বহূনি সন্তীতি ত্বৎপ্রাণপ্রেষ্ঠসখ্যা(৩) কথিতমস্তি, তৈ(৪)বিচিত্রশৃঙ্গারেণ মৎপ্রত্যঙ্গানি তথা

---

তথা দেবর্ষি নারদ বলিয়াছেন,—যে

"পরম আনন্দলাভ জন্য জনগণ।
স্বযূথীতে অবিরত হ'বে সম্মিলন॥"

ইহা শ্রবণ করিয়া সকলে হাস্য করিতে লাগিলে পরম আনন্দ জনিত কম্পাদি সাত্ত্বিক বিকারচয়, ভয় বশতঃই যেন সমাচ্ছাদন পূর্ব্বক চম্পকলতা তথা হইতে পলায়ন করিয়া কুঞ্জান্তরালে প্রবিষ্টা হইয়া শ্রীরাধার পৃষ্ঠদেশে সমালিঙ্গনপরা হইয়া নিলীনা হইল।

অনন্তর আমি স্বহস্তে মৌক্তিকরাজি সঞ্চালন করিয়া চিত্রাকে কহিলাম, অয়ি! চিত্রে! সমক্ষে আগমন করিয়া মৌক্তিকমূল্য শ্রবণ কর, "শৃঙ্গার কর্ম্মে বিচক্ষণা ত্বদীয় মূর্ত্তিরূপ মঞ্জুষিকায় (পেটারিকায়) তৎসাধন বহুশৃঙ্গাররূপ-অলঙ্কার নিচয় বিদ্যমান আছে" ইহা তোমার প্রাণ-প্রেষ্ঠসখী রাধিকা কর্ত্তৃক কথিত হইয়াছে। অতএব সেই সমস্ত সাধন ভূষণ সমূহ দ্বারা বিচিত্র শৃঙ্গারে

---

* স্বযূথ্যানেব ইতি পাঠান্তরং। ১। মধ্যে। কুঞ্জান্তরে ইতি পাঠান্তরং। ২। পেটারিকায়াং। ৩। শ্রীরাধয়া। ৪। সাধনৈঃ ভূষণৈঃ।

ভূষয় যথাহহমপি ত্বদ্বক্ষঃস্থকাঞ্চনঘটদ্বয়মর্দ্ধচন্দ্রপত্রাঙ্কুরাদিভিঃ সন্তোষেণালঙ্কৃত্য ত্বৎকৌশলবিশেষং ত্বৎপ্রিয়সখীরাধিকাপুরতঃ সুষ্ঠু সংকীর্ত্ত্য তা(১)মানন্দয়ামীতি ॥

তচ্ছ্রুত্বা সক্রোধং চিত্রা,—অয়ে অবিরতঅতিবিকট-চণ্ডতোচ্চণ্ডচণ্ডিকাবিষ্ট!(২) অয়ে ত্রিজগতি প্রসিদ্ধধৃষ্টোদ্ভট-শঠভট-পরার্দ্ধপুরী-প্রগাঢ়মহাসম্রাড়্বর! (৩)ঝটিতিসাকোট-বাটিকা(৪)কুরঙ্গকুটুম্বিনীকুল-নট! ত্বদ্‌যোগ্যাভিস্তত্তৎসাধনকর্ম্ম-

আমার প্রত্যঙ্গ নিবহ তথাবিধ ভূষিত কর—যাহাতে আমিও তোমার বক্ষঃস্থ কাঞ্চনঘটদ্বয় ( স্তনযুগল ) অর্দ্ধচন্দ্র ( নখাঙ্ক ) পত্রাঙ্কুরাদি দ্বারা সন্তোষ সহকারে অলঙ্কৃত করিয়া তোমার কৌশলবিশেষ তোমার প্রিয়সখী রাধিকার সকাশে উত্তমরূপে কীর্ত্তন করতঃ তাহাকে আনন্দিতা করিব।

এতাদৃশ বচনাবলি শ্রবণ নিবন্ধন ক্রোধভরে চিত্রা কহিতে লাগিল,—ওহে! তুমি অবিরত অতিবিকট-চণ্ডতারূপ দুর্দ্দান্ত অতিকোপনাবিষ্ট হইয়াছ অয়ে! ত্রিভুবনে প্রসিদ্ধ-ধৃষ্টতারূপ পরার্দ্ধসংখ্যক বিখ্যাত শঠযোদ্ধৃগণে-সমলঙ্কৃত-পুরীর প্রগাঢ়-মহাসম্রাড়্বর! অর্থাৎ অসংখ্যক উদ্ধতস্বভাবসম্পন্ন অত্যন্ত ধূর্ত্ত বীরগণবিশিষ্ট পুরীর মহারাজচক্রবর্ত্তী হইয়াছ। হে ঝটিতি সাকোট বাটিকার কুরঙ্গ কুটম্বিনী কুল-নট!* তোমার যোগ্যা সেই সেই শৃঙ্গার সাধন

১। রাধাং। ২। অবিরতবিকটচণ্ডিতোচ্চণ্ডচণ্ডিকাবিষ্ট! ইতি পাঠান্তরং।
৩। একাধিপত্য। ৪। শাখোটবাটিকা ইতি পাঠান্তরং।

* কোট—নিরাপদস্থান, আ—সম্যক্‌রূপে নিরাপদস্থানের সহিত বিদ্যমান বাটিকার কুরঙ্গপত্নীগণের নটশীল। শাখোটপাঠে শ্যাওরা বাটিকার হরিণীকুলের নৃত্যকারিন্।

কর্ম্মঠাভিস্তাভিরেব সসন্তোষং সুচিত্রিতেন ভবতা তা এব সুশ্লাঘং সুস্বরেণ* সন্ততমনুকীর্ত্যন্তাং ইতস্ত্বরিতমপসরতু স্বামী॥

ইত্যাকর্ণনেন জাতহাসাঃ সর্ব্বাস্তাং(১) সুষ্ঠু তুষ্টুবুঃ॥

তদনু(নান্দীমুখী)—গোকুলমঙ্গল! সকলগোকুলজন(জীবন)-জীবাতুমুখচন্দ্রপ্রকাশং ত্বামকস্মাদ্বিস্ময়স্তিমিত সংবীক্ষ্য ভবদেকায়ুর্ব্বাসম্যাকং হৃদয়ানি মর্ম্মব্রণবেদনাবহ্নিজ্বালিতানীব স্ফুটন্তি সন্তি, ততস্তন্নিদানমবশ্যং কৃপয়া প্রকাশ্যতাং-; যথা ভগবতীদ্বারা তৎপ্রতীকারং ঝটিতি নিষ্পাদ্য শ্রীমন্তং ভবন্তং বাঢ়মানন্দ্যোবাত্মানং† সন্ধুক্ষয়াম(২)॥

---

কর্ম্মে সুনিপুণা গোপীগণ কর্তৃক সসন্তোষে সুচিত্রিত হইয়া তুমি সতত সেই গোপীগণকে সুশ্লাঘা পূর্ব্বক সুস্বরে কীর্ত্তন কর, স্বামী এখান হইতে সত্বর গমন করুক অর্থাৎ দূরীভূত হউক।

ইহা শ্রবণ করিয়া হাস্যবদনা সেই সমস্ত গোপীগণ সেই চিত্রাকে সুন্দররূপে প্রশংসা করিতে লাগিল।

তৎপরে নান্দীমুখী কহিল,--হে গোকুল-মঙ্গল! সকল গোকুলজনের জীবনৌষধস্বরূপ মুখচন্দ্র-প্রকাশরূপ তোমাকে (অর্থাৎ তোমার মুখচন্দ্র প্রকাশই গোকুলবাসির একমাত্র জীবনৌষধ এতাদৃশ তোমাকে) অকস্মাৎ বিস্ময়ের ন্যায় নিরীক্ষণ করিয়া ভবদেকায়ুঃ আমাদের (অর্থাৎ তুমিই আমাদের পরমায়ুঃ স্বরূপ এতাদৃশী আমাদের) হৃদয় যেন মর্ম্মব্রণবেদনা-বহ্নি প্রজ্বালিত হইয়া স্ফুটরূপে প্রকটিত হইতেছে অতএব অতি অবশ্য কৃপা করিয়া তৎকারণ প্রকাশ কর, যাহাতে ভগবতী পৌর্ণমাসী দ্বারা অবিলম্বে তৎ প্রতীকার নিষ্পাদন পূর্ব্বক শ্রীবিশিষ্ট তোমাকে অত্যন্ত আনন্দিত করিয়া আমিও আত্মাকে সুখী করিব।

---

* সুস্বভাবেন ইতি পাঠান্তরং। ১। চিত্রাং। † বাঢ়মানন্দেয়াত্মানং ইতি পাঠান্তরং। ২। সুখয়াম।

ইতি নান্দীমুখীবচনমাকর্ণ্য সবৈক্লব্যমিব ময়োক্তং;— নান্দীমুখি! শ্রূয়তাং; অদৃষ্টাশ্রুতচরচারুচাতুর্য্য-নিরবদ্য(১) মহাবৈদগ্ধ্য-বিবিধসুহৃবে ধিনর্ম্ম(২)কর্ম্মস্বাধ্যায়প্রথমাচার্য্যায়াঃ, সমস্তকল্যাণগুণমণিমঞ্জুষায়াঃ(৩), স্বপরিজনগণজীবনীভূতস্মিত-নবঘনসারসুবাসিতভাষিতপীযূষায়াঃ, শচ্যাদিসৌভাগ্যবতীবৃন্দ-বর্ণ্যমানসৌভাগ্যভরায়াঃ, সন্ততমিন্দিরাদিগৌরীগণমৃগ্যমাণ-সৌন্দর্য্যরসস্ফুরিতনখাঞ্চলপ্রতীকায়াঃ,সুর-নরগণ-গন্ধর্ব্ব-বিদ্যাধর-মুনিবর-বন্দিতভুবনেশ্বরী(৪)শতবন্দ্যমানপদারবিন্দায়াঃ, সমস্ত-বৈকুণ্ঠতোঽপি পরমোত্তমপরমব্যোমতোঽপি বৃংহিতমহামহিমো-ত্তর(৫)বৃন্দাটবীমহাযোগপীঠমহাসিংহাসনে সংভৃতমহারত্নাভি-

---

নান্দীমুখীর এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া বৈক্লব্যের মত হইয়া আমি কহিলাম—নান্দীমুখি! শ্রবণ কর, অদৃষ্ট ও অশ্রুতচর সুন্দর চতুরতা ও মনোহর মহাবৈদগ্ধ্য এবং বিবিধ পরিহাস কর্ম্মরূপ বেদাধ্যয়নের প্রথম আচার্য্য স্বরূপা, ও সকল শুভ-গুণরূপ মণির মঞ্জুষা অর্থাৎ পেটারা বা সিন্ধুক স্বরূপা, এবং যাহার সৌভাগ্যাতিশয়, ইন্দ্রপত্নী শচী প্রভৃতি সৌভাগ্যবতী বরাঙ্গনাগণ বর্ণনা করিয়া থাকেন ও যাহার সৌন্দর্য্যরসে প্রকাশিত নখাগ্রের অবয়ব লক্ষ্মী প্রভৃতি গৌরীগণ নিরন্তর অনুসন্ধান করিয়া থাকেন এবং ভুবনেশ্বরী যে লক্ষ্মীদেবী, সুরগণ নরগণ গন্ধর্ব্বচয় বিদ্যাধরসমূহ ও মুনিবরগণ কর্তৃক বন্দিতা সেইরূপ শত শত লক্ষ্মীদেবীকর্তৃক যাঁহার চরণারবিন্দ বন্দিত হইতেছে ও সমস্ত বৈকুণ্ঠ হইতেও পরমোত্তম পরমব্যোম তাহা অপেক্ষা পরিবর্দ্ধিত মহামহিমবর বৃন্দাবনস্থ মহাযোগপীঠে মহাসিংহাসনে সজ্জিত মহারত্নে যিনি অভিষিক্তা

---

১। সুন্দর। ২। পরিহাস। ৩। পেটারিকায়াঃ। ৪। লক্ষ্মী।

৫। শ্রেষ্ঠ।

মেকায়াঃ মহাদেব্যাঃ সুধাসাগরমথনোত্থিতরাধেত্যক্ষরযুগল-ঘনীভূততৎসারাংশকলসদ্বয়বিনির্ম্মিতরাধেতিনামধেয়াদপূর্ব্বা-মৃতসার-বিকারবিশেষেণাপ্যায়িত-শীৎকারিতচতুর্দ্দশভুবনায়াঃ, সন্ততসৌরভ্য-নিরবধিসৌন্দর্য্য-নিস্তুলকোমল্যনির্ভরবরারুণ্যাদি-বিনির্জ্জিতরক্তোৎপলকুলচরণপরিচরণৈকজীবিনে সকলবরিবস্যা-বিশারদায় মহ্যং স্বয়মাহূয়াসঙ্কোচতয়া মৎকামিতপ্রত্যঙ্গসেবা যত্তয়া ন দীয়তে ; অতস্তস্য(১) ময়ি মধুরাং প্রীতিমনবধার্য্য(২) তৎপূর্ণাংশাং যথার্থনাম্নীং তুঙ্গবিদ্যাং ভগবতীমুখাৎ নিশম্য সত্বরাভীষ্টলাভায় এনাং(৩) গুরুত্বেনামাদ্যাস্যাঃ(৪) সকাশাৎ

---

হইয়াছেন এবং অমৃত সাগর মথনে উত্থিত "রাধা" এই অক্ষর যুগল, ঘনীভূত অমৃত সারাংশরূপ কলসদ্বয়ে বিনির্ম্মিতা "রাধা" এই নামধেয় নিষ্পাদন নিবন্ধন ( অর্থাৎ সাগর মথনে এককলসী মাত্র সুধা উত্থিত হইয়াছিল কিন্তু সুধারূপ সাগরমন্থনে "রাধা" এই বর্ণদ্বয় রূপ অমৃতসারাংশ কলসদ্বয় পরিমিত সুধা উত্থিত হইয়া তদ্দ্বারা "রাধা" এই নাম বিনির্ম্মিত হইয়াছে বলিয়া ) অপূর্ব্ব অমৃত সারের বিকার বিশেষ দ্বারা যাহা কর্ত্তৃক চতুর্দ্দশ ভুবন আপ্যায়িত ও শীৎকারিত হইয়াছে সেই প্রসিদ্ধতমা মহাদেবীর যে চরণ, নিরন্তর সৌরভ্য, অসীম সৌন্দর্য্য, তুলনা রহিত কোমলতা ও অত্যধিক আরুণ্যাদির দ্বারা রক্তোৎপল সমূহ পরাভূত করিয়াছে। এতাদৃশ চরণের সেবাই একমাত্র জীবন স্বরূপ ও সর্ব্বপ্রকার সেবায় বিশারদ আমাকে সেই রাধা স্বয়ং আহ্বান করিয়া অসঙ্কোচ বশতঃ আমার বাঞ্ছিত প্রত্যঙ্গ সেবা, যে হেতু প্রদান করিতেছে না, অতএব আমার প্রতি রাধার মধুর প্রীতি নাই" এইরূপ অবধারণ পূর্ব্বক "যথার্থ নাম্নী ( অর্থাৎ যেমন স্বরূপ তেমন নাম ) তুঙ্গবিদ্যা, রাধার পূর্ণাংশ স্বরূপা" ইহা ভগবতী পৌর্ণমাসীর মুখে শ্রবণ করিয়া অভীষ্টলাভার্থ এই তুঙ্গবিদ্যাকে অবিলম্বে গুরুত্বরূপে প্রাপ্ত

---

১। রাধায়াঃ। ২। অপ্রাপ্য। ৩। তুঙ্গবিদ্যাং। ৪। তুঙ্গবিদ্যায়াঃ।

মহাদেবী-মন্ত্ররাজং দিদীক্ষিষু(১)রহং ত্বাং ভগবত্যদ্বিতীয়াং প্রপন্নোঽস্মি ॥

নান্দীমুখী বিহস্য,—সুলক্ষণ! প্রথমং তাবৎ শাস্ত্রনির্ণীত*-গুরূপসত্তির্বিধীয়তাম্ ॥

ময়োক্তং,—ভদ্রং বচঃ প্রথমং গুরুশিষ্যয়োঃ পরীক্ষৈব ন্যায্যা। ততস্তিস্রস্ত্রিযামাঃ কুত্রাপি নির্জ্জনকুঞ্জে ক্ষণে মহিলাং ক্ষণে পুমাংসং বা মাং সম্পাদ্য স্ববিদ্যায়াঃ প্রভাবমস্যা(২) দর্শয়তু। ততো বিশ্রভ্য(৩)পরমসম্ভ্রমেণ ময়াপ্যস্যা(৪)শ্চরণ-যাবাভরণ-শ্রোণিমর্দ্দন-বক্ষোজকণ্ডূয়ন-বেণীবন্ধনাদিপরিচর্য্যাসু সর্ব্বোপেক্ষয়া ক্রিয়মাণাসু সুপ্রসন্নেয়ং 'ত্বৎসেবয়া পরমপ্রসন্না-

---

হইয়া ইহার সকাশে মহাদেবীর (রাধার) মন্ত্ররাজে দীক্ষাভিলাষী হইয়া আমি ভগবতীর অদ্বিতীয়া স্বরূপা অর্থাৎ ভগবতীর অভিন্নস্বরূপা তোমাকে প্রাপ্ত হইলাম।

ইহা শুনিয়া নান্দীমুখী হাস্য করিয়া বলিলেন,—হে সুলক্ষণ! তাহা হইলে প্রথমতঃ শাস্ত্রজ্ঞগণের নির্ণীত গুরু সেবা কর।

তৎপর আমি কহিলাম,—ভালকথা প্রথমতঃ গুরু ও শিষ্যের পরীক্ষা ন্যায় সঙ্গত, অনন্তর রাত্রিত্রয় পর্যান্ত কোনও নির্জ্জনকুঞ্জে আমাকে কোন সময় মহিলা কখনও বা পুরুষ সম্পাদন করিয়া এই তুঙ্গবিদ্যা স্ববিদ্যার প্রভাব দেখাইয়া খ্যাতি লাভ করুক। অনন্তর বিশ্বাস পূর্ব্বক পরম সম্ভ্রমের সহিত মৎকর্ত্তৃক এই তুঙ্গবিদ্যার চরণে যাবকাভরণ, নিতম্ব প্রদেশবিমর্দ্দন, বক্ষোজ কণ্ডূয়ন, বেণীমোক্ষণ ও বন্ধনাদি পরিচর্য্যাচয়, সর্ব্ব উপেক্ষা পূর্ব্বক ক্রিয়মাণ হইলে এই তুঙ্গবিদ্যা মৎপ্রতি সুপ্রসন্না হইয়া "ত্বদীয়

---

১। দিক্ষিতুমিচ্ছুঃ। * শাস্ত্রনির্ণীত ইতি পাঠান্তরং।

২। তুঙ্গবিদ্যা। ৩। বিশ্বাসং কৃত্বা। ৪। তুঙ্গবিদ্যায়াঃ।

স্মী”তি নিরুচ্য(১)মাং মনোভবানন্দকরনিকুঞ্জমণ্ডপবেদিকাং প্রাপয্য “ভো! বিচক্ষণ! মদ্বক্ষঃস্থলকার্ত্তস্বর(২)মঙ্গলঘটযুগলং স্বকরযুগলেন স্পৃশন্ মৃগমদকুঙ্কুমাদিপঙ্কালেপপূর্ব্বকং মণিপুষ্পমালাভির্বেষ্টয়ে”ত্যাদিভাষিতমন্ত্রৈর্ঘটং স্থাপয়িত্বা স্ববক্ষোজ-মহাপ্রসাদকুঙ্কুমেন মম ললাটাদিষু তিলকং কৃত্বা মৃগমদেন মদ্বক্ষসি মহাদেবীনামমুদ্রামভিলিখ্য বাহুদ্বয়ঞ্চ তচ্চরণচিহ্ন-সৌভাগ্যমুদ্রাদিভিরঙ্কিতীকৃত্য স্বকণ্ঠাদেকাবলীমালামুত্তার্য্য মৎকণ্ঠে নিধায়(৩) মম বক্ষঃপার্শ্বয়োঃ স্বকুচৌ, অংসদ্বয়ে(৪) বাহুলতে, মুখে চ স্বাধরং, অপরাঙ্গান্যাগমানভিজ্ঞেন ময়া স্ফুটমজ্ঞাতান্যপি পরমাগমাচার্য্যেয়ং(৫) স্বয়ং তদর্পণস্থানে-

---

সেবাগুণে আমি পরম প্রীতি লাভ করিয়াছি” এইরূপ সুমধুর বাক্য প্রয়োগ পূর্ব্বক আমাকে মনোভবানন্দজনক নিকুঞ্জ মণ্ডপ বেদিকাতে সংস্থাপন করিয়া “হে বিচক্ষণ! মদীয় বক্ষঃস্থল স্থিত সুবর্ণের মঙ্গল ঘটযুগল স্বকরযুগলে সংস্পর্শ করতঃ মৃগমদ কুঙ্কুমাদি পঙ্কলেপ পূর্ব্বক মণি পুষ্পমালারাজি দ্বারা বেষ্টন কর,” ইত্যাদি কথিত মন্ত্রদ্বারা ঘট সংস্থাপন বিধান পূর্ব্বক স্ববক্ষোজ মহাপ্রসাদ কুঙ্কুমদ্বারা আমার ললাটাদি প্রত্যেক অবয়বে তিলক প্রদান করিয়া মদীয় বক্ষঃস্থলে মৃগমদ দ্বারা মহাদেবীর নামমুদ্রা লিখিয়া এবং তচ্চরণ-চিহ্ন সৌভাগ্যমুদ্রাদি দ্বারা আমার বাহুদ্বয় অঙ্কিত করিয়া স্বীয় কণ্ঠ প্রদেশ হইতে একাবলী মালা সমুত্তারণ পূর্ব্বক মৎকণ্ঠে প্রদান করিয়া মদীয় বক্ষঃ-পার্শ্বদ্বয়ে স্বকুচদ্বয়, স্কন্ধদ্বয়ে বাহুলতা যুগল, আননে স্বীয় অধর, এবং আগম অনভিজ্ঞ মৎকর্ত্তৃক অপরাপর অঙ্গনিচয় স্ফুটরূপে অপরিজ্ঞাত নিবন্ধন পরম আগমাচার্য্যা এই তুঙ্গবিদ্যা তদর্পণস্থানে স্বয়ং অর্পণ করুক; এইরূপ

---

১। উক্ত্বা। ২। স্বর্ণ। ৩। দত্ত্বা। ৪। স্কন্ধদ্বয়ে।
৫। তুঙ্গবিদ্যা।

হর্ষয়ন্তু ইতি* ষড়ঙ্গানি বিন্যস্য "ষড়ক্ষরমন্ত্ররাজস্যাস্য স্বয়ম্ভুঋষি-র্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীগান্ধর্ব্বা দেবতা সবিন্দুপ্রথমবর্ণো বীজং শক্তিরুপাস্যোপাসকয়োর্ম্মিথঃসুযুক্তরতিজননপূর্ব্বকাভীষ্টকামসিদ্ধয়ে বিনিয়োগঃ" ইত্যাদিপূর্ব্বাঙ্গং যথাবিধি সম্পাদ্য

"অথ স্বীয়সরস্তীরকুঞ্জরঙ্গস্থলে মুদা।
সভ্যানালীগণান্ ভঙ্গ্যা ধিন্বতীং নর্ম্মনর্ত্তনৈঃ॥
গৌরীং রক্তাম্বরাং রম্যাং সুনেত্রাং সুস্মিতাননাং।
শ্যামাং শ্যামাখিলাভীষ্টসাধিকাং রাধিকাং শ্রয়ে॥"
ইতি ধ্যানঞ্চ সুচিরং কারয়িত্বা কৃপয়া মহ্যং কামিনে
কামবীজপুটিতং(১) মন্ত্ররাজমুপদিশ্য মাং কৃতার্থীকরোতু॥

---

ষড়ঙ্গবিন্যাস পূর্ব্বক "এই ষড়ক্ষর মন্ত্ররাজের স্বয়ম্ভু ঋষি, গায়ত্রী ছন্দঃ, শ্রীগান্ধর্ব্বা দেবতা, সবিন্দু প্রথমবর্ণ বীজ শক্তি, উপাস্যা এবং উপাসক উভয়ের পরস্পর সুযুক্ত রতিজনন পূর্ব্বক অভীষ্ট কামসিদ্ধির জন্য বিনিয়োগ করা হইল" ইত্যাদি রূপে পূর্ব্বাঙ্গ যথাবিধি সম্পাদন করিবে।

"অনন্তর হর্ষভরে স্বীয় সরোবরতীরস্থ নিকুঞ্জ রঙ্গস্থলে নর্ম্ম নর্ত্তনদ্বারা ভঙ্গীভরে সভাসখীগণকে প্রীতি প্রদান করিতেছেন।

তিনি গৌরী ও তাঁহার পরিধান বস্ত্র রক্তবর্ণ, ঈষদ্ধাস্য বদনা, সুলোচনা এবং দেখিতে অতীব রমণীয়া; শ্যামা এবং শ্যামের অখিল অভীষ্টসাধিকা রাধিকাকে আশ্রয় করিতেছি। এইরূপ দীর্ঘকালব্যাপি ধ্যান করাইয়া কৃপা করিয়া কামি হেতু আমার প্রতি কামবীজ পুটিত অর্থাৎ আদি এবং অন্তে কামবীজ দ্বারা পুটকারতাপ্রাপ্ত অথবা কামবীজ পুটিত (যুক্ত) মন্ত্ররাজের উপদেশ প্রদান করতঃ আমাকে কৃতার্থী করুক।

---

* হর্ষয়ন্তীতি পাঠান্তরং।

১। আদ্যন্তস্থিতং কামবীজং।

তদনু,—

মহাভাবোজ্জ্বলচ্চিন্তারত্নোদ্ভাবিতবিগ্রহাং।
সখীপ্রণয়সদ্গন্ধবরোদ্বর্ত্তনসুপ্রভাং॥
কারুণ্যামৃতবীচীভিস্তারুণ্যামৃতধারয়া।
লাবণ্যামৃতবন্যাভিঃ স্নপিতাং গ্লপিতেন্দিরাং॥
হ্রীপট্টবস্ত্রগুপ্তাঙ্গীং সৌন্দর্য্যঘুসৃণাঞ্চিতাং।
শ্যামলোজ্জ্বলকস্তূরীবিচিত্রিতকলেবরাং॥
কম্পাশ্রু-পুলক-স্তম্ভ-স্বেদ-গদ্গদ-রক্ততাঃ।
উন্মাদো জাড্যমিত্যেতৈরত্নৈর্নবভিরুত্তমৈঃ॥
কৢপ্তালঙ্কৃতিসংশ্লিষ্টাং গুণালীপুষ্পমালিনীং।
ধীরাধীরাত্বসদ্বাসপটবাসৈঃ পরিষ্কৃতাং॥

---

তৎপরে মহাভাবরূপ উজ্জ্বল চিন্তামণিদ্বারা দেহ রত্নোদ্ভাবিত ও সখীগণের প্রণয়রূপ সদ্গন্ধোদ্বর্ত্তনে (বিলেপনে) সুন্দর প্রভাবিশিষ্টা হইয়াছেন।

প্রাতে কারুণ্যরূপ অমৃত উর্ম্মিমালা ও মধ্যাহ্নে তারুণ্যরূপ অমৃত ধারা এবং সায়াহ্নে লাবণ্যরূপ অমৃতবন্যা দ্বারা স্নাপিতা হওয়ায় উঁহার উজ্জ্বলে কমলা বিগ্না হইয়াছেন।

হ্রী (লজ্জাবীজ) রূপ পট্টবস্ত্র দ্বারা অঙ্গচয় সুগুপ্ত ও সৌন্দর্য্যরূপ কুঙ্কুমদ্বারা বিভূষিতা এবং শ্যামবর্ণ উজ্জ্বল অর্থাৎ শৃঙ্গাররসরূপ কস্তূরী দ্বারা বিচিত্রিত কলেবর ধারণ করিয়াছে।

কম্প, অশ্রু, পুলক, স্তম্ভ, স্বেদ, গদ্গদাভাব, রক্ততা (বৈবর্ণ্য) উন্মাদ এবং জড়তা, এই উত্তম নয়টী রত্ন-দ্বারা যিনি অলঙ্কার রচনা করিয়া পরিধান করিয়াছেন।

প্রিয়ম্বদতাদি-গুণশ্রেণীই যাঁহার পুষ্পমালা স্বরূপ এবং ধীরধীরাত্বভাবরূপ সদ্গন্ধকেই যিনি পটবাস অর্থাৎ কর্পূরাদিরূপে ব্যবহার করিতেছেন।

প্রচ্ছন্নমানধম্মিল্লাং সৌভাগ্যতিলকোজ্জ্বলাং।
কৃষ্ণনামযশঃশ্রাববতংসোল্লাসিকর্ণিকাং॥
রাগতাম্বুলরক্তোষ্ঠীং প্রেমকৌটিল্যকজ্জলাং।
নর্ম্মভাষিতনিস্যন্দস্মিতকর্পূরবাসিতাং॥
সৌরভান্তঃপুরে গর্ব্বপর্য্যঙ্কোপরি লীলয়া।
নিবিষ্টাং প্রেমবৈচিত্ত্যবিচলত্তরলাঞ্চিতাং॥
প্রণয়ক্রোধসচ্চোলীবন্ধগুপ্তীকৃতস্তনাং।
সপত্নীবক্ত্র হৃচ্ছোষিযশঃশ্রীকচ্ছপীবরাং॥
মধ্যতাত্মসখীস্কন্ধলীলান্যস্তকরাম্বুজাং।
শ্যামাং শ্যামস্মরামোদমধুলীপরিবেশিকাং॥

---

যাহার প্রচ্ছন্ন (অবেগ্য) মানরূপ (বিপ্রলম্ভ ভেদ) সংযত কেশ বিরাজ করিতেছে ও যিনি সৌভাগ্যরূপ তিলকে উজ্জ্বল হইয়াছেন এবং কৃষ্ণনাম ও যশঃ শ্রবণই যাহার মনোহর কর্ণভূষণস্বরূপ হইয়াছে।

যাহার ওষ্ঠদ্বয়, অনুরাগরূপ তাম্বূলদ্বারা অরুণ শ্রীধারণ করিয়াছে ও প্রেম-কৌটিল্যরূপ যাহার কজ্জল সখীগণের নর্ম্ম বাক্যের নিস্যন্দহেতু ঈষদ্ধাস্যরূপ কর্পূর দ্বারা যিনি সুবাসিত হইয়াছেন।

যিনি সৌরভরূপ [সৌন্দর্য্যরূপ] অন্তপুরে গর্ব্বরূপ পর্য্যঙ্কোপরি সবিলাসে উপবেশন করিয়া আছেন, এবং প্রেমবৈচিত্ত্য অর্থাৎ বিপ্রলম্ভরূপ চঞ্চল হারমধ্যস্থ পদক দ্বারা শোভিত হইয়াছেন।

সপ্রণয় ক্রোধরূপ বিলক্ষণ কাচুলিকাবন্ধে যিনি স্তনদ্বয় সুগোপিত করিয়াছেন এবং যাহার সপত্নীগণের বদন ও হৃদয়ের শোষণকারিণী যশঃশ্রী অর্থাৎ যশঃসম্পত্তিরূপই কচ্ছপীরব অর্থাৎ বীণাশব্দ হইয়াছে।

মধ্যতা অর্থাৎ যৌবনরূপ স্বীয় সখীর স্কন্ধদেশে যিনি লীলারূপ নিজ করকমল বিন্যস্ত করিয়াছেন এবং যিনি শ্যামা (অর্থাৎ শীতকালে উষ্ণা, গ্রীষ্ম-

ত্বাং নত্বা যাচতে ধৃত্বা তৃণং দন্তৈরয়ং জনঃ।
স্বদাস্যামৃতসেকেন জীবয়ামুং সুদুঃখিতং ॥
ন মুঞ্চেচ্ছরণায়াতমপি দুষ্টং দয়াময়ঃ।
অতো গান্ধর্ব্বিকে! হা হা! মুঞ্চৈনং নৈব তাদৃশং ॥
প্রেমাম্ভোজমরন্দাখ্যং স্তবরাজমিমং জনঃ।
শ্রীরাধিকাকৃপাহেতুং পঠংস্তদ্দাস্যমাপ্নুয়াৎ ॥
ইমং স্তবরাজমপ্যুপদিশতু ॥

ততঃ "শ্রীগুরোর্লব্ধাভীষ্টকামোঽস্মি" ইতি সগদ্গদং বদন্তং সকম্পং তচ্চরণকমলয়োঃ পতিতং মাং সানন্দং সমুত্থাপ্য সমালিঙ্গ্য স্বাধরোচ্ছিষ্টপীযূষপ্রসাদং সংভোজ্য চ স্বমুখোদ্গীর্ণ-

---

কালে শীতলা, তপ্তকাঞ্চনবর্ণা ও কান্ত-আকর্ষণশীলা) ও শ্যামের (শৃঙ্গার-রসের) দ্বারা মদন মত্ততারূপ মধুপরিবেশন করিতেছেন।

এই ব্যক্তি দশনে তৃণ ধারণ করিয়া তোমাকে প্রণতিপাত পূর্ব্বক প্রার্থনা করিতেছে, অতএব স্বদাস্যরূপ অমৃত সেকদ্বারা এই সুদুঃখিত জনকে জীবিত কর।

হে গান্ধর্ব্বিকে! দয়াশীল ব্যক্তি শরণাগত দুর্জ্জন জনকেও প্রত্যাখ্যান করেন না, অতএব হায়! তাদৃশ শরণাগত এই ব্যক্তিকে তুমি কখনও পরিত্যাগ করিও না।

যে জন শ্রীমতীরাধিকার কৃপার জনক এই প্রেমাম্ভোজমরন্দাখ্য নামক স্তবরাজ পাঠ করিবে সে তাহার দাসত্ব প্রাপ্ত হইবে"।

এই স্তবরাজও উপদেশ প্রদান করুক। অনন্তর "শ্রীগুরুর সকাশ হইতে অভীষ্ট কাম লাভ করিয়াছি" এইরূপ সগদ্গদবাক্য উচ্চারণ করিতে করিতে সকম্পমান হইয়া আমি তাহার চরণকমলযুগলে পতিত হইলে সানন্দহৃদয়ে আমাকে উঠাইয়া সমালিঙ্গন পূর্ব্বক নিজ অধরোচ্ছিষ্ট পীযূষ

তাম্বূলং মন্মুখে বিতরতু। ব্রহ্মচারিণো মম তাম্বূলভক্ষণমনুচিতমিতি চেত্তর্হি কর্পূরবাসিতনিজমুখবাসেন মন্মুখশুদ্ধিং বিতনোতু। ততঃ কৃতার্থেন ময়ৈতদভীপ্সিতানি* অন্যান্যপি বহূনি চ মুক্তাফলানি দক্ষিণাত্বেন সমর্প্যমাণানি কৃপয়া স্বীকৃত্য মামনুগৃহ্ণাতু॥

ইতি নিশম্য সর্বাসু সস্মিতং তুঙ্গবিদ্যামুখমবলোকয়ন্তীষু তয়া(১)প্যুচ্ছলিতান্তরানন্দমাবৃত্য ভ্রূভঙ্গেন সরোষমিব মামীষদবলোক্য ভাষিতং,—নান্দীমুখি! ত্বং সিদ্ধা তপস্বিন্যসি; তস্মাদেতদ্বিধিনা ত্বমেবৈনং দীক্ষয়, তদাস্য(২)সিদ্ধাতো

---

প্রসাদ ভক্ষণ করাইয়া বামনোদ্দীর্ণ তাম্বূল, মন্মুখে প্রদান করুক। যদি এইরূপ বল যে "আমি ব্রহ্মচারী, আমার পক্ষে তাম্বূল ভক্ষণ অনুচিত" তা'হইলে কর্পূর বাসিত স্বীয় মুখবাস দ্বারা আমার মুখশুদ্ধি বিস্তার করুক। তৎপর আমি কৃতার্থ হইয়া এই অভীপ্সিত মুক্তাচয় ও অন্যান্য বহুবিধ মুক্তাফলরাজি দক্ষিণা স্বরূপে সমর্পণ করিলে কৃপাপূর্ব্বক তৎসমস্ত গ্রহণ করিয়া আমাকে অনুগৃহীত করুক।

এইরূপ শ্রবণ করিয়া সমস্ত গোপীগণ ঈষৎহাস্যভরে তুঙ্গবিদ্যার মুখাবলোকন করিলে তুঙ্গবিদ্যাও উচ্ছলিত, অন্তরের আনন্দকে আবৃত করিয়া ভ্রূভঙ্গভরে সক্রোধ ন্যায় মৎপ্রতি কটাক্ষ দৃষ্টি করিয়া নান্দীমুখীকে বলিল, আর্য্যে! নান্দীমুখি! তুমি সিদ্ধা তপস্বিনী, সেইহেতু এই বিধিমতে একমাত্র তুমিই ইহাকে দীক্ষিত কর, তাহা হইলে ইহার সিদ্ধজন সন্নিকাশ হইতে মন্ত্রগ্রহণ

---

* ময়ৈতদীপ্সিতানি ইতি পাঠান্তরং।

১। তুঙ্গবিদ্যয়া। ২। কৃষ্ণস্য।

মন্ত্রগ্রহণাৎ স্বাভীষ্টকামলাভো ঝটিতি সম্পৎস্যত ইতি ব্যাহৃত্য সক্রোধং গৃহায় গচ্ছন্তীং করেণ গৃহীত্বা ব্যাঘোট্য (১)-বিশাখা বিহস্য নান্দীমুখীং প্রাহ,—নান্দীমুখি ! অস্য সম্প্রতি প্রাপ্তব্যলীকস্য দীক্ষাদানে মহানেব প্রত্যবায়ঃ স্যাদিত্যাচার্য্যাং ত্বাং প্রতি ক্রুধ্যতি ॥

নান্দীমুখী,—মিথ্যাবাদিনি বিশাখে ! সকলসদ্ধর্ম্মরাজীববন্ধোর্গোকুলরাজস্য(২) সত্তনয়ে কথমলীকপরিবাদমারোপয়সি ? ॥

বিশাখা,—তুভ্যং শপে সত্যমেবৈতৎ দোষং ॥

নান্দীমুখী,—কস্তাবদ্দোষঃ ? ॥

বিশাখা,—উচ্ছিষ্টভোজনং ॥

---

বশতঃ স্বাভীষ্ট কামলাভ অতিশীঘ্রই সম্পন্ন হইবে, এই বলিয়া সক্রোধে গৃহগমনে উদ্যত হইলে বিশাখা তাহাকে হস্তধারণ পূর্ব্বক ফিরাইয়া হাস্য করতঃ নান্দীমুখীকে কহিল, নান্দীমুখি ! সম্প্রতি প্রাপ্তব্যলীক [ প্রাপ্ত অপরাধী ] এই শ্রীকৃষ্ণের দীক্ষাদানে মহৎ প্রত্যবায় হইবে, এইহেতু এই আচার্য্যা তোমার প্রতি ক্রোধ করিতেছে।

নান্দীমুখী। অয়ি ! মিথ্যাবাদিনি বিশাখে ! সকল সদ্ধর্ম্মের রাজীব বন্ধু ( সূর্য্য ) স্বরূপ গোকুলরাজ শ্রীনন্দের সাধুতনয়ে কি প্রকারে অলীক পরিবাদ আরোপ করিতেছিস্ ?

বিশাখা। তোমাকে শপথ করিয়া বলিতেছি সত্যই এইদোষ।

নান্দীমুখী। দোষ কি ?

বিশাখা। উচ্ছিষ্ট ভোজন।

---

১। পরাবৃত্য। ২। নন্দস্য।

নান্দীমুখী,—কস্য ?

বিশাখা,—দাস্যাঃ ॥

নান্দীমুখী বিহস্য,—কা তাবৎ সা দাসী ?

বিশাখা,—শাখোটবনবাসিনী (১)কাচিন্মায়য়া গোপীব ভূত্বা কংসভৃত্যগোবর্দ্ধনমল্ল-গৃহিণীমাসাদ্য তামুবাচ,—চন্দ্রাবলি ! ত্বং ভুবনেশ্বর্য্যাশ্চণ্ডিকায়াঃ প্রিয়পরিচারিকাসি অহমপি তদ্গণমধ্যে একাস্মি(২)। ততঃ (অতঃ) স্নেহভরেণ ত্বৎসখীত্বমিচ্ছামি। তচ্ছ্রুত্বা 'সমীচীনমেত"দিত্যালিঙ্গ্য সা চন্দ্রাবলী যাং সখ্যেন পরিজগ্রাহ সৈব ॥

নান্দীমুখী,—সৈব কা ?

---

নান্দীমুখী। কাহার ?

বিশাখা। দাসীর।

নান্দীমুখী হাস্য করিয়া কহিল,—সেই দাসী কে ?

বিশাখা। শ্যাওরাবন বাসিনী কোনও রমণী মায়াবলে গোপিকার ন্যায় রূপ ধারণ করিয়া কংসভৃত্য গোবর্দ্ধনমল্লের গৃহিণী চন্দ্রাবলীর সকাশে আগমন করিয়া তাহাকে কহিয়াছিল, অয়ি! চন্দ্রাবলি! তুমি ভুবনেশ্বরী চণ্ডিকার প্রিয়তমা পরিচারিকা, আমিও সেই চণ্ডীদেবীগণের মধ্যে একজন প্রধানা, তজ্জন্য স্নেহাতিশয় নিবন্ধন তোমার সহিত সখীত্ব স্থাপন করিতে ইচ্ছাকরি, তচ্ছ্রবণে "ইহা সমীচীন" এই বলিয়া সেই চন্দ্রাবলী আলিঙ্গন পূর্ব্বক যাহাকে সখীত্বে পরিগ্রহণ করিয়াছিল, সেই দাসী।

নান্দীমুখী। সেই বা কে ?

---

১। শ্যাওরা বা শেওরা ইতি খ্যাতা।

২। মুখ্যাস্মি।

বিশাখা। অপূর্ব্বা পদ্মা সা সর্ব্বত্র প্রসিদ্ধা ভবত্যাপি জ্ঞায়তে॥

নান্দীমুখী,—কিং তদুচ্ছিষ্টং?

বিশাখা,—তন্মেচকা(১)ধরকূপীস্থিতং পরমপাবনং মধু॥

এতন্নিশম্য কিঞ্চিৎ স্ময়মানাং রাধিকামবলোকয়ন্তস্তৎসভাসদঃ সর্ব্বে জনা জহসুঃ॥

ততো নান্দীমুখী,—বিশাখে! কেনাপ্যেতদ্দৃষ্টমস্তি?॥

বিশাখা,—অথ কিং॥

নান্দীমুখী,—কেন?

বিশাখা,—বিবিধগিরিধাতুপরিচ্ছদানানেতুং প্রিয়সখ্যা গান্ধর্ব্বয়া প্রেষিতাভ্যাং মল্লীভৃঙ্গীভ্যাং মানসগঙ্গানিকটো-

---

বিশাখা। সে অপূর্ব্বা পদ্মা ও সর্ব্বত্র প্রসিদ্ধা, তুমিও তাহাকে অবশ্য অবগত আছ।

নান্দীমুখী। তাহার উচ্ছিষ্ট কি?

বিশাখা। তাহার কাল অধর কূপীস্থিত পরম পবিত্র মধু।

ইহা শ্রবণ করতঃ ঈষদ্ধাস্য বদনা রাধিকাকে অবলোকন করিয়া সেই সভাসদ্ সকলেই হাস্য করিতে লাগিল।

অনন্তর নান্দীমুখী কহিল,—অয়ি বিশাখে! কোনও জন কর্ত্তৃক ইহা দৃষ্ট হইয়াছে কি?

বিশাখা। হাঁ, হইয়াছে বই কি!

নান্দীমুখী। কোন্ জন কর্ত্তৃক?

বিশাখা। বিবিধ গৈরিক পরিচ্ছদ আনয়ন করিবার নিমিত্ত প্রিয়সখী গান্ধর্ব্বা কর্ত্তৃক প্রেরিত মল্লী ভৃঙ্গী গোপীদ্বয়, মানসগঙ্গার সন্নিকট উত্তরতটে

---

১। কাল।

যরতটে প্রকটমেবৈতৎপরমপাবনং কর্ম্ম পরশ্ব এব সাক্ষাদব-লোক্যাগত্য সর্ব্বাসাং পুরতো বিবিচ্য কথিতং ॥

নান্দীমুখী সচিন্তমিব । সকলগোকুলজীবনীভূতস্যাস্য কথং তদ্দোষধ্বংসো ভবতি ॥

বিশাখা,—প্রায়শ্চিত্তাচরণেনৈব ॥

নান্দীমুখী,—ততো ভগবতীতস্তদ্দোষবিহিতনিষ্কৃতিং(১) সম্পাদ্য পুরুষোত্তমমেনং শুদ্ধং বিধায় দীক্ষয়স্তু ভবত্যঃ ।

তচ্ছ্রুত্বা চম্পকলতা প্রাহ,—মুগ্ধে ! উজ্জ্বলমণিসংহিতায়া-মেব বিবৃতোঽস্তি তন্নিষ্কৃতিবিধির্ভবত্যাঃ প্রায়েণ গোচরো ন ভবতীতি তয়ৈব(২) কথাপ্রসঙ্গে কথিতমস্তি ॥

নান্দীমুখী,—অত্র তৎসংহিতাং কস্তাবজ্জানাতি ॥

---

প্রকট এই পরম-পাবন কর্ম্ম পরশ্বঃদিনে সাক্ষাৎ অবলোকন করিয়া আগমন করতঃ নিখিল গোপীগণাগ্রে বিবেচনা পূর্ব্বক বর্ণনা করে।

নান্দীমুখী চিন্তাবিতার ন্যায় হইয়া কহিল,—সকল গোকুলের জীবনীভূত এই শ্রীকৃষ্ণের সেই দোষ কি প্রকারে ধ্বংস হয় ?

বিশাখা। প্রায়শ্চিত্ত আচরণ দ্বারা।

নান্দীমুখী। তাহা হইলে সেই ভগবতীর নিকটে হইতে সেই দোষ বিহিত নিষ্কৃতি (পরিত্রাণোপায় প্রায়শ্চিত্ত) করাইয়া এই পুরুষোত্তমকে বিশুদ্ধ বিধান করতঃ তোমরা ইহাকে দীক্ষিত কর।

তচ্ছ্রবণে চম্পকলতা কহিল,—মুগ্ধে ! উজ্জ্বলমণিসংহিতাতেই এই দোষ নিষ্কৃতির বিধি বিবৃত আছে। প্রায়শঃ আপনার নয়নের গোচরীভূত না হয় এজন্য সেই ভগবতী কর্ত্তৃকই কথা প্রসঙ্গে কথিত হইয়াছে।

নান্দীমুখী। এখানে সে সংহিতা কে জানে ?

---

১। প্রায়শ্চিত্তং। ২। ভগবত্যা।

চম্পকলতা,—প্রিয়সখী গান্ধর্ব্বৈব ॥

নান্দীমুখী,—অধুনা সা কিলাত্র সভামধ্যে ন বিদ্যতে তৎ কথমিদং(১) ঝটিতি নির্বহতু ॥

বিশাখা,—তদদ্বিতীয়েয়ং ততোঽধীতসন্দর্ভতৎসংহিতা-ললিতাত্র নিরন্তরং তদভ্যাসবতী সুষ্ঠু তজ্জ্ঞানবতী তন্নিরূপয়িষ্যতি ॥

নান্দীমুখী সকাকু,—সখি ললিতে! বিচার্য্য যথোচিত-নিষ্কৃতিরাদিশ্যতাং ॥

ললিতা কিঞ্চিদ্বিহস্য,—প্রিয়সখি! কৃতব্যলীকো জনো যদি সভামধ্যে স্বয়মাগত্য নিঃশেষং স্বয়মঘং নিষ্কাপট্যেন

---

চম্পকলতা। একমাত্র প্রিয়সখী গান্ধর্ব্বা।

নান্দীমুখী। সম্প্রতি সে এই সভামধ্যে নাই, অতএব কি প্রকারে এই প্রায়শ্চিত্ত অবিলম্বে নির্ব্বাহ হইতে পারে?

বিশাখা। এই ললিতা, দ্বিতীয় গান্ধর্ব্বা স্বরূপা, গান্ধর্বা হইতে ললিতা সসন্দর্ভ তৎসংহিতা অধ্যয়ন পূর্ব্বক অধুনা নিরন্তর তাহা অভ্যাস করিয়া থাকে, এইজন্য ইনি উত্তমরূপে তাহা অবগত আছেন,—অতএব সেই তাহা নিরূপণ করিবে।

নান্দীমুখী বক্রোক্তি সহকারে বলিলেন, সখি ললিতে! বিচার করিয়া যথোচিত প্রায়শ্চিত্তের আদেশ কর।

ললিতা ঈষদ্ধাস্য করিয়া কহিল প্রিয়সখি! কৃতাপরাধি ব্যক্তি যদি স্বয়ং সভামধ্যে আগমন পূর্ব্বক নিঃশেষরূপে নিজপাপ সরলান্তঃকরণে বিজ্ঞাপন

---

১। প্রায়শ্চিত্তং।

* হ্বীতসসন্দর্ভসসংহিতা ললিতা ইতি পাঠান্তরং।

নিবেদ্যানুতপতি, তদৈবাস্য প্রায়শ্চিত্তং কার্য্যতে ইতি পুরাণকৃদ্ভি র্নিণীতমস্তি ॥

তথাহি—

সংকথ্য স্বমঘং গোষ্ঠ্যাং পশ্চাত্তপতি যঃ স্ফুটং।

তস্যৈব নিষ্কৃতিঃ সাঙ্গা* মুনিভিঃ কার্য্যতেঽখিলা ইতি ॥

ইত্যাকর্ণ্য নান্দীমুখ্যাং মমামুখং সাকূতমালোকয়ন্ত্যাং ময়ি চ সুবলমধুমঙ্গলাভ্যাং সহ ললিতা-সবিধমাসাদ্য কিঞ্চিদ্বিবক্ষমাণে সতি

বিশাখা প্রাহ,—হে বীর! কামাতুরাণাং ন ঘৃণা ন লজ্জেতি স্বভাবতঃ কামিনা ত্বয়া যৎ কৃতং তৎ কৃতমেব অধুনা ত্বেতস্যাঃ(১) পুরো বিবিচ্য তৎ সর্ব্বং কথয় ॥

---

করিয়া তজ্জন্য অনুতাপ ভোগ করে তাহা হইলেই ইহার প্রায়শ্চিত্ত হয়, এইরূপ পুরাণ কর্ত্তা মনীষিগণ কর্ত্তৃক নির্ণীত হইয়াছে যে,—

স্বীয়কায় সভামধ্যে করিয়া বর্ণন।
পরে অনুতাপ ভোগ করয়ে যেজন ॥
সমূলে নিষ্কৃতি তার হইবে খণ্ডন।
ধর্ম্মশাস্ত্রে মুনিগণ করিল বর্ণন ॥ ইতি

ইহা শ্রবণ করিয়া নান্দীমুখী মমুখ প্রতি সাভিপ্রায় অবলোকন করিলে আমিও সুবল ও মধুমঙ্গলের সহিত ললিতা সমীপে গমন করিয়া কিছু বলিবার জন্য ইচ্ছাপ্রকাশ করিলে;

বিশাখা কহিল। হে বীরবর! কামাতুর ব্যক্তিগণের ঘৃণা বা লজ্জা কিছুই থাকে না, এইহেতু নিসর্গ কামি নিবন্ধন তুমি যাহা করিয়াছ তাহাই

---

* সান্দ্রা ইতি পাঠান্তরং।

১। ললিতায়াঃ।

ততোঽহং স্মিতমপবার্য্য সানুতাপমিব,—ললিতে! চতুর্থেঽহনি বিঘটিতগবান্বেষণে গৌরীতীর্থসেবাগতস্য মম গৌরীমন্দিরান্নিঃসৃত্য কাচিদ্গৌরী সহচরী চর্চ্চিকা হঠেন মজুরসি সব্যকুচেনাহত্য মাধবীচতুঃশালিকান্তরালং মামানীয় কম্পমানস্য মম মুখে তাম্বূলচর্ব্বিতং প্রদায় যৎ কিঞ্চিৎ কৃতবতী তন্মোহিতোঽহং কিমপি নাবেদিষং। পরশ্বোঽপি সুবর্ণসূত্রেণ বিবিধকুসুমৈর্গ্রথিতমালামাদায় রাধাকুণ্ডতটনিকুঞ্জনাগরীং গান্ধর্ব্বামনুস্মরতো মম মাল্যহরণকুণ্ডতটনিকটমন্দারোদ্যানপরিসরে সা চর্চ্চিকা পুনরপ্যাবিভূর্য় বলেনৈব মম বামগণ্ডং পরিচুম্ব্য

---

করিয়াছ পরন্তু সম্প্রতি বিবেচনা করিয়া এই ললিতার সমীপে সেই সমস্ত প্রকাশ কর।

অনন্তর আমি হাস্য পরিত্যাগ করিয়া সানুতাপের ন্যায় বলিলাম,—ললিতে! বিগত চতুর্থ দিবসে বিশ্লেষিত (বিচ্ছিন্ন) গাভিগণের অন্বেষণ সময়ে গৌরীতীর্থে সমাগত আমার গৌরীমন্দির হইতে বাহির হইয়া কোনও গৌরীর সহচরী চর্চ্চিকা অকস্মাৎ আমার বক্ষঃস্থলে বামপার্শ্বস্থ স্তনদ্বারা আঘাত করিয়া মাধবী-চতুঃশালিকান্তরালে আমাকে লইয়া গিয়া কম্পমান মদীয় মুখে চর্ব্বিত তাম্বূল প্রদান পূর্ব্বক যাহা কিছু করিয়াছিল তাহাতে আমি মোহিত হওয়ায় কিছুই জানিতে পারি নাই। পরশ্বঃদিবসেও কাঞ্চনময় সূত্রে বিবিধ কুসুমগ্রথিত মালা গ্রহণ পূর্ব্বক রাধাকুণ্ডতটস্থিত নিকুঞ্জ নাগরী গান্ধর্ব্বার অনুস্মরণ করিতে করিতে ক্রমে আমার মাল্যহরণ কুণ্ডতট নিকটবর্ত্তি মন্দারোদ্যান প্রদেশে (অর্থাৎ নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমিতে) উপস্থিত হই, তথায় সেই চর্চ্চিকা পুনরায় আবির্ভূত হইয়া বল পূর্ব্বক আমার গণ্ডস্থলে চুম্বন করতঃ মুখে স্বাধরামৃত অর্পণ করে, সেই

মুখে স্বাধরপীযূষমর্পিতবতী তদেতদঘযুগলনিরাশায় তম্মুখকম-লোচ্ছিষ্টমধুপানরূপং প্রায়শ্চিত্তমাদিশতু ভবতী ॥

মধুমঙ্গলঃ বিহস্যাহ,—বয়স্য! ভদ্রতরমিদং নিষ্কৃতং যত্তদ-ঘস্যৈব বৃদ্ধিং বিতনোতি ॥

ততোঽহং,—ধিঙ্মূর্খ! কিমপি ন জানাসি? "বিষস্য বিষমৌ-ষধমিতি ॥

যথা,—"বহ্নিসন্তাপতো নশ্যেদ্বহ্নিসন্তাপজো ব্রণ" ইতি।
এবং "দরয়েৎ(১) কণ্টকং বিদ্ধং কণ্টকেনৈব পণ্ডিতঃ" ॥
ইত্যাদিবদুচ্ছিষ্টভোজনদোষমুচ্ছিষ্টভোজনমেব দরয়তি ॥

---

হেতু এই পাপকার্য্যদ্বয় বিনাশ করিবার নিমিত্ত তাঁহার বদন কমলের উচ্ছিষ্ট মধুপানরূপ প্রায়শ্চিত্ত করিতে আপনি অনুমতি করুন।

মধুমঙ্গল হাস্য করিয়া বলিল,—বয়স্য! এই নিষ্কৃত (পরিত্রাণোপায়) ভদ্রতর বটে যেহেতু সেই পাপেরই আবার বৃদ্ধি বিস্তার করিতেছ।

অনন্তর আমি কহিলাম, মূর্খ! তোমায় ধিক্, তুমি কি ইহার কিছুই জাননা যে বিষের বিষই পরমৌষধ। যথা,—

বহ্নি সন্তাপজ ব্রণ সন্তাপ কারণ।
বহ্নির সন্তাপে পুনঃ হয় নিবারণ। এইরূপ।—
হইলে কণ্টক বিদ্ধ কোমল চরণে।
কণ্টকেই বহিষ্কৃত করে প্রাজ্ঞজনে॥

ইত্যাদির ন্যায় উচ্ছিষ্ট ভোজন জন্য দোষের, উচ্ছিষ্ট ভোজনই একমাত্র শান্তির কারণ।

---

১। দূরং কুর্য্যাৎ।

মধুমঙ্গলঃ,—এবম্বিধপাপব্যাধিচিকিৎসায়াং ত্বমেব সদ্বৈদ্যোঽসি তৎ কিং ললিতানুবর্ত্তনে ? ॥

ত্ততোঽহং,—সখে ! জ্ঞাতনানোঽপি খল্বেকঃ সন্দিগ্ধঃ স্যাৎ স্বকর্ম্মণীতি চিকিৎসকস্যাপি চিকিৎসা অন্যৈঃ ক্রিয়ত এব ॥

ইতি নিশম্য ললিতা স্ময়মানা প্রাহ,—হে দেব ! দেব্যা সহ দেবস্যৈব(১) সঙ্গঃ সম্পৎস্যতে(২) তৎকথমস্মাকং মানুষীণাং সা(৩) গোচরী ভবতু ॥

ততো ময়োক্তং,—ললিতে ! সা কুত্রাপি মানুষী ভবতীনামদূর এব বিরাজমানা বর্ত্ততে ॥

ততঃ সর্ব্বাসু সকৌতুকং সশঙ্কং কর্ণাকর্ণি(৪)কোমিতি

---

মধুমঙ্গল। এবম্বিধ পাপব্যাধি চিকিৎসা বিষয়ে একমাত্র তুমিই সদ্বৈদ্য হও, অতএব ললিতার অনুবর্ত্তনে আবশ্যক কি ?।

অনন্তর আমি কহিলাম। সখে ! একব্যক্তি নানাবিধ বিষয় জ্ঞাত হইলেও স্বকর্ম্ম বিষয়ে নিশ্চয়ই সংশয়াপন্নে পতিত হয় এইহেতু চিকিৎসকেরও চিকিৎসা অন্য চিকিৎসকগণ কর্ত্তৃকই নিষ্পন্ন হইয়া থাকে।

ইহা শুনিয়া ললিতা ঈষদ্ধাস্য করিতে করিতে কহিল,—হে দেব ! দেবীর সহিত দেবেরই (তোমার) সম্মিলন সম্পন্ন হইয়া থাকে, আমরা মানুষী, অতএব সেই দেবী কি প্রকারে আমাদের গোচরীভূত হইবে ?।

অনন্তর আমি বলিলাম, অয়ি ! ললিতে ! সেই দেবী মানুষী তোমাদের অদূরবর্ত্তি কোনও স্থানে বিরাজ করিতেছেন ?

অনন্তর সমস্ত গোপীগণ সকৌতুক ও সশঙ্কমানসে পরস্পর কর্ণাকর্ণি

---

১। তস্যৈব। ২। সম্পন্নঃ স্যাৎ। ৩। দেবী।

৪। কর্ণে কর্ণে বৃত্তমিদং।

বিচারয়ন্তীষু রাধা স্বগতং,—এতস্য ধূর্ত্তস্য নর্ম্মন্যাস এতদ্গোষ্ঠ্যামেব ভবিষ্যতীতি লক্ষ্যতে॥

বিশাখা,—দেব! কথ্যতাং কুত্র সা? যথৈনাং(১) সংস্তুত্য সভামধ্যে সমানীয় ভবৎকার্য্যমচিরাদস্মাভির্নিষ্পাদ্যতে॥

ততোঽহং,—বিশাখে! ভবদ্গোষ্ঠ্যামেব তড়িদিব বিরাজন্তী সা। কিং দীর্ঘনেত্রয়াপি ত্বয়া ন দৃশ্যতে?॥

ইতি মদগম্ভীরালাপমাকর্ণ্য ললিতাদ্যাসু সর্ব্বাসু চ আত্মন্যাত্মনি তাং নর্ম্মভঙ্গীমাশঙ্ক্য পরস্পরমালোকয়ন্তীষু বিশাখয়োক্তং,—লম্পট! কিং চম্পকলতা?॥

---

(কানাকানি) করিয়া "সেই রমণী কে"? এইরূপ বিচার করিতে থাকিলে তৎক্ষণাৎ রাধা স্বগত বলিতে লাগিল,—এই ধূর্ত্তশিরোমণির নর্ম্মন্যাস এই সভামধ্যেই ব্যক্ত হইবে ইহা লক্ষিত হইতেছে।

বিশাখা। দেব! বলুন সেই দেবী কোথায় আছেন? তাহা হইলে সেই দেবীকে সম্যক্‌রূপে স্তুতি করিয়া সভামধ্যে আনয়ন করতঃ আমরা আপনার কার্য্য অনতিবিলম্বে নিষ্পন্ন করাই।

অনন্তর আমি কহিলাম, বিশাখে! তোমাদের এই সভামধ্যেই সেই দেবী ক্ষণপ্রভার ন্যায় বিরাজ করিতেছে, তাহাকি তুমি দীর্ঘনেত্রা হইয়াও দেখিতে পাইতেছ না?

এইরূপ মদীয় গম্ভীর আলাপ শ্রবণ করিয়া ললিতা ও অন্যান্য সমস্ত গোপীগণ স্বস্ববিষয়ে সেই নর্ম্মভঙ্গী আশঙ্কা করতঃ অর্থাৎ বোধ হয় সে দেবী আমাকেই বলিতেছে, এইরূপ সকলে আশঙ্কা করিয়া পরস্পর অবলোকন করিতে থাকিলে তদবসরে বিশাখা কহিল, হে লম্পটবর! সেই দেবী কি চম্পকলতা?।

---

১। দেবীং।

ততোঽহং,—ন হি ন হি ॥

বিশাখা,—কিং জ্যেষ্ঠা ॥

অহং,—ন হি ন হি ॥

সুবলঃ,—রঙ্গদেবীসুদেব্যোরেকতরা ভবিষ্যতি ॥

অহং,—অনয়োরেকতরাপি ন ॥

বিশাখা,—আঃ! নিষ্কৃতিকারিণী ললিতৈব ভবিষ্যতি ॥

ততোঽহং,—বিশাখে। ইয়মপি ন ॥

বিশাখা,—ইয়মপি ন এষাপি ন অসাবপি ন তৎ কিং ইতোঽন্তর্হিতা ॥

ততোঽহং,—ধূর্ত্তে! ত্বমেব তাং জানাসি স্মৃত্বা পশ্য ॥

ললিতা,—হা হা সখি বিশাখে! তাং প্রকাশ্য বিকলস্যাস্য কার্য্যসিদ্ধিং দ্রুতমাপাদয়(১) ॥

---

অনন্তর আমি বলিলাম,- না, না।

বিশাখা কহিল। তবে কি শ্রেষ্ঠা?

আমি কহিলাম। না, না, জ্যেষ্ঠাও নয়।

সুবল কহিতে লাগিল, তবে রঙ্গদেবী বা সুদেবীর মধ্যে একজন হইবে।

আমি বলিলাম,—ইহাদের মধ্যে একজনও নয়।

বিশাখা কহিল। হাঁ তবে নিষ্কৃতি কারিণী ললিতাই হইবে।

তৎপর আমি বলিলাম,—বিশাখে! এই ললিতাও নয়।

বিশাখা কহিল। এও নয়, ও-ও নয়, অমুক'ও নয়, তবে কি এখান হইতে সে অন্তর্হিতা হইয়াছে।

অনন্তর আমি কহিলাম,—ধূর্ত্তে! তুমিই একমাত্র তাহাকে জান, স্মরণ করিয়া দেখ।

ললিতা কহিল। হায়, হায়, সখি বিশাখে! তাহাকে প্রকাশ করিয়া

---

১। প্রাপয়।

বিশাখা স্মৃতিমভিনীয়,—ললিতে। যা ময়া স্মর্যতে সা দেবীমানুষ্যোরেকতরাপি ন স্যাৎ॥

নান্দীমুখী,—গোষ্ঠমধ্যে দেবীং মানুষীং বা বিনা কা পুনরিতরা?

বিশাখা,—সা খলু শঙ্খিনী॥

ললিতা কা তাবৎ সা?

বিশাখা স্মিত্বাহ,—সা দুর্ম্মুখী পদ্মা যয়াস্য ব্যলীকং কৃতমস্তি॥

তুঙ্গবিদ্যা,—সখি বিশাখে! সা শঙ্খিনীতি সংকথ্য কথং কলুষমুৎপাদয়সি? এষা খলু বহুতিথং কাত্যায়নীদেব্যা বহুতরসেবাপ্রসাদতঃ সাক্ষাৎকাত্যায়নীব বৃতাস্তি॥

---

বিকলহৃদয় অর্থাৎ চঞ্চল চিত্ত এই নাগরের কার্যসিদ্ধি অবিলম্বে সম্পাদন করাও।

বিশাখা বলিল। স্মৃতিব্যাপার অভিনয় করাইয়া কহিল ললিতে! আমার যাহাকে স্মরণ হইতেছে সে দেবী বা মানবীর মধ্যে একজনও নয়।

নান্দীমুখী কহিল। এই গোষ্ঠমধ্যে দেবী বা মানুষী ব্যতিরেক পুনঃ ইতর ব্যক্তি কে আছে?

বিশাখা কহিল। সে নিশ্চয় শঙ্খিনী।

ললিতা। সেই বা কে?

বিশাখা ঈষদ্ধাস্য করিয়া কহিল,—সেই দুর্ম্মুখী পদ্মা অপ্রিয়কার্য্য অনুষ্ঠান হইয়াছে।

তুঙ্গবিদ্যা কহিল। সখি বিশাখে! "সে শঙ্খিনী" এইরূপ বলিয়া কলুষ (অধর্ম্ম) উৎপাদন করিতেছে কেন? যেহেতু সে বহুবার কাত্যায়নীদেবীর বহুতর সেবায় নিরত থাকায় তৎপ্রসাদে সাক্ষাৎ কাত্যায়নীর ন্যায়, আচ্ছাদিত হইয়া বিরাজ করিতেছে।

তচ্ছ্রুত্বা মধুমঙ্গলাদিষু হসৎসু ময়োক্তং,—বিশাখে! তল্লজ্জয়া যদি ত্বমন্যতঃ ক্ষিপসি তদাহমেব কথয়ে॥

বিশাখা,—কথয় কথয়॥

ততো ময়োক্তং,—সা চর্চ্চিকাদেবী ত্বমেব

ততঃ সা সর্ব্বাঃ স্ময়মানাঃ বিলোক্য সকম্পাধরমাহ,—অয়ে চঞ্চল! বঞ্চক! গোপনিষ্ঠুর! কংসাসুরসেবকদুষ্টকালিঙ্গমল্ল(১)-গৃহিণী-হারিদ্ররাগচর্চ্চিতসর্ব্বাঙ্গ! বৈদগ্ধ্যসংখণ্ড!(২) চাতুর্য্য-শচ্চন্দ্র(৩)বিরহিত তদ্ধৃতস্নেহলুব্ধ(খণ্ড)তৎকেলিকোলিকানন-চর! অযুক্ত(৪)পদ্মাশঙ্খিনীপরিবৃঢ়! অবৈদগ্ধ্যরঙ্গমিলিতপঞ্চ-

---

তাহা শুনিয়া মধুমঙ্গলাদি সকলে হাস্য করিতে থাকিলে, আমি কহিলাম, বিশাখে! তৎকার্য্যে লজ্জাবশতঃ যদি তুমি অন্য প্রতি আরোপ করিতে ইচ্ছা কর, তাহা হইলে আমিই এস্থানে প্রকাশ করিয়া বলি।

বিশাখা বলিল। বল, বল।

অনন্তর আমি কহিলাম। তুমিই সেই চর্চ্চিকাদেবী।

অনন্তর সমস্ত গোপীগণকে হাস্য করিতে দেখিয়া সকম্পাধরে বিশাখা কহিতে লাগিল, অরে! চঞ্চল! বঞ্চক! হে গোপনিষ্ঠুর! হে কংসাসুর-সেবক-দুষ্টগোবর্দ্ধনমল্ল-গৃহিণীর হরিদ্রারাগে চর্চ্চিত (বিভূষিত) সর্ব্বাঙ্গ! হে বৈদগ্ধ্য(১)-বিষয়ে সংখণ্ড (ইক্ষুগুড়) স্বরূপ! হে চাতুর্য্য সাচন্দ্র (কর্পূর) বিরহিত হওয়ায় তাহার অধৃত স্নেহলুব্ধ নিবন্ধন তৎকেলি কোলি (কুল বা বদরী) কানন চারিন্! হে অযোগ্য শঙ্খিনী পদ্মা পরিবৃঢ়! (স্বামিন্), হে অবৈদগ্ধ্য (২)

---

১। গোবর্দ্ধনমল্লঃ। ২। শর্করা। ৩। কর্পূর। ৪। অযোগ্য।

---

১। পাণ্ডিত্য।

২। শোভাবিহীন বা পটুতাবিহীন।

১৪

বাণরসব্যাপারিমহাধূর্তবণিগ্বর! এতদ্ধাষ্ট্যজম্বুলগুড়হট্টং তত্রৈব শাখোটবনে গত্বা প্রসারয় ইতো দ্রুতমপগর ইতি শ্রুত্বা রাধা অনুচ্চৈঃ সশ্লাঘমাহ,—প্রিয়সখি বিশাখে! বিজয়িনী ভব যন্মন্মানসগতসম্বোধনোক্ত্যা মাং সুখয়ন্ত্যসি॥

রঙ্গদেবী,—সখি বিশাখে! ত্বং কথং কুপ্যসীত্যুক্ত্বা সখি ললিতে! শাখোটবনীং মাধবীচতুঃশালিকাত্বেন, মানসগঙ্গাতটোষরপ্রদেশং মাল্যহরণসরস্তীরমন্দারোদ্যানত্বেন, পদ্মাশঙ্খিনীমুখোচ্ছিষ্টঞ্চ প্রিয়সখীবিশাখাধরামৃতত্বেন, নিরূপ্য স্বমুখেনৈব সানুতাপং স্বদুরিতমশেষমনেন বিদগ্ধধূর্তেন স্বকদর্য্যকার্য্য-

---

রঙ্গে(১) মিলিত (প্রাপ্ত) অনঙ্গরস-ব্যবসায়ি মহাধূর্ত বণিগ্বর! এই ধৃষ্টতারূপ জম্বুল(২) ও গুড়ের হট্ট, সেই শাখোট-বনে(৩) যাইয়া বিস্তার কর, শীঘ্রই এখান হইতে চলিয়া যাও; এইরূপ শ্রবণ করিয়া শ্রীরাধা মৃদুমন্দ স্বরে প্রশংসার সহিত কহিতে লাগিল,—প্রিয়সখি! বিশাখে! তুমি বিজয়িনী হও, যে হেতু মদীয় মনোগত সম্বোধনোক্তি দ্বারা আমাকে সন্তোষিত করিলে।

রঙ্গদেবী কহিল। সখি বিশাখে! তুমি কেন ক্রোধ করিতেছ? এই বলিয়া সখি ললিতে! শাখোট বনকে মাধবীচতুঃশালিকাত্ব রূপে ও মানসগঙ্গা তটস্থ উষর (ক্ষারভূমী) প্রদেশকে মাল্যহরণ সরস্তীরস্থ মন্দারোদ্যানত্বরূপে এবং শঙ্খিনী পদ্মার মুখোচ্ছিষ্টকে প্রিয়সখী বিশাখার অধরামৃতত্বে নিরূপণ করিয়া স্বকদর্য্য কার্য্য প্রকটন জন্য লজ্জায় স্ব মুখেই অনুতাপসহ অশেষ স্বীয় পাপরাশি জন্মাইবে বলিয়া, এই বিদগ্ধধূর্ত অর্থোথ ব্যঙ্গ বৃত্তিদ্বারা

---

১। নাট্যশালায়।

২। লেবু বা চিপিটক।

৩। শাঁওরা বনে।

প্রকটনকনিমগ্নগাপলজ্জয়া অর্থোপখব্যঙ্গেনৈব ত্বয়ি নিবেদিতং, তদুপদিশাস্য প্রায়শ্চিত্তং॥ (ইতি ক্রুদ্ধা)

ললিতা বিহস্য,—আর্য্য মধুমঙ্গল! সখে সুবল! সন্নিধায় শ্রূয়তাং প্রায়শ্চিত্তং॥

চিত্রা,—সখি ললিতে!

"সম্পত্তৌ বিদ্যমানায়াং প্রায়শ্চিত্তং চতুর্গুণং।

ততোঽপি রাজপুত্রাণাং নিষ্কৃতিঃ ষড়্গুণা মতা" ইতি স্মৃতিবাক্যং স্মৃত্বৈব প্রায়শ্চিত্তমাদিশ্যতাং॥

ললিতা,—মুগ্ধে! "ততোঽপি রাজপুত্রাণাং নিষ্কৃতিঃ স্যাদ্দ্বিষড়্গুণা" ইতি পাঠঃ সংহিতাসম্মতো ময়া জ্ঞায়তে, ষড়্গুণেতি কথং ভণ্যতে॥

চিত্রা,—এতচ্ছাস্ত্রবিজ্ঞয়া ত্বয়া যজ্জ্ঞায়তে তদেব সত্যং, কিন্তু গোবর্দ্ধনোদ্ধরণ-দাবাগ্নিবিমোচন-শঙ্খচূড়াদি-মর্দ্দনাদিভিঃ

---

তোমাকে আরোপ করিতেছে, অতএব ইহার প্রায়শ্চিত্ত বিষয় উপদেশ বিধান কর।

ললিতা হাস্য করিয়া কহিল,—হে আর্য্য! মধুমঙ্গল! সখে! সুবল! সন্নিকটবর্ত্তী হইয়া ইহার প্রায়শ্চিত্ত শ্রবণ কর।

চিত্রা কহিল,—সখি ললিতে! "সম্পত্তি বিদ্যমান থাকিলে চতুর্গুণ প্রায়শ্চিত্ত বিধি, তদপেক্ষা রাজপুত্রদিগের নিষ্কৃতি বিষয়ে ষড়্গুণ বিধেয়," এই স্মৃতিবাক্য স্মরণ করিয়া প্রায়শ্চিত্তের ব্যবস্থা কর।

ললিতা। মুগ্ধে! "তাহা হইতেও রাজপুত্রদিগের দ্বিষড়্গুণ বিধানে নিষ্কৃতি হইয়া থাকে" এই পাঠ সংহিতা সম্মত ইহা আমি জানি। তুমি "ষড়্গুণ বিধেয়" এইরূপ পাঠ কি রকমে বলিলে?

চিত্রা। এই শাস্ত্রে অভিজ্ঞা তুমি যাহা অবগত আছ তাহাই সত্য। কিন্তু গোবর্দ্ধনধারণ, দাবাগ্নি বিমোচন ও শঙ্খচূড় প্রভৃতির মর্দ্দনাদি কএক

কতিধানেন যুবরাজেন বয়ং ন রক্ষিতাঃ স্ম ? তস্মাদিদানীন্তন-তৎকৃতবহুতরবৈগুণ্যমবিগণয্য কৃপয়া ষড় গুণেনৈব নিরূপ্যতাং ॥

ললিতা,—ভদ্রং ত্বৎকথিতমেবেদমনুষ্ঠীয়তে(১)। আদৌ পাপমোচনে স্নাত্বা তথা মানসগঙ্গায়াং ত্রিদিনানি(২) স্নাতঃ সন্নেকবিংশতিদিনানি মল্লীভৃঙ্গ্যোরধরপক্বামৃতপানেন প্রথমং মুখদোষমুৎসারয়তু(৩), পশ্চাদ্দ্বিষড় গুণা নিষ্কৃতিঃ করণীয়া ॥

ইতি শ্রবণেন কপটকোপবিকটো মধুমঙ্গলঃ প্রাহ,—ললিতিকে! সদ্ধর্ম্মসেতুব্রজেন্দ্রয়োরেতন্মাত্রপুত্রস্য তথাস্মদ্বিধ-বয়স্যবর্গাণাং সকলগোকুলবাসিনামপ্যেকজীবাতোরস্য চেটিকা-পুলিন্দীজুষ্টভক্ষণেন* জাতিধ্বংসঃ কর্তুমারব্ধো ভবতীভিস্তদহ-

প্রকার বিষয়ে এই যুবরাজ কর্তৃক কি আমরা রক্ষিত হই নাই ? সেই হেতু ইদানীন্তন বহুতর বৈগুণ্য গণনা না করিয়া কৃপাপূর্ব্বক ষড় গুণই নিরূপণ কর।

ললিতা বলিল। ভাল, তোমার কথিত বাক্যানুসারে এইরূপই বিধান করিতেছি। পাপ মোচন বিষয়ে প্রথমে স্নান করিয়া পরে মানসগঙ্গায় দিনত্রয় ব্যাপি স্নাত হইয়া একবিংশতিদিন পর্য্যন্ত মল্লী ও ভৃঙ্গীর অধরপক্বামৃত পানদ্বারা প্রথমে মুখদোষ অপনয়ন করুক পশ্চাৎ দ্বিষড় গুণা নিষ্কৃতির ব্যবস্থা হইবে।

ইহা শুনিয়া ছলকোপে কোপিত হইয়া মধুমঙ্গল কহিল, ললিতিকে! সদ্ধর্ম্মের সেতু স্বরূপ ব্রজেন্দ্র ও তন্মহিষীর একমাত্র পুত্র, তথা আমাদিগের ন্যায় বয়স্যবর্গের ও সকল গোকুলবাসিগণেরও জীবনৌষধি স্বরূপ, পরন্তু তোমরা চেটিকা(১) ও পুলিন্দী(২) সেবিত উচ্ছিষ্ট ভক্ষণ দ্বারা ইহার জাতিধ্বংস করিতে

১। বিধীয়তে। ২। ব্যাপ্য। ৩। দূরীকরোতু।

* পুলিন্দীমুখোচ্ছিষ্টভক্ষণেন ইতি পাঠান্তরং।

১। দাসী। ২। ম্লেচ্ছজাতীয়া নারী।

মতিদ্রুতং গত্বা বৃত্তান্তমেতৎ(১) সবিশেষমাশ্রাব্য(২) এতৎপিতরাবানীয় এতৎসঙ্কটাদমুং মোচয়ন্ সৌহৃদং বিস্তারয়িষ্যামীতি নিগদ্য ফুৎকৃত্য দ্রুতং গচ্ছন্তং মধুমঙ্গলং সুবলঃ করে গৃহীত্বা বলাদিব নিবর্ত্তয়ামাস ॥

ললিতা.—অনার্য্য(৩) বটো ! অস্মৎপ্রিয়সখীপ্রণয়িসখ্যো-রনয়োঃ(৪)মাহাত্ম্যবিজ্ঞানে ত্বমনভিজ্ঞোঽসি ; তন্নান্দীমুখী-মুখাদেতচ্ছ্রূয়তাং ॥

নান্দীমুখী.—ভ্রাতর্ম্মধুমঙ্গল !—

"গোবর্দ্ধনগিরৌ রম্যে রাধাকুণ্ডং প্রিয়ং হরেঃ ।

---

আরম্ভ করিয়াছ, অতএব আমি অতি শীঘ্র যাইয়া এই বৃত্তান্ত সবিশেষ শ্রবণ করাইয়া ইহার জনক ও জননীকে এইস্থানে আনয়ন করতঃ এই সঙ্কট হইতে ইহাকে মোচন করিয়া সৌহার্দ্দ বিস্তার করিব, এই বলিয়া মধুমঙ্গল ফুৎকার অর্থাৎ ফুস্ ফুস্ করিতে করিতে দ্রুত গমনে উদ্যত হইলে সুবল হস্ত ধারণ করিয়া বলপূর্ব্বকই যেন তাহাকে নিবর্ত্তিত করিল।

ললিতা। হে অনার্য্য (অভদ্র! বা সৎকুল জাত!) বটো! আমাদিগের প্রিয়সখী রাধার প্রণয়িণী সখী ও ভৃঙ্গীনাম্নী সখিদ্বয়ের মাহাত্ম্য বিজ্ঞানে তুমি অনভিজ্ঞ। সেই হেতু তুমি তোমার নান্দীমুখীর মুখে এই মাহাত্ম্য শ্রবণ কর।

নান্দীমুখী। ভ্রাতঃ মধুমঙ্গল!

গোবর্দ্ধন নামে গিরি অতি শোভাময়।
কৃষ্ণপ্রিয় রাধাকুণ্ড সেইখানে হয় ॥

---

১। বৃত্তান্তমেতং। ২। শ্রাবয়িত্বা। ৩। অসাধো।
৪। রাধায়াঃ প্রণয়িসখ্যোঃ সন্ধীভৃঙ্গ্যোঃ।

যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা ॥

তথা—বৈকুণ্ঠাজ্জনিতো(১) বরা মধুপুরী তত্রাপি রাসোৎসবাৎ,
বৃন্দারণ্যমুদারপাণিরমণাত্তত্রাপি গোবর্দ্ধনঃ।
রাধাকুণ্ডমিহাপি গোকুলপতেঃ প্রেমামৃতাপ্লাবনাৎ,
কুর্য্যাদস্য(২) বিরাজতো গিরিতটে সেবাং বিবেকী ন কঃ ॥

ইত্যাদ্যনুসারেণ শ্রীভগবতী-গুরুশ্রীদেবর্ষিপ্রভৃতিমহামহা-মুনীন্দ্রগণৈর্ব্বর্ণিতমহামহিম্নঃ শ্রীগোবর্দ্ধনোপরিবিরাজমানস্য রাধাকুণ্ডস্য দক্ষিণতটে গিরিদরীবাসিন্যোঃ "পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়" ইত্যাদি শ্রীশুকদেববর্ণিতমহাসৌভাগ্যভরয়োঃ পুলিন্দ-রাজসুতয়োরনয়ো(৩)রধরগলিতপরমপাবনপাকামৃতমেতৎস্ফুরিত-

শ্রীকৃষ্ণের প্রিয়তমা রাধিকা যেমন।
তারকুণ্ড প্রিয়তম কৃষ্ণের তেমন ॥

এবং বৈকুণ্ঠ অপেক্ষা শ্রেষ্ঠতরা মধুপুরী, তাহা হইলেও রাসোৎসবনিবন্ধন আনন্দ হেতু নিত্যরমণ হেতু বৃন্দাবন অতীব শ্রেষ্ঠতর। তাহাতে গোবর্দ্ধন পর্ব্বত বিদ্যমান আছে, এই গোবর্দ্ধন শৈলেও গোকুলপতির প্রেমামৃত প্লাবন জন্য অদ্যাপি শ্রীরাধাকুণ্ড বিরাজমান, অতএব গোবর্দ্ধনগিরিতটে বিরাজমান এই রাধাকুণ্ডের সেবা কোন্ বিবেকীব্যক্তি না করিবে? (অর্থাৎ বিবেকিজন মাত্রেই এই শ্রীরাধাকুণ্ডের সেবা করিবে)। ইত্যাদ্যনুসারে শ্রীভগবতীর গুরু শ্রীদেবর্ষি প্রভৃতি মহা মহা মুনীন্দ্রগণ কর্ত্তৃক বর্ণিত মহা-মহিম শ্রীগোবর্দ্ধনোপরি বিরাজমান শ্রীরাধাকুণ্ডের দক্ষিণ তটে গিরিকন্দর বাসিনী ও পূর্ণা, পুলিন্দ্য, উরুগায়া, ইত্যাদিরূপে শ্রীশুকদেব কর্ত্তৃক বর্ণিত মহা সৌভাগ্যভরা, ঈদৃশী পুলিন্দরাজ কন্যাদ্বয় মল্লী ও ভৃঙ্গীর অধর গলিত

১। বৈকুণ্ঠস্য শ্রীকৃষ্ণস্য আজনিতঃ আবির্ভাবাৎ। ২। কুণ্ডস্য।
৩। মল্লীভৃঙ্গ্যোঃ।

নাশকং কিং ন স্যাৎ? অন্যচ্চ শ্রূয়তাং,—ব্রজনবীনযুবদ্বন্দ্ব-রত্নং প্রতি বিশাখাদিদ্বারা ক্বচিৎ স্বয়ং বা লজ্জামভিনীয় মৃদু ভাবিতবিবিচ্যমাননর্ম্মকলাকলাপ(১)জনিতপরমানন্দবিশেষলাভায় তথা স্বাভিলষিতপরিচরণবিশেষলাভায় চ রঙ্গণমালাপ্রভৃতয় এতাঃ পরমপ্রণয়িসখ্যোঽপি পরিচারিকা ইব ব্যবহরন্তি॥

এতদবসর এব নেত্রকূণনেন গোষ্ঠীমধ্যাৎ তুলসীমাহূয় বন্ধুরাতিবন্ধুর(২)সুগন্ধিগন্ধফলী(৩)সদৃক্ষদক্ষিণকর-কনিষ্ঠাঙ্গুলি-শিখরাকৃষ্টস্বসীমন্তসিন্দূর-রসপ্রকটিততৎসৌরভপ্রসররূপস্বরূপ-লিপিপ্রচয়েনাতিসুবাসিতীকৃতকনককেতকীকুসুমদলস্থিতবর্ণদূত(৪)

---

পরমপাবন পঞ্চামৃত কি দুরিতনাশক হইবে না? অন্য আরও বলি শুন; ব্রজের নবীন যুবদ্বন্দ্বরত্নের প্রতি বিশাখাদিদ্বারা কখন বা স্বয়ং লজ্জার অভিনয় করিয়া মৃদুমন্দ ভাবিত বিবিচ্যমান শৃঙ্গারভাবজ পরিহাসকলা সমূহ জনিত পরমানন্দ বিশেষ লাভের নিমিত্ত এবং স্বীয়াভিলষিত পরিচরণ* বিশেষ লাভজন্য এই রঙ্গণমালা প্রভৃতি গোপীগণ পরম প্রণয়িসখী হইলেও পরিচারিকার ন্যায় ব্যবহার করিতেছে।

এই অবসরেই নেত্রভঙ্গীদ্বারা সভামধ্য হইতে তুলসীকে আহ্বান করিয়া সুন্দর হইতে অধিক সুন্দরতর সুগন্ধ গন্ধফলীসদৃশ অর্থাৎ চম্পকপুষ্প সদৃশ দক্ষিণকরের কনিষ্ঠাঙ্গুলিদ্বারা মস্তক হইতে স্বসীমন্ত সিন্দূর রস গ্রহণকরতঃ প্রকটিত সেই সিন্দূরের সৌরভ প্রসবরূপ স্বাভিমত লিপি প্রচয়দ্বারা অতিশয় সুবাসিত করিয়া কনকবৎ কেতকী কুসুমদলভূত বর্ণদূত (লিপিবদ্ধ

---

১। সমূহ। ২। সুন্দর। ৩। চম্পকপুষ্পসাদৃশ।

৪। অক্ষরদূতলিখনং।

*। সেবা।

ততঃ কৃতানুতাপলক্ষাণাং সুকুমারশরীরিণাং স্নিগ্ধানাং নিষ্কৃতিঃ সম্যক্কৃতন্ত্রেণৈব বিধীয়তে(১) ইত্যুজ্জ্বলসংহিতা-বচনমনুস্মৃত্যৈব(২) ললিতয়া যৎপঞ্চামৃতপানরূপং প্রায়শ্চিত্তং কেবলমুখশোধনায় পৃথগ্ বিহিতমস্তি; তদেব মুখশোধনায় বিবিধদূরিতনাশায় চ তন্ত্রেণ(৩) বিধায়াস্মিন্ নির্দ্দোষে বিহিতে(৪) মম মহত্যেব নির্বৃতির্জায়তে(৫) ইত্যলমতি-বিস্তরেণ॥

ইহৈব প্রাণপ্রতিম(৬)প্রণয়িসখ্যো মল্লীভৃঙ্গ্যো প্রতি সপ্রণয়পরিষঙ্গসঞ্চারঃ কার্য্যশ্চ॥

---

এতাদৃশ জনের এই রূপ কঠোর প্রায়শ্চিত্ত শ্রবণে আমার হৃদয় নবনীতবৎ দ্রব হইতেছে।

তৎপর সুকুমার-দেহধারি স্নিগ্ধ অর্থাৎ স্নেহযুক্ত বা বয়স্তবর্গ যদি কৃতপাপ অপনোদনার্থ অনুতাপ করে, তাহা হইলে তাহাদের নিষ্কৃতি ( পরিত্রাণোপায় ) তন্ত্র ( উভয় কার্য্যার্থ সকৃৎ প্রবৃত্ত হেতু ) দ্বারাই বিধান হইয়াথাকে এই উজ্জ্বল সংহিতার বচন বিস্মৃত হইয়াই ললিতা কেবল ইহার মুখশুদ্ধির নিমিত্ত পৃথক্রূপে পঞ্চামৃত পানরূপ প্রায়শ্চিত্ত বিধান করিয়াছে অতএব ইহার মুখ শোধনার্থ ও বিবিধ পাপ নাশের নিমিত্ত তন্ত্রদ্বারা: ( উভয় কার্য্যার্থ সকৃৎ প্রবৃত্ত দ্বারা ) ইহাকে নির্দ্দোষী করিলে আমার বড়ই আনন্দ হয় অধিক লিখা বাহুল্য ইতি!

এবং এইখানেই মদীয় প্রাণতুল্য প্রণয়িণী মল্লীও ভৃঙ্গী সখীদ্বয়ের প্রতি সপ্রণয় আলিঙ্গন বিস্তার করিবে।

---

১। প্রযুজ্যতে ইতি পাঠান্তরং।

২। বচনমস্মৃত্বৈব ইতি পাঠো বহুত্র দৃশ্যতে।

৩। উভয়মুদ্দিশ্য সকৃৎপ্রবৃত্তিস্তন্ত্রতা।

৪। কৃতে। ৫। আহ্লাদো জায়তে।

৬। তুল্য।

রাজপুত্রোঽয়ং পরমপবিত্রো মহাবিলাসী চ, তন্নিজচরণ-কমলঘাতেন কঙ্কেল্লিলতিকাং(১) পুষ্পিতীকৃত্য তন্মকরন্দ-প্রস্যন্দগণ্ডুষৈশ্চতুর্বিংশত্যা স্বমুখং বিশেষেণ প্রক্ষাল্য স্মিত-কর্পূরবাসিতমধরপক্বামৃতং বিধায় প্রেম্ণা শনৈঃ শনৈস্তথা পায়য়িতব্যং(২) যথাস্য সুকুমারস্য দুরিতং দ্রুতমপযাতি পরমসুখমপি নিষ্পাদ্যত ইতি ॥

ইতি নিশম্য সান্তরানন্দং রাধা-নিকুঞ্জমবলোকয়তি ময়ি স্মিত্বা ললিতা প্রাহ,—যদ্যপি কৃতানুতাপলক্ষণামিত্যাদি-সামান্যবচনান্তরং "সম্পত্তৌ বিদ্যমানায়াং প্রায়শ্চিত্তং চতুর্গুণং। তত্রাপি রাজপুত্রাণাং নিষ্কৃতিঃ স্যাদ্দ্বিষড়্গুণে"তি-

বিশেষতঃ এই রাজনন্দন, পরমপবিত্র ও মহাবিলাসী অতএব ইহারা স্বীয়চরণ কমলাঘাতে অশোক লতিকা পুষ্পিত করিয়া তাহা হইতে ক্ষরিত মকরন্দের চতুর্ব্বিংশতি* গণ্ডুষ দ্বারা বিশেষরূপে স্ববদন প্রক্ষালন করিয়া সস্মিত ও কর্পূরবাসিত অধরে পক্বামৃত বিধান পূর্ব্বক প্রেমভরে ও মৃদু মৃদু ভাবে ইহাকে এমত ভাবে তাহা পান করাইবে যে রূপে এই সুকুমারের পাপ অবিলম্বে নিদূরিত হয় এবং পরম সুখ ও নিষ্পন্ন হয়।

ইহা শ্রবণ করিয়া আমি হর্ষান্বিতমনে শ্রীরাধার নিকুঞ্জের প্রতি অবলোকন করিতে লাগিলে তাহা দেখিয়া ললিতা হাস্য করিয়া বলিল,—যদ্যপি পাপকারীর পাপজন্য অনুতাপেই পাপক্ষয় হয় ইত্যাদি সামান্য বচনান্তর আছে। এবং সম্পত্তি বিদ্যমান থাকিলে প্রায়শ্চিত্ত চতুর্গুণ হয়। বিশেষতঃ রাজপুত্রদিগের দ্বাদশ-

১। অশোকবৃক্ষ-লতিকাং।

২। তাভ্যাং।

* প্রত্যেকেরদ্বাদশ গণ্ডুষ বিধানে চতুর্ব্বিংশতি বলা হইয়াছে।

বিশেষবচনেন সামান্যবিশেষয়োর্বিশেষবিধির্বলবানিতি ন্যায়েনাস্য দ্বিষড়্গুণমেব প্রায়শ্চিত্তং যুক্তমেব পৃথক্ পৃথক্ নিরূপিতমস্তি তথাপ্যা''জ্ঞা গুরূণাং হ্যবিচারণীয়ে''তি তদাজ্ঞাং শিরসি নিধায় তন্ত্রেণৈব কারয়িতব্যমিতি (১)॥

ততঃ ''শিষ্যে বিদ্যা গরীয়সী''তি ময়োক্তে ললিতা সাকূত-মাহ,—নান্দীমুখি! সৌন্দর্য্যরসভরেণাপ্যায়িতনিখিলগোকুল-জননয়নারবিন্দাং পররাসস্থলী(২)বিহারিণীং পরমরসতরঙ্গিণীং রঙ্গিণীসহচরীং(৩) হরিণীমেতাং পরিহায় বাঢ়ময়মবিদগ্ধকৃষ্ণ-

গুণ প্রায়শ্চিত্ত এই বিশেষ বচনে—"সামান্য ও বিশেষের মধ্যে বিশেষ বিধিবলবান্" এই ন্যায়বাক্যে ইহার প্রায়শ্চিত্ত দ্বিষড়্গুণই উপযুক্ত বিধায় মৎকর্ত্তৃক পৃথক্ পৃথক্ রূপে নিরূপিত হইয়াছে। তথাপি গুরুজনের আজ্ঞা অসঙ্গত হইলেও বিচার করিতে নাই অতএব তাঁহার আজ্ঞা মাথায় ধারণ করিয়া তন্ত্র দ্বারাই ইহার প্রায়শ্চিত্ত করাইব।

অনন্তর "গুরু হইতেও শিষ্যে বিদ্যা গরীয়সী" এই কথা আমি বলিলে ললিতা স্বমনোগত ভাব প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিল,—নান্দীমুখি! যিনি স্বীয় সৌন্দর্য্য রসভরে নিখিল গোকুলবাসির নয়ন কমলের পরিতৃপ্তি করিতেছেন এবং যিনি পরাশলী নামক সুপ্রসিদ্ধ স্থানে বিহার করেন ও যিনি পরমরসতরঙ্গিণী রঙ্গিণী সহচরী* এই হরিণীকে† পরিত্যাগ করিয়া এই অবিদগ্ধ‡

১। প্রায়শ্চিত্তমিতিশেষঃ। ২। পারাশলীতি খ্যাতিঃ।
৩। রঙ্গমস্তীতি সা এব সহচরী যস্যাঃ তাং। পক্ষে রাধাং।

* রঙ্গিণী—রঙ্গবতী সেই রঙ্গবতী সহচরী অর্থাৎ ভাবভঙ্গীই যাহার সহচরী। রাধাপক্ষে রঙ্গবতীনাম্নী গোপী যাঁহার সহচরী।

† হরিণী—মৃগী, রাধাপক্ষে তরুণী—পদ্মিনী।

‡ মূর্খ বা অরসিক।

সারযুবা সখীস্থল্যুপশল্যে১ তস্থাস্তব্যশৈব্যাসহচরীমৃগতৃষ্ণিকাং মুহুর্মুহুর্দ্ধাবতি, তথা গান্ধর্ব্বা-সরোবরনিকুঞ্জাঙ্গনে সৌরভ-প্রসরপরিবাসিতসকলদিশাং বিদিশাং চম্পকলতাসখীং কাঞ্চন-যূথিকামপহায়(২) গোবর্দ্ধনমল্লগৃহকোণস্থাং নির্গন্ধপুষ্পবতীং কুষ্মাণ্ডলতাং তন্নিকটস্থনীরসোষরস্থলপদ্মাঞ্চ তৎসহচরীং চঞ্চলোহয়মবিদগ্ধভ্রমরঃ পুনঃ পুনরুড্ডীয়োড্ডীয়ানুসরতি তদে-তদালম্বনাবৈদগ্ধ্যরূপবৈরূপ্যেণ বৃন্দাবনমহেশ্বরীসহচরীমধুরা

যুবক কৃষ্ণসার (মৃগ শ্লেষে কৃষ্ণ) সখীস্থলীর উপশল্যবাসিনী শৈব্যা সহচরী রূপা মৃগতৃষ্ণিকায় মুহুঃ ২ ধাবিত হইতেছে। এবং যাহার সর্ব্বদিক্ সৌরভচয়ে পরিবাসিত এতাদৃশ রাধাকুণ্ডের নিকুঞ্জভবনে চম্পকলতা সখী* কাঞ্চন যূথিকাকে † পরিত্যাগ করিয়া গোবর্দ্ধন মল্লের গৃহকোণস্থ নির্গন্ধ পুষ্পবতী কুষ্মাণ্ডলতাকে (শ্লেষে চন্দ্রাবলীকে) ও তন্নিকটস্থ তাহার সহচরী নীরস উষর ভূমির তুল্য পদ্মার প্রতি এই চঞ্চল অবিদগ্ধ ‡ ভ্রমর পুনঃ পুনঃ উড্ডীয়মান হইয়া অনুসরণ করিতেছে। এই নিমিত্ত এই আলম্বনের § অবৈদগ্ধ্য রূপ ¶ বিরূপতা দ্বারা বৃন্দাবনেশ্বরীর সহচরী রূপা মধুরারতি বাহিক অপ্রসন্না হইয়া এই শৃঙ্গার রসের পুষ্ট

১। সখীস্থল্যুপসদ্মে ইতি পাঠান্তরং।

২। কাঞ্চনযূথিকাং পরিত্যজ্য ইতি পাঠান্তরং।

* চম্পকলতা রূপা সখী শ্লেষে চম্পকলতার সখী।

† কাঞ্চন—যুই ফুল পক্ষে কাঞ্চনযূথিকা নাম্নী

‡ অনভিজ্ঞ পক্ষে অরসজ্ঞ।

§ যাহাকে অবলম্বন করিয়া রস হয়।

¶ অনভিজ্ঞতারূপ।

রতির্বহিরপ্রসন্না সতী এতচ্ছ্যামলরসং(১) ন পুষ্ণাতি। তস্মাত্তথৈব(২)মনভিজ্ঞং যুক্তিমাধুরীভিঃ প্রবোধয়; যথা তা(৩)মবিদগ্ধাং রসগন্ধশূন্যাং সর্ব্বদৈব বিহায়ৈনাং বৃন্দাবনমহাদেবীং সর্ব্বতোভাবেনানুসরতি, তর্হি তৎপ্রিয়সখীমধুরা রতিঃ স্বয়মেব পরমোজ্জ্বলা ভবন্তী এতদভীষ্টকামান্ সম্পাদয়িষ্যত্যেব ॥

ইত্যখিলবিলাসরসমাধুরীমাপীয় সত্যভামা ব্যাজহার(৪) প্রাণনাথ! এতদপূর্ব্বরসসাগরে নিমজ্জন্ত্যা মম মনাগপি তৃপ্তেঃ পর্য্যাপ্তির্ন বিদ্যতে ॥

কৃষ্ণঃ—প্রিয়ে! এতদ্গোকুলবিলাসানন্দনিকুটে(৫)

---

সাধন করিতেছে না। অতএব এই অনভিজ্ঞ ভ্রমরকে (শ্লেষে কৃষ্ণকে) যুক্তি মধুরী দ্বারা এমনভাবে বুঝাইবে যেন রসগন্ধহীনা সেই কুষ্মাণ্ডলতা পরিত্যাগ পূর্ব্বক চির দিনের মত এই বৃন্দাবনেশ্বরী মহাদেবীর সর্ব্বতোভাবে অনুগত হয় তাহা হইলে সেই প্রিয়সখীর মধুরা রতি স্বয়ংই পরমোজ্জ্বলা হইয়া ইহার অভীষ্ট কামনা নিশ্চয়ই সম্পাদন করিবে সন্দেহ নাই।

এইরূপ বহুবিধ বিলাস রস মধুরী পান করিয়া সত্যভামা শ্রীকৃষ্ণকে কহিলেন,—প্রাণনাথ! আমি অপূর্ব্ব রসসাগরে নিমগ্না হইলেও আমার কিঞ্চিন্মাত্রও তৃপ্তির পরিসমাপ্তি হইতেছে না।

কৃষ্ণ কহিলেন,—প্রিয়ে! গোকুল বিলাসের সুখময় স্থানে বিহারকারী

---

১। শৃঙ্গাররসং। ২। ভ্রমরং। ৩। কুষ্মাণ্ডলতিকাং।
৪। কথয়ামাস।
৫। ক্রীড়াস্থলে উপবনে ইত্যর্থঃ।

বিহরমাণস্য মম ত্বৎপ্রশ্ন(১) এব মৎপ্রিয়বয়স্যসময়রাজবসন্তো-ল্লাস(২) ইতি তা(৩)মালিঙ্গতি ॥

সত্যভামা সানন্দং ততস্ততঃ ?

কৃষ্ণঃ—ততঃ সুবলঃ সস্মিতমাহ,—প্রিয়বয়স্য! প্রিয়সখী-য়মিন্দুলেখা দুর্দ্দুরূঢ়াৎ(৪) স্বভর্ত্তুর্ভাস্বরাখ্যাদুদ্বিগ্না মামিঙ্গিতেন প্রেরয়তি; তদস্যাঃ মৌক্তিকমূল্যং নির্ণীয় তদ্দত্ত্বা ঝটিতি গৃহকৃত্যায় গন্তুমাজ্ঞাপ্যতাং ॥

ততোঽহং সখে! সত্যং; সত্যং ময্যতীবানুরক্তেয়ং মামপি ত্যক্তুং ন শক্নোতি, ততোঽপি সুষ্ঠু বিভেতীত্যহমপি

মৎসম্বন্ধে, তোমার প্রশ্নই যেন মৎপ্রিয়বয়স্য ঋতুরাজ বসন্তের প্রকাশ হইল এই বলিয়া কৃষ্ণ সত্যভামাকে আলিঙ্গন করিলেন।

তখন সত্যভামা সহর্ষে কহিলেন তার পর তারপর?

কৃষ্ণ বলিলেন,—তার পর সুবল সহাস্যে আমাকে কহিল,—প্রিয়বয়স্য! প্রিয়সখী ইন্দুরেখা অদ্য নাস্তিক ভাস্বরনামক স্বভর্ত্তা হইতে অর্থাৎ ভর্ত্তার তর্জ্জন গর্জ্জনে উদ্বিগ্না হইয়া ইঙ্গিতদ্বারা আমাকে প্রেরণ করিল অতএব বলিতেছি এই যে ইহার (ইন্দুলেখার) মুক্তার মূল্য নির্ণয় করিয়া মুক্তাপ্রদান পূর্ব্বক গৃহকৃত্য সম্পাদনার্থ সত্বর ইহাকে গমনে আজ্ঞা কর।

তৎপর আমি কহিলাম,—সখে সুবল! ঠিক বলিয়াছ এই ইন্দু-রেখা আমাতে বড়ই অনুরক্তা যে হেতু আমাকে পরিত্যাগ করিয়া যাইতে পারি-

১। সত্যভামায়াঃ প্রশ্ন।

২। সময়ানাং গ্রীষ্মাদীনাং ঋতূনাং রাজা পতিঃ যো বসন্তঃ তস্য উল্লাসঃ প্রকাশঃ।

৩। সত্যভামাং। ৪। নাস্তিকাৎ।

জানামি; তদেতন্মৌক্তিকমূল্যং শৃণু.—যথার্থনাম্নীয়ং মদ্বিরহং মসহমানা কায়দ্বয়ং কৃত্বা শ্যামলতরমদ্বক্ষোনভসি শাণিতনখাগ্রেণ রচিতামেকাং স্বমূর্ত্তিং সংরক্ষতু। অহমপ্যসহ্যেতদ্বিরহস্তাবদস্যাঃ(১) বক্ষোজপর্ব্বতোপরি স্ববিদ্যাবলেনার্দ্ধচন্দ্রযুগলীভবন্নুদয়ং করোমি; তদৈষা(২)লব্ধমহারত্নমিব সর্ব্বতো মাং চেলাঞ্চলেনাবৃণোতু, রহসি চ ক্ষণে ক্ষণে সরোমাঞ্চমবলোকয়ন্তী পরমানন্দমাসাদয়তু॥ অথবা মৃগলাঞ্ছনরহিতায়া এতস্যা হৃন্মধ্যে মঞ্জুলকৃষ্ণসারোঽহং ভবামীতি॥

---

তেছে না এবং পতি হইতেও অত্যন্ত ভীতা হইয়াছে ইহা আমি জানিতেছি বটে অতএব ইহার মুক্তার মূল্য শ্রবণ কর,যথার্থনাম্নী* এই ইন্দুরেখা মদ্বিরহ সহনে অসমর্থা বশতঃ কায়া দ্বয় ধারণ করিয়া শ্যামলতর মদীয় হৃদাকাশে শাণিত নখাগ্র দ্বারা নিজের একমূর্ত্তি অঙ্কিত করিয়া রক্ষা করুক। আমিও ইহার বিরহ সহ্য করিতে অপারগ হইয়া ইহার বক্ষঃরূপ পর্ব্বতোপরি স্বীয় বিদ্যাবলে অর্দ্ধচন্দ্র যুগল রূপে উদিত হই তাহা হইলে ইন্দুলেখা লব্ধরত্নবৎ অর্থাৎ নির্দ্ধন ব্যক্তি রত্নলাভ করিয়া যেমন তাহা সযত্নে রক্ষা করে তদ্রূপ আমাকে সর্ব্বতোভাবে বস্ত্রাঞ্চলে আবরণ করুক। এবং অলক্ষিতভাবে ক্ষণে২ রোমাঞ্চিতকলেবরে আমাকে অবলোকন করিয়া পরমানন্দ প্রাপ্ত হউক। অথবা মৃগলাঞ্ছন (মৃগচিহ্ন) বিহীনা এই ইন্দুলেখার হৃদয়মধ্যে আমি পরমসুন্দর কৃষ্ণসার (মৃগ) হইতেছি।

---

১। ইন্দুলেখায়াঃ। ২। ইন্দুলেখা।

---

* উপযুক্তনাম্নী কিম্বা যথা—যেমন, অর্থ—স্বরূপ অর্থাৎ যেমন স্বরূপ তেমন নাম।

ততঃ সকম্পাধরং কুটিলং মামবলোকয়ন্তীমিন্দুলেখা-মালোক্য স্ময়মানা তুঙ্গবিদ্যা প্রাহ,—নাগর! রঙ্গদেবীয়ং যথার্থনাম্নী তদস্যা মৌক্তিকপণঃ(১) প্রণীয়তাং ॥

ততোঽহং—সখি রঙ্গদেবি! রাসমধ্যে তব লাস্যবিলাসো-ল্লাসঃ সন্ততমালোকিতোঽস্তি; তদধুনা নিকুঞ্জমন্দিরাঙ্গনে রহসি তদ্বিশেষমনুভবিতুমভিলষামি, তদেহি স্ববক্ষোজ-কনককুম্ভৌ মদুরসি তথা নর্ত্তয় যথাহমানন্দিতঃ সকলবল্লবী-সমূহমানসনিধিস্বরূপং স্বাধরপীযূষমহাপ্রসাদদানেন ত্বামানন্দয়া-মীতি ॥

তচ্ছ্রুত্বা "অপৈহি ভণ্ডশেখর! অপৈহী"ত্যুক্ত্বা কুটিলং নাস-

অনন্তর ইন্দুলেখাকে সকম্পাধরে ও কুটিলকটাক্ষে আমার প্রতি অবলোকন করিতে দেখিয়া তুঙ্গবিদ্যা হাস্য করিতে ২ কহিতে লাগিল হে নাগর! এই রঙ্গদেবী যথার্থনাম্নী অতএব ইহার মৌক্তিকমূল্য নির্দ্ধারণ কর।

অনন্তর আমি কহিলাম—সখি রঙ্গদেবি! ইতিপূর্ব্বে রাসমণ্ডলীতে নিরন্তর তোমার নৃত্যচাতুর্য্যের উল্লাস দর্শন করিয়াছিলাম। এক্ষণ এই নিভৃত নিকুঞ্জমন্দিরাঙ্গনে সেই নৃত্যবিশেষের অনুভব করিতে অভিলাষ করিতেছি। অতএব সত্বরে আগমন কর এবং স্বীয় বক্ষোজাত কনককুম্ভদ্বয় আমার বক্ষঃস্থলে সেই রূপে নর্ত্তন করাও যেন আমি আনন্দিত হইয়া সকল গোপীগণের নিখিল ধনস্বরূপ মদীয় স্বাধরামৃত মহাপ্রসাদ সমর্পণ করিয়া তোমাকে পরমানন্দিত করিতে পারি।

তখন রঙ্গদেবী আমার ঐ কথা শ্রবণ করিয়া ওরে ভণ্ডশেখর! দূর হও

১। মূল্যঃ।

বলোক্য বিশাখা-পৃষ্ঠান্তরিতায়াং রঙ্গদেব্যাং সুদেবী সস্মিত-মাহ,—রসিকশেখর! বল্লবীকুলভুক্তমুক্তসুজুষ্টমহাপ্রসাদাস্বাদনেনেয়ং(১) ত্বরিতমেব সিদ্ধিমাসাদয়ন্তী স্ফুটমস্মানপি সিদ্ধার্থাঃ কৃতবত্যেব।

সুবলঃ—বয়স্য! সুদেবী স্ব-মৌক্তিকমূল্যং শ্রোতুকামা শ্রীমদ্ভবন্মুখমীক্ষমাণেয়মুৎকণ্ঠতে॥

ততোঽহং—সখে! সুবল! সুদেবীয়মক্ষকেলিদক্ষেতি প্রসিদ্ধা তচ্ছপথমেব দদদস্মি(২) কেনাপি কস্যাপি পক্ষো ন গ্রাহ্যঃ, আবামেব স্ববুদ্ধিবলেন খেলিষ্যাবঃ, তত্র যদ্যহমনয়া সুষ্ঠু জীয়েয়ং

দূর হও বলিয়া কুটিল নয়নে আমার প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক বিশাখার পৃষ্ঠদেশে গমন করিয়া লুক্কায়িত হইলে সুদেবী সহাস্যে কহিল—হে রসিক শেখর! প্রথমতঃ গোপীজন কর্ত্তৃক ভুক্ত, পশ্চাৎ ত্যক্ত ও সুসেবিত মহাপ্রসাদ আস্বাদন দ্বারা এই রঙ্গদেবী অবিলম্বে সিদ্ধা হইয়া আমাদিগকেও নিশ্চয় সিদ্ধা করিবে ইহা স্পষ্টই অনুভব হইতেছে।

তখন সুবল আমাকে কহিল—বয়স্য! এই সুদেবী নিজের মুক্তার মূল্য শুনিবার নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া তোমার শ্রীমুখের প্রতি নেত্রপাত করিয়া রহিয়াছে।

অনন্তর আমি সুবলকে বলিলাম,—সখে সুবল! এই সুদেবী অক্ষক্রীড়া বিষয়ে বিশেষ নিপুণা বলিয়া প্রসিদ্ধা আছে সেই হেতু শপথ প্রদান করিতেছি যে, কেহ কাহার পক্ষ সমর্থন করিবেনা। আমরাই দুই জনে স্বীয় প্রজ্ঞাবলে খেলা করিব তাহাতে যদি আমি ইহা কর্ত্তৃক সুন্দররূপে পরাজিত হই, তবে

১। মহাপ্রসাদদানেনেয়ং ইতি পাঠান্তরং। ইয়ং রঙ্গদেবী।

২। দদামি ইতি পাঠান্তরং।

তর্হি বামেন বক্ষোজেন মদ্বক্ষসি সমাপীড্য মম সর্ব্বস্বভূতমধরং দ্বিঃ পিবতু; যদি বা ময়েয়ং জীয়তে, তদা স্বদক্ষিণকঠিনবক্ষোজং মদ্দক্ষিণকরেণ নিকামং পীড়য়িত্বা দ্বিঃ স্বাধরামৃতমাপায়য়ত্বিতি।

ততঃ সা(১)ভ্রূভঙ্গেন মামবলোকয়ন্তী সাসূয়ং(২) বিশাখামাহ,—অয়ি বিশাখে! সর্ব্বকালমেব নর্ম্মস্বর্ণবিক্রয্যসৌ মহাজনঃ; সাম্প্রতমেব মুক্তামণিব্যাপারমারভ্য ততো বৃদ্ধিমলভমানঃ পুনঃ স্ববৃত্তিমেবারব্ধবানস্তি। ততঃ পরার্দ্ধদ্বিগুণ-

---

তবে ইনি স্বীয় বামকুচ, মদীয়বক্ষে সংস্থাপন করিয়া তদ্দ্বারা আমাকে আপীড়ন পূর্ব্বক আমার সর্ব্বস্ব স্বরূপ মদীয় অধর, দুই বার পান করিবে। আর যদিবা আমিই ইহাকে পরাজয় করিতে পারি তাহা হইলে ইনি আমার দক্ষিণ কর দ্বারা দক্ষিণস্থ স্বীয় কঠিন কুচ, স্বেচ্ছামত মর্দ্দন করাইয়া পরে দুইবার নিজের অধরামৃত পান করাইবে।

অনন্তর অর্থাৎ এইরূপে অক্ষক্রীড়ার পণ নিশ্চিত হইলে সেই সুদেবী ভ্রূভঙ্গ সহকারে মৎপ্রতি অবলোকন পূর্ব্বক অসূয়ার সহিত বিশাখাকে বলিল অয়ি বিশাখে! চিরকালই এই মহাজন পরিহাসরূপ স্বর্ণবিক্রয়ী অর্থাৎ ইনি পরিহাস রূপ সোনার ব্যাপারী ছিলেন পরন্তু উপস্থিত সময়েও মুক্তামণির ব্যবসায় আরম্ভ করিয়া তাহাতে বৃদ্ধি অর্থাৎ বেপার (লাভ) না হওয়ায় পুনর্ব্বার স্ববৃত্তি অর্থাৎ স্বব্যাপার আরম্ভ করিয়াছেন অতএব তোমরা দ্বি পরার্দ্ধ পঞ্চবাণ

---

১। সুদেবী।

২। সাক্ষেপং ইতি পাঠান্তরং।

পঞ্চবাণললিতাং কাঞ্চনমুদ্রাততিমিতঃ প্রকামমূল্যেন(১)। প্রগৃহ্য তয়ৈব (২) মুক্তাফলান্যস্মা(৩)দানয়ন্তু ভবত্যঃ। ময়া তু গৃহায় গম্যতে।

ইতি চলিতুমুদ্যতাঞ্চলে গৃহীত্বানঙ্গমঞ্জর্য্যা নিবর্ত্তিতা সক্রোধমিব সাকূতং পুনরাহ,—কেলিলম্পট! নিকামমঙ্গকেলিনিপুণেয়মনঙ্গমঞ্জরী ত্বয়া সহ দীব্যন্তী তে গর্ব্বপর্ব্বতং খর্ব্বয়িষ্যতি॥

রূপ লালিত কাঞ্চন মুদ্রা সমূহ* ইহা হইতে যথেপ্সিত মূল্যে গ্রহণ করিয়া তদ্দ্বারা অর্থাৎ সেই কাঞ্চনমুদ্রা সমূহ দ্বারাই মুক্তাফল সকল ইহা হইতে আনয়ন কর পরন্তু আমি গৃহে চলিলাম।

এই বলিয়া গৃহ গমনোদ্যতা সুদেবীর অঞ্চল ধারণ করিয়া অনঙ্গমঞ্জরী, তাহার গমনে বাধা প্রদান করিলে সেই সুদেবী যেন সক্রোধে স্বমনোগত ভাবের সহিত পুনর্ব্বার আমাকে বলিল,—ভোঃ কেলিলম্পট! অনঙ্গমঞ্জরী অঙ্গক্রীড়া বিষয়ে সাতিশয় নিপুণা অতএব ইনি তোমার সহিত অঙ্গক্রীড়া করিয়া তোমার গর্ব্বরূপ পর্ব্বত খর্ব্ব করিবেন।

১। যথেষ্টমূল্যেন। ২। কাঞ্চনমুদ্রাতত্যা।

৩। মুক্তাফলান্যস্মাদেবানয়ন্তু ইতি পাঠান্তরং। অস্মাৎ কুস্থাদিত্যর্থঃ।

* পঞ্চবাণ—স্বর্ণ শ্লেষে সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন এই কামবাণ। ললিত—বাঞ্ছিত, শ্লেষে স্ত্রীগণের শৃঙ্গার ভাব জন্য ক্রিয়া বিশেষ, তাদৃশ কাঞ্চন মুদ্রা অর্থাৎ সোনার টাকা গহনা সমূহ।

ততস্তদ্বচনমাধুর্য্যমবধার্য্য ময়োক্তং,—অস্যা(১)স্তবলায়া- স্তৎকেলিষু(২) কা শক্তিঃ। কিন্তু মদ্বক্ষোহরিদ্গ্রাব(৩)- হরিতালীয়রেখিকায়াঃ রাধিকায়াঃ প্রাণসহোদরেয়ং ময্যতীব স্নিহ্যতি(৪) মম চ মানসমধুকরঃ পরমস্যা(৫)মনবরতমনুরজ্যতি। অতঃ সমুচিতপণ(৬)মন্তরাপি(৭) সুতারাণি সুবৃত্তানি(৮) বহূনি মৌক্তিকান্যপ্যস্যৈ বিতরিষ্যামি। পরঞ্চ নির্জ্জননিকুঞ্জবেদিকায়াং স্মরপঞ্জরাক্ষরাণ্যস্যাঃ পঞ্চাশদঙ্গপ্রত্যঙ্গেষু স্বহস্তেন বিন্যস্য স্বাঙ্গং স্বাঙ্গেনালিঙ্গ্য মন্ত্রেণৈনাং(৯) ব্যাপয্য(১০) তথা সিদ্ধমন্ত্রমেক-

অনন্তর সেই বচন মাধুরী শ্রবণ করিয়া আমি কহিলাম—এই অবলা অনঙ্গ মঞ্জরীর অঙ্কক্রীড়ায় কি সমর্থ আছে? কিন্তু মদীয়বক্ষরূপ হরিদগ্রাব* হরি- তালীয়রেখা † স্বরূপা শ্রীরাধিকার প্রাণ সহোদরা এই অনঙ্গমঞ্জরী আমাতে অত্যন্ত স্নেহযুক্তা এবং আমার মানসভৃঙ্গও কেবল ইহাতে অবিরত অনুরাগ করিয়া থাকে অত এব সমুচিত মূল্য ব্যতিরেকেও অনঙ্গমঞ্জরীকে বর্ত্তুল ও সুস্থূল মৌক্তিকসমূহ বিতরণ করিব পরন্তু নির্জন নিকুঞ্জ বেদিকাতে স্মরপঞ্জ রাক্ষর ‡ সমূহ, ইহার হৃদয়াদি পঞ্চাশং অঙ্গ প্রত্যঙ্গে স্বহস্তবিন্যাস, স্বীয়াঙ্গ দ্বারা তদঙ্গ আলিঙ্গন ও মন্ত্রদ্বারা ব্যাপক ন্যাস করিয়া এমত একটি সিদ্ধমন্ত্র উপদেশ

১। অনঙ্গমঞ্জর্য্যাঃ।

২। অঙ্ককেলিষু। ৩। ইন্দ্রনীলমণি।

৪। স্নেহযুক্তা। ৫। অনঙ্গমঞ্জর্য্যাং।

৬। মূল্যং। ৭। বিনাপি।

৮। উত্তমবর্ত্তুলানি। ৯। সাঙ্গমন্ত্রেণৈনাং ইতি পাঠান্তরং।

১০। ব্যাপকন্যাসং কৃত্বা।

* হরিবর্ণের প্রস্তরে। † স্বর্ণরেখা। ‡ অনঙ্গের অবয়বরূপ অক্ষর।

-মুপদিশামি যথা তদ্গ্রহণমাত্রাদনঙ্গং সাঙ্গং(১) বিরচয্য সন্তুষ্টেন তেন(২) প্রসাদীকৃত(৩)স্বসর্ব্বস্বস্বরূপবিলাসরত্নানি মন্ত্রগুরৌ ময়ি দক্ষিণাত্বেন সবিনয়মুপঢৌকয়তি, ততঃ সুপ্রসন্নেন ময়া তাদৃগাশীঃশতমাধাস্যতে যেন(৪) "বিষমশরবিলাসাচার্য্যে"তি পদবীমাসাদ্য দ্বিগুণং মামেব ভক্ত্যা পরিচরতি ॥

ইতি মন্মাষিতকুসুমস্তবকং শ্রবণাবতংসীকৃত্য সকম্পাধরং মামীষদবলোকয়ন্তী(৫) স্মিতসুভগবদনাভিরাভিঃ স্নেহেনোৎফুল্লতয়া তদগ্রজয়া(৬) চ সস্মিতং সস্নেহঞ্চ নিরীক্ষ্যমাণা(৭) তুলসীরঙ্গণমালিকয়োরুপপৃষ্ঠ(৮)মন্তর্হিতাসীৎ ॥

---

করিব। যেন সে মন্ত্রগ্রহণ করিবামাত্র অনঙ্গ সঙ্গ সমাপনান্তে সেই অনঙ্গ সন্তুষ্ট হইয়া প্রসন্নীকৃত স্ব সর্ব্বস্ব স্বরূপ বিলাস রত্নচয়, মন্ত্রগুরু আমাকে দক্ষিণা স্বরূপে সবিনয়ে উপহার প্রদান করিবে। অনন্তর আমি সুপ্রসন্ন হইয়া এমত আশীর্ব্বাদ শত প্রদান করিব, যে আশীর্ব্বাদে "বিষমশর বিলাসের আচার্য্য" এই পদবী লাভকরিয়া ভক্তিপূর্ব্বক আমাকে দ্বিগুণ সেবা করিবে।

এই মৎকথিত বাক্য রূপ কুসুমস্তবক, কর্ণ ভূষণ করিয়া সকম্পাধরে আমার প্রতি ঈষৎ অবলোকন পূর্ব্বক তুলসী ও রঙ্গণমালিকার পৃষ্ঠ সমীপে অন্তর্হিত হইল, তাহা দেখিয়া সুভগবদনা গোপীগণ স্নেহোৎফুল্ল নয়নে হাঁসিতে লাগিল। এবং তাহার অগ্রজা শ্রীরাধা সস্মিতবদনে ও সস্নেহে দেখিতে লাগিল।

---

১। তদ্গ্রহণমাত্রাদনঙ্গসঙ্গং ইতি পাঠান্তরং।

২। অনঙ্গোদয়েন।

৩। প্রসন্ন। ৪। আশীঃশতেন।

৫। মামীষদালোক্য ইতি পাঠান্তরং।

৬। রাধয়া। ৭। অনঙ্গমঞ্জরী।

৮। পৃষ্ঠসমীপে।

সত্যভামা স্মিত্বা—প্রাণনাথ! ততস্ততঃ?

কৃষ্ণঃ—তদানীমেব মল্লীভৃঙ্গীভ্যামানীয় দত্তং লেখদ্বয়ং, সর্ব্বাভিঃ সমমেব বাচয়িত্বা পরমোৎফুল্লা ললিতা তয়োরেকং লেখং সুবল-হস্তে সমর্পিতবতী॥

ততোঽহং—ললিতে! কস্যায়ং লেখঃ?

ললিতা স্মিত্বা—লেখ এব কথয়িষ্যতি॥

ততঃ (তত্র) সুবলে লেখমুদ্‌ঘাট্য লঘু লঘু বাচয়তি সতি

নান্দীমুখী—সুবল! স্ফুটমেব বাচয়॥

সুবলঃ স্মিত্বা—সখে! অপূর্ব্বপত্রীয়মবধার্য্যতাং(১)॥

অহং,—সখে! বাচয় মমাপি মহতী শুশ্রূষা(২) বর্ত্ততে॥

---

সত্যভামাদেবী সহাস্যে কহিলেন,—প্রাণনাথ! তার পর, তার পর?

শ্রীকৃষ্ণ কহিলেন,—সেই সময়ে মল্লী ও ভৃঙ্গী দুইখানা পত্রিকা আনয়ন করিয়া সর্ব্বাগ্রে প্রদান করিল। পরমোৎফুল্লচিত্তে ললিতা সকলের সহিত মিলিত হইয়া ঐ পত্রিকাদ্বয় পাঠ করিয়া তন্মধ্যে একখানা পত্রিকা সুবলের হস্তে সমর্পণ করিল।

অনন্তর আমি কহিলাম,—ললিতে! এই লিপিকা কাহার?

ললিতা হাঁসিতে হাঁসিতে বলিল লিপিকাই বলিবে (অর্থাৎ লিপি দেখিলেই জানিতে পারিবে।

তখন সুবল, পত্রিকা উদ্‌ঘাটন পূর্ব্বক লঘু লঘু স্বরে পড়িতে লাগিলে

নান্দীমুখী বলিলেন,—সুবল? স্পষ্ট করিয়া বল।

সুবল হাস্য করিয়া বলিল,—সখে! এই অপূর্ব্ব পত্র শ্রবণ কর।

আমি বলিলাম,—সখে! বল, আমারও ইহা শ্রবণে অত্যন্ত বাসনা হইয়াছে।

---

১। শ্রূয়তাং। ২। শ্রোতুমিচ্ছা।

সুবলঃ—স্বস্তিগগস্তসম্মুগ(১)সর্ব্বোপমাযোগ্যবন্ধুপ্রবন্ধসদ্গুণপ্রকরপরিবৃতেষু শ্রীসুবলাভিধানপ্রিয়নর্ম্মসখমহানুভাবেষু, যাবটাভিধগ্রামতো রাধায়াঃ প্রণয়ভরপীযূষপরিপূরিতাক্ষরপ্রকরসুমিষ্টপিষ্টকপরিবেষণহিরণ্ময়ভাজনরূপোঽয়ং স্বস্তিমুখঃ(২),—

ভবৎপ্রাণবন্ধুপদাম্বানাং ভবাদৃশাঞ্চ মঙ্গলকুলমনবরতবিরাজমানমপি ব্রজমণ্ডলে শশ্বদিতরাং বিরাজতাং॥ কার্য্যমিদমন্যদপি অবধেহি(৩)প্রিয়জনসকাশাৎ করগ্রহণমনুচিতমিতি বহুতরমপি করদ্রব্যমপহায়ৈব এতাবদ্দিনং কিমপি নোক্তমাসীৎ; সম্প্রতি মৌক্তিকব্যয়েন ক্ষুভাদৃগুরুজন-

---

সুবল,—নিখিল সাধুগণের সর্ব্বোপমা যোগ্য বন্ধু প্রবন্ধের সদ্গুণসমূহে পরিবৃত শ্রীসুবলনামক মহানুভবের প্রিয় নর্ম্মসখা সমীপে, যাবটাখ্য গ্রাম হইতে রাধার প্রণয়রূপ পীযূষে পরিপূরিত অক্ষররূপ সুমিষ্ট পিষ্টক পরিবেশনের সুবর্ণ পাত্র স্বরূপ এই পত্রিকা জানিবে,—

আপনার প্রাণবন্ধু পাদপদ্মের ও ভবাদৃশ জনের ব্রজমণ্ডলে সর্ব্বদা সমস্ত মঙ্গল বিরাজমান থাকিলেও অবশ্য তাহা নিত্য বিরাজ করুক। অপর এই কার্য্য অবধান করুন, প্রিয়জনের নিকট হইতে করগ্রহণ করা অনুচিত বলিয়া বহুতর কর দ্রব্য পরিত্যাগ করিয়াও এত দিন কিছুই বলা হয় নাই এক্ষণ যে সকল মুক্তা আমাদিগের কর্ত্তৃক রোপিত হইয়াছিল সেই সমস্ত মৌক্তিকের অপচয় নিবন্ধন গুরুজন

---

১। সাধু।

২। লেখঃ।

৩। অবধানং কুরু।

দীয়মানমহাসুযোগনিচয়েন ক্ষণমপি নির্বৃতিলবমলভমানয়া যৎকিঞ্চিন্ময়া বিজ্ঞাপ্যমানমস্তি তদগুণমবিগণয্য মদ্বৃন্দাবন-জনপদে যমুনোপকণ্ঠকেদারিকায়াং ভবৎপ্রাণবন্ধুনা সম্প্রতি ক্ষেত্রাজীবতামাশ্রয়তা(১) কৃতমৌক্তিককৃষের্ললিতয়া সহ লেখপ্রতিলেখমাচর্য্য সমুচিতকরদ্রব্যমিহ ত্বরিতমেব প্রহিত্য দীয়তাং; যথা দ্রব্যৈণৈব মথুরাতো মৌক্তিকান্যানায্য গুরুভ্যঃ প্রদায় কদনসাগরাদস্মাদুত্তরামঃ। অথবা বহুমূল্যমৌক্তিকোৎ-পত্তিভূমেঃ করস্যাপ্যতিবাহুল্যাদেতদ্দ্রব্যপ্রদানে যদি ভবা-দৃশামশক্তিঃ স্যাত্তর্হি পঞ্চভির্মিলিত্বা সমুচিতমূল্যং নির্ণীয় এতদ্দ্রব্যপরিবর্ত্তনেন মৌক্তিকানি ললিতা-হস্তে দেয়ানীতি কিং বহুনা পরমাভিজ্ঞবরেম্বিতি ॥

---

ক্ষুভিত হইয়া বরই অনুযোগ দিয়া থাকেন তজ্জন্য ক্ষণকালও শান্তিলাভ করিতে না পারিয়া আমি যে কিছু বিজ্ঞাপন করিতেছি তাহার দোষ গণনা না করিয়া আমার বৃন্দাবন গ্রামমধ্যে যমুনানিকটস্থ ক্ষেত্রে ভবদীয় প্রাণবন্ধু কৃষ্ণ সম্প্রতি ক্ষেত্র জীবিকা অবলম্বন করিয়া মৌক্তিকের কৃষি করিয়াছেন অতএব ললিতার সহিত লেখ ও প্রতিলেখ অর্থাৎ পত্রে পত্রে লেখালেখি করিয়া মদীয় স্থানের সমুচিত করদ্রব্য নির্দ্ধারণ পূর্ব্বক অবিলম্বে আমার সমক্ষে আনয়ন করিয়া প্রদান কর। সেই করদ্রব্য দ্বারা মথুরা হইতে মৌক্তিক সমূহ আনয়ন পূর্ব্বক গুরুজনকে প্রদান করিয়া এই দুঃখসাগর হইতে উত্তীর্ণ হই। কিম্বা বহুমূল্যবতী মৌক্তিক উৎপত্তির ভূমির করও অতিবাহুল্য বশতঃ এই করদ্রব্য প্রদানে যদি তোমাদের সমর্থ না হয় তাহা হইলে পাঁচ জনে মিলিয়া সমুচিত মূল্য নিশ্চয় করিয়া এই দ্রব্যের পরিবর্ত্তে মৌক্তিক সকল

---

১। ক্ষেত্রাজীব্যমাশ্রয়তা ইতি পাঠান্তরং।

এতন্নিশম্য পরমানন্দপূর্ণেনাপি ময়া সাকূতমুক্তং,—অয়ি মল্লি! ভৃঙ্গি! ভবদীশ্বরী সুখং বর্ত্ততে?

মল্লী-ভৃঙ্গ্যৌ,—শ্রীমন্নাথচরণ-শুভানুধ্যানেন।

ততস্তন্নিকুঞ্জদিশং তির্য্যগবলোকয়ন্নহং কুত্র বর্ত্ততে সা?

তে(১) যাবটাভিধগ্রামে॥

অহং,—কিং কুর্ব্বতী তিষ্ঠতি?

তে(২) ললিতাদেবীপ্রভৃতীনাং বর্ত্মদিশমবলোকয়ন্তী বৃন্দাবনরাজ্য-সার্ব্বভৌমকামমুৎকণ্ঠিতেব বিরাজমানা বর্ত্ততে॥

---

ললিতার হস্তে সমর্পণ করিবে, পরমাভিজ্ঞ বর তোমার নিকট অধিক আর কি লিখিব ইতি।

ইহাশ্রবণ করিয়া আমি পরমানন্দ পূর্ণ হইয়া মদীয় মনোগত ভাব ব্যক্ত করিয়া বলিলাম,—অয়ি মল্লি! অয়ি ভৃঙ্গি! তোমাদিগের ঈশ্বরী সুখে আছেন ত?

মল্লীভৃঙ্গী কহিল,—শ্রীমন্নাথের চরণের শুভ ধ্যানে সুখেই আছেন।

অনন্তর সেই নিকুঞ্জের দিগে বক্র অবলোকন পূর্ব্বক আমি কহিলাম, তিনি কোথায় আছেন?

মল্লীভৃঙ্গী বলিল—যাবট নামক গ্রামে॥

আমি কহিলাম—কি করিতেছেন?॥

মল্লীভৃঙ্গী কহিল—ললিতাদেবী প্রভৃতির আগমন পথের প্রতি দৃষ্টিপাত করিয়া বৃন্দাবন রাজ্যের সার্ব্বভৌম কামনায় উৎকণ্ঠিতা হইয়াই বিরাজ করিতেছেন॥

---

১। মল্লীভৃঙ্গ্যৌ। ২। উক্তে।

ততোঽহং—সখে! সুবল! মন্যে কুটিলয়া ললিতয়ৈব কস্যচিদ্দ্বারা(১) লেখয়িত্বা লেখোঽয়ং বিতীর্ণোঽস্তি।

সুবলঃ,—ন হি ন হি; রাধায়া এব স্বহস্তলিখিতবর্ণানাং বিন্যাসোঽয়ং॥

ততোঽহং—সখে! তদ্ভাবদিদং(২) দর্শয়েতি তদ্ধস্তাদাকৃষ্য লেখমালোক্য সচমৎকারমাত্মগতং,—অহো! অক্ষরাণাং পঙ্‌ক্তিবিস্তৃতিরিয়ং মন্নেত্রয়োঃ পীযূষবর্ত্তিকেব(৩) প্রতিভাতী-ত্যানন্দজনিতপুলকান্ বিস্ময়সঞ্চারিভাবেনৈব কৃতানিতি ভঙ্গ্যা বিখ্যাপ্য প্রকাশং বিহস্য আশ্চর্য্যমাশ্চর্য্যং আকাশকুসুমমিব ধূর্ত্তাভিরেতাভিঃ কিমপ্যন্যদকস্মাদেব সমুত্থাপিতং॥

---

অনন্তর তাহা শুনিয়া আমি বলিলাম সখে সুবল! আমার বোধ হয় কুটিলা ললিতাই কাহারও দ্বারা লেখাইয়া এই পত্রিকা প্রদান করিয়াছে॥

সুবল—তাহা নয়, তাহা নয় ইহা রাধারই স্বহস্ত লিখিত বর্ণ বিন্যাস।

তৎপর আমি কহিলাম—সখে! "তাহা হইলে আমাকে সেই চিঠিখানা দেখাও" এই বলিয়া সুবলের হস্ত হইতে আকর্ষণপূর্ব্বক সেই চিঠি দর্শন করিয়া আশ্চর্য্যান্বিত হইয়া স্বগত ভাবিতে লাগিলাম,—আহা! এই অক্ষরচয়ের পংক্তি বিস্তার আমার নেত্রযুগলের অমৃতপ্রায় আলোর মত প্রকাশ পাইতেছে তজ্জন্য ভঙ্গীক্রমে বিস্ময় সঞ্চারাদি ভাব দ্বারা আনন্দজনিত পুলক প্রদর্শন করাইয়া প্রকাশ্যে হাস্য করিয়া কহিলাম, কি আশ্চর্য্য! কি আশ্চর্য্য! আকাশ কুসুমের মত এই ধূর্ত্তাগণ অকস্মাৎ কি অন্য ব্যাপার উত্থাপন করিয়াছে।

---

১। কস্যাশ্চিদ্দ্বারা ইতি পাঠান্তরং।

২। লিখনং। ৩। প্রদীপ।

মধুমঙ্গলঃ,—বয়স্য! বিকটকুটিনাটিকপটনাটিকাতাণ্ডবোদ্ভটনটাচার্য্যাবিদ্যানন্দিনীমিমাং তদদ্বিতীয়াং দুর্ললিতাং ললিতাং বাগ্বিলাসাভাসমাত্রেণৈব পরাজিত্য অবতিষ্ঠ, তে প্রিয়াতে যাবদেকোঽপি রিপুস্তাবৎ কুতঃ সুখমিত্যাদিসংস্মৃত্য সর্ব্বাসামস্মদ্বৃন্দাবনরাজ্যকাঙ্ক্ষিণীনাং ধূর্ত্তানাং তাসামিমামিতো বৃন্দাবনাৎ ঝটিতি বিদ্রাবয়। ততো নিষ্কণ্টকরাজ্যে মধুরাণি রসবন্তি ফলান্যুপভুজ্য সুখেনৈবাহং নৃত্যন্নিব বসামি।

ততো ময়োক্তং,—ললিতে! ইয়মস্মদ্বৃন্দাটবী, ভবৎসখ্যা রাজ্যং কুতো জাতং?

---

মধুমঙ্গল কহিল,—বয়স্য! বিকট (ভয়ঙ্কর) কুটি নাটি রূপা নর্ত্তকীর নৃত্যবিষয়ে উৎকৃষ্ট আচার্য্য রূপা মহানটিকা স্বরূপা ও দুর্ললিতা* এই ললিতা সেই রাধা হইতে অভিন্না অতএব ইহাকে বাক্‌বিলাসের আভাসমাত্রেই পরাজয় করিয়া অবস্থান কর আর এই নিশ্চয় জানিও, যে পর্য্যন্ত কোনও এক শত্রু বর্ত্তমান থাকিবে, সেই পর্য্যন্ত সুখ কোথায় অর্থাৎ শত্রু থাকিতে সুখ নাই। ইত্যাদি বাক্য স্মরণ করিয়া আমাদিগের বৃন্দাবন রাজ্য অভিলাষিণী এই সকল ধূর্ত্তাগণকে এই বৃন্দাবন হইতে অবিলম্বে তাড়াইয়া দেও। অনন্তর নিষ্কণ্টক রাজ্যে সুমধুর রসযুক্ত ফলসকল উপভোগ করিয়া আমি পরমসুখে নৃত্য এবং নৃত্যকারীর মত হইয়া অর্থাৎ নৃত্য করিতে এখানে বাস করিব।

অনন্তর আমি কহিলাম—ললিতে! আমাদিগের এই বৃন্দাবন, তোমার সখীর রাজ্য কি করিয়া হইল?

---

* প্রশ্রয়প্রাপ্তা বা দুশ্চেষ্টিত

ললিতা,—পরমকপটিন্! তদ্রাজ্যমহাভিষেকমহোৎসবং সমক্ষমাকলয্যাপি কিমেবং গোপায়সি?

ততোঽহং—ললিতে! সমক্ষদর্শনং তাবদ্দূরেঽস্তু তচ্ছ্রবণমপি জাতমস্তীতি নাহং স্মরামি॥

বিশাখা,—ললিতে! অস্য তাবদ্দূষণং নাস্তি; বল্লবসাধ্বীশতধর্ম্মোল্লঙ্ঘনজনিততমঃপ্রচয়েনান্তর্হিতমস্ত্যস্য চেতস্তৎসংসর্গীচ তাদৃশ ইতি এতদ্বয়স্যয়োরনয়োরপি। তৎকথমেতে স্মরন্তু নাম। তস্মাত্তৎ(১)কথনপীযূষপ্রস্যন্দেন কর্ণবিবরেষু প্রবেশিতেন বাঢ়মমীষাং চেতাংসি কারুণ্যেনাবির্ভাবয় যথৈষাং স্মৃতিঃ সম্পদ্যতে॥

---

ললিতা বলিল,—ভোঃ পরমকপটিন্! শ্রীরাধারাণীর রাজ্যাভিষেক মহোৎসব সাক্ষাৎ দর্শন করিয়াও গোপন করিতেছ কেন?

অনন্তর আমি কহিলাম,—ললিতে! সমক্ষ দর্শন দূরে থাকুক তাহা শ্রবণ পর্য্যন্তও হইয়াছে কিনা তাহাও স্মরণ হইতেছেনা।

বিশাখা কহিল,—ললিতে! ইহার কিছু মাত্রও দোষ নাই পরন্তু শত শত সাধ্বী গোপনারীর ধর্ম্মোল্লঙ্ঘন জন্য পাপ বা অজ্ঞান সমূহ দ্বারা ইহার চিত্ত আবৃত বা তিরোহিত হইয়াছে এবং ইহার সংসর্গীদিগেরও তদ্রূপ হইয়াছে এই হেতু ইহার বয়স্যদ্বয় অর্থাৎ সুবল ও মধুমঙ্গলেরও দোষ নাই অতএব কিরূপে ইহাদের স্মরণ হইবে অতএব সখী রাধারাণীর বাক্য রূপ অমৃতক্ষরণ দ্বারা কর্ণ বিবরে প্রবেশিত করিয়া কৃপা প্রকাশ পূর্ব্বক ইহাদের চিত্তে আবির্ভাব করাও যাহাতে ইহাদিগের স্মরণ হয়।

---

১। রাধায়াঃ।

ততস্তদানীমেবাগতাং সর্ব্বাভিরেবানন্দিতাং বৃন্দামালিঙ্গ্য ললিতা সস্মিতমাহ,—বৃন্দে! ভদ্রাবসরে ত্বং প্রাপ্তাসি, তত্ত্বয়ৈব নির্ব্বর্ণ্যতাং মহোৎসবরঙ্গঃ(১)॥

বৃন্দা সবিনয়ানন্দং,—সখি ললিতে! ত্বন্মুখপদ্মাদ্বিনিষ্যন্দমানতন্মহোৎসবরসমকরন্দমহমপ্যাপাতুমাগতাস্মি তত্ত্বয়ৈব পরিবেষ্যতাং॥

ললিতা সানন্দং,—ভদ্রং সর্ব্বৈরবধায় শ্রূয়তাং,—ঋতুপতিবসন্তসময়ে পৌর্ণমাস্যাং বিশাখানক্ষত্রে ভগবতো হিরণ্যগর্ব্ভস্য গগনবাণ্যা বৃন্দাবনবাসিনো ভগবতঃ শ্রীগোপীশ্বরস্য স্বপ্নকৃতনিদেশেন চ মানসসুরধুনীকালিন্দ্যাদিসরিদ্বরাভিঃ সাবিত্রী-

---

অনন্তর সেই সময়েই সমাগতা এবং গোপীগণ কর্ত্তৃক আনন্দিতা বৃন্দাদেবীকে আলিঙ্গন করিয়া ললিতা সস্মিত বদনে কহিল,—বৃন্দে! ভাল সময়ে তুমি আগমন করিয়াছ, অতএব তুমিই সখী শ্রীরাধারাণীর সেই রাজ্যাভিষেক মহোৎসব রঙ্গ বর্ণন কর।

বৃন্দাদেবী সবিনয়ে আনন্দ সহকারে বলিতে বলিল,—সখি ললিতে! আমি তোমার মুখপদ্ম বিনিঃসৃত সেই মহোৎসব রসের মকরন্দ পান করিতে আসিয়াছি অতএব তুমিই তাহা পরিবেশন কর।

ললিতা আনন্দ সহকারে কহিল—ভাল তাহাই হউক, সকলে সাবধানে শ্রবণ কর। ঋতুরাজ বসন্ত কালে পৌর্ণমাসী তিথিতে বিশাখানক্ষত্রে ভগবান্ হিরণ্যগর্ভের (ব্রহ্মার) আকাশবাণী দ্বারা এবং বৃন্দাবনবাসি ভগবান্ শ্রীগোপীশ্বরের স্বপ্নকৃত আদেশানুসারে মানসগঙ্গা কালিন্দী প্রভৃতি নদীশ্রেষ্ঠা ও সাবিত্রী

---

১। মহোৎসবপ্রসঙ্গঃ ইতি পাঠান্তরং।

সংজ্ঞৈকানংশাপ্রভৃতিদেবীভিশ্চ সমং মুরলী-মহতী-ঝর্ঝরী-(১) মুরজ-দুন্দুভিপ্রভৃতিবাদ্যশব্দকোলাহলেনাকৃষ্টেষু কিন্নরীগন্ধর্ব্বীকুলেষু সানন্দং গায়ৎসু, অপ্সরোবিদ্যাধরীবর্গেষু নৃত্যৎসু, শচ্যাদিসুরাঙ্গনানিচয়েষু জয়জয়শব্দপূর্ব্বকং পারিজাতাদিকুসুমবৃষ্টিং কুর্ব্বৎসু, বিশাখাদিসহচরীসমুদয়েষু পরিমিলিতপটবাস-সুরাগবন্ধন-নবঘনসারক্ষোদ-(২)মঞ্জুলমৃগমদ-সুললিতকুঙ্কুম-পটীর-দ্রব(৩)বিবিধসুরভিকুসুমকুলানি সুললিতগানপুরঃসরমিতস্ততো বিকিরৎসু, ভূসুররমণীবৃন্দেষু শুভাশীঃশতানি বিতরৎসু চ

---

সংজ্ঞা একানংশা* প্রভৃতি দেবীগণের সহিত মিলিত হইয়া ভগবতী পৌর্ণমাসী মুরলী মহতী (বীণা) ঝর্ঝরী (ঝাঁঝ) মুরজ (মৃদঙ্গ) দুন্দুভি (ঢাক বা নাগরা) প্রভৃতি বাদ্যের ধ্বনি ও কোলাহলে কিন্নরী ও গন্ধর্ব্বীকুল আকৃষ্ট হইয়া সঙ্গীত করিতে লাগিলে অপ্সরা বিদ্যাধরীগণ নৃত্য করিতে আরম্ভ করিলে শচী প্রভৃতি দেবাঙ্গনা গণ জয় জয় ধ্বনি পূর্ব্বক পারিজাতাদি কুসুম বর্ষণ করিতে থাকিলে বিশাখাদি সহচরী সমুদয়, সুবাসিত পট্টবাস, সুরঞ্জিত রজ্জু † নব ঘনসার চূর্ণ (চন্দনচূর্ণ), মনোহর মৃগমদ, সুললিত কুঙ্কুম, চন্দনদ্রব ও বিবিধ সুগন্ধি কুসুম সমূহ, সুললিত গান পুরঃসর চতুর্দ্দিক হইতে বিকিরণ করিতে লাগিলে বিপ্রপত্নীগণ শত শত শুভাশীর্ব্বাদ বাক্য প্রয়োগ করিতে লাগিলে সখীগণ

---

১। ঝাঁজ। ২। চূর্ণ। ৩। চন্দনদ্রব।

---

* কৃষ্ণের অনুজা, বিন্ধ্যাচলবাসিনী।

† বস্ত্রবন্ধনোপযোগী।

সখীবৃন্দসমর্প্যমাণশোভনকুঙ্কুমাগুরুকর্পূরচন্দনবিবিধসুরভিকুসুমাদিসুবাসিতজলপরিপূরিতকাঞ্চনাষ্টোত্তরশতঘটৈঃ সুবর্ণবেদিকানিহিতপদ্মরাগমণিপীঠোপরি সন্নিবিষ্টাং প্রিয়সখীং গান্ধর্ব্বাং ভগবতী পৌর্ণমাসী সানন্দমভিষিচ্য(১) বিবিধসুলক্ষণমহারত্নসঞ্চয়োদকসহস্রধারাভির্জয়জয়শব্দপূর্ব্বকং রত্নাভিষেকং চকার॥

বৃন্দা সহর্ষং,—ততস্ততঃ?

ললিতা,—ততো ময়ৈব সূচীনবসনেন শনৈঃ শনৈরঙ্গান্যামৃজ্য সুরক্তদুকূলং পরিধাপ্য কেতকীকুসুমসুবাসিতজলদনীলোত্তরীয়বসনেনাবগুণ্ঠ্য সুখমন্যতরকনকপীঠে নিবেশ্য নানাবিধকুসুমনবগুঞ্জাপুঞ্জসুমধুরমুক্তাদিমণিনিকরৈর্নিন্দিতশিখিপিঞ্ছ(চ্ছ)

---

কর্ত্তৃক অর্প্যমাণ শোভন কুঙ্কুম অগুরু কর্পূর, চন্দন, বিবিধ সুরভি কুসুমাদি সুবাসিত বারি পরিপূরিত কাঞ্চনময় অষ্টোত্তর শত ঘট দ্বারা সুবর্ণ বেদিকা স্থিত পদ্মরাগ মণিরচিত পীঠোপরি সন্নিবিষ্টা প্রিয়সখী গন্ধর্ব্বাকে (শ্রীরাধারাণীকে) আনন্দ সহকারে অভিষেক করিয়া বিবিধ সুলক্ষণাক্রান্ত মহারত্ন সমূহের জলে সহস্রধারা দ্বারা জয় জয় শব্দ পূর্ব্বক রত্নাভিষেক করিয়াছিলেন।

বৃন্দাদেবী সহর্ষে জিজ্ঞাসা করিল,—তার পর তার পর?

ললিতা কহিল,—তার পর আমি সূক্ষ্ম বসনদ্বারা আস্তে আস্তে সখীর অঙ্গ সমূহ সম্মার্জ্জন করিয়া সুরক্ত বস্ত্র পরিধান করাইয়া কেতকী কুসুম সুবাসিত মেঘবৎ নীলবর্ণের উত্তরীয়বসনে অবগুণ্ঠন প্রদান পূর্ব্বক অন্যতর কনকাসনে যথাসুখে উপবেশন করাইয়া নানাবিধ কুসুম নবগুঞ্জাপুঞ্জা, ও সুমধুর মুক্তা

---

১। অভিষেকং কৃত্বা।

কলাপ(১)কান্তিমুকেশপাশং সুদীর্ঘপ্রান্তোচ্ছলৎকুসুমগুচ্ছং বেণীত্বেনাবির্ভাব্য স্বস্বসেবাকর্ম্মকর্ম্মঠ(২) পরিজনগণদীয়মানবিবিধালেপভূষণমাল্যাদিভির্যথাস্থানং যথাশোভং নিকামমলঙ্কৃতেত্যর্দ্ধোক্তে(৩) তৎস্মরণানন্দজনিতকম্পপুলকস্বরভঙ্গপরিমিলিতদিব্যমোহমাসাদয়ন্তী সা ললিতা বিশাখয়া সসম্ভ্রমং পৃষ্ঠে সমালম্ব্য কর্ণে "রাধে কৃষ্ণ রাধে কৃষ্ণে"তি কীর্ত্তনামৃতেন সন্ধুক্ষিতা ক্ষণং মৌনেন ধৈর্য্যমালম্ব্য পুনঃ কথয়িতুমারেভে ॥

তদানীমেব মূর্চ্ছিতাং ললিতামালক্ষ্য(৪)হা । মৎপ্রাণপ্রদীপরাজিনীরাজিতচরিতে প্রিয়সখি ললিতে! হতভাগ্যাহং

---

প্রভৃতি মণি সমূহে শিখিপুচ্ছ সকলের শোভা বিনিন্দিত কেশ কলাপ ও তাঁহার সুদীর্ঘ প্রান্তভাগে সর্ব্বতঃ ব্যাপ্ত কুসুম গুচ্ছ, বেণীরূপে নির্ম্মাণ করিয়া আপন আপন সেবা কার্য্যে নিপুণা পরিজনগণ কর্ত্তৃক দীয়মান বিবিধ আলেপ বিবিধ ভূষণ ও নানাবিধ মালা প্রভৃতি দ্বারা যে যে অঙ্গে যাহা যাহা শোভা পায় তাদৃশ অঙ্গে তাহা স্বেচ্ছাপূর্ব্বক বা যথেষ্ট রূপে অলঙ্কৃতা এই অর্দ্ধোক্তির পরে প্রিয়সখীর স্মরণ হওয়ায় তদানন্দ জনিত কম্প, পুলক, ও স্বরভঙ্গ বিশিষ্ট অলৌকিক মোহ প্রাপ্তা সেই ললিতার পৃষ্ঠদেশে উপবেশন পূর্ব্বক বিশাখা সসম্ভ্রমে তাহার কর্ণে "রাধে কৃষ্ণ রাধে কৃষ্ণ" এই কীর্ত্তনামৃত দ্বারা মূর্চ্ছা ভঙ্গ করাইলে ললিতা ক্ষণকাল মৌনভাবে ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক পুনর্ব্বার বলিতে আরম্ভ করিল।

পরন্তু সেই সময়ে অর্থাৎ মোহ প্রাপ্তি সময়ে শ্রীরাধা, ললিতাকে মূর্চ্ছিতা দেখিয়া কহিলেন, হা মদীয় প্রাণ রূপ প্রদীপচয়ের নীরাজন চরিতে ( অর্থাৎ

---

১। সমূহ। ২। কুশল। ৩। মলঙ্কৃতামিত্যর্দ্ধোক্তে ইতি পাঠান্তরং।
৪। শ্রীরাধাং।

ত্বয়া নিরাশী-কৃতাস্মি। হা ভগবন্! ভক্তবৎসল! ভাস্কর-দেব! রক্ষ রক্ষ; হা! সন্ততমাপুলিন্দসকলগোকুলজনাবনার্থ-কলিতনির্ব্বিকল্প(১) মহাসঙ্কল্পগোকুলসুধানিধে! ঝটিতি নিজসুধা-ময়করাভিমর্ষণেন(২) মদ্বিধজীবিতকোকিলকুল-জীবাতুললিতা-নামাদ্ভুতপীযূষরসালবল্লীং জীবিতামাচর্য্য কিলৈতৎপণেনৈব সংক্রীয় দাসী ক্রিয়তামিয়ং তপস্বিনী রাধিকেতি বিলপ্য সাশ্রুধারং বেগেন তা(৩)মালিঙ্গিতুমাগচ্ছন্তী রাধিকা(৪) রসময়-সাত্ত্বিকমহাস্তম্ভসন্ততিসহচর্য্যা সুষ্ঠু পরিষ্বজ্য রক্ষিতাসীৎ(৫)।

---

আমার প্রাণসমূহ দ্বারা তোমার চরিত্রকে নির্ম্মঞ্ছনকরি) প্রিয়সখি ললিতে! হতভাগ্যা আমাকে তুমি নিরাশ করিলে? হা ভগবান্! হা ভক্তবৎসল ভাস্করদেব! রক্ষা কর রক্ষা কর। হা! গোকুল সুধানিধে! তুমি, পুলিন্দ জাতি, প্রভৃতি সমস্ত গোকুলবাসিজনের রক্ষণার্থ নির্ব্বিকল্প মহাসঙ্কল্প ধারণ করিয়াছ, অতএব অবিলম্বে স্বীয় সুধাময় কর স্পর্শে মদ্বিধ জনের প্রাণরূপকোকিল কুলের জীবন স্বরূপা ললিতানাম্নী অদ্ভুতপীযূষরূপ রসালবল্লীকে জীবিতা করিয়া ইহার মূল্যে অর্থাৎ ইহার প্রাণদানের মূল্যে বরঞ্চ এই তপস্বিনী রাধিকাকে ক্রয় করিয়া দাসী কর, এইরূপে বিলাপ করিয়া অশ্রুমুখে ও সবেগে ললিতাকে আলিঙ্গন করিবার নিমিত্ত আগমন করিয়া রসময় সাত্ত্বিক মহাস্তম্ভ সমূহরূপ সহচরী কর্ত্তৃক সুন্দররূপে আলিঙ্গিতা হইয়া রক্ষিতা হইল অর্থাৎ মূর্চ্ছিতা হইল।

---

১। বিকল্পরহিত। ২। অভ্যুক্ষণেন স্পর্শেন বা। ৩। ললিতাং।
৪। গান্ধর্ব্বিকা ইতি পাঠান্তরং। ৫। রক্ষিতাস্তি ইতি পাঠান্তরং।

ইত্যবকলনাৎ(১) ত্রাসেন সান্তঃকম্পং রঙ্গণবল্লীতুলসীভ্যাং তৎ(২)সবিধমুপলব্ধং ততো রঙ্গণবল্ল্যা(৩ বামভুজয়া তৎ-পৃষ্ঠমবষ্টভ্য দক্ষিণকরেণ মৃদু মৃদু মৃজ্যমানা হা নাথ! রক্ষ রক্ষ ইতি সাশ্রুপ্রবাহং সগদ্‌গদভাসিতেন তুলস্যা তু নবমৃদুল-তমালপল্লবকুলব্যজনেনাতিজবেন বীজ্যমানা(৪) বাহ্যমুপালভ্য সুস্থামিব ললিতামালোকয়ন্তী সানন্দা বভূব ॥

ললিতা,—হুং ? তাং তদা তদানন্দোচ্ছলিতসাত্ত্বিকভাবালঙ্কার-ভূষিতসভ্যগণৈঃ সহ ভগবতী বিচিত্ররত্নসিংহাসনোপরি সমুপ-

---

ইহা দেখিয়া আতঙ্কায় ও সকম্প হৃদয়ে রঙ্গণবল্লী ও তুলসী, শ্রীরাধার সমীপে গমন করিল অনন্তর রঙ্গণবল্লী বামভুজে শ্রীরাধার পৃষ্ঠদেশ ধারণ করিয়া দক্ষিণ করে মৃদু মৃদু ভাবে তাঁহার দেহ মার্জনা করিতে লাগিল এবং হা নাথ! রক্ষা কর রক্ষা কর বলিয়া অশ্রু মুখে ও গদ্গদ বাক্যে তুলসী, নূতন ও কোমল তমাল পল্লব সমূহের ব্যজন দ্বারা অতিবেগে ব্যজন করিতে লাগিলে তখন শ্রীরাধা,সংজ্ঞা প্রাপ্তা ও সুস্থা হইয়া ললিতাকে অবলোকন পূর্ব্বক আনন্দ যুক্তা হইল।

ললিতা, (পুনর্ব্বার শ্রীরাধার রাজ্যাভিষেক কথা বলিতে লাগিল) হ্যাঁ, তখন সেই আনন্দে উচ্ছলিত সাত্ত্বিক ভাবরূপ অলঙ্কারে ভূষিত সভ্যগণের সহিত মিলিত হইয়া ভগবতী পৌর্ণমাসী শ্রীরাধাকে রত্নসিংহাসনে উপবেশন

---

১। ইত্যেব কলনাৎ ইতি পাঠান্তরং। ২। রাধায়াঃ।

৩। সবিধমুপলভ্য রঙ্গণবল্ল্যা ইতি পাঠান্তরং।

৪। রাধা।

বেশ্য একানংশা-সোদরকামাখ্যাশ্যামলদেবতা-হৃদয়ঙ্গমকাদাঙ্কিত-দত্তমৃগমদেন বৃন্দাবনরাজ্যমহারাজ্ঞীত্বেন শঙ্খঘণ্টাদুন্দুভিকোলাহলশব্দপূর্ব্বকং জয়জয়শব্দেন তিলকং চকার॥

ততঃ এতচ্ছ্রবণেন সর্ব্বাসামানন্দহাসকোলাহলে জাতে তচ্ছ্রবণানন্দসমুত্থিতসাত্ত্বিকাদ্যনুভাবান্ যত্নেনাবৃত্য কিঞ্চিদ্বিহস্য ময়োক্তং,—ললিতে! এতৎ(১)কথং ময়া ন জ্ঞায়তে এতেন কিং বো রাজ্যমায়াতং? প্রত্যুত এতদুট্টঙ্কনাৎ স্বমুখেনৈব ভবতীভির্যুষ্মৎসহিতমিদং রাজ্যং মমৈবেতি নির্ণীতং॥

নান্দীমুখী,—কথমিব?

---

করাইয়া একানংশার সোদরা কামাখ্যা শ্যামল দেবতার* হৃদয়ঙ্গম বা হৃদগত স্থাপক অর্থাৎ তিলক আহরণ পূর্ব্বক দত্ত মৃগমদদ্বারা বৃন্দাবন রাজ্যের মহারাণীত্বে, জয় জয় শব্দে শঙ্খ ঘণ্টা ও দুন্দুভির কোলাহল শব্দ পূর্ব্বক তাহার তিলক প্রদান করিলেন।

অনন্তর ইহা শ্রবণ করিয়া তত্রস্থ সকলের আনন্দ জন্য হাস্যে কোলাহল হইতে লাগিলে তচ্ছ্রবণানন্দে আমার সাত্ত্বিকাদি অনুভাব সকল সমুদিত হইল, পরন্তু আমি তাহা অতিযত্নে সম্বরণ পূর্ব্বক কিঞ্চিৎ হাস্য করিয়া বলিলাম,—ললিতে! এই সকল বৃত্তান্ত কেন আমি জানিতে পারি নাই? ভাল ইহা দ্বারাই কি তোমরা রাজ্য প্রাপ্ত হইয়াছ? বিশেষতঃ এই বাক্যে তোমরা স্বমুখেই নিশ্চয় করিলে যে তোমাদের সহিত আমারই এই রাজ্য।

নান্দীমুখী কহিল,—কি প্রকারে?

---

১। বৃত্তান্তঃ।

* এই বাক্যটি দ্ব্যর্থ; শ্লেষার্থে একানংশা অর্থাৎ যশোদাগর্ভ সম্ভূতা যোগমায়া যাঁহার সোদর সেই কন্দর্পনামক শ্যামাঙ্গ শ্রীকৃষ্ণের হৃদগত তিলক ইত্যাদি প্রকটার্থে শিবপত্নীর ইত্যাদি।

ততোঽহং,—যতো বৃন্দাবনপুরন্দরস্য মমৈব রাজ্ঞীত্বেন মদিঙ্গিতেনৈব ভগবত্যাভিষিক্তেয়ং ॥

বিশাখা বিহস্য,—অসঙ্গতভাষিন্‌! পুরন্দরস্য মহিষী দেব্যেব ভবতি; সা খলু শচীতিপ্রসিদ্ধা স্বর্গে বসতি, ইয়ন্তু মম সখী ভূমিবিহারিণী সুভগাভিমন্যোর্জায়া মানুষী ॥

ময়োক্তং,—তর্কাচার্য্যশিরোমণিম্মন্যে বিশাখে! ত্বং সুষ্ঠু জড়াসি, যদ্বারং বারমধীতমপি প্রত্যক্ষখণ্ডং (১)ত্বয়া বিস্মৃতমেব ॥

---

অনন্তর আমি বলিলাম,—যে হেতু মদীয় ইঙ্গিতেই বৃন্দাবনের পুরন্দর স্বরূপ আমারই রাজ্ঞীরূপে ভগবতী পৌর্ণমাসী কর্ত্তৃক সেই রাধা অভিষিক্তা হইয়াছেন।

বিশাখা হাস্য করিয়া কহিল,—হে অসঙ্গত ভাষিন্‌! পুরন্দরের (ইন্দ্রের) মহিষী, দেবীই হয় এবং সে শচী নামে বিখ্যাতা হইয়া স্বর্গে বাস করিতেছেন। পরন্তু আমার সখী এই রাধারাণী ভূমিবিহারিণী এবং ভাগ্যবান্‌, অভিমন্যুর গৃহিণী ও মানুষী ॥

আমি কহিলাম,—হে তর্কাচার্য্যশিরোমণিম্মন্যে* বিশাখে! তুমি বড়ই জড়বুদ্ধিসম্পন্না অর্থাৎ অতিনির্বোধ, যে হেতু প্রত্যক্ষখণ্ড ন্যায়শাস্ত্র † বারম্বার অধ্যয়ন করিয়াও তুমি বিস্মৃত হইয়াছ ?।

---

১। বর্ত্তমানখণ্ডং ন্যায়গ্রন্থবিশেষঃ।

* অর্থাৎ তুমি তর্কশাস্ত্রের আচার্য্যগণের শিরোমণি বলিয়া আপনাকে অভিমান করিয়া থাক ॥

† বর্ত্তমান খণ্ড ন্যায়।

বিশাখা,—কিং তদ্বিস্মৃতং ?

ময়োক্তং,—শ্রূয়তাং,—যদি ভবৎসহচরী মৎপ্রেয়সী ন স্যাত্তর্হি মদ্বক্ষঃস্থাসকাহৃতমৃগমদেন কথং ভগবতী তাং তিলকিনীং চকার ? কথং বা মৎকণ্ঠমালাহারবৈজয়ন্তীভ্যাং তৎকণ্ঠমলং চকারেতি ? ॥

ললিতা,—ভোঃ শশশৃঙ্গধনুর্দ্ধরালীকপুরন্দর ! প্রবরসুভগলেখাবলিকলিতপদারবিন্দায়াঃ, গন্ধর্ব্ববিদ্যাধরগণগীয়মানমহাবৈভবায়াঃ, আত্মভুবাপি(১)সংস্তূয়মানচরিতায়াঃ,

বিশাখা কহিল,—আমি কি বিস্মৃত হইয়াছি অর্থাৎ আমি যাহা বিস্মৃত হইয়াছি তাহা কি ?।

আমি বলিলাম, বিশাখে ! তাহা শ্রবণ কর, যদি তোমার প্রিয়সখী রাধা আমার প্রেয়সী না হয়েন তাহা হইলে ভগবতী পৌর্ণমাসী আমার বক্ষের স্থাসক অর্থাৎ তিলক হইতে মৃগমদ আহরণ পূর্ব্বক তদ্দ্বারা তাঁহাকে তিলকিনী কহিলেন কেন ? অর্থাৎ রাজ্যাভিষেক সময় আমার বক্ষঃস্থ তিলকে দ্বারা তাহার তিলক প্রদান করিবার প্রয়োজন কি ছিল ? এবং আমার কণ্ঠস্থ হার ও বৈজয়ন্তী মালা তাহার কণ্ঠালঙ্কৃতই বা করিবেন কেন ?

ললিতা কহিল,—হে শশশৃঙ্গ ধনুর্দ্ধর* হে অলীক পুরন্দর †। যাঁহার চরণ কমল অত্যুত্তম সৌভাগ্য রেখাবলী সম্বলিত, গন্ধর্ব্ব বিদ্যাধরগণ যাঁহার মহাবৈভব সকল নিরন্তর কীর্ত্তন করিয়া থাকেন, প্রজাপতি ব্রহ্মা যাঁহার মহচ্চরিত্রের স্তুতি করিয়া থাকেন। যিনি নানাবিধ কামনারূপ

১। ব্রহ্মণাপি।

* অর্থাৎ মিথ্যাবীর।

† অলীক—অপ্রামাণিক বা মিথ্যা, পুরন্দর—ইন্দ্র।

বিবিধকামসম্পত্তিদায়িন্যাঃ, নন্দ্যাদীশ্বর(১)গৃহিণ্যাঃ, কামারিপুর(২)বাসিন্যাঃ, বিন্ধ্যবাস্তব্যৈকানংশাগ্রজায়াঃ, কামাখ্যানামশ্যামলদেবতায়াঃ, মহাপ্রসাদমৃগমদমালাভিরেব সা কিল ভগবত্যা বিভূষিতা ; তব কস্তত্র সম্বন্ধঃ ?

তুঙ্গবিদ্যা,—সখি ললিতে ! সাধু সম্বোধিতং যদয়মলীকপুরন্দর এব ॥

বিশাখা,—কথমিব ?

তুঙ্গবিদ্যা,—শ্রূয়তাং অস্মিন্মাথুরপ্রদেশে যাচকদ্বিজকলাবদা-

---

সম্পত্তি প্রদান করিয়া থাকেন, যিনি নন্দী প্রভৃতির ঈশ্বর শ্রীমহাদেবের গৃহিণী, যিনি কৈলাশে বাসিনী, এবং বিন্ধ্যাচল বাসিনী একানংশা যাঁহার অগ্রজা সেই কামাখ্যা নাম্নী শ্যামল দেবতার মহাপ্রসাদাদি মৃগমদ ও মালা দ্বারা ভগবতী পৌর্ণমাসী কর্ত্তৃক সেই রাধারাণী বিভূষিতা হইয়াছেন, তাঁহার সহিত তোমার কি সম্বন্ধ আছে* ?

তুঙ্গবিদ্যা কহিল,—সখি ললিতে ! ইহাকে উত্তম সম্বোধন করিয়াছ যেহেতু ইনি অলীক পুরন্দরই বটেন।

বিশাখা কহিল,—সে কি প্রকার অর্থাৎ কিভাবে অলীক পুরন্দর হইল ?

তুঙ্গবিদ্যা বলিল,—সখীগণ! ইনি কিরূপে অলীক পুরন্দর হইল তাহা শ্রবণ কর, যেমন সঙ্গীতাদি বিদ্যাবিশারদ ও ভিক্ষুক ব্রাহ্মণগণ, পঞ্চবিংশতি

---

১। শিব। ২। কৈলাস।

* ললিতার এই বাক্যগুলি কৃষ্ণ পক্ষে ও পার্ব্বতী পক্ষে কথিত হইয়াছে।

দিভিরেব পঞ্চবিংশতিকপর্দ্দিকা(১)মাত্রলব্ধয়ে দেব! মহারাজেত্যলীকসম্বোধনৈঃ ক্ষুদ্রতরৈকগ্রামাধ্যক্ষোঽপি যথা প্রফুল্লিতো ভবতি তথৈব শক্রাশনাশনদুর্গতভণ্ডভট্টাদিবর্গৈঃ পলৈকপরিমিতনবনীতমাত্রমাপ্তুং বৃন্দাবনপুরন্দরেতি কৃতাসম্ভবালীকসম্বোধনপূর্ব্বকস্তবাভাসেনৈব নিসর্গগম্ভীর-এম কৃষীবলো বাঢ়মাত্মনঃ পুরন্দরতামননেন নিজজাল্মতো(২)ঽমরাবতীপুরন্দরত্বমেব প্রকটীচকার।

ততস্তুঙ্গবিদ্যা নর্ম্মস্মিতমপবার্য্য(৩) ভোঃ! পাবনসরোবরজম্বালজাত-জাম্বুনদজাত-সুতারমুক্তাফলাদিবিবিধরত্নব্রাত(৪)

কপর্দ্দক (কড়ি) প্রাপ্তির নিমিত্ত কোনও ক্ষুদ্রতর গ্রামের অধ্যক্ষকে হে দেব! ও হে মহারাজ! প্রভৃতি অলীক সম্বোধনে আহ্বান করিলে সে অধ্যক্ষ যেমন আহ্লাদে প্রফুল্লিত হয় তদ্রূপ ভাঙ্ (সিদ্ধি) ভক্ষণ প্রযুক্ত দুর্গত (দুশ্চরিত্র বা মাতাল) ভণ্ড ভট্ট (ভাড়) প্রভৃতি লোক সকল, কেবল একপল অর্থাৎ তোলক চতুষ্টক পরিমিত নবনীত প্রাপ্তির নিমিত্ত ইহাকে "বৃন্দাবন-পুরন্দর" এই অসম্ভব স্তবাভাসে সম্বোধন করাতে স্বাভাবিক চঞ্চল এই কৃষীবল (কৃষক বা চাসা) আপনাকে পুরন্দরত্ব মন্যমান করিয়া স্বীয় মূর্খতা প্রযুক্ত অমরাবতীর পুরন্দরত্ব বলিয়াই প্রকাশ করিয়াছে।

ইহা বলিয়া তুঙ্গবিদ্যা পরিহাসজনক হাস্য সম্বরণ করিয়া বৃন্দাবন রাজ্যে আমার অভিষেকের প্রকার সখীগণকে কহিল,—সখীগণ! যিনি পাবন সরোবরের

১। কৌড়ি। ২। মূঢ়তঃ। ৩। অভিষেকপ্রকারমাহ।
৪। সমূহ।

বিরচিতমহাসিংহাসনোপরি সুষ্ঠু নিবিষ্টস্য, সৌরভভরোন্মাদী-
কৃতারুণভ্রমরকুলোচ্ছলিতঝঙ্কাররবনিকরেণানুগম্যমাননির্ম্মল-
গগনসুমনঃপ্রপঞ্চাবির্ভাবিতবরমুকুটবন্ধাতিবন্ধুরোত্তমাঙ্গস্য;সানন্দং
শিরসি সুবলেন ধৃতপরিণতকমঠ-কঠোরপৃষ্ঠসুপক্ষ-(১)
কৃতপ্রকটসুরভিসুধাকণাভিবর্ষিপ্রবরাতপত্রস্য, মসৃণতরকর-
তলোদ্ভূততনূরুহপ্রকররচিতচামরদ্বয়েনোজ্জ্বলচতুরাভ্যামুভয়পার্শ্ব-

শৈবাল অর্থাৎ শৈবাল জাত ও জাম্বুনদ সমুদ্ভূত* অত্যুৎকৃষ্ট মুক্তাফলাদি নানাবিধ রত্ন সমূহে বিরচিত মহাসিংহাসনোপরি সুন্দরভাবে উপবিষ্ট হইয়াছেন†। যাহার উত্তমাঙ্গস্থ অতিবন্ধুর (আবুড়া খাবুড়া) উৎকৃষ্ট মুকুটবন্ধ, নির্ম্মল গগনকুসুম সমূহে আবির্ভাবিত, যে সমুদয় আকাশ কুসুম নিচয়কে সৌরভভরোন্মাদিত অরুণবর্ণ ভ্রমর কুলের সর্ব্বত্র ব্যাপ্ত ঝঙ্কার ধ্বনি, প্রাপ্ত হইতেছে অর্থাৎ গগন কুসুমের সৌরভভরে উন্মাদিত অরুণবর্ণ ভ্রমরগণের সর্ব্বত্র ব্যাপ্ত ঝঙ্কারধ্বনি সমূহ, যে আকাশ কুসুমের অনুগত হইতেছে সেই কুসুম নিচয়ে যাহার উত্তমাঙ্গস্থ উৎকৃষ্ট মুকুট বন্ধ, উচ্চনীচভাবে রচিত হইয়াছে। সুবল, আনন্দ সহকারে যাহার মস্তকোপরি সুমহান্ আতপত্র (ছত্র) ধারণ করিয়াছিল (আহা! সে ছত্রের শোভা অধিক আর কি বর্ণন করিব) তাহার সুপক্ষ সকল (ছত্রের পাখা সমূহ) পরিণত অর্থাৎ পক্ব। অবস্থান্তর প্রাপ্ত কচ্ছপের কঠোর পৃষ্ঠ, তাহা হইতে বহির্গত সুগন্ধরূপ সুধাকণা বর্ষণ করিতেছে। উজ্জ্বল ও চতুর নামক

১। পাখা ইতি ভাষা।

* কিম্বা শৈবালজাত স্বর্ণ সমুদ্ভূত।

† ইত্যাদি বাক্য পরিহাস পূর্ব্বক বলাতে অসম্ভব উক্তি হইয়াছে, এইরূপ সর্ব্বত্র জানিতে হইবে।

যোরানন্দেনাভিষীক্ষ্যমানস্য, অতিসুপ্রতিষ্ঠিতবন্ধ্যা-গর্ভজাত-মহামহাসৎপুরুষবর্গৈঃ পদ্মগন্ধাভিধাদিবলীবর্দ্দগণক্ষয়ানাং সুমধুরপয়ঃপ্রবাহেণ বৃন্দাটবীমহেন্দ্রত্বেঽভিষিক্তস্য, পরিণত-শশোত্তুঙ্গশৃঙ্গবিনির্ম্মিতমঞ্জুলকার্ম্মুকালঙ্কৃতবামকরমুষ্টিকস্যাস্য, তদবধি যশঃপ্রতাপপ্রকাশলহরী ব্রহ্মাণ্ডভরে যাদৃশী প্রসরন্তী বর্ত্ততে; তা(১)মনুভবন্তীভির্ভবতীভিরপি সাক্ষান্মহেন্দ্রত্বং যন্ন মন্যতে; তন্ত্বতীনামনয়ো(২)ঽয়ং মহানেবেতি ময়ি প্রভাসতে॥

ইতি নিশম্য সস্মিতং নয়নকূণনেন সস্মিতলজ্জিতমস্মুখ-

---

সথাবর, উভয় পার্শ্বে অবস্থান করিয়া প্রফুল্লিত চিত্তে মসৃণ করতলে সমুদ্ভূত রোমরাজি রচিত চামরযুগলে যাঁহাকে ব্যজন করিতেছিল। অতি সুবিখ্যাত ও বন্ধ্যানারীর-গর্ভজাত মহা মহা সাধুগণ, "পদ্মগন্ধ" ইত্যাদি নামক বৃষ বা ষাঁড় সকলের সুমধুর দুগ্ধ ধারায় যাঁহাকে বৃন্দাবনের মহেন্দ্রত্ব পদে অভিষেক করিয়াছিল। এবং তখন যাঁহার বাম করস্থ মুষ্টিক মধ্যে পরিণত শশকের অত্যুচ্চ শৃঙ্গে বিনির্ম্মিত মনোহর ধনুক রূপ অলকার শোভা পাইতেছিল ইত্যাদিরূপে রাজ্যাভিষেক দিন অবধি ব্রহ্মাণ্ডভরে ইঁহার যশঃ প্রতাপের প্রকাশ লহরী যেরূপ প্রকাশিত হইয়া আসিতেছে তাহা অনুভব করিয়াও তোমরা যে ইঁহাকে সাক্ষাৎ মহেন্দ্র বলিয়া বলিতেছ না, তাহাতে তোমাদের বড়ই অন্যায় কার্য্য বলিয়া আমার বোধ হইতেছে॥

ইহা শ্রবণ করিয়া সহাস্যে ব্রজাঙ্গনাগণ নয়ন কোণে অর্থাৎ নেত্র ভঙ্গিদ্বারা সহাস্য ও সলজ্জিত মদীয় বদন অবলোকন পূর্ব্বক পরস্পরের মুখাবলোকন

---

১। অন্যায়ঃ। ২। প্রতাপলহরীং।

মালোক্য পরস্পরং চালোকয়ন্তীষু তাসু চিত্রা বিহস্য;—ভোঃ! কথমসৌ পরিহস্যতে ভবতীভ্যাং? সত্যমেবায়ং দেবেন্দ্রঃ॥

তুঙ্গবিদ্যা,—চিত্রে! ইতি চেৎ স কথমত্রাগতঃ?

চিত্রা,—শ্রূয়তাং—"পররমণীরতো"হয়মিতি সর্ব্বতঃ সমধিগম্য ক্রোধিন্যা দেব্যা পদাঘাতেন নির্ভৎসিতস্তাঃ (১)পরম-

---

করিতে লাগিলে চিত্রা সহাস্যে কহিল,—হা বিশাখে! হে তুঙ্গবিদ্যে! তোমরা উভয়ে ইঁহাকে পরিহাস করিতেছ কেন? ইনি বাস্তবিকই দেবেন্দ্র, ইহাতে কোন সন্দেহ নাই।

তখন তুঙ্গবিদ্যা চিত্রাকে কহিল,—চিত্রে! যদি তাহাই হয় অর্থাৎ যদি ইনি দেবরাজই হইবেন তাহা হইলে এই বৃন্দাবনস্থ সর্ব্বজন সমক্ষে আসিবেন কেন?॥

চিত্রা বলিল (তাহার কারণ) শ্রবণ কর, "ইনি পররমণীরত" অর্থাৎ পর নারী আসক্ত" সকলের নিকট ইহা অবগত হইয়াও দেবী † ক্রোধান্বিতা হইয়া ইঁহাকে চরণাঘাত পূর্ব্বক ভর্ৎসনা করাতে ইনি সেই দেবীকে ও পরম

---

১। দেবীঃ।

---

* পক্ষান্তরে পরা অর্থাৎ অন্যা অথবা পরা—বিপক্ষা কিম্বা পরা—পরমোৎকৃষ্টা রমণী তাহাকেই পররমণী কহে অতএব পররমণী—শ্রীরাধা তাহাতে রত—পরমাসক্ত অর্থাৎ পরমানুরাগে শ্রীরাধাকে যিনি রমণ করেন ইহাই পররমণীরত শব্দের যথার্থ অর্থ।

† দেবী অর্থাৎ চন্দ্রাবলী। উত্তর প্রত্যুত্তর ক্রমে চিত্রাসখীর বাক্য গুলি পরেই বর্ণিত হইবে তথাপি পাঠকবৃন্দের সুখবোধার্থ প্রথমেই যথার্থ অর্থ নোট করিয়া দেওয়া গেল।

সুখদতন্নিজভবনঞ্চ নির্ব্বেদতঃ (১)পরিত্যজ্য বনমিদমাগত্য পরমমঞ্জুলনবীনগোপত্বমিবাসাদ্য পুরশ্চরণবিধানেনৈব বৃন্দাবনেশ্বর্য্যাঃ কর্ষকো ভূত্বা সুখেন সময়ং গময়মস্তি তদেনং(২) হাস্যরসবিষয়ালম্বনমবিধায় বাটিকরূপপ্রাঘুণে (৩)অস্মিন্‌ স্নেহ এব নিকামং বিধীয়তাং।

তচ্ছ্রুত্বা সর্ব্বাসু স্মেরমুখীষু নান্দীমুখী বিহস্য,—সখি

সুখদতন্নিজঃভবনং* অর্থাৎ পরম সুখপ্রদ তাহার নিজ ভবন পরিত্যাগ করিয়া এই বৃন্দাবনে আগমন পূর্ব্বক পরম সুন্দর নবীন গোপত্ব† অর্থাৎ গোপভাব ধারণ করিয়া পুরশ্চরণ বিধান দ্বারা‡ বৃন্দাবনেশ্বরীর কর্ষক হইয়া মহাসুখে কালাতিপাত করিতেছেন, অতএব ইঁহাকে হাস্য রসবিষয়ের আলম্বন (পাত্র) না করিয়া এই গৃহাগত অতিথিকে যথেষ্ট স্নেহবিধান কর।

ইহা শ্রবণ করিয়া ব্রজসুন্দরীগণ হাস্য বদনে অবস্থান করিতে লাগিলে, নান্দীমুখী হাস্য করিয়া চিত্রাকে কহিলেন সখি চিত্রে! ব্রজেই যিনি

১। দুঃখাৎ। ২। গোপং। ৩। অতিথৌ।

* পরমসুখদতন্নিজভবনং অর্থাৎ পর—কেবল, অসুখদ—সুখদ বিহীন কিম্বা পরমসুখকে নষ্ট করে বিধায় পরমসুখদ—দুঃখপ্রদ, তাহার অর্থাৎ সেই দেবী চন্দ্রাবলীর নিজভবন অর্থাৎ সখীস্থলীর নিকটবর্ত্তিস্থান।

† বেণু, শৃঙ্গ, লগুড়, শিখিপুচ্ছ ও গুঞ্জাহার ইত্যাদি ধারীকেই নবীন গোপত্ব কহে।

‡ পুরঃ—সম্মুখে, চরণ—ভ্রমরগুঞ্জিত কুসুমান্বিত বকুল বৃক্ষতলে স্বেচ্ছাচারি মদমোত্ত গজেন্দ্রের ন্যায় ইতস্ততঃ ভ্রমন্‌, সেই ভ্রমন্‌ পুরঃসর যে বিধান অর্থাৎ লীলাকমল চুম্বন, অশোক লতায় নবপল্লব দংশন ইত্যাদি দ্বারা।

চিত্রে। ব্রজ এব নিত্যবিহারিণি ব্রজেন্দ্রনন্দনে যৎ কিঞ্চিৎ ত্বয়েদং ব্যাহৃতং; তস্য শব্দার্থোঽথগূঢ়াভিপ্রায়েণ ভবিতব্যমিতি লক্ষ্যতে; ততস্তস্য বিবেচনপূর্ব্বককথনেনাস্মান্ বাঢ়মানন্দয় ॥

ততঃ স্মিত্বা মুনিব্রতমালম্বিতবত্যাং চিত্রায়াং বৃন্দা সানন্দমাহ,—নান্দীমুখি। অস্যাঃ (১)পরমবিদগ্ধায়া গূঢ়াভিপ্রায়ঃ স্ফুটং ময়ৈব নির্ব্বর্ণ্যমানঃ সুষ্ঠু সমাকর্ণ্যতাং ॥

নান্দীমুখী,—কথমস্য দেবেন্দ্রত্বং? তৎ প্রকটয় ॥

বৃন্দা,—দীব্যন্তি ক্রীড়ন্তীতি দেবাঃ— বিচিত্রবিবিধমনোহরকেলিবিলাসশালিনঃ, তথা দীব্যন্তি বিশেষেণ দ্যোতন্তে ইতি দেবাঃ—পরমোজ্জ্বলতেজস্তরঙ্গহৃদ্যাদ্ভুতসৌন্দর্য্যামৃতপ্রবাহ-

---

নিত্য বিহার করেন তাদৃশ ব্রজরাজ-নন্দনের প্রতি তুমি যাহা কিছু বলিলে তাহার শব্দার্থ অন্য, গূঢ়াভিপ্রায় থাকিবে বলিয়া লক্ষিত হইতেছে, অতএব তদ্বিষয় বিবেচনা পূর্ব্বক বর্ণন করিয়া আমাদিগকে পরম সুখী কর।

অনন্তর তাহা শুনিয়া চিত্রা হাস্য করিয়া অর্থাৎ হাস্যবদনে মুনিব্রতধারণ (মৌনাবলম্বন) করিলে (তাহা দেখিয়া) শ্রীবৃন্দাদেবী আনন্দ সহকারে নান্দীমুখীকে কহিতে লাগিলেন,নান্দীমুখি! পরম বিদগ্ধা (চতুরা) চিত্রার বাক্যের গূঢ়াভিপ্রায় আমি সুন্দররূপে প্রকাশ করিতেছি সাবধানে শ্রবণ কর।

নান্দীমুখী কহিলেন,—ইঁহার দেবেন্দ্রত্ব কিপ্রকারে হইল তাহা প্রকাশ করিয়া বল।

বৃন্দাদেবী বলিল,—"যাহারা ক্রীড়া করেন তাঁহারাই দেব অর্থাৎ বিচিত্র ও বিবিধ মনোহর কেলিবিলাসশালী অথবা যাহারা বিশেষরূপে দীপ্তিমান্ তাহারাই দেব অর্থাৎ পরমোজ্জ্বলকান্তি তরঙ্গের মনোহর অদ্ভুত সৌন্দর্য্য রূপ

---

১। চিত্রায়াঃ।

শালিনস্তেষাং তেষামপীন্দ্রঃ মহাপরিবৃঢ় ইতি দেবেন্দ্রস্তেভ্যো-ঽপি পরমোৎকর্ষেণ সুষ্ঠু বিরাজমান ইত্যর্থঃ ॥

নান্দীমুখী সস্মিতং,—সমীচীনোঽয়মর্থো বিবৃতঃ; কিন্তু "পররমণীরত" ইত্যস্য কোঽর্থঃ?

বৃন্দা,—পরা অন্যা, তথা পরা বিপক্ষা, তথা পরা পরমোৎ-কৃষ্টা, পরা চাসৌ রমণী চেতি পররমণী শ্রীরাধিকা তস্যাং রতঃ পরমাশক্তস্তামেব পরমানুরাগেণ রময়ন্নিত্যর্থঃ ॥

চম্পকলতা স্মিত্বা,—বৃন্দে! দেব্যপি নিরূপ্যতাং ॥

বৃন্দা,—নাদেবো দেবমর্চ্চয়েদিতি চণ্ডিকাপরিচর্য্যাপরত্বাৎ তস্য দেবস্য ভার্য্যেতি বা। কিম্বা অমঙ্গলে মঙ্গলশব্দবদিয়ং দেবী ॥

---

অমৃত প্রবাহশালী" এই উভয়ার্থ বাচক দেবগণেরও যিনি ইন্দ্র অর্থাৎ মহাপ্রভু তিনিই দেবেন্দ্র, উক্ত গুণশালি দেবগণ হইতেও পরমোৎকর্ষ সহকারে বিরাজ করেন হে নান্দীমুখি! দেবেন্দ্র শব্দের এই অর্থ জানিও।

নান্দীমুখী সহাস্যে কহিল,—বৃন্দে! তুমি দেবেন্দ্র শব্দের এই যথার্থ অর্থ বিবৃত করিয়াছ কিন্তু "পররমণীরত" এই বাক্যের অর্থ কি? (তাহা বল)।

তাহা শুনিয়া বৃন্দাদেবী "পররমণীরত" বাক্যের অর্থ কহিতে লাগিল,—পরা অর্থাৎ অন্যা, অথবা পরা—বিপক্ষা, কিম্বা পরা—পরমোৎকৃষ্টা রমণী তাহাকেই পররমণী কহে, পররমণী অর্থাৎ শ্রীরাধা, তাহাতে রত—পরমাসক্ত "পরমানুরাগে শ্রীরাধাকেই যিনি রমণ করান" ইহাই পররমণী শব্দের অর্থ জানিও।

চম্পকলতা হাস্য করিয়া কহিল,—বৃন্দে! ত্বৎকর্তৃক দেবীও নিরূপিত হউক অর্থাৎ সেই দেবী কে? তাহার যথার্থ অর্থ হবা কি তাহা বর্ণন কর।

বৃন্দাদেবী বলিল,—দেব না হইয়া দেবতাকে অর্চ্চনা করিতে নাই এই

নান্দীমুখী,—সেয়ং কা ?

বিশাখা,—এতাদৃশী চন্দ্রাবল্যেব ভবিষ্যতি ॥

বৃন্দা স্মিত্বা মৌনমালম্বতে ॥

সর্ব্বাঃ স্মিতং কুর্ব্বন্তি ॥

নান্দী পদাঘাতেনেতি ধার্ষ্ট্যাতিশয়েন তস্যা অমুত্তমতা স্ফুটৈব কিন্তু পরমসুখদতল্পিজভবনং বা কতরৎ ॥

বৃন্দা,—নিবিড়ত্ব-পুষ্পবত্ত্ব-ভৃঙ্গগুঞ্জিত্বাদিরাহিত্বাৎ পরং

---

নিয়মানুসারে চণ্ডিকাদেবীর পরিচর্য্যার তৎপরত্ব প্রযুক্ত দেবী অথবা এই দেবের ভার্য্যা এই হেতু দেবী কিম্বা অমঙ্গলে মঙ্গল শব্দবৎ দেবী*।

নান্দীমুখী কহিল,—সেই বা কে ?।

বিশাখা বলিল,—এতাদৃশী অর্থাৎ উক্তগুণান্বিতা দেবী শব্দের বাচ্য চন্দ্রাবলীই হইবে সন্দেহ নাই।

তাহা শুনিয়া বৃন্দাদেবী হাস্য করিয়া মৌন ভাব অবলম্বন করিল।

ব্রজসুন্দরীগণ সকলে হাস্য করিতে লাগিল।

নান্দীমুখী কহিল,—পদাঘাত দ্বারা (ইহাকে ভর্ৎসনা করিয়াছে) এই বাক্যে তাহার (দেবীর) ধার্ষ্ট্যাতিশয়ে নিকৃষ্টতা স্পষ্টতঃ পরিস্ফুট হইতেছে। পরন্তু পরম সুখদ তল্পিজভবনই বা কি ? (তাহা বল)

তচ্ছ্রবণে বৃন্দাদেবী "পরমসুখদতল্পিজভবনের" অর্থ কহিতে লাগিল,—নিবিড়ত্ব, পুষ্পবত্ত, ভ্রমরগুঞ্জনত্বাদি না থাকায় পরং অর্থাৎ কেবল, অসুখদ

---

* অর্থাৎ কথায় বলে "কানা ছেলের নাম পদ্মলোচন" সেইরূপ দেবী না হইলেও পরিহাসে দেবী বলা হইল।

অসুখদং। কিম্বা পরমসুখং দারয়তীতি পরমসুখদং যত্তস্যা দেব্যা নিজভবনং—সখীস্থলীনিকটবর্ত্তিনং তদপহায়॥

নান্দীমুখী,—অহো! শব্দানাং গূঢ়ার্থবিজ্ঞায়াস্তব ব্যাখ্যা-কৌশলং তদস্মাদৃশীভির্দুরবগাহো নবীনগোপত্বাদিপদানাং গূঢ়োঽর্থঃ কৃপয়া প্রকাশ্যতাং (দর্শ্যতাং)॥

বৃন্দা,—বেণু-বিষাণ-লগুড়-নির্যোগপাশ-গিরিধাতুচিত্র-নব-শিখণ্ড-গুঞ্জাহারারণ্যাশৃঙ্গারধারিত্বং মঞ্জুলনবীনগোপত্বং তত্রাপি নবীনশব্দেন তস্য প্রথমতো নিত্যনূতনতা চ ধ্বনিতা। পুরশ্চরণ-সংবিধানেনেতি পুরঃ সম্মুখে ভ্রমরগুঞ্জিতকুসুমশালিবকুলরাজ-

---

অর্থাৎ সুখদবিহীন কিম্বা পরমসুখকে নষ্ট করে বিধায়, পরমসুখদ অর্থাৎ দুঃখপ্রদ, দেবীর যে নিজ ভবন অর্থাৎ সখীস্থলীর নিকটবর্ত্তিস্থান তাহা পরিত্যাগ করিয়া (এইবনে আগমন করিয়াছে)

নান্দীমুখী কহিল,—শব্দ সকলের গূঢ়ার্থঅভিজ্ঞা তোমার ব্যাখ্যার কি আশ্চর্য্য কৌশল? অতএব আমাদিগের দুর্ব্বোধ সেই নবীন গোপত্বাদিপদের* গূঢ়ার্থ কৃপা পূর্ব্বক প্রকাশ করিয়া বল।

বৃন্দাদেবী কহিল নবীনগোপত্বাদি পদের গূঢ়ার্থ এই যে বেণু, বিষাণ, (শৃঙ্গ) লগুড় নির্যোগপাশ (ছান্দন দাড়ি) গৈরিক চিত্র, নূতনশিখিপুচ্ছ, গুঞ্জাহার এবং অরণ্য জাত শৃঙ্গারধারিত্বই মনোহর নবীনগোপত্ব, তাহাতেও নবীন শব্দদ্বারা প্রথমতঃ তাহার নিত্য নূতনত্ব ধ্বনিত হইয়াছে। আর "পুরশ্চরণ বিধান দ্বারা" ইহার অর্থ এই—পুরঃ—সম্মুখে অর্থাৎ ভ্রমরগুঞ্জিত কুসুমান্বিত বকুলরাজ তলে, চরণ অর্থাৎ স্বেচ্ছাচারি-

---

* আদি শব্দে পুরশ্চরণবিধান, কর্ষক, সুখ, সময় ইত্যাদি পূর্ব্বোক্ত চিত্রার বাক্যানুসারে জানিতে হইবে

তলে চরণং প্রোদ্দামমদোন্মত্তগজেন্দ্রবদ্বিবিধবিলাসসমুল্লাসিতমিতস্ততো ভ্রমণং তৎপুরঃসরং যৎ সম্বিধানং লীলাকমলচুম্বনকঙ্কেল্লিবল্লি-নবপল্লবদংশন*নিস্তুলনিস্তলদাড়িমীফলকরবিন্যাসকাঞ্চনযূথিকাসমালিঙ্গনপূর্ব্বকস্মিতনবকর্পূরসম্মিলিতচঞ্চলনয়নকমলাঞ্চলাবলোকনপরমোন্মাদকমধুরমাধ্বীকপায়নং । তেন(১) মল্লিবকুলচম্পকমাধবীকনকযূথিকাদিকুসুমচয়নবিলাসমাধুরীভরমনুভবন্ত্যাঃ শ্রীবৃন্দাবনরাজধানীবিলাসিন্যাঃ কর্ষক—আকর্ষকো ভৃঙ্গা ত্তেন(২) তা(৩)মুন্মাদ্য নিজনিকটমাকৃষ্যেত্যর্থঃ† ॥

[illegible]

---

বা মহান্ ও মদোন্মত্তগজেন্দ্র সদৃশ বিবিধ বিলাসে উল্লাসযুক্ত হইয়া ইতস্ততঃ ভ্রমণ, ও তৎপুরঃসর যে বিধান (ব্যাপার) অর্থাৎ লীলাকমলচুম্বন, অশোকলতার নবপল্লব দংশন, নিরুপম ও বর্ত্তুল দাড়িম্ব ফলে করবিন্যাস এবং কাঞ্চনযূথিকা সমালিঙ্গন পূর্ব্বক হাস্য নবকর্পূর সম্মিলিত চঞ্চল নয়নকমল-কোণে অবলোকন দ্বারা পরমোন্মাদক মধুর মধুপান করান। সেই হেতু মল্লিকা, বকুল, চম্পক, মাধবী ও কনকযূথিকা প্রভৃতি কুসুমচয়নের বিলাস-মাধুরীভর-অনুভবকারিণী শ্রীবৃন্দাবন-রাজধানী বিলাসিনীর কর্ষক—আকর্ষক হইয়া অর্থাৎ তাহাকে উন্মাদিত পূর্ব্বক নিজ নিকটে আকর্ষণ করিয়া থাকে।

সুখ দ্বারা অর্থাৎ শ্লাঘনীয় মধুর মধুর রসাস্বাদন জনিত পরমানন্দ

---

১। হেতুনা। ২। কর্ষকেণ। ৩। রাধাং।

---

* মন্দশন ইতি পাঠান্তরং।

† নিজনিকটমাকৃষ্টা ইতি পাঠান্তরং ধেয়ং।

সময়ং—সহজসর্ব্বদোজ্জ্বগুণবসন্তকালং নিরন্তরং নিরুপম-বিলাসমাধুরীভিঃ সৌভাগ্যলক্ষ্মীভরং গময়ন্—প্রাপয়ন্নস্তি তয়া(১) সহানবরতমনির্ব্বচনীয়মধুরখেলাবিলাসতৎপরঃ সন্ সদা বিরাজত এবেতি॥

ততোঽহং সান্তরানন্দং,—বিশ্বাসঘাতিনি বৃন্দে! মম বৃন্দাবনোদ্যানপালিকাপি ত্বং কথমেকাভির্মিলিতাসি?॥

মধুমঙ্গলঃ,—প্রিয়বয়স্য! ইয়মুদ্যানপালী সলবণতক্রশ্লথিত-ভক্তভক্ষণায় তদুদ্যানপালনং পরিত্যজ্য সাম্প্রতমাসাং গৃহ-পালী বৃত্তাস্তি; তৎ কথং ন কথয়িষ্যতে (বুঝিষ্যতি)॥

বৃন্দা,—অরে দ্বিজাভাস! কটুবটো! নিজ-সহচরপ্রণয়-

---

সমূহ দ্বারা সময়কে অর্থাৎ স্বভাবসিদ্ধ সর্ব্বদা সুপ্রকাশ বসন্তকালকে নিরন্তর নিরুপম বিলাস মাধুরী দ্বারা সৌভাগ্যলক্ষ্মী প্রাপ্ত হইয়া থাকেন অর্থাৎ শ্রীরাধার সহিত অনবরত অনির্ব্বচনীয় বিবিধ মধুর বিলাসে তৎপর হইয়া সর্ব্বদা বিরাজ করেন (ইহাই চিত্রোক্ত বাক্যের অর্থ)।

অনন্তর আমি সানন্দমনে বৃন্দাকে বলিলাম, হে বিশ্বাসঘাতিনি বৃন্দে! তুমি মদীয় বৃন্দাবনোদ্যানের রক্ষিকা হইয়া, ইহাদের সহিত মিলিত অর্থাৎ যোগদান করিলে কেন?

মধুমঙ্গল কহিল,—প্রিয় বয়স্য! এই উদ্যানপালী (রক্ষিকা) বৃন্দা, লবণ-যুক্ত তক্র মিশ্রিত অন্ন ভক্ষণের নিমিত্ত এই উদ্যানপালন পরিত্যাগ করিয়া অধুনা এই সকল গোপীগণের গৃহপালনে নিযুক্ত হইয়াছে, অতএব কেনই বা এইরূপ না বলিবে?

বৃন্দা মধুমঙ্গলকে কহিল,—অরে দ্বিজাভাস! কটুবটো!* নিজসহ-

---

১। রাধয়া।

* কটু অর্থাৎ পরশ্রী কাতর, কর্কশ, উগ্র ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। বটু—ব্রাহ্মণ।

মুদিরবচনজলধারাবর্ষেণ প্রফুল্লবর্ষাভূস্তং সন্ততশ্রবণকটুশব্দং কুর্ব্বন্ সর্ব্বামুদ্বেজয়সি* ॥

মল্লীভৃঙ্গৌ,—দেবি ললিতে ! স্বামিন্যা যদন্যপত্রে† লিখিতমস্তি ; তৎ কিং বিস্মৃতং ভবত্যা ? ॥

ললিতা,—কিন্তৎ স্মার্য্যতাং ॥

মল্লীভৃঙ্গৌ, সমুচিতকরদানে যঃ কুযুক্তিমুত্থাপ্য(১) বিরোধমাচরতি, সোঽত্র বদ্ধ্বা শীঘ্রং প্রহেয়ঃ‡ ইতি ॥

ললিতা,—আং ! তৎকরদানবিরোধী মধুমঙ্গল এব, তদেনং

---

চরের প্রথম মেঘ সদৃশ বাক্যরূপ জলধারা বর্ষণে প্রফুল্ল মণ্ডূক হইয়াছ ? অর্থাৎ মেঘের প্রাথমিক জলধারা বর্ষণেই ভেক যেমন আনন্দিত হয় তদ্রূপ তুমিও শ্রীকৃষ্ণের মেঘতুল্য বাক্যরূপ জলধারা বর্ষণে প্রসন্ন হইয়া নিরন্তর শ্রুতিকটু ভেকতুল্য মকমক্ শব্দ করিয়া সকলকে উদ্বেগ করিতেছ।

মল্লী ও ভৃঙ্গী কহিল,—দেবি ললিতে ! স্বামিনী ( শ্রীরাধারাণী ) দ্বিতীয় পত্রে যাহা লিখিয়াছেন তাহা কি আপনি বিস্মৃত হইয়াছেন ?।

ললিতা বলিল,— তাহা কি বল।

মল্লী ও ভৃঙ্গী কহিল,—"সমুচিত করপ্রদানে যে ব্যক্তি কুযুক্তি উত্থাপন করিয়া বিরোধ আচরণ করিতেছে তাহাকে বন্ধন পূর্ব্বক অবিলম্বে মদন্তিকে প্রেরণ করিবে" ইতি।

ললিতা কহিল,—হাঁ ! সেই করদানের বিরোধী, মধুমঙ্গলই বটে, অতএব

---

১। উত্থাপ্য।

---

* সর্ব্বানুদ্বেজয়সি ইতি পাঠান্তরং।

† যদন্যৎপত্রে ইতি পাঠান্তরং কুত্রাপি দৃশ্যতে তদ্ভাবাং।

‡ তয়া ইতি শেষঃ।

লতাপাশেন দৃঢ়ং নিবধ্য কোমলায়াঃ প্রিয়সখ্যাঃ সবিধমনী-ত্বৈব জটিলাভিমন্যু-পার্শ্বে যুবাভ্যামেব সত্বরং সমর্প্যতাং; যথা স যাবগ্রামসিংহোঽভিমন্যুরেন তাড়নপূর্ব্বকং স্বকরং গৃহ্নাতি ॥

মধুমঙ্গলঃ,—অন্তঃসভয়মিব—বয়স্য! কিঞ্চিন্নিগূঢ়ং কার্য্যং মম গৃহে বিদ্যতে, তৎ সম্পাদ্যাগচ্ছন্নস্মি ॥

ততোঽহং,—ধিগ্ ব্রাহ্মণ! কথমবলা-বাগাড়ম্বরেণ মদগ্রতোঽপি বিভেষি ॥

মধুমঙ্গলঃ,—মহাশূর! ঘট্টীপালস্য তব গোবর্দ্ধনে দানবর্ত্মন্যাং ১) বহুশঃ শৌর্য্যং অনুভূতমস্তি; যতস্মিন্ দিনে এতাভিরেব বৃন্দাবন-করনিমিত্তং গান্ধর্ব্বা-নিদেশেন নিজোত্তরীয়পটাঞ্চলেন বদ্ধা নীয়মানমপি মাং বীক্ষমাণ এব বিলক্ষ্য২)স্ত্বমাসীঃ

ইহাকে লতাপাশে দৃঢ় বন্ধন করিয়া কোমলা প্রিয়সখীর নিকটে না লইয়া জটিলা ও অভিমন্যুর পার্শ্বে তোমরা ইহাকে অর্পণ কর, তাহা হইলে সেই যাবট-গ্রামসিংহ অভিমন্যুই ইহাকে তাড়না করিয়া স্বীয় কর আদায় করিবেন।

মধুমঙ্গল যেন সভয়ান্তঃকরণে (আমাকে) কহিল,—বয়স্য! আমার গৃহে কিছু নিগূঢ় কার্য্য আছে অতএব তাহা সম্পাদন করিয়া আসিতেছি।

অনন্তর আমি মধুমঙ্গলকে কহিলাম,—ধিক্ ব্রাহ্মণ! তোমাকে ধিক্ আমার নিকটে থাকিয়াও অবলাগণের বাগাড়ম্বরে ভয় পাইতেছ কেন?

মধুমঙ্গল কহিল,—হে মহাবীর! ঘট্টীরক্ষক তোমার বীরত্ব, গোবর্দ্ধনের দানপথে বহুবার মৎকর্ত্তৃক অনুভূত হইয়াছে। যেহেতু সেই দিনে এই গোপীগণই বৃন্দাবনের করগ্রহণার্থ গান্ধর্ব্বার (শ্রীরাধার) আদেশে নিজ উত্তরীয় বস্ত্রাঞ্চল দ্বারা আমাকে বন্ধন করিয়া লইয়া যাইতেছিল তাহা

১। বীথ্যাং। ২। বিস্ময়ান্বিতঃ।

অহমেব নিজভূসুরত্বং বিবৃত্য(১) ভাগ্যেন কথঞ্চিজ্জীবিতো-ঽস্মি(২) ॥

ইত্যুক্ত্বা ভীতিমনুকৃত্য পলায়মানমিব তং করে গৃহীত্বা পরাবর্ত্ত্য ময়োক্তং,—ললিতে! তাদৃশ্যাঃ কোমলাবলায়া অপি কথমহং করং দাস্যামি? প্রত্যুত বলাৎ কাম(৩)মাদাস্য এব ॥

ইতি নিশম্য নেত্রভাগেন মামীষদবলোকয়ন্তী রাধা সুস্মিতা আসীৎ ॥

নান্দীমুখী,—চিত্রে! বাটিকা-প্রাঘুণ(৪) ইত্যস্য কস্তাবদভি-প্রায়ঃ ॥

---

দেখিয়াই তুমি বিস্ময়ান্বিত হইয়াছিলে, কিন্তু আমিই স্বীয় ব্রাহ্মণ্য প্রভাব প্রকাশ করিয়া ভাগ্যক্রমে কোনরূপে বাঁচিয়াছিলাম।

এই বলিয়া ভীতির অনুকরণে পলায়ন তৎপর ব্যক্তির ন্যায় পলায়মান মধুমঙ্গলের কর ধারণ করিয়া প্রত্যাবর্ত্তন পূর্ব্বক আমি বলিলাম,—ললিতে! তাদৃশী কোমলা অবলার সম্বন্ধে কর প্রদান আমি কি প্রকারে করিব? প্রত্যুত বলপূর্ব্বক যথেষ্ট কর আদায়ই করিব।

ইহা শ্রবণ করিয়া শ্রীরাধা, নয়নপ্রান্তে আমাকে ঈষৎ অবলোকন পূর্ব্বক হাস্য করিতে লাগিল।

নান্দীমুখী কহিল,—চিত্রে! "বাটীর অতিথি এই কথার* অভিপ্রায় কি?

---

১। প্রকাশ্য। ২। জীবিতোঽস্মি। ৩। যথেষ্টং। ৪। অতিথৌ।

---

* পূর্ব্বে চিত্রা, সখীগণকে বলিয়াছিলেন যে বাটীর অতিথি স্বরূপ ইহার প্রতি স্নেহ বিধান কর।

ললিতা,—নান্দীমুখি! তজ্জানন্ত্যাপি কথং পৃচ্ছসি? যৎ সর্ব্বকালীন* নিজ-বাসগ্রামমহাবনমপহায় বৎসরষট্‌সপ্তক-মাত্রমত্রাগতোঽস্তি ॥

নান্দীমুখি,—প্রিয়জন্মভূমেস্ত্যাগে† কিং তাবৎ কারণং?

রাধা অনুচ্চৈঃ,—তৎস্থানস্যাস্বাচ্ছন্দ্যাৎ জনতাধিক্যেন তদ্‌গ্রামে নগর ইবজাতে অবলাবধ-ভাণ্ডস্ফোটন-নবনীতহরণাদি-বিবিধবিসদৃশব্যবসায়াভ্যাসেন জনিতবহুবিধবিকর্ম্মাভিলাষস্যাসিদ্ধত্বাৎ নির্জ্জনেঽস্মিন্মহতি ঘনে বৃন্দাবনে কুলাবলা-কুলানাং‡ গেহদেহ অধরদশনবসনানি§ স্বাচ্ছন্দ্যেনাপহর্ত্তু-মধিকলালসৈব ॥

---

তখন ললিতা নান্দীমুখীকে কহিল,—নান্দীমুখি! তাহা জানিয়াও কেন জিজ্ঞাসা করিতেছ, যেহেতু সর্ব্বকালীন নিজ-বাসগ্রাম মহাবন পরিত্যাগ করিয়া ছয় সাত বৎসর মাত্র এই স্থানে আগমন করিয়াছে।

নান্দীমুখী কহিল,—প্রিয় জন্মভূমি পরিত্যাগের কারণ কি?

রাধা লঘুস্বরে অর্থাৎ ধীরে ধীরে কহিল,—সেই স্থানের অস্বচ্ছন্দতা হেতু জনসমূহের আধিক্য প্রযুক্ত সেই গ্রাম, নগর সদৃশ বৃহৎ হইয়া উঠিলে অবলা-বধ, গব্য-ভাণ্ড-ভঙ্গ, নবনীত অপহরণাদি বিবিধ বিসদৃশ (অযুক্ত) ব্যবসায়াভ্যাস-জনিত বহুবিধ কুকর্ম্মাভিলাষের অসিদ্ধত্ব নিবন্ধন এই নির্জ্জন অথচ নিবিড় বৃন্দাবনে কুলবধূগণের গেহরূপ দেহে অধর দংশন ও বসনানিচয় স্বচ্ছন্দভাবে অপহরণ করিবার নিমিত্ত অত্যন্ত লালসা দেখিতে পাওয়া যায়।

---

* সর্ব্বকালীন্ ইতি পাঠে ব্যাপ্য ইতি শেষঃ।

† প্রিয়জন্মভূমিত্যাগে ইতি পাঠান্তরং।

‡ কুলাঙ্গনানাং ইতি পাঠান্তরং।

§ গেহদেহদশনবসনানি ইতি পাঠান্তরং।

ইত্যেবং ললিতয়া স্ফুটং ব্যাহৃতে নান্দীমুখী সস্মিতং সাকূতমাহ,—ললিতে ! সাম্প্রতমস্য তাদৃশব্যবসায়ো ন দৃশ্যতে ॥

রাধা পুনরনুচ্চৈঃ,—সত্যমেব কথ্যতে ; যদয়ং(১) সম্প্রতি স্বধর্ম্মত্যাগেন বিসদৃশসংস্কারেণ চ জনিতান্যাদৃশবুদ্ধি-কৃতচৌর্য্যাদিদুষ্কৃতং(২) ললিতাচার্য্যয়া পূর্ব্বমপি বিহিতনিষ্কৃতেন নির্ব্বাপ্য নির্ব্বেদকৃতবিবেকেন তাসামেব(৩) কৃষিবৃত্তিমেব নিজ-ধর্ম্মমাচর্য্য প্রকামং শস্যান্যুৎপাদ্য তাভ্যঃ(৪) প্রদায় তৎ স্বাংশমপি(৫) স্বয়মাদায় তাঃ স্বাত্মানমপ্যানন্দয়ন্ মহাশুচিরিব বিরাজতে ॥

---

এইরূপে ললিতাও পরিস্ফুটরূপে বলিলে নান্দীমুখী সহাস্য বদনে স্বীয় অভিপ্রায় প্রকট পূর্ব্বক কহিল,—হাঁ ললিতে! অধুনা ইঁহার (কৃষ্ণের) তাদৃশ ব্যবসায় দেখা যায় না।

শ্রীরাধা পুনর্ব্বার লঘুস্বরে বলিতে লাগিলেন,—তুমি সত্য কথাই বলিতেছ কেননা, এই কৃষ্ণ, সম্প্রতি স্বধর্ম্ম ত্যাগ ও বিরুদ্ধ সংস্কারে উৎপন্ন বুদ্ধি কৃত স্বীয় চৌর্য্যাদি দুষ্কৃতকে, ললিতারূপ আচার্য্যা কর্ত্তৃক, পূর্ব্ববিহিত নিষ্কৃতির দ্বারা বিনাশ করিয়াছেন ও অনুতাপ কৃত বিবেক দ্বারা গোপীগণের কৃষিবৃত্তিকেই নিজ ধর্ম্মরূপ আচরণ পূর্ব্বক প্রচুর শস্য সমূহ উৎপাদন করিতেছেন এবং গোপীগণকে উহা প্রদান করিয়া স্বীয়ভাগ স্বয়ং গ্রহণান্তর গোপীগণকে ও স্বীয় আত্মাকে আনন্দিত করতঃ মহাশুচি ব্যক্তির ন্যায় বিরাজ করিতেছেন।

---

১। শ্রীকৃষ্ণঃ। ২। পাপং। ৩। গোপীনামেব।
৪। গোপীভ্যঃ। ৫। ভাগমপি।

ইত্যেব স্ফুটং বিশাখাপি সস্মিতং ভাষিতবতী ॥

ততস্তন্নিশম্য সর্ব্বাসু হাস্যকোলাহলমহোৎসবমাবিষ্কুর্ব্বৎসু সকপটাসূয়ং ময়োক্তং,—সখে সুবল ! ধূর্ত্তাভিরিমাভির্নর্ম্মভঙ্গীমিষেণ মম বৃন্দাবনরাজ্যাধিকারিত্বেব দূরীক্রিয়মাণাস্তীতি সমবিগতং ভবতা ॥

সুবলঃ,—ন কেবলমধিকারিত্বেব দূরীকৃতা কিন্তু কর্ষকোহপি কৃতোহসি ॥

বৃন্দা,—সুবল ! ত্বং বহুশ্রুতো(১) বিচক্ষণস্তথানয়োরপি পরমস্নিগ্ধঃ ; তৎকথং ? নান্দীমুখ্যা সহানয়োঃ পরমস্নিগ্ধয়োরপি রাজ্যহেতোর্ব্বিবদমানয়োরুচিতন্যায়াবলোকনেন বিরোধং ন দময়সি ?॥

বিশাখাও সহাস্য বদনে শ্রীরাধার ঐ বাক্যকে পরিস্ফুট ভাবে সর্ব্বাগ্রে বলিতে লাগিল।

অনন্তর তাহা শুনিয়া ব্রজসুন্দরীগণ সকলে হাস্য ও কোলাহলরূপ মহোৎসব আবিষ্কার করিতে থাকিলে কপট অসূয়ার সহিত আমি সুবলকে বলিলাম,—সখে সুবল ! এই ধূর্ত্তাগণ, পরিহাস ভঙ্গি ছলে আমার বৃন্দাবন রাজ্যের আধিপত্যই একেবারে দূর করিয়া দিতেছে, তুমি কি ইহা বুঝিতে পারিয়াছ ?

তখন সুবল আমাকে কহিল,—সখে কৃষ্ণ ! কেবল যে বৃন্দাবন রাজ্যের আধিপত্যই দূর করিয়াছে তাহা নহে পরন্তু তোমাকে আবার কৃষকও করিয়াছে।

বৃন্দাদেবী সুবলকে কহিল,—সুবল ! তুমি বিচক্ষণ পণ্ডিত এবং "শ্রীরাধা ও কৃষ্ণ" এই উভয়ের পরমস্নিগ্ধ অর্থাৎ স্নেহের পাত্র ; অতএব তুমি নান্দীমুখীর সহিত মিলিত হইয়া এই রাধা ও কৃষ্ণ পরমস্নিগ্ধ হইলেও রাজ্য-

১। পণ্ডিতঃ।

ততো ভদ্রং ভদ্রমিতি ময়া ললিতয়া চোক্তে সুবলঃ প্রাহ,—বয়স্য! প্রথমং তাবৎ কথমাসামেতদ্রাজ্যং তল্ললিতৈব কথয়তু, পশ্চাত্ত্বমপি কথম্বা ভবদ্রাজ্যং তজ্জ্ঞাপয়তু॥

ততোঽহং,—সুবল! যাসাং ব্রজদেবকন্যানামজ্ঞানেনাপি সঙ্গমাচর্য্য জাতব্যলীকোঽহং প্রায়শ্চিত্তেন শুদ্ধোঽভবং স কথং তাভিঃ সমমপি পুনর্বাকোবাকং বিস্তরয়ামি॥

বৃন্দা,—মহাশুদ্ধ! ভবদ্বাগ্‌গন্ধমাত্রেণাপি সমুদিতকলুষসঙ্ক্রা এতা(১) অপি শ্রীবৃন্দাবনচক্রবর্ত্তিন্যা নূনমশেষবিধিনা শ্যামলবিমলশরসরোবরমহাতীর্থে পুনঃ পুনঃ স্নপনেন শুদ্ধী-

লাভের নিমিত্ত কলহে রত হইয়াছেন; ইঁহাদের রাজ্যাধিকারবিষয়ে উচিত ন্যায়াবলোকন দ্বারা বিরোধ খণ্ডন করিতেছ না কেন?

অনন্তর বৃন্দার বাক্য শ্রবণ করিয়া আমি ও ললিতা "ভাল বলিয়াছ ভাল বলিয়াছ" ইহা বলিলে,—সুবল আমাকে সম্বোধন করিয়া কহিল,—বয়স্য! এই রাজ্য এই গোপীদিগের কি করিয়া হইল তাহা প্রথমতঃ ললিতাই বলুক, পরে তোমারই বা এই রাজ্য কি প্রকারে হইল তাহা তুমিও স্বয়ং জ্ঞাপন কর।

অনন্তর আমি সুবলকে কহিলাম,—সখে সুবল! অজ্ঞান বশতঃ যে সকল ব্রজস্থ দেবকন্যাদিগের সহবাসে অপরাধী হইয়া, পরে প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধ হইয়াছি (বলদেবি) পুনর্ব্বার এখন তাহাদিগের সহিত কিরূপে বাকো-বাক্য* বিস্তার করি।

তখন বৃন্দা আমাকে কহিল,—মহাশুদ্ধ! আপনার বচনের গন্ধমাত্রেই

১। গোপ্যঃ।

* উত্তর প্রত্যুক্তি। কথা কাটাকাটি। জবাব্।

কৃতা এব স্বনিকটমাপিতাঃ(১) সন্তি তচ্চৌর্য্যনিকৃতয়োঃ কৃতয়োঃ(২) সম্বাদে দোষো নাস্তি। তল্ললিতে! ভবত্যেব কথয়তু॥

ললিতা,—প্রথমং তাবদস্মিন্ বৃন্দাবনরাজ্যেঽস্যালীকবাদিনো ধূর্ত্তস্যাধিপত্যং তাবদ্দূরেঽস্তু সম্বন্ধলেশোঽপি নাস্তি।

নান্দীমুখী,—কথমিব?।

ললিতা,—স্বপৈতৃকরাজ্যে বৃহদ্বন এব কুলক্রমাগতসন্ততবাসিত্বাৎ॥

নান্দীমুখী,—কিমত্র প্রমাণং?॥

ললিতা,—ভাগবতাদিপুরাণবক্তৃব্যাসাদিমুনীন্দ্রবচনান্যেব॥

---

এই ব্রজরমণীদিগের কলুষ রাশি জন্মিলেও শ্রীবৃন্দাবন চক্রবর্ত্তিনী কর্ত্তৃক অশেষ বিধি দ্বারা শ্যামল বিষম শর সরোবররূপ মহাতীর্থে পুনঃ পুনঃ স্নপন দ্বারা শুদ্ধা হইয়াই তাহারা আপনার নিকট আগমন করিয়াছে সেহেতু কৃত নিকৃত শ্রীকৃষ্ণ ও সখীগণের সম্বাদে দোষ নাই; অতএব হে ললিতে! তুমিই বর্ণন কর।

ললিতা কহিল,—প্রথমতঃ এই মিথ্যাবাদী ধূর্ত্তের এই বৃন্দাবন রাজ্যে আধিপত্য দূরে থাকুক রাজ্যের সহিত ইহার সম্বন্ধ মাত্রও নাই।

নান্দীমুখী কহিল,—সে কি প্রকার?

ললিতা উত্তর করিল,—যেহেতু ইহারা স্বীয় পৈতৃক রাজ্য বৃহদ্বনেই কুল ক্রমাগত অর্থাৎ কুলপরম্পরাক্রমে নিরন্তর বাস করিয়া আসিতেছে।

নান্দীমুখী বলিল,—তাহার প্রমাণ কি?

ললিতা কহিল,—ভাগবত ও বিষ্ণুপুরাণ প্রভৃতি অষ্টাদশ মহাপুরাণের বক্তা শ্রীবেদব্যাস ও অন্যান্য পুরাণাদি বক্তা মুনীন্দ্রগণের বচনই প্রমাণ।

---

১। প্রাপিতাঃ। ২। কৃষ্ণসখ্যোঃ।

সুবলঃ,—ললিতে! মধ্যস্থেন ময়া যথার্থমেব বক্তব্যং; ত্বন্মুখমালোক্য মিথ্যা বক্তুং ন শক্যতে। তদস্য বৃহদ্বন-রাজ্যত্বেনৈব ভবত্যা বৃন্দাবনরাজ্যাধিপত্যং কিমায়াতি? কিন্তু তত্র(১) চেৎ মহাপ্রমাণমস্তি তদ্বদ॥

ললিতা,—প্রত্যক্ষং পরোক্ষমপি বহুতরপুরাণ-বচনকুল-মস্তি তত্রাপি "প্রত্যক্ষপরোক্ষয়োঃ প্রত্যক্ষমেব বলীয়ঃ" ইত্যনুসারেণ প্রত্যক্ষমেব গ্রাহ্যম্॥

নান্দীমুখী,—কিং তৎপ্রত্যক্ষং প্রমাণং?

ললিতা,—ময়া কিং তদ্বক্তব্যং; যুষ্মাকমনুভূতমেব তৎ॥

নান্দীমুখী,—ন স্মর্য্যতে তৎ প্রকাশয়॥

---

তখন সুবল ললিতাকে কহিল,—ললিতে! আমি মধ্যস্থ হইয়া যথার্থ বাক্যই বলিব; পরন্তু তোমার মুখ চাহিয়া মিথ্যা কথা আমি বলিতে পারিব না, অতএব জিজ্ঞাসা করি শ্রীকৃষ্ণের বৃহদ্বন রাজত্ব দ্বারাই কি তুমি বৃন্দাবন রাজ্যাধিপত্য লাভ করিয়াছ? এবিষয়ে যদি মহাপ্রমাণ থাকে বল।

ললিতা সুবলকে কহিল,—সুবল! প্রত্যক্ষ ও পরোক্ষ বহুতর পুরাণের বচন সমূহ আছে বটে কিন্তু তাহাতে "প্রত্যক্ষ ও পরোক্ষ এই উভয়ের মধ্যে প্রত্যক্ষ প্রমাণই বলবান্" এই বাক্যানুসারে প্রত্যক্ষ প্রমাণই গ্রাহ্য।

নান্দীমুখী কহিল,——সেই প্রত্যক্ষ প্রমাণ কি?

ললিতা বলিল,—আমি আর তাহা কি বলিব তোমাদের তাহা অনুভূতই আছে।

নান্দীমুখী বলিল,—আমার স্মরণ হইতেছে না তাহা প্রকাশ করিয়া বল।

---

১। যুষ্মাকং বৃন্দাবনে।

ললিতা,—ব্রহ্মগৃহিণীসাবিত্রীপ্রভৃতিদেব্যাদিভির্দুন্দুভি-বাদিত্রাদিকোলাহলপূর্ব্বকং কৃতোঽত্র মহাসিংহাসনে যো রত্নাভিষেকঃ স চ ত্রিলোকীবাসিষু কস্য বা পরমানন্দপ্রদায়কো ন সংবৃত্তোঽস্তি॥

ততঃ সুবলঃ,—ললিতে! এতত্তু তাবদন্যথাত্বেন নিরূপ্য প্রিয়বয়স্যো যুষ্মানপ্যাত্মসাৎ কর্ত্তুং বিরাজমানো বর্ত্ততে॥

ললিতা,—সুবল! এতচ্চেত্তবদ্বিপদগোপপ্রিয়বয়স্যঃ সত্যমেব বক্তি তর্হি বৃন্দাবনরাজ্যে ঽভিষিক্তায়া মহাসিংহাসনস্থায়া ইত্যাদি(১) তথৈতস্যাশ্চরণানুজীবিনো মমেত্যাদি(২)

---

ললিতা বলিল,-ব্রহ্মগৃহিণী সাবিত্রী প্রভৃতি দেবীগণ, দুন্দুভি আদি বাদ্য যন্ত্রের কোলাহল পূর্ব্বক এই মহাসিংহাসনে যে রত্নাভিষেক করিয়াছেন তাহা ত্রিলোক মধ্যে কাহার না পরমানন্দ প্রদায়ক হইয়াছিল।

অনন্তর সুবল কহিল,—ললিতে! তুমি যাহা বলিলে ইহা অন্যথা রূপে নিরূপণ করিয়া আমার প্রিয় বয়স্য তোমাদিগকেও আত্মসাৎ করিবার নিমিত্ত বিরাজমান আছেন।

ললিতা কহিল,—সুবল! ইহা যদি তোমার দ্বিপদ গোপপ্রিয়বয়স্য সত্যই বলিয়া থাকেন, তবে বৃন্দাবন রাজ্যে অভিষিক্তা ও মহাসিংহাসনে স্থিতা শ্রীরাধার ইত্যাদি এবং ইহার চরণানুবর্ত্তী 'আমার' ইত্যাদি বলিয়া সেই স্বামী

---

১। পরব্যোমতোমহামহিমোত্তরবৃন্দাটবীমহাযোগপীঠসিংহাসনে সম্ভূত-মহারত্নাভিষেকায়াঃ।

২। সৌন্দর্য্যনিস্তুলকৌমল্যনির্ভরবিকল্পাদিবিনির্জ্জিতরক্তোৎপলকুল-চরণ পরিচরণৈকজীবনে মমেত্যাদি চ।

ব্যাহৃত্য স্বাগ্যসৌ সাম্প্রতমপি কথং তচ্চরণ(১) পরিচরণ-মাত্রৈকলাভায়* তন্মন্ত্ররাজমাদাতুমাগ্রহেণাধ্যবস্যন্তীত্যাদি-সর্ব্বং কিং ভবাদৃগ্‌ভির্বিস্মৃতং ?

নান্দীমুখী স্মিত্বা,—ললিতে ! অস্য বিলাসিনো রাজপুত্রস্য মদনমোদকভোজিনো মহাকামুকস্য যৎ প্রলপিতং তৎ কিমত্র প্রমাণং স্যাৎ ? অন্যচ্চেদ্গাঢ়ং প্রমাণং স্যাত্তদ্দর্শয় ॥

বৃন্দা,—যদ্যৎ প্রমাণমিয়ং(২) দর্শয়তি ; তত্তদেবাস্যো-ন্মাদিনো রাজপুত্রস্য পক্ষমাশ্রিত্য যুবাভ্যাং খণ্ড্যতে। অতো-ঽন্যৎ সর্ব্বত্র প্রসিদ্ধমপি প্রমাণং ললিতাতিকোপেন নোট্টঙ্কয়তি ॥

---

এখনও কেন শ্রীরাধার এক মাত্র চরণ সেবা লাভের নিমিত্ত তাহার মন্ত্ররাজ গ্রহণার্থ আগ্রহের সহিত অভিলাষ করিতেছে ? সেই সকল তোমরা কি বিস্মৃত হইয়াছ।

নান্দীমুখী হাস্য করিয়া কহিলেন, ললিতে ! এই বিলাসি রাজপুত্র, মদনমোদক সেবী অতএব মহাকামুক। ইহার প্রলাপময় বাক্য কি এবিষয়ে প্রমাণ হইবে ? অর্থাৎ কখনই হইতে পারে না বরঞ্চ যদি অন্য কোন দৃঢ় প্রমাণ থাকে তাহা দেখাও।

বৃন্দা কহিল,—ললিতা যে যে প্রমাণ দেখাইতেছে সেই সেই প্রমাণই তোমরা উভয়ে এই উন্মাদি রাজনন্দনের পক্ষ অবলম্বন করিয়া খণ্ডন করিতেছ ; অতএব ললিতা অতিশয় কোপ বশতঃ সর্ব্বত্র প্রসিদ্ধ অপর কোনও প্রমাণ উত্থাপন করিতেছে না।

---

১। শ্রীরাধায়াঃ। * তচ্চরণ পরিচরণৈকমাত্রৈকলাভায়। ২। ললিতা।

নান্দীমুখী,—বৃন্দে ! ত্বমেব তাবৎ কথ্যতাং ॥

বৃন্দা,—প্রেম্না নিজাসাধারণসারূপ্যদানপূর্ব্বকমিয়ং বৃন্দাটবী প্রিয়সখ্যা স্বপ্রিয়সখীত্বে নিত্যং নিরূপিতাস্তীতি ॥

নান্দীমুখী,—কীদৃশং স্বারূপ্যং (সাদৃশ্যং) তৎ কথ্যতাং ॥

বৃন্দা,—শ্রূয়তাং ॥

তনোরস্যা জ্যোতিঃপরিমলচরচ্চম্পকলতা-
বলী বিদ্যুদ্বল্লীজয়িকনকযূথীতৃতিরপি।
স্বরূপং সারূপ্যং পরমগময়দ্বল্লবপুরে
মুখস্যাপি প্রোদ্যদ্রুচিরতররাজীবনিবহঃ ॥ ১ ॥

---

নান্দীমুখী বলিলেন,—বৃন্দে ! তুমিই সেই সকল প্রমাণ বর্ণন কর।

বৃন্দা কহিল,—প্রেমদ্বারা স্বীয় অসাধারণ সারূপ্য দান পূর্ব্বক এই বৃন্দাটবী, প্রিয়সখী শ্রীরাধা কর্ত্তৃক প্রিয়সখীত্বে নিরূপিত হইয়াছে।

নান্দী কহিল—সেই সাদৃশ্য কি প্রকার বল ॥

বৃন্দা কহিল—শ্রবণ কর।

এই বল্লভপুরে কান্তি ও পরিমল বিশিষ্ট চম্পকলতাবলী এবং বিদ্যুল্লতা জিতকারিণী কনকযূথী সমূহ—প্রিয়সখী শ্রীরাধার শরীরের স্বরূপ ও সারূপ্য প্রাপ্ত হইয়াছে; অর্থাৎ বৃন্দাটবীর চম্পকলতা ও কনকযূথী শ্রীরাধার অঙ্গকান্তির সাদৃশ্য এবং বিকশিত ও মনোহর কমল নিচয়—শ্রীরাধার বদন কমলের সারূপ্য প্রাপ্ত হইয়াছে; অর্থাৎ শ্রীরাধার বদন যেমন প্রফুল্ল ও মনোজ্ঞ কমল তুল্য, বৃন্দাটবীও তদ্রূপ বিকশিত ও রম্য পদ্মনিকরে সমন্বিত ॥ ১ ॥

দৃশোরীষদ্ঘূর্ণন্নবকুবলয়ানাং সমুদয়-
স্তথা লীলাস্নিগ্ধাক্রমণগমনোন্মত্তহরিণাঃ* ।
লসদ্বিম্বীবৃন্দং বরবিকচবন্ধূকনিকরো
হপ্যাসৌ সাদৃশ্যং স্ফুরদধরযুগ্মস্য সুকৃতী ॥ ২ ॥
ভুজাভা বল্লর্যশ্চলনললিতাশ্চঞ্চুনিচয়াঃ
শুকানাং নাসাভাস্তিলকুসুমগন্ধ্যা দ্যুতিভৃতঃ ।
স্মিতস্য প্রোন্মীলৎকুসুমনিকরো দন্তরুচে-
রলং গন্ধৈরন্ধীকৃতমধুকরাঃ কুন্দকলিকাঃ ॥ ৩ ॥

---

বৃন্দাটবীস্থ ঈষৎ ঘূর্ণায়মান নবকমল সমূহও, শ্রীরাধার নয়ন যুগলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ শ্রীরাধার নেত্রদ্বয় যেমন ঈষৎ ঘূর্ণায়মান, বৃন্দাটবীও তদ্রূপ ঈষৎ কম্পমান নব কমল সমূহে বিরাজমানা হইয়াছে। লীলা-বক্র অথচ মনোহর গমনোন্মত্ত হরিণগণও শ্রীরাধার নেত্রদ্বয়ের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে। বৃন্দাটবীস্থিত শোভমান বিম্ব (তেলাকুচা) সমূহ এবং অত্যুৎকৃষ্ট বিকশিত বাঁধুলিকুসুম নিচয়—শ্রীরাধার মধুস্রাবি ও দেদীপ্যমান অধর যুগলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ যেমন শ্রীরাধার মধুস্রাবি উজ্জ্বল অধর যুগল, বৃন্দাটবীরও তদ্রূপ দীপ্যমান বিম্বসমূহ এবং উৎকৃষ্ট ও প্রস্ফুটিত বাঁধুলি ফুল সমূহ বর্ত্তমান রহিয়াছে ॥ ২ ॥

বৃন্দাটবীস্থিত কম্পমান অথচ মনোজ্ঞ বল্লরী নিচয়—শ্রীরাধার বাহুযুগলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ শ্রীরাধার যেমন ভুজ, বৃন্দাটবীরও তদ্রূপ কম্পনযুক্ত মনোহর লতাসকল রহিয়াছে এবং বৃন্দাটবীস্থ শুকের চঞ্চুনিচয়,—শ্রীরাধার শোভাময় তিলফুল সম নাসিকার সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ যেমন শ্রীরাধার তিলকুসুমনিভ নাসা তদ্রূপ বৃন্দাটবীর শুকপক্ষি চঞ্চুসমূহ বর্ত্তমান। বৃন্দাবনীয় প্রস্ফুটিত কুসুমনিকর, শ্রীরাধার হাস্যের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ শ্রীরাধার যেমন হাস্য, বৃন্দাটবীরও সেরূপ হাস্যরূপ বিকশিত কুসুম

* হরিণাঃ ইতি পাঠে বিচকিতবিলাসেনায়ুক্তাঃ মৃগাঃ ।

ভ্রুবোর্ভঙ্গীভ্রাম্যদ্ভ্রমরবরপংক্তিঃ পরিমিতা
ললাটস্য স্ফূর্জৎসুভগবকপুষ্পাতিসুষমা।
অলং বেণেরুদ্যন্মদশিখিশিখণ্ডাবলিরসৌ
শ্রুতের্মুক্তাযুক্তির্মদনধনুষো জ্যাদ্যুতিমুষঃ॥ ৪॥
অলং বিল্বং তালং করকমুদয়চ্চারুকুচয়োঃ
স্ফুরদ্বক্ষঃস্থল্যাঃ কনককৃতসিংহাসনগণাঃ।
নিতম্বস্যৈতস্য স্ফুরিতনবঘণ্টারবভৃতঃ
স্ফুটং বংশধ্বানাঙ্কিতগুরুগিরিস্ফারবিকটাঃ॥ ৫॥

---

সমূহ। সুগন্ধে মোহিত মধুকর বিশিষ্ট কুন্দকলিকা সমূহ,—শ্রীরাধার দন্তকান্তির সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ শ্রীরাধার যেমন দন্তরুচি, শ্রীবৃন্দাটবীতেও তদ্রূপ সুগন্ধে অন্ধীকৃত মধুকরযুক্ত কুন্দকলিকা সকল রহিয়াছে॥ ৩॥

ভঙ্গীসহকারে ভ্রাম্যমাণ ভ্রমরগণের উত্তম পঙ্ক্তি শ্রীরাধার ভ্রূযুগলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ যেমন শ্রীরাধার ভ্রূযুগল, তদ্রূপ ভঙ্গীসহকারে ভ্রমনকারি বৃন্দাবনীয় ভ্রমরকুলের উৎকৃষ্ট পরিমিত পঙ্ক্তি। আর দেদীপ্যমান ও মনোহর বক পুষ্পের শোভা, শ্রীরাধার ললাটের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে ও ও উন্মত্ত শিখিগণের শিখণ্ডাবলী,—শ্রীরাধার বেণীর সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে বৃন্দাবনস্থ মুক্তাযুক্তি অর্থাৎ মুক্তার যোগ বা সম্বন্ধ, শ্রীরাধার শ্রুতির সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে, যে শ্রুতি কন্দর্পবাণের জ্যা অর্থাৎ ছিলার দ্যুতি অপহরণ করিয়াছে॥ ৪॥

বিল্ব, তাল ও দাড়িম্ব সকল,—শ্রীরাধার উদয়মান (প্রকাশমান) সুশোভন কুচযুগলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ শ্রীরাধার কুচযুগল যেমন সুচারুরূপে শোভা পাইতেছে তদ্রূপ বৃন্দাটবীস্থ বিল্ব, তাল ও দাড়িম্ব সকল শোভা-পাইতেছে। বৃন্দাবনস্থ কনক কৃতসিংহাসন সমূহ,—শ্রীরাধার দীপ্যমান বক্ষঃস্থলের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে। বৃন্দাবনস্থ বংশিধ্বনি যুক্ত মহৎ গিরির

বরোরুদ্বন্দস্য স্মরকলিসমর্থস্য সরস-
প্রভারম্ভাস্তম্ভাঃ স্থলকমলসঙ্ঘাশ্চরণয়োঃ।
সদোন্মাদপ্রোদ্যদ্গজগমনশিক্ষাগুরুগতে-
র্মরালীপালীনাং ললিতচলিতোদ্যচ্চতুরতা ॥ ৬ ॥
অলং ভ্রাজজ্জম্বূকলমলকপংক্তেঃ শতমিতং
মধৌ মঞ্জুধ্বানাঃ পিকযুবকৃতাশ্চারুভণিতেঃ।
প্রসন্নশ্রীবক্ত্রস্ফুরিতনয়নপ্রান্তনটন-
ক্রমস্য স্মেরোদ্যৎসরসিজনটৎখঞ্জনগণঃ ॥ ৭ ॥

বৃহন্নিতম্বদেশ—শ্রীরাধার উজ্জ্বল নবঘণ্টিকার ধ্বনিবিশিষ্ট নিতম্বের সাদৃশ্য প্রাপ্ত হইতেছে। যেমন বৃন্দাটবীস্থ বৃহৎ পর্ব্বতের মধ্যদেশ—বংশীধ্বনি যুক্ত হইয়া থাকে তদ্রূপ শ্রীরাধার নিতম্বে শব্দায়মান ক্ষুদ্র ঘণ্টিকা (কটিভূষণ) রহিয়াছে ॥ ৫ ॥

বৃন্দাটবীস্থ সরস প্রভা কদলী স্তম্ভ নিচয়,—শ্রীরাধার কন্দর্প কলহে সমর্থ উরুদ্বয়ের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ যেমন শ্রীরাধার সুরম্য উরুযুগল তদ্রূপ বৃন্দাটবীস্থ কদলী স্তম্ভ। আর বৃন্দাবনীয় স্থলকমলসমূহ,—শ্রীরাধার চরণ কমলের সাদৃশ্য। এবং হংসীশ্রেণীর ললিত গতির উদ্ভূত দক্ষতা,—উন্মাদোন্মত্ত গজের গমনশিক্ষার গুরুস্বরূপ শ্রীরাধার গতির সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে অর্থাৎ শ্রীরাধার গমন যেমন সদা মদোন্মত্ত হস্তির গমনশিক্ষার গুরুস্বরূপ হইয়াছে তদ্রূপ বৃন্দাটবীস্থ হংসীগণেরও মনোজ্ঞগমনের চাতুর্য্য রহিয়াছে ॥ ৬ ॥

বৃন্দাটবীস্থিত শতসংখ্যা পরিমিত সুদীপ্যমান জম্বুফল—শ্রীরাধার অলকাপংক্তির সাদৃশ্য, বসন্ত কালে তরুণ পিককৃত মনোজ্ঞ ধ্বনি—শ্রীরাধার মনোহর বচনের সাদৃশ্য, এবং বিকশিত কমলে নৃত্যশালী খঞ্জনগণ—শ্রীরাধার সুপ্রসন্ন শ্রীযুক্তবদনে স্ফুরিত নয়ন প্রান্তের নটনক্রমের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে ॥ ৭ ॥

স্ফুরৎপ্রেম্ণা নেত্রাঞ্জনগলিতপানীয়বিততে-
র্যমী চেতোগঙ্গাজলমমলচিত্তস্য সততং।
ঘনস্বেদস্যন্দস্য চ বিবিধকাসারনিবহো
মহারাগস্যোচ্চৈ রুচিরুচিরগুঞ্জাফলকুলম্ ॥ ৮ ॥
সপত্নীনাসানাং সততমভিতাপং জনয়তাং
সুহৃচ্ছ্রেণীনাসাপ্রমদমনুবেলং রচয়তাম্।
বপুঃসৌরভ্যাণাং পরিমিলিতসর্ব্বব্রজভুবাং
নিকামং কাশ্মীরব্রজকমলগর্ভা বররুচঃ ॥ ৯ ॥
সুমেরোঃ কান্তীনাং মদদমকদৃপ্যল্লবকণ-
ছটায়া বিদ্যুচ্ছ্রীরচিতভজনায়াস্তনুরুচঃ।
স্ফুরদ্ভূমীভাগাঃ কনকনিচিতাঃ সদ্মনিবহা
গুহান্তঃকুঞ্জান্তর্গিরিকুলশিলাশ্চ ক্বচিদপি ॥ ১০ ॥

---

যমুনা—শ্রীরাধার স্ফূর্ত্তিশীল প্রেমধারা ক্ষরিত নেত্রাঞ্জনগলিত-পানীয় অর্থাৎ অঞ্জনাক্ত নেত্রবারি নিচয়ের সাদৃশ্য, মানসগঙ্গা—শ্রীরাধার নিরন্তর স্থিত অমলচিত্তের সাদৃশ্য, বিবিধ সরোবর সকল—শ্রীরাধার ঘনস্বেদ ক্ষরণের সাদৃশ্য, এবং কান্তি দ্বারা মনোহর, গুঞ্জাফল সমূহ—শ্রীরাধার মহারাগের অর্থাৎ মহদনুরঞ্জনের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে ॥ ৮ ॥

সুন্দর কান্তি বিশিষ্ট কুঙ্কুম নিচয় ও কমলগর্ভা বৃন্দাটবী অর্থাৎ বৃন্দাটবীস্থ কুঙ্কুমগন্ধ ও কমলগন্ধ—শ্রীরাধার দেহসৌরভ্যের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে, যে সৌরভ্য—নিরন্তর সপত্নীগণের নাসিকায় সন্তাপ প্রদান ও প্রতিক্ষণে সুহৃচ্ছ্রেণীর নাসায় আনন্দ বিধান পূর্ব্বক নিখিল ব্রজবাসিদিগকে সর্ব্বতো-ভাবে একত্রিত বা আকর্ষণ করিয়া থাকে ॥ ৯ ॥

বৃন্দাটবীস্থ দীপ্যমান ভূমিভাগ, কনকরচিত গৃহসকল এবং গুহান্তর্গত ও কুঞ্জমধ্যস্থ গিরিকুলের শিলা সমূহ—শ্রীরাধার তনুরুচির সাদৃশ্য প্রাপ্ত

হ্রদাঃ শ্রীমন্নাভেস্তদুপরিলসল্লোমলহরে-
ভুর্জঙ্গালীকালী বত* বকরিপোর্বেপথুভৃতঃ।
বদান্যত্বাদীনাং সুরতরুগণাঃ† রত্নখচিতাঃ
পরং রোমাঞ্চানাং প্রিয়কগুরুকিঞ্জল্কনিকরঃ॥ ১১॥
পরে যে মুক্তাঃ স্যুঃ স্থিরচরপদার্থা ব্রজভুবঃ‡
সদা স্তব্যা ভব্যৈস্ত্রিজগতি নিকামং জনকুলৈঃ।
সদঙ্গপ্রত্যঙ্গপ্রকরসুষমায়াঃ পরমুমা-
রতিশ্রীবর্ণ্যায়াঃ পরিষদি যথা যুক্তমপি তে॥ ১২॥

---

হইয়াছে ঐ দেহ-রুচি—স্বীয় কান্তির লবকণ ছটায় সুমেরুর উদ্দীপ্ত কান্তির গর্ব্ব খর্ব্ব এবং বিদ্যুৎ শ্রী হইতেও যেন উজ্জ্বল শোভা ভজনা করিয়াছে॥ ১০॥

বৃন্দাটবী স্থিত হ্রদসমূহ—শ্রীরাধার শোভাময় নাভির সাদৃশ্য ও তত্রস্থ কৃষ্ণবর্ণ ভুজঙ্গ সকল—শ্রীরাধার নাভিদেশের উপরিস্থিত লোমাবলীর সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে. আহা! যে লোমাবলী দর্শনে শ্রীকৃষ্ণের অঙ্গ কম্পিত হইয়া থাকে। এবং রত্নখচিত কল্পতরু নিচয়,—শ্রীরাধার দানশীলত্বাদির সাদৃশ্য ও কদম্ব গুরু কিঞ্জল্কনিকর—শ্রীরাধার রোমাঞ্চের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে॥ ১১॥

ত্রিভুবনস্থ শিষ্টগণ কর্ত্তৃক সদা স্তব্য, বৃন্দাবনীয় যে সকল মুক্ত স্থাবর জঙ্গম পদার্থ আছে তাহারা যথাযুক্ত রূপে শ্রীরাধার অঙ্গ প্রত্যঙ্গ শোভার সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে, আহা! ঐ অঙ্গ কান্তিকে, উমা, রতি রতি ও লক্ষ্মী—সভামধ্যে নিরন্তর বর্ণন করিয়া থাকেন॥ ১২॥

---

* বত ইত্যত্র খলু ইতি পাঠান্তরং।

† সুরতরুবরা ইতি পাঠান্তরং।

‡ বনভুব ইতি পাঠান্তরং।

রমেশস্বানন্দোচ্ছলিতপরমব্যোমপুরতো
হপ্যজস্রং বিস্ফূর্জদ্বিপুলসুখদৈকদ্রুমলতা।
সমস্তব্রহ্মাণ্ডে শশিবদুদয়ংপ্রৌঢ়যশস-
স্ততঃ শ্রীরাধায়াঃ প্রকটমটবীয়ং প্রিয়সখী ॥ ১৩ ॥
ততোহহং সাটোপমবাং,—
ব্রজেন্দ্র-স্বারাজ্যে বিজয়িযুবরাজত্ববিধিনা
সমাসিক্তঃ স্নেহস্তিমিতমতিমিত্রাদিবলিতঃ।
নিজাসেতাং রক্ষাম্যটবিমিহ গোচারমিষতঃ
কথং সারূপ্যেণৈব তু ভবতু বঃ সাম্প্রতমিয়ং ॥ ১৪ ॥
তচ্ছ্রুত্বা বৃন্দা,—
সখিত্বং যো যস্য ব্রজতি নিজসারূপ্যমথবা
স চেত্তস্য স্যান্নো ভবতি পরমন্যস্য হি তদা।

---

বৃন্দাটবীস্থ কল্পদ্রুমলতা—লক্ষ্মীনাথের স্বীয় আনন্দোচ্ছলিত পরমব্যোম পুর হইতেও নিরন্তর দীপ্যমান বিপুল সুখপ্রদ হইয়া নিরন্তর বিরাজ করিতেছে এবং তাহারা ব্রহ্মাণ্ড সমূহে চন্দ্রের ন্যায় প্রকাশমান, শ্রীরাধার অপরিমিত যশের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে, অতএব এবৃন্দাটবী শ্রীরাধার প্রিয়সখী বলিয়া সুস্পষ্টরূপে অনুভব হইতেছে ॥ ১৩ ॥

অনন্তর ইহা শুনিয়া আমি সগর্ব্বে কহিলাম,—ব্রজরাজের স্বারাজ্যে (সর্গরাজ্যে) আমি সর্ব্ববিজয়ী যুবরাজত্ব বিধি অনুসারে অভিষিক্ত হইয়াছি এবং এই বনে স্নেহার্দ্র চিত্ত ও স্তিমিত মতি (স্থিরবুদ্ধি) মিত্রাদি সমন্বিত হইয়া গোচারণ ছলে স্বীয়বন রক্ষা করিয়া থাকি অতএব অধুনা এই অটবী কেবলমাত্র সারূপ্যদ্বারাই তোমাদের কিরূপে হইবে ॥ ১৪ ॥

তাহা শ্রবণ পূর্ব্বক বৃন্দাদেবী কহিল,—যে ব্যক্তি যাহার সখীত্ব অথবা নিজ সারূপ্য প্রাপ্ত হয়, সে যদি তাহার না হয় তাহা হইলে সে নিশ্চয়ই

কথং নো গৃহ্নাসি দ্রুতগতিরিদং হন্ত ! কথয়ন্
স্বয়ং গত্বা লক্ষ্মীং তদিনসমরূপং গণমপি ॥ ১৫ ॥

তন্নিশম্য সাট্টহাসং মধুমঙ্গলঃ,—ভো অসত্যবাদিনি বৃন্দে ! কূর্চ্চিকালোভেন নিজদেবীত্বমুৎসৃজ্য বন্দিনী ভূত্বা মিথ্যাস্তবমাত্রেণৈবাস্মদ্বৃন্দাটবীং নিজসখ্যাং সঞ্চারয়িতুং কথং শক্ষ্যসি ?

নান্দীমুখী,—ললিতে ! বিজ্ঞপ্রাচীনমুনীশ্বরবচনং বিনা কোঽপি নিরস্তো ন ভবিষ্যতি তস্মাৎ পুরাণবচনমেব দর্শয় ॥

ললিতা,—অস্য পক্ষমাশ্রিত্য তাদৃগ্ভিরেবং চেৎ কথ্যতে তদা তত্র গত্বা ভগবত্যাঃ সকাশাদ্বহূনি পুরাণবচনানি শ্রূয়ন্তাং ॥

---

অপরের হইয়া থাকে। ইহা বলিয়া দ্রুত গমনে স্বয়ং গমন করিয়া লক্ষ্মী এবং লক্ষ্মীপতির সমান রূপধারি অপর সকলকে কেন গ্রহণ করিতেছ না ॥১৫

এই বাক্য শ্রবণ করিয়া মধুমঙ্গল—উচ্চ হাস্য সহকারে বৃন্দাকে কহিল,—ভো মিথ্যাবাদিনি বৃন্দে ! কূর্চ্চিকা(১) লোভে স্বীয় দেবীত্ব পরিত্যাগ পূর্ব্বক চাটুকরিণী হইয়া কেবলমাত্র মিথ্যা স্তব দ্বারা আমাদিগের বৃন্দাবন, নিজসখীতে আরোপিত করিতে কিরূপে সমর্থ হইবে ? ।

নান্দীমুখী ললিতাকে কহিল,—ললিতে ! বিজ্ঞতম ও প্রাচীন মুনীশ্বরগণের প্রামাণ্য-বচন ব্যতিরেকে উভয় পক্ষের কেহও নিরস্ত হইবে না অতএব পুরাণ বচনই উল্লেখ কর।

ললিতা কহিল,—ইহার পক্ষ অবলম্বন করিয়া যদি ত্বাদৃশ ব্যক্তি সকল ঐরূপ বাক্য বলে, তাহা হইলে ভগবতী পৌর্ণমাসীর সকাশে গমন পূর্ব্বক তাঁহার নিকট বহু বহু পুরাণবচন শ্রবণ কর।

---

(১) গাঢ় দুগ্ধ, ক্ষীর কিম্বা ক্ষীরবিকৃতি।

সুবলঃ,—ভবত্য এব পঠন্তু ॥

ললিতা,—বল্লবজাতীনাং* তত্রাপি স্ত্রীণামস্মাকং পুরাণবচনপাঠেঽধিকার এব নাস্তি ॥

সুবলঃ,—বৃন্দেয়ং দেবী ; তদিয়মেব শ্রাবয়তু ॥

বৃন্দা স্মৃতিমভিনীয়,—অত্র সুবহূনি বচনানি সন্তি, তানি কতি পাঠ্যানি কিন্তু অন্যেষু দেশেষু অন্যাঃ পৃথক্ পৃথগ্দেবীরধিকরিণীরুক্ত্বা "রাধা বৃন্দাবনে বন" ইতি সর্ব্বোপমর্দ্দকং পুরাণবচনং ভগবত্যাঃ সকাশাৎ কেন বা ন শ্রুতমস্তি ॥

ততস্তাসাং১ জয়াভিমানেন প্রফুল্লতামালোক্য মধুমঙ্গলঃ

---

সুবল কহিল,—(ভগবতীর নিকট গমন করিবার প্রয়োজন নাই) তোমরাই পুরাণ বচন পাঠ কর।

ললিতা কহিল,—আমরা গোপজাতি তাতে আবার স্ত্রীলোক অতএব আমাদের পুরাণ পাঠে অধিকার নাই।

সুবল পুনরায় কহিল,—এই বৃন্দা—ইনি দেবী অতএব ইনিই পুরাণ বচন শ্রবণ করাউন।

বৃন্দাদেবী স্মৃতি অভিনয় করিয়া কহিল—অর্থাৎ হাঁ স্মরণ হইয়াছে ইত্যাদি রূপে বলিয়া কহিল—এই বিষয়ে বহু বহু বচন আছে বটে তাহা কত প্রকারই বা পাঠ করিব পরন্তু অন্যান্য দেবীগণের অন্যান্য দেশে পৃথক পৃথক্ ভাবে তত্তৎ অধিকার বর্ণন করিয়া অবশেষে রাধা বৃন্দাবনে বনে অর্থাৎ বৃন্দাবনে বনে রাধার অধিকার" এই সর্ব্বোপমর্দ্দক পুরাণ বচন ভগবতী পৌর্ণমাসীর সকাশে কোন ব্যক্তিই বা শ্রুত না হইয়াছে ? অর্থাৎ তোমরা সকলেই শ্রবণ করিয়াছ।

অনন্তর ললিতা প্রভৃতি ব্রজসুন্দরীগণকে জয়াভিমানে প্রফুল্লতা দেখিয়া

---

* বল্লবজাতানাং ইতি পাঠান্তরং। ১। ললিতাদীনাং।

সাটোপমাহ,—নান্দীমুখি ! সর্ব্বপুরাণ-শিরসি মহোপনিষদি গোপালতাপন্যাং বৃন্দাবনস্য কৃষ্ণবনত্বেন প্রথিতখ্যাত্যা বৃন্দাবনরাজধানী-পুরন্দরত্বেন প্রিয়বয়স্যং ব্রহ্মভবাদয়োঽপি নিরন্তরং গায়ন্তঃ সন্তীতি কে বা ন জানন্তি ? ততঃ "শ্রুত্যা স্মৃতির্বাধ্যতে" ইত্যস্মাকমেবেদং রাজ্যং সুসিদ্ধং ; তৎ সখে সুবল ! বিদ্রাবয়ামূরিতঃ পররাজ্যকাঙ্ক্ষিণীঃ ॥

ততঃ সখে ! ত্বমেব মে প্রিয়ঙ্করঃ প্রিয়বয়স্য ইতি সানন্দং মধুমঙ্গলমালিঙ্গতি ময়ি কিঞ্চিদ্বৈলক্ষ্যমিব রাধাধিষ্ঠিতনিকুঞ্জমালোক্য ললিতাদিমুখমালোকয়ন্ত্যাং নান্দীমুখ্যাং রাধা স্মিত্বা অনুচ্চৈঃ,—অহো কৃষ্ণেতি শব্দশ্রবণমাত্রত এবানেন

---

মধুমঙ্গল সগর্ব্বে নান্দীমুখীকে কহিল—নান্দীমুখি ! নিখিল পুরাণ সমূহের শীর্ষস্থানীয় মহোপনিষদ্ গোপালতাপনীতে কৃষ্ণবন বলিয়া বৃন্দাবনের প্রথিত খ্যাতি (১) রহিয়াছে, তজ্জন্য ব্রহ্মা মহাদেব প্রভৃতি দেবগণ প্রিয়বয়স্যকে বৃন্দাবন রাজধানীর পুরন্দরত্ব বলিয়া নিরন্তর গান করিয়া থাকেন ইহা কাহারই বা অবিদিত আছে ? যেহেতু "শ্রুতিদ্বারা স্মৃতির বাধা হয় অর্থাৎ শ্রুতি ও স্মৃতি এই উভয় বাক্যের মধ্যে শ্রুতিবাক্যই বলবান্" এই নিয়মানুসারে এই বৃন্দাবনরাজ্য আমাদেরই সুসিদ্ধ হইল, অতএব সখে সুবল ! এই পররাজ্যাভিলাষিণী গোপীগুলিকে এখান হইতে দূর করিয়া দেও।

অনন্তর আমি মধুমঙ্গলকে কহিলাম্ সখে মধুমঙ্গল ! তুমিই আমার "প্রিয়কারী প্রিয়বয়স্য" এইরূপে তাহাকে প্রশংসা করিয়া আনন্দ সহকারে আলিঙ্গন করিলে নান্দীমুখী তাহা দেখিয়াই যেন কিঞ্চিৎ বৈলক্ষ্যভাব অবলম্বন পূর্ব্বক রাধাধিষ্ঠিত নিকুঞ্জের প্রতি দৃষ্টিপাত করিয়া তত্রস্থ ললিতা প্রভৃতির মুখাবলোকন করিতে লাগিলে, তখন রাধা ঈষৎ হাস্য করিয়া লঘু লঘু

---

(১) প্রথিত—প্রসিদ্ধ, খ্যাতি—যশঃ।

মহাদূরদর্শিনা১ তদর্থ২মবুদ্ধ্বৈব পররাজ্যেঽস্মিন্ স্বতা৩মর্পয়তা কিংশুককুসুমসাদৃশ্যেন দুর্বিধবোধস্য রোলম্বস্য৪ শুকতুণ্ডপানস্মরণং সুষ্ঠু সমানীতাঃ৫ স্মঃ॥

ততস্তস্মিন্নেব বর্ণবিন্যাসে সোল্লুণ্ঠং* ললিতয়াপি প্রকাশিতে সতি কৃষ্ণবনশব্দস্যার্থান্তরং নূনমেষা ঘটয়িষ্যতীতি তদভিপ্রায়ং মনসি মনাক্ বিচারয়তি ময়ি নান্দীমুখী সচমৎকারং মাং প্রাহ,—জয়াকাঙ্ক্ষিন্! একং বিজ্ঞাপয়িতুমিচ্ছামি যদি তুভ্যং রোচতে॥

ততোঽহং,—কামং কথ্যতাং॥

---

স্বরে কহিতে লাগিল—কি আশ্চর্য্য! গোপালতাপনী শ্রুতিতে কথিত যে কৃষ্ণবন শব্দ, তাহা শ্রবণ মাত্রেই এই মহাদূরদর্শি পণ্ডিত—সেই শ্রুতির অর্থ বুঝিতে না পারিয়াই অন্যার্থ করিয়া পররাজ্যে স্বীয়ত্বাভিমান করিতেছে এবং স্বয়ং কিংশুক কুসুমের সাদৃশ্য বশতঃ আমাদিগকে খলধী ভ্রমরের শুক চঞ্চু পানের স্মরণ করাইতেছে।

অনন্তর ললিতা—রাধাকথিত বর্ণ বিন্যাস, সপরিহাসে সর্ব্বাগ্রে প্রকাশ করিলে আমি বিবেচনা করিলাম, বোধ হয় ললিতা, কৃষ্ণবন শব্দের অর্থান্তর করিবে" এইরূপে তাহার অভিপ্রায় মনে মনে বিচার করিতেছি এমত সময়ে নান্দীমুখী আশ্চর্য্যান্বিত হইয়া আমাকে কহিল—জয়াকাঙ্ক্ষিন্! আমি একবিষয় বিজ্ঞাপন করিতে ইচ্ছা করিতেছি যদি তোমার অভিমত হয় তবে বলিতে পারি।

তৎপর আমি বলিলাম—যথেষ্টরূপে বর্ণন কর।

---

১। পণ্ডিতেন। ২। শ্রুত্যর্থং। ৩। আত্মানং।
৪। ভ্রমরস্য। ৫। বয়ং।
* সোপহাসং।

নান্দীমুখী,—শ্যামবনসমাসমাচর্য্য ত্বয়া সহ তৎসমাসেনৈব১ ন্যায়মাচর্য্য ত্বাং পরাজিত্য স্বরাজ্যমাদাতুং ললিতেয়মভিলষতি ॥

ততোঽহং,—বিবিধকুসুমচন্দনবর্ণ্ণিকাদিভিঃ শৃঙ্গাররচনাচার্য্যেয়ং ; তদেব জানাতি, যদনয়া তদ্বনপুষ্পৈর্মুহুঃ শৃঙ্গারিতোঽস্মি, তদ্ব্যাকরণস্য কেয়ং ॥

বৃন্দা স্মিত্বা,—ব্যাকরণবিজ্ঞম্মন্য ! ত্বত্তোঽপি মৎপ্রিয়সখী ললিতা তদ্ব্যাকরণস্য প্রথিতাচার্য্যা ॥

ললিতা,—পামরি বৃন্দে ! অপেহি অপেহি ॥

বৃন্দা,--ত্বৎপক্ষমাশ্রিত্য বিবদমানাং মাং কিমিত্যাক্ষিপসি ॥

---

নান্দীমুখী কহিল—এই ললিতা, কৃষ্ণবন শব্দের শ্যামবন সমাস বিধান করিয়া তোমার সহিত তৎসমাস অর্থাৎ কর্ম্মধারয় সমাস করিয়া তোমাকে পরাজয় করতঃ স্বরাজ্য গ্রহণ করিবার নিমিত্ত অভিলাষ করিতেছে।

অনন্তর আমি কহিলাম—এই ললিতা বিবিধ কুসুম, চন্দন ও বর্ণিকা (তুলিকা বার্ণিস) প্রভৃতি দ্বারা শৃঙ্গার রচনার আচার্য্যা অতএব শৃঙ্গার রচনা কার্য্যই সে জানে, কেননা এই ললিতা বনপুষ্প দ্বারা আমাকে শৃঙ্গারযুক্ত করিয়া থাকে কিন্তু ব্যাকরণের সে কি জানে? কিছুই জানেনা।

বৃন্দাদেবী হাস্য করিয়া আমাকে কহিল—হে ব্যাকরণবিজ্ঞম্মন্য ! তোমা হইতে আমার প্রিয়সখী ললিতা—সেই ব্যাকরণের প্রসিদ্ধা আচার্য্যা।

ললিতা ( যেন লজ্জিতা হইয়াই ) কহিল পামরি বৃন্দে ! দূর হও দূর হও।

বৃন্দাদেবী কহিল—হাঁ ললিতে ! আমি তোমার পক্ষ অবলম্বন করিয়া ইহার সহিত কলহে তৎপরা হইয়াছি তুমি কিনা আমাকে তিরস্কার করিতেছ ?

---

১। কর্ম্মধারয় সমাসেনৈব।

ললিতা,—ভোঃ সমাসাচার্য্যশার্দ্দূল! কথং স্বেপ্সিতাপরসমাসেন১ বিভীষিকাং প্রদর্শ্য* মৎপ্রিয়সখ্যাঃ খেলাস্পদকৃষ্ণবনমিদমাদাতুং বৃথৈবাধ্যবস্যসি২। যতোহত্র নিত্যং বৈশ্বানরবজ্জাজ্জ্বল্যমানবহুব্রীহিকর্ম্মধারয়াদ্যবধারণতঃ স্বয়মেব দূরাদেবাপসরিষ্যসি॥ (সমাসাভিজ্ঞ! কৃষ্ণবনশব্দস্য নর্ম্মচ্ছলেন তৎপুরুষসমাসং বিরচয্য পররাজ্যং গ্রহীতুং কথমভিলষসি! যদত্র কর্ম্মধারয়বহুব্রীহিসমাসয়োরেবাবকাশঃ॥ *)

ততো ময়োক্তং,—চতুরম্মন্যে! প্রকটেঽত্র তৎপুরুষসমাসে কথং কর্ম্মধারয়াদিযোজনা সম্ভবতি। "ভবতু তুষ্যতু দুর্জন" ইতি ন্যায়েন তদেব তাবৎ কথয় শ্রোতব্যং॥

ললিতা আমাকে কহিল—ভোঃ সমাসাচার্য্য শার্দ্দূল! অর্থাৎ তুমি সমাসকারি আচার্য্যগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াছ, অতএব স্বীয় বাঞ্ছিত অপর সমাস* দ্বারা ভয় প্রদর্শন পূর্ব্বক মৎ প্রিয়সখীর ক্রীড়াস্পদ এই কৃষ্ণবন গ্রহণ করিবার নিমিত্ত বৃথা কেন অভিলাষ করিতেছ? কেননা অনলবৎ জাজ্বল্যমান বহুব্রীহি ও কর্ম্মধারয়াদি সমাস দ্বারা কৃষ্ণবন শব্দের অর্থ শ্যামবন নিশ্চয় হওয়ায় ত্বদীয় অর্থ অর্থাৎ কৃষ্ণের বন এই অর্থ তুমি স্বয়ংই সুদূরে পরিত্যাগ করিবে। (হে সমাসাভিজ্ঞ! কৃষ্ণবনশব্দের পরিহাসচ্ছলে তৎপুরুষ সমাস করিয়া পররাজ্যে কেন অভিলাষ করিতেছ? যেহেতু এস্থলে কর্ম্মধারয় ও বহুব্রীহি সমাসেরই অবকাশ।)

অনন্তর আমি কহিলাম—ললিতে! তুমি আপনাকে বড়ই চতুর বলিয়া অভিমান করিয়া থাক, ভাল, তাই কর, পরন্তু এই সুস্পষ্ট তৎপুরুষ সমাসে

১। তৎপুরুষসমাসেন। * আদর্শ্য ইতি পাঠান্তরং।
২। ইচ্ছসি। ২। রেখাঙ্কিত পঙ্‌ক্তিত্রয়ং বহত্র নাস্তি।

* তৎপুরুষ সমাস যথা,—কৃষ্ণবন অর্থাৎ কৃষ্ণের বন।

রাধা অমুচ্চৈঃ,—বনস্যাস্য ঘনতাপ্রাচর্য্যেণ কৃষ্ণং শ্যামঞ্চ তদ্বনঞ্চেতি কর্ম্মধারয়ঃ স্ফুট এব॥

ইত্যেবং ললিতয়াপি স্ফুটং ভাসিতে চম্পকলতা সশ্লাঘমাহ,—ললিতে! সাধু সাধু সত্যং সত্যং,যতঃ কর্ম্মাণি—অরিষ্ট-কেশ্যাদিবধ-কালিয়দমন-গোবর্দ্ধনোদ্ধরণনিত্যরাসাদিলীলাঃ* ধারয়তি—নিষ্পাদয়তি প্রকাশয়তি বা ইত্যস্য বনস্য কর্ম্মধারয়ত্বং স্ফুটমেব সুসিদ্ধং॥

পুনর্ললিতা রাধাশুচ্চভাষিতমেবানুবদতি,—কৃষ্ণানি

---

কর্ম্মধারয়াদি যোজনা কিরূপে সম্ভবপর হইবে(১)। "যাহা হউক; দুর্জ্জন-তুষ্ট হউক" এই ন্যায়ানুসারে তাহাই বর্ণন কর, আমি শ্রবণ করিব।

তখন রাধা কুঞ্জাভ্যন্তর হইতে লঘু লঘু স্বরে কৃষ্ণবন শব্দের অর্থ কহিতে লাগিলেন,—এই বনের ঘনতা প্রাচুর্য্য বশতঃ কৃষ্ণবন অর্থাৎ কৃষ্ণ—শ্যামবর্ণ বিশিষ্ট বন এইরূপ কর্ম্মধারয় সমাস সুস্পষ্টই রহিয়াছে।

এইরূপে ললিতাও ঠিক্ শ্রীরাধার উক্তি অনুসারে স্পষ্টতঃ বর্ণন করিলে চম্পকলতা শ্লাঘা সহিত কহিতে লাগিল,—ললিতে! সাধু সাধু; সত্য সত্য বলিয়াছ; যেহেতু বিবিধ কর্ম্ম অর্থাৎ অরিষ্টাসুর ও কেশী প্রভৃতি বধ, এবং কালিয়দমন, গোবর্দ্ধন ধারণ ও নিত্য রাসাদি লীলা সমূহকে ধারণ, অর্থাৎ নিষ্পাদন ও প্রকাশ করিতেছে অতএব এই বনের কর্ম্মধারয়ত্ব স্পষ্টতই সুসিদ্ধ হইয়াছে।

ললিতা পুনর্ব্বার শ্রীরাধার লঘুস্বরোক্ত বাক্যেরই যেন অনুবাদ করিতে লাগিল অর্থাৎ কৃষ্ণবন শব্দের বহুব্রীহি সমাস করিয়া যেরূপে

---

* নিরন্তররাসাদিলীলাশ্চ ইতি পাঠান্তরং।

---

(১) অর্থাৎ কৃষ্ণবন এই স্থলে তৎপুরুষ সমাস করিয়া কৃষ্ণের বন এইরূপ অর্থ সুস্পষ্ট থাকিতে কর্ম্মধারয় ও বহুব্রীহি সমাস করিয়া কৃষ্ণবন শব্দের শ্যামবন এইরূপ অর্থ কিরূপে সম্ভব হইতে পারে?

ক্বচিৎ ক্বচিদতিশ্যামানি বনানি যত্র১ তৎ কৃষ্ণবনমিতি বৃন্দাবনস্য বিশেষণত্বেন বহুব্রীহিরপি ॥

বৃন্দা,—সত্যং সত্যং; কালিন্দী-তীররাসস্থল্যামন্ধকারিবটবনং, তথা গোবর্দ্ধনোপশালাপররাসস্থল্যামন্ধকারিনিবিড়বনং সর্ব্বানন্দকরং সুপ্রসিদ্ধমেব ॥

ইন্দুলেখা,—ললিতে! সত্যং সত্যং; বহবো ব্রীহয়ো ধান্যাদিশস্যানি কিম্বা কেদারিকাজাতত্বান্মুক্তা এব ব্রীহয়ঃ, বহবো ব্রীহয়ো যস্মিন্নিত্যস্য বনস্য বহুব্রীহিত্বং স্ফুটমেব ॥

---

শ্যামবন বুঝাইতে পারে তাহাই কহিতে লাগিল—কৃষ্ণবন—কৃষ্ণ অর্থাৎ কোন কোন স্থানে শ্যামবর্ণ বিশিষ্ট বন সমূহ বিদ্যমান আছে যে বৃন্দাবনে; অর্থাৎ যে বৃন্দাবনের স্থানে স্থানে শ্যামবর্ণ বন সকল বিদ্যমান রহিয়াছে তাহাকেই কৃষ্ণবন বলা যায়। এইরূপে কৃষ্ণবনকে বৃন্দাবনের বিশেষণ করিয়া বহুব্রীহিও হইতে পারে।

বৃন্দাদেবী কহিল—সত্য সত্য তুমি ঠিক বলিয়াছ যেহেতু কালিন্দী তীরবর্ত্তি রাসস্থলীতে অন্ধকারময় বটবন এবং গোবর্দ্ধনের নিকটস্থ পারাশলী নামক রাসস্থলীতে অন্ধকারি নিবিড়বন, সর্ব্বানন্দকর বলিয়া সুপ্রসিদ্ধই রহিয়াছে।

ইন্দুরেখা ললিতাকে কহিল—ললিতে! তুমি যে কৃষ্ণবন শব্দের বহুব্রীহি সমাস করিলে তাহা সত্য সত্যই করিয়াছ, কারণ—যাহাতে বহু বহু ব্রীহি অর্থাৎ ধান্যাদি শস্য নিচয় বিদ্যমান, কিম্বা কেদারিকায় সমুৎপন্ন প্রযুক্ত মুক্তাই ব্রীহি শব্দবাচ্য অতএব যাহাতে বহু বহু ব্রীহি অর্থাৎ মুক্তা সকল বর্ত্তমান রহিয়াছে এইরূপ সমাসে এই বনের বহুব্রীহিত্ব স্পষ্টই দেখা যাইতেছে।

---

১। বৃন্দাবনে।

ততঃ সগর্ব্বগর্ভিতং হসন্তীষু তাসু ময়োক্তং,—নানাকুট-কল্পনানগরীচক্রবর্ত্তিনি ললিতে! মুখ্যমত্র তৎপুরুষসমাসং, কল্পিতকর্ম্মধারয়বহুব্রীহিভ্যাং কথং দবয়িতুং শক্যসি॥

ললিতা,—মহাপণ্ডিত! তৎপুরুষস্তৎপুরুষ ইতি বারম্বারং জল্পসি, তৎপুরুষস্তাবদনেকবিধো ভবতি, তত্র কতমোঽয়ং স ইতি সুষ্ঠু নির্ণীয় কথ্যতাম্॥

ময়োক্তং,—জড়বুদ্ধিকে! কৃষ্ণস্য বনং কৃষ্ণবনমিতি ষষ্ঠী-তৎপুরুষস্ত্রিজগতি সুপ্রসিদ্ধ এব॥

রাধা,—কৃষ্ণস্য বনমিতি চেত্তর্হি সখীস্থলী-বটশ্রেণিরেব

---

অনন্তর তাহারা সকলে সগর্ব্বান্তঃকরণে হাস্য করিতে লাগিলে আমি কহিলাম হে ললিতে! তুমি নানাবিধ কূটকল্পনারূপ নগরের সম্রাজ্ঞী স্বরূপ হইলেও "কৃষ্ণবন" এইস্থলে কৃষ্ণের বন এই তৎপুরুষ সমাসই মুখ্য অতএব তুমি কল্পিত কর্ম্মধারয় ও বহুব্রীহি দ্বারা কি প্রকারে তৎপুরুষ সমাস খণ্ডন করিতে সমর্থ হইবে?

ললিতা আমাকে কহিল—হে মহাপণ্ডিত! তৎপুরুষ তৎপুরুষ ইহা পুনঃ পুনঃ জল্পনা করিতেছ। অতএব জিজ্ঞাসা করি যে, তৎপুরুষ সমাসত অনেক প্রকার হইয়া থাকে, এই কৃষ্ণবন স্থলে, কোন তৎপুরুষ হইবে তাহা সুস্পষ্ট নির্ণয় পূর্ব্বক বর্ণন কর॥

তদুত্তরে আমি কহিলাম—হে জড়বুদ্ধিকে! অর্থাৎ তোমার বুদ্ধি নিতান্ত জড় অতএব কিছুই বুঝিতে পারিতেছ না যে, "কৃষ্ণের বন কৃষ্ণবন" এই ষষ্ঠী তৎপুরুষ ত্রিভুবনে সুপ্রসিদ্ধই রহিয়াছে।

ইহা শুনিয়া নিকুঞ্জাভ্যন্তর হইতে রাধা ধীরে ধীরে কহিতে লাগিল—যদি কৃষ্ণবন শব্দ ষষ্ঠীতৎপুরুষ সমাস করিয়া কৃষ্ণের বন ইহাই নির্দ্ধারিত হয়

পুরুষশার্দ্দূলস্য তব বনং। যতঃ ষষ্ঠীতৎপুরুষোঽপি নিত্যং তত্রৈব ১ বর্ত্ততে।

অত্র ষষ্ঠীসমাসস্য সম্ভাবনাপি ন বিদ্যতে ইত্যেবং বিহস্য ললিতয়াপ্যুক্তে

নান্দীমুখী,—ললিতে! এষ তে বাগ্বিন্যাসো গর্ব্বিত-সন্দর্ভ ইতি লক্ষ্যতে, তৎ প্রকাশ্য কথ্যতাম্॥

ততো ললিতা নেত্রাম্বুনীলোৎপলমালয়া মামলঙ্কুর্ব্বতী স্মিতগর্ব্বিতমাহ,—নান্দীমুখি! ষষ্ঠী কাচিদেকা, তস্যাঃ পুরুষঃ পতিরেব, অন্যো বা ষষ্ঠীতৎপুরুষঃ॥

বিশাখা সস্মিতং,—ললিতে! তৎপুরুষো জ্ঞাত এব, সা তাবৎ কা?

---

তাহা হইলে সখীস্থলীর বটশ্রেণীই পুরুষসিংহ স্বরূপ তোমার বন, যেহেতু সেই সখীস্থলীতেই ষষ্ঠীতৎপুরুষ নিত্য বর্ত্তমান।

এস্থলে ষষ্ঠীসমাসের সম্ভাবনাও নাই" এইরূপ ললিতাও হাস্য করিয়া কহিতে লাগিলে।

নান্দীমুখী কহিল—ললিতে! তোমার এই বাক্‌বিন্যাস, গর্ব্বিতসন্দর্ভ বলিয়া লক্ষিত হইতেছে অতএব তাহা প্রকাশ করিয়া বর্ণন কর।

অনন্তর ললিতা—নেত্রাম্বুরূপ নীলোৎপলমালা দ্বারা আমাকে অলঙ্কৃত করিয়া ঈষৎ হাস্য সহকারে ষষ্ঠীতৎপুরুষ শব্দের অর্থ কহিতে লাগিল—নান্দীমুখি! ষষ্ঠীতৎপুরুষ শব্দের অর্থ এই যে, ষষ্ঠী অর্থাৎ কোনও এক নারী এবং তৎপুরুষ শব্দের অর্থ,—সেই ষষ্ঠীর পুরুষ অর্থাৎ পতি কিম্বা তাহার কোন জন।

বিশাখা ঈষৎ হাস্য সহকারে কহিল—ললিতে! তৎপুরুষ শব্দের

---

১। সখীস্থল্যাং।

ললিতা,—চন্দ্রাবলী ॥

বিশাখা,—চন্দ্রাবলী কথং ষষ্ঠী ?

ললিতা,—দেবীগণমধ্যে প্রথমঃ কংস-গোপো গোবর্দ্ধনমল্লো মহাভৈরবঃ, দ্বিতীয়া তন্মাতা ভারুণ্ডা (ভারণ্ডা) চণ্ডী, তৃতীয়া চন্দ্রাবলী-মাতা মহীকরালা চর্চ্চিকা১, চতুর্থী শৈব্যা কালী, পঞ্চমী পদ্মা শঙ্খিনী ( প্রসিদ্ধা ), ষষ্ঠী সখীস্থলীবটবাসিনী চন্দ্রাবলী ষষ্ঠী; যতো বটবনবাসিত্বাৎ তস্যাঃ ষষ্ঠীত্বং যুক্তমেব ।

ততঃ সর্ব্বেষাং হাসকোলাহলবৃত্তে অহং স্বগতং,—অহো ! বুদ্ধের্বরিষ্ঠতা ব্রজবালানাম্; যদহমপি বচনা-

---

যাত্তবার্থ অবগত হইলাম বটে পরন্তু সেই ষষ্ঠী কোন ব্যক্তি অর্থাৎ তাহার প্রকৃত কি নাম ? ।

ললিতা কহিল—চন্দ্রাবলী ।

বিশাখা পুনরায় জিজ্ঞাসা করিল—চন্দ্রাবলী কি প্রকারে ষষ্ঠী হইল ?

তদুত্তরে ললিতা কহিল—দেবীগণ মধ্যে প্রথম কংসের গোপ গোবর্দ্ধন মল্ল মহাভৈরব, দ্বিতীয় তাহার মাতা ভারুণ্ডা—চণ্ডী, তৃতীয়—চন্দ্রাবলীর জননী—মহীকরালা—চর্চ্চিকা দেবী, চতুর্থী শৈব্যা—কালী, পঞ্চমী—প্রসিদ্ধা পদ্মা—শঙ্খিনী, ষষ্ঠী—সখীস্থলী-বটবাসিনী চন্দ্রাবলীই ষষ্ঠী, যেহেতু চন্দ্রাবলী—বটবন বাসিনী বলিয়া তাহার ষষ্ঠী আখ্যা উপযুক্তই হইয়াছে কারণ সর্ব্বত্রই প্রসিদ্ধ আছে যে বটবৃক্ষে ষষ্ঠীদেবীর অধিষ্ঠান ।

অনন্তর ষষ্ঠীতৎপুরুষ শব্দের অর্থ শ্রবণ করিয়া সকলে হাস্য কোলাহল করিতে লাগিলে আমি মনে মনে ভাবিতে লাগিলাম এই যে,—ব্রজাঙ্গনা-

---

১। দেবী ।

টোপবিলাসৈ১নির্বচনীকৃতোঽস্মি। প্রকাশং গনির্ব্বেদমিবাহং,—নান্দীমুখি! অস্মদ্দত্তভোগরাগমসৃণবসনাদিভিঃ সংবর্দ্ধিতাভিরস্মদ্দত্তমুক্তা-মণি-প্রবাল-কমলরাগ-মরকত-বজ্রাদিখচিতবিবিধভূষণভূষিতাভিঃ সাম্প্রতমভিনবযৌবনমহাধনগর্ব্বেণোজ্ঝিতগুরুলঘুগণনোৎকরাভিরস্মৎকৃষককগুজ্জর(২)গুর্জ্জরীভিঃ৩রপ্যেতাভির্হেলোল্লাসিতচঞ্চলনয়ন-প্রান্ত-নর্ত্তনপূর্ব্বকং সাহঙ্কৃতিবচনাড়ম্বরবিন্যাসভরেণ সমস্তব্রজ-সাম্রাজ্যসার্ব্বভৌমস্য৪ পরমোদ্দণ্ডকুমারোঽহমপি নিরবধিবিড়ম্ব্যমানোঽপি

দিগের বুদ্ধির বরিষ্ঠতা কি আশ্চর্য্য? যেহেতু আমিও ইহাদের বাগাড়ম্বর বিলাসে নির্ব্বাক্ হইলাম। তৎপর যেন অনুতাপের সহিত নান্দীমুখীকে প্রকাশ করিয়া বলিলাম—নান্দীমুখি! ইহারা আমাদের কৃষক গুর্জ্জরের গুর্জ্জরী (১) অতএব অস্মৎপ্রদত্ত ভোগ (২) ও রঞ্জিত অথচ মসৃণ বসন সমূহে সংবর্দ্ধিত হইতেছে এবং অস্মৎপ্রদত্ত মুক্তা, মণি, প্রবাল, পদ্মরাগ, (তাম্রবর্ণ মণি) মরকত (হরিদ্বর্ণ মণি) ও বজ্র (হীরক বা মণি বিশেষ) প্রভৃতি দ্বারা খচিত বিবিধ ভূষণে ভূষিত হইয়া থাকে। তথাপি অধুনা অভিনব যৌবনরূপ মহাধন-গর্ব্বে গুরু লঘু গণনা পরিত্যাগ করিয়া হেলা(৩) দ্বারা উল্লাসযুক্ত চঞ্চল নয়নপ্রান্তের নর্ত্তন পূর্ব্বক সগর্ব্ব বাগাড়ম্বর বিন্যাসে সমস্ত ব্রজ সাম্রাজ্যের সার্ব্বভৌম শ্রীনন্দ মহারাজের পরমোদ্দণ্ড কুমার-স্বরূপ আমাকে প্রতারিত করিতেছে কিন্তু আমি প্রতারিত হইলেও কেবলমাত্র মাননীয়া

১। অড়াম্বর বিলাসৈঃ। ২। দেশ। ৩। নাগরীভি। ৪। নন্দস্য।

(১) গুর্জ্জর জাতি বিশেষের গুর্জ্জরী গৃহিণী। কিম্বা গুর্জ্জর দেশ বিশেষের গুর্জ্জরী অর্থাৎ নাগরী।

(২) উপভোগ কিম্বা পণ্যস্ত্রীর বেতন।

(৩) ভাববিশেষ বা অবজ্ঞা।

কেবলং ভগবতীচরণ-পরিজনমুখ্যনান্দীমুখী-মুখমালোক্য তথৈকগ্রামবাসেনাপকীর্ত্তিভয়েন চ এতৎকৃতং প্রতীপব্যবসিতমপি(১) এতাবন্তং কালং দুঃখদত্বেনাপি ন গণিতবানস্মি। সাম্প্রতং মম দোষো ন দেয়ঃ। অধুনৈব নিজনিজ-বক্ষসি মসৃণমেচক(২) পটপরিবেষ্টিতমতিবিচিত্রিতকার্ত্তস্বর-সম্পুটযুগপুটিতমরুণদ্বিতীয়া-শশধর(৩) মুদ্রামুদ্রিতং স্বস্বপরিবৃঢ়ৈরপি কদাপ্যনালোকিতচরং দুর্ল্লভনবতারুণ্যধনং, মহাতীব্রনখভটৈস্তথৈব নিরুপমদশনচ্ছদপদ্মরাগমহারত্নমপি দশনোদ্ধরসামন্তৈরপি লুণ্ঠয়িত্বা এতা বচনধনদরিদ্রা বিদধানোঽস্মি(৪)

---

ভগবতী পৌর্ণমাসীর মুখ্য পরিজন নান্দীমুখীর মুখাপেক্ষা করিয়া এবং একগ্রামবাসী ও অপকীর্ত্তিভয়ে, ইহাদের কৃত যে অন্যথা নিশ্চয়, তাহা দুঃখপ্রদ হইলেও এতকাল গণাই করি নাই; পরন্তু এখন আর আমার প্রতি দোষারোপ করিতে পারিবে না কারণ,—আমি এক্ষণই ইহাদের নিজ নিজ বক্ষে মসৃণ নীলবসনে পরিবেষ্টিত, অতি বিচিত্র সুবর্ণ সম্পুট যুগলে আবৃত, অরুণবর্ণ বিশিষ্ট দ্বিতীয়ার শশধর-মুদ্রাচিহ্নিত এবং যাহা ইহাদের স্ব স্ব স্বামিগণ কখনও চক্ষে দেখে নাই এতাদৃশ নবতারুণ্য রূপ ধনকে মদীয় মহাতীব্র নখরূপ যোদ্ধা দ্বারা এবং ইহাদিগের নিরুপম অধররূপ পদ্মরাগ মহারত্নকেও মদীয় দুর্দ্ধর্ষ সামন্তগণ দ্বারা লুণ্ঠন করাইয়া এই গোপীদিগকে নিরুত্তর বিধান করিতেছি। (অর্থাৎ উক্তানুরূপ বিধান করিলে ইহারা আর কোন কথা বলিতে পারিবে না অতএব নির্ব্বাক্ হইবে)।

---

১। মিথ্যানিশ্চয়মপি। ২। নীল। ৩। অর্দ্ধচন্দ্র।
৪। নির্ব্বচনী কৃতো ঽস্মি ইত্যর্থঃ।

ইতি সাটোপং সহসোপসৃত্য তাঃ সন্দিধীর্ষৌ(১ ময়ি) কুটিলভ্রূঃ র্ত্তনবলিতস্মিতশবলিত(২)কটাক্ষেণ মদবলোকন-পূর্ব্বকমিতস্ততো মনাগপসর্পন্তীষু সর্ব্বাসু,সরোষমিব ললিতা,—অয়ে শ্যামল রসপাননিরত ! অপেহি অপেহি ; এতাং তে মত্ততারভটীং ব্রজেশ্বর্য্যৈ বর্ণয়িতুং বয়ং চলিতাঃ স্মঃ ॥

সত্যভামা সচমৎকারং হসন্তী,—বিনোদিন্ ! একং প্রষ্টু-মিচ্ছামি ॥

কৃষ্ণ,—প্রিয়ে ! বিজ্ঞাপয় ( সমাজ্ঞাপয় ) ॥

সত্যভামা,—রাধা-স্বগতলপিতাবলিরেব ললিতাদিভিরপি কথমন্ববাদি ?

---

অনন্তর আমি সগর্ব্বে সহসা নিকটবর্ত্তী হইয়া তাহাদিগকে ধারণ করিতে ইচ্ছা করিলে তাহারা কুটিল ভ্রূনর্ত্তনযুক্ত ঈষৎ হাস্যান্বিত কটাক্ষে আমার প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক আস্তে আস্তে ইতস্ততঃ গমন করিতে লাগিলে ললিতা যেন রোষান্বিতা হইয়াই আমাকে বলিতে লাগিল—অয়ে শ্যামলরসপান-নিরত ! এখান হইতে দূর হও দূর হও। আমরা ব্রজেশ্বরীর নিকট তোমার এই মত্ততাজনিত নির্ব্বিচার প্রবৃত্তি বর্ণন করিতে চলিলাম।

সত্যভামা উক্ত বৃত্তান্ত শ্রবণ পূর্ব্বক আশ্চর্য্যান্বিতা হইয়া হাস্য করিতে করিতে শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন—বিনোদিন্ ! অপর এক কথা জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিতেছি

শ্রীকৃষ্ণ কহিল—প্রিয়ে ! তাহা কি বিজ্ঞাপন কর।

শ্রীসত্যভামা কহিল—ললিতাদি ব্রজাঙ্গনাগণ, শ্রীরাধার স্বগত বচনা-বলির অবিকল অনুবাদ কিরূপে করিলেন ?

---

১। ধর্ত্তুমিচ্ছতি। ২। মিশ্রিত।

কৃষ্ণঃ,—প্রিয়ে! রাধায়াঃ কায়ব্যূহরূপা এব ললিতাদয়স্তৎ-কথং মাধিগমিষ্যন্তি ?

সত্যভামা,—সুভগ! রাধায়া নর্ম্মোত্তরবর্ণবিন্যাসঃ কথং বা ভবন্মানসসঞ্চারী বভূব ?

মধুমঙ্গলঃ সগদ্গদং,—প্রিয়সখি সত্যে! পরিমলমঞ্জরী-মঞ্জুলমৃগমদাবিব* পরস্পরসংপৃক্তৌ(১) গান্ধর্ব্বাগিরিধারিণৌ তৎ(২) কথং ন সঞ্চরত্বিতি ॥

ইতি তদ্বচননিশমন(৩)মধুরপয়ঃপানপরিবর্দ্ধিতগান্ধর্ব্বা-বিরহোৎকটকটুগরলোদ্ভটবিকটজ্বালাজালজনিতাভিঃ, পুনঃ

---

শ্রীকৃষ্ণ বলিলেন—প্রিয়ে! ললিতাদি ব্রজসুন্দরীগণ, শ্রীরাধার কায়ব্যূহ স্বরূপ অতএব কেনই বা তদ্বাক্যের অনুবাদ করিতে অসমর্থ হইবেন ?

শ্রীসত্যভামা কহিলেন—হে সুভগ! শ্রীরাধার পরিহাসময় প্রত্যুত্তর বর্ণ বিন্যাস, কিরূপেই বা তোমার মানসসঞ্চারী হইল।

তখন মধুমঙ্গল সগদ্গদস্বরে কহিল,—প্রিয়সখি সত্যভামে! মঞ্জরী ও মঞ্জুল মৃগনাভি যেমন সর্ব্বদাই পরিমলযুক্ত হইয়া থাকে অর্থাৎ মঞ্জরী ও তদ্গন্ধ, এবং মৃগমদ ও তৎসৌরভ কখন বিচ্ছিন্ন হয় না কারণ যেখানে মৃগমদ সেখানেই তদ্গন্ধ, ও যেখানে গন্ধ, সেখানেই মৃগমদ, তদ্রূপ শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ পরস্পর সম্মিলিত রহিয়াছেন অতএব শ্রীরাধার পরিহাসময় উত্তর বাক্য বিন্যাস কেনই বা শ্রীকৃষ্ণের মানস সঞ্চারী না হইবে ?

তখন শ্রীকৃষ্ণ এইরূপে মধুমঙ্গলের বাক্য শ্রবণ রূপ মধুর পয়ঃ পানে শ্রীরাধা স্মরণ হওয়ায় তদ্বিষয়ক বিরহ বৃদ্ধি পাইতে লাগিল; এবং সেই বিরহ বশতঃ উৎকট কটু গরল অপেক্ষাও যেন অত্যধিক বিকট জ্বালা সমূহ

---

* মৃগমদাদিবৎ ইতি পাঠান্তরং জ্ঞেয়ং।

১। মিশ্রিতৌ। ২। নর্ম্মোত্তরবর্ণবিন্যাসঃ। ৩। শ্রবণ।

পুনশ্চাল্যমানহৃদয়মর্ম্মনিমগ্নার্দ্ধভগ্নপ্রতপ্তলৌহতির্য্যগনশল্যো-জ্জৃম্ভিতযাতনাজ্বরতোঽপি মহাতীব্রপীড়াবলিভিরভিতোঽন্তস্তু-নির্ভরকাতরো যদা বভূব তদৈব তদবধানতঃ সঞ্চরদপূর্ব্বজাড্য-মোহোন্মাদাদিপ্রিয়সহচরসমুদয়-সহিতসুদ্দীপ্তস্তম্ভকম্পাদ্যষ্ট-সাত্ত্বিকপ্রিয়বয়স্যেষু, বাঢ়মহং পূর্ব্বমহং পূর্ব্বকেলনবিধিনা নর্ম্মোচ্ছলিতপরস্পরবিজয়ায় প্রগাঢ়প্রাগলভ্যমুপলভ্য যুগপত্ত্বরিতমুপর্য্যুপরি তমালিঙ্গিতুং (সর্ব্বতঃ) সরভসমারভমাণেষু, রে রে বিদগ্ধশিরোমণিম্মন্যাঃ! খেলনসময়মুত্তমং লব্ধাঃ স্থ ইত্যুপা-

আবির্ভূত হইল। পুনঃ পুনঃ চাল্যমান হৃদয়-মর্ম্মে অর্দ্ধভগ্ন প্রতপ্ত লৌহ ও বক্রাকৃতি শল্য বিদ্ধ হইলে যেরূপ যাতনাচয় প্রকটিত হয় তাহা হইতেও উক্ত জ্বালা জনিত মহাতীব্র পীড়া সমুদয় দ্বারা যখন অন্তরে অত্যন্ত কাতর হইয়া পড়িলেন তখনই শ্রীরাধাচিনিবেশ হেতু সঞ্চরণশীল অপূর্ব্ব জাড্যভাব, মোহ ও উন্মাদাদি রূপ প্রিয় সহচর সমুদয়ের সহিত সুপ্রকাশিত স্তম্ভ কম্পাদি অষ্ট সাত্ত্বিক ভাবরূপ প্রিয়বয়স্যগণ—"আমি পূর্ব্বে স্পর্শ করিব আমি পূর্ব্বে ধারণ করিব" (১) এইরূপ ক্রীড়াবিধানানুসারে নর্ম্মোচ্ছলিত হৃদয়ে পরস্পর বিজয়ের নিমিত্ত অত্যন্ত প্রগল্ভতা করিয়া তৎক্ষণাৎ যুগপৎ উপর্য্যুপরি শ্রীকৃষ্ণকে সবেগেই যেন আলিঙ্গন করিতে লাগিল। তখন প্রাণাপেক্ষা প্রিয়তম শ্রীশ্রীরস নামক নর্ম্মসখা রসাভাস বিবেচনা করিয়া জাড্যাদিরূপ প্রিয় সহচরগণও স্তম্ভাদি রূপ প্রিয়বয়স্য সকলকে কহিল—"রে রে বিদগ্ধ শিরোমণিম্মন্যগণ! খেলিবার উত্তম সময় পাইয়াছ" এইরূপে

(১) অর্থাৎ জাড্য মোহ ও উন্মাদাদিরূপ প্রিয় সহচরগণের মধ্যে কেহ বলে আমি অগ্রে স্পর্শ করিব। এবং স্তম্ভ কম্পাদি অষ্ট সাত্ত্বিক ভাবরূপ প্রিয় বয়স্যগণের মধ্যে কেহ বলে আমি অগ্রে ধারণ করিব ইত্যাদি।

লভ্য শ্রীমৎপ্রেমানির্বচনীয়পরিণামবিশেষস্বরূপেণ নিরবদ্যহৃদ্য১-সৌহৃদ্যাচিন্তমহিমমহৌষধ-রসাতিবশীকৃতসপ্রিয়পরিজনগণ-কৃষ্ণৈকসর্ব্বস্বরূপেণ সমস্তাতর্ক্যমহামহাপ্রভাববহুবিধলীলা-দিশক্ত্যপণ(২)চিন্তারত্নাদিরত্নবিঞ্ছোলীকমঙ্গলাকরেণ নিরুপম-বিবিধবৈদগ্ধ্যচাতুর্য্যসময়াদিবিজ্ঞত্বসুগন্ধকুসুমগোৎকরানির্ভরা-রামেণ ; শ্রীশ্রীরসনামপ্রাণপ্রিয়তমনর্ম্মসখেন সভ্রূভঙ্গঃ নয়ন-ঘূর্ণনলীলয়া বিহিতপ্রতিষেধাৎ(৩) স্বয়মপি চ পশ্চাদবধায়। ভো ভোঃ ? অনায্যমনায্যমিতি রসজ্ঞাং (রসনাং) দশনৈঃ সংদশ্য লঘু লঘু সসঙ্কোচং স্বপৃষ্টেন দূরমপসরৎসু তেষু—

তিরস্কার করিয়া ভ্রূভঙ্গী সহকারে নয়ন ঘূর্ণন দ্বারা "এই স্থলে এইরূপ ভাব প্রকাশ অনুচিত" এই বলিয়া যেন নিষেধ করিল। এবং ঐ রসরূপ নর্ম্মসখা—শ্রীমৎ প্রেমের অনির্ব্বচনীয় পরিণাম বিশেষ-স্বরূপ বিশুদ্ধ মনোজ্ঞ সৌহৃদ্য ও অচিন্ত্য মহিমান্বিত মহৌষধ স্বরূপ রসদ্বারা অত্যন্ত বশীকৃত প্রিয়পরিজনগণ সমন্বিত শ্রীকৃষ্ণের মুখ্য সর্ব্বাঙ্গভূত (অর্থাৎ শ্রীকৃষ্ণের সর্ব্ব অঙ্গ রসগঠিত) হইয়াছেন। এবং সমস্ত অতর্ক্য মহামহা প্রভাববতী বহুবিধ লীলাদি শক্তিরূপ অমূল্য চিন্তামণি প্রভৃতি রত্নসমূহের মঙ্গলাকর স্বরূপ ও নিরুপম বিবিধ বৈদগ্ধ্য বিজ্ঞত্ব, চাতুর্য্যবিজ্ঞত্ব ও সময়বিজ্ঞত্বাদি রূপ কুসুম পুঞ্জ বহুল আরাম স্বরূপ। অনন্তর স্বয়ংই তাহা অবধান করিয়া অহে! ইহা বড়ই অন্যায় এই বলিয়া দশন দ্বারা রসনা দংশন পূর্ব্বক তাহারা অর্থাৎ জাড্যাদি প্রিয়সহচর ও শুষ্কাদি প্রিয়বয়স্যগণ সসঙ্কোচে ধীরে ধীরে বিদূরবর্ত্তি হইল।

১। সুন্দর। ২। অমূল্য। ৩। নিষেধাৎ।

ততোঽস্ফুটবহির্বিকারনিকরঃ সম্ভূতস্বৎকম্পাতিশয়ঃ স শ্রীশ্রীমান্ যাদবেন্দ্রঃ স্বগতমিদং বিললাপ,—হা মৎপ্রাণ-কপোত-বাসবড়ভিপ্রেমস্ফুরন্মাধুরীধারাপারসরিদ্বরে ! গুণ-কলানর্ম্মপ্রহেলীখনে ! হা মন্নেত্রচকোর-পোষকবিধুজ্যোৎস্নাততে রাধিকে ! হা হা মদ্দুরিতেন কেন নিধিবৎ প্রাপ্তা করাত্বং চ্যুতা ?

ততঃ সত্যভামা,—যাদবেন্দ্র ! শ্রীমন্মুখারবিন্দাদ্গোকুল-

---

অনন্তর অস্পষ্টবহির্বিকারযুক্ত শ্রীশ্রীমান্ যাদবেন্দ্র অত্যন্ত কম্পান্বিত হইয়া মনে মনে বিলাপ করিতে লাগিলেন—। হা মৎপ্রাণকপোত-বাসবড়ভীপ্রেমস্ফুরন্মাধুরীধারাপারসরিদ্বরে ! অর্থাৎ তুমি আমার প্রাণরূপ কপোতের বাসস্থান বড়ভী(১)রূপ প্রেমের স্ফূর্ত্তিশীল মাধুরীধারার অপার নদী স্বরূপ ও সাদ্গুণ্যাদি গুণ কলা, পরিহাস ও প্রহেলীর(২)খনি স্বরূপ হইয়াছ। হা মন্নেত্রচকোরপোষকবিধু-জ্যোৎস্নাততে রাধিকে ! অর্থাৎ হা রাধিকে ! তুমি আমার নেত্ররূপ চকোরের পোষক যে চন্দ্র তাহার জ্যোৎস্না স্বরূপ হইয়াছ। হায় হায় ! তোমাকে নিধির ন্যায় প্রাপ্ত হইয়া আমার কোন্ পাপে তুমি করচ্যুতা হইলে অর্থাৎ তোমাকে হারাইলাম।

অনন্তর সত্যভামা কহিল—যাদবেন্দ্র ! ভবদীয় শ্রীমন্মুখারবিন্দ নির্গত গোকুলবিলাস-মাধুরী মকরন্দ পান করিয়াও আমার পিপাসা মুহুর্মুহুঃ

---

(১) গৃহের পাইর। কিম্বা গৃহচূড়া, ( মুদনি )। অথবা ছাদের উপরি কিছুদিনের অস্থগৃহ। ইহা অতি উচ্চ বলিয়া ইহাতে কপোত বাসকরে। অতএব তুমি প্রাণ কপোতের আশ্রয় বড়ভীরূপ প্রেমের মাধুরী-ধারার নদীসদৃশা। (২) কটাক্ষাদি ভঙ্গী।

বিলাসমাধুরীমকরন্দং ধয়স্ত্যা অপি মম পিপাসা পরমুল্লাল-সীতি; তৎকৃপয়া তদেব১ পুনঃ পায়য় ॥

কৃষ্ণঃ,—প্রিয়ে! শ্রূয়তাং,—

ততো মধুমঙ্গলেনোক্তং সখি ললিতে! প্রিয়সখস্যাহ-মলজ্জ্যবাক্যসচিবোঽস্মি। তদপূর্ব্বং কমপ্যুৎকোচং মহ্যং দেহি, ময়া মৌক্তিকমূল্যেন বঃ সাচিব্যং বিধাস্যতে॥

বিশাখা,—আর্য্য! কিমপ্যত্র নাস্তি; সায়ং শক্রাশনার্থং তুভ্যং বরাটিকাচতুষ্টয়মবশ্যং দেয়ং; যদি প্রতীতির্ন ক্রিয়তে ত্বয়া নান্দীমুখী প্রতিভূর্গৃহ্যতাম্॥

---

বৃদ্ধি পাইতেছে অতএব তুমি কৃপা পূর্ব্বক পুনরায় সেই মকরন্দই আমাকে পান করাও।

শ্রীকৃষ্ণ কহিলেন,—প্রিয়ে! শ্রবণ কর।

অনন্তর মধুমঙ্গল কহিলেন—সখি ললিতে! আমি প্রিয়সখার অলঙ্ঘ্য বাক্য সমূহের মন্ত্রি স্বরূপ হইয়াছি অতএব আমাকে যে কিছু অপূর্ব্ব উৎ-কোচ (ঘুস্) প্রদান কর তাহা হইলে আমি মৌক্তিক মূল্য দ্বারা তোমাদের সহায়তা করিব অর্থাৎ মুক্তার মূল্য বিষয়ে তোমাদের আনুকূল্য বিধান করিব।

বিশাখা কহিল—আর্য্য মধুমঙ্গল! তোমাকে উৎকোচ প্রদান করিবার যোগ্য বস্তু এখানে কিছুই নাই অতএব সায়ংকালে সিদ্ধি ভক্ষণার্থ তোমাকে কপর্দ্দক (কড়ি) চতুষ্টক অতি অবশ্য দেওয়া যাইবে, পরন্তু যদি তুমি মদীয় বাক্যে বিশ্বাস না কর তবে নান্দীমুখীকে প্রতিভূ-স্বরূপ (জামিন্-স্বরূপ) রাখিলাম।

---

১। মকরন্দং।

মধুমঙ্গলঃ সক্রোধং,—অবদ্যভাষিণি আভীরিকে। তিষ্ঠ তিষ্ঠ; এষোঽহং সদ্য এব তবৈতৎ প্রায়শ্চিত্তং কারয়ম্যস্মি ইতি নিগদ্য মাং প্রত্যুবাচ.—প্রিয়বয়স্য! ভবন্মৃদুলবচনাক্রান্ত-ঘৃতধারয়া সংবর্দ্ধিতগর্ব্ববৈশ্বানরাভিরমূভিঃ সুষ্ঠু ভবন্তমুপালভ্য মামপি বদ্ধা নেতুং ব্যবসীয়তে॥

ততোঽহং,—সখে! সত্যং সত্যং; যথা বিনা রাজধানী-জয়েন তদ্দেশাঃ সুষ্ঠু বশা ন ভবন্তি; তথৈতদ্যূথেশা-পরাভবমন্তরেণ তদীয়াঃ কথমমূরমুকা ন ভবন্তু, ইতি নিগদ্য রাধাসনাথং কৃষ্ণং পশ্যন্ সনির্ব্বেদং পুনরবদং,—কিং কর্ত্তব্যং সা কিলৈতদ্ভয়েনৈব মৎসান্নিধ্যং নাসাদিতবতী ইতি নিশম্য

---

মধুমঙ্গল সক্রোধে কহিল—রে অন্যায্যভাষিণি গোয়ালিনি বিশাখে! থাক্ থাক্ আমি এই এখনই তোর বাক্যের প্রায়শ্চিত্ত করাইতেছি এইরূপ তাহাকে বলিয়া অবশেষে আমাকে কহিল—প্রিয় বয়স্য! তোমার মৃদুবাক্য রূপ দ্রবীভূত ঘৃতধারায় সংবর্দ্ধিত ও অভিমানে বৈশ্বানরতুল্য এই গোয়ালিনীগুলি তোমাকে অত্যন্ত তিরস্কার করতঃ আমাকেও বন্ধন করিয়া লইয়া যাইবার নিমিত্ত নিশ্চয় করিয়াছে।

অনন্তর আমি কহিলাম—সখে মধুমঙ্গল! সত্য সত্য "রাজধানী জয় করিতে না পারিলে যেমন সে দেশ ভালরূপে আয়ত্ত হয় না তদ্রূপ এই যূথেশ্বরী শ্রীরাধা—পরাজিতা না হইলে তদীয় এই সেনাগুলি কেনই নিমূক (বাক্যযুক্তা) না? হইবে অর্থাৎ রাধাকে পরাজয় করিলে তাহার সেনাগণ স্বয়ংই নির্ব্বাক্ হইয়া যাইবে" এইরূপে মধুমঙ্গলের নিকট বর্ণন করিয়া শ্রীরাধাবিহিত কৃষ্ণের প্রতি অবলোকন করিতে করিতে দুঃখ সহকারেই যেন পুনর্ব্বার কহিলাম—কি করিব, সেই রাধা এই ভয়ে আমার সমীপে কখনও

ক্রতমুদ্গ্রীবিকাবলোকনাৎ* সঙ্কুচন্তী রাধা কুঞ্জমধ্যে নিবিষ্টা বভূব ॥

সত্যভামা,—ততস্ততঃ ?

কৃষ্ণঃ,—ততোঽহং,—নান্দীমুখি ! ললিতাদীনাং তারুণ্য-ধনাদপি তস্যা(১)স্তারুণ্যধনং প্রচুরতরমমূল্যমপীতি জ্ঞায়তাং(২) ॥

নান্দীমুখী,—কথমিব ?

ময়োক্তং,—যত আসাং তাবৎ সম্পুটদ্বয়পরিমিতং তৎ তস্যাস্তু মহাগতঙ্গজকুম্ভতোঽপি নিস্তলত্বেনোন্নতত্বেন পরিণা-হেন(৩) চ প্রবীণতরে হৃন্মধ্যস্থে গোকুলপ্রসিদ্ধতস্করভীত্যেব

---

আসিবে না। ইহা শ্রবণ করিয়া শ্রীরাধা গ্রীবা উত্তোলন পূর্ব্বক অবলোকন হেতু সঙ্কুচিত হইয়া কুঞ্জমধ্যে প্রবেশ করিলেন।

সত্যভামা জিজ্ঞাসা করিল—তারপর তারপর ?

শ্রীকৃষ্ণ কহিলেন—তৎপর আমি নান্দীমুখীকে কহিলাম—নান্দীমুখি ! ললিতা প্রভৃতির তারুণ্যধন হইতেও শ্রীরাধার তারুণ্যধন প্রচুরতর অমূল্য বলিয়া জানিও।

নান্দীমুখী কহিল—সে কেমন ?

আমি কহিলাম—যেহেতু ললিতাদির তারুণ্যধন কেবলমাত্র সম্পুটদ্বয় পরিমিত কিন্তু শ্রীরাধার তারুণ্যধন—হস্তিকুম্ভ হইতেও বর্ত্তুলত্ব, উন্নতত্ব ও

---

* উদ্গ্রীবিকাবিলোকনাৎ ইতি পাঠান্তরং।

১। রাধায়াঃ। ২। ত্বয়া। ৩। বিস্তারেণ।

মৃগমদপঙ্কাদিলেপেন বর্ণান্তরমাপিতে হিরণ্ময়কুম্ভযুগলে পরিপূর্ণং তৎ(১) ॥

নান্দীমুখী,—মোহন! অতিসুগুপ্তমেতদ্ধনং কদাপি ভবদ্দৃষ্টচরং বৃত্তমস্তি?

ততোঽহং সস্মিতং,—নান্দীমুখি! বিদ্যুচ্চমৎকৃতমিব সকৃদীক্ষিতমস্তি ॥

নান্দীমুখী,—কদা?

ময়োক্তং,—একস্মিন্নবসরে নিজ-সরোবরস্নানাদুত্তীর্য্য নিজমধুরাঙ্গতশ্চীনাংশুকেন রহসি তয়া নিঃসার্য্যমাণে পয়সি সুমনোহরণায় দৈবাত্তত্রৈবাগতেন ময়া মনাগেবাবলোকিতং

বিশালত্ব বশতঃ প্রবীণতর হৃদয় মধ্যস্থ হিরণ্ময় কুম্ভ যুগলে পরিপূর্ণ হইয়া রহিয়াছে এবং গোকুলস্থ প্রসিদ্ধ তস্কর ভয়েই যেন তাহা মৃগমদাদি লেপন দ্বারা বর্ণান্তর প্রাপ্ত হইয়াছে।

নান্দীমুখী আমাকে জিজ্ঞাসা করিল—মোহন! অতি গুপ্ত সেই ধন তোমার কখনও কি দৃষ্টিগোচর হইয়াছে?

অনন্তর আমি হাস্য সহকারে কহিলাম—নান্দীমুখি! বিদ্যুৎ চমৎকৃতির ন্যায় একবার মাত্র দৃষ্ট হইয়াছিল বটে।

নান্দীমুখী প্রশ্ন করিল হে কৃষ্ণ! কখন্ দেখিয়াছ?

আমি কহিলাম—শ্রীরাধা কোন এক দিন নিজসরোবরে (রাধাকুণ্ডে) স্নানানন্তর তথা হইতে উত্থিত হইয়া জনশূন্য প্রযুক্ত স্বীয় কোমলাঙ্গ হইতে সূক্ষ্ম উত্তরীয়বসন জলমধ্যে নিক্ষেপ করিয়াছিল। সেই সময় আমি সুমনঃ* হরণের নিমিত্ত দৈবক্রমে তথায়ই উপনীত হওয়ায় তাহার সেই তারুণ্য ধন

১। তারুণ্যধনং।

* কুসুম মেধে মনঃ।

তৎ(১) ততঃ সা(২) সভয়মিব সহসৈব শ্যামলশাটিকাঞ্চলেনাবৃতবতী সম্প্রতি মদ্ভাগ্যবশাদ্যদি কুত্রাপি যৌবনধনগর্ব্বিতা সাম্রাজ্যাভিলাষিণী মচ্চক্ষুষোরপরোক্ষীভবেৎ(৩)তদা নখদশনভটসামন্তানন্তরেণাপি ছায়াদ্বিতীয়েন ময়া করকমলযুগেনৈব তৎকুম্ভদ্বয়মালোড্য(৪) তারুণ্যধনান্যাত্মসাৎকৃত্য সাধ্বসশঙ্ককম্পপুলকায়াং তস্যাং যূথনাথায়াং নির্ব্বচনীকৃতায়াং তদমাত্যঘটৈয়ং(৫) মহাবৈকুল্যেন স্বস্বতারুণ্যধনং গৃহীত্বা পলায়িতুমপি সুষ্ঠু স্থানমপি নাপ্স্যতি কিম্বা তদ্ধন(৬)সমর্পণপূর্ব্বকং শুদ্ধভাবেন মামেব পরিচরিষ্যতি। তদতিক্ষুদ্রাভিরাভিঃ স্বমহিমোন্মাদগ্লানিকারিণা বাকোবাকেন কিং?

---

ঈষৎ অবলোকন করিয়াছিলাম। অনন্তর সেই রাধা ভয়ান্তঃকরণেই যেন সহসা নীলাক্ত পরিধেয় বসনাঞ্চলে সে ধন আবৃত করিয়াছিল; সম্প্রতি আমার সৌভাগ্যক্রমে যদি সেই যৌবনধন গর্ব্বিতা ও অখণ্ড রাজ্যাভিলাষিণী শ্রীরাধা, মদীয় নেত্র গোচর হয়, তাহা হইলে আমি ইহার দ্বিতীয় ছায়াস্বরূপ হইয়া নখ ও দশন রূপ সৈন্য সামন্ত ব্যতিরেকে কেবলমাত্র করকমলযুগলেই সে কুম্ভদ্বয় মথন পূর্ব্বক তাহার তারুণ্য ধনচয় আত্মসাৎ করিয়া লইব; তাহা হইলে সেই যূথেশ্বরী রাধা, মনের আবেগে কম্প ও পুলকাদি ধারণ করিয়া নির্ব্বাক হইবে এবং তদীয় সখীগণ মহাব্যাকুল হইয়া স্ব স্ব তারুণ্য ধন গ্রহণ পূর্ব্বক পলায়ন করিবার জন্য কোনও স্থান প্রাপ্ত হইবেনা; অথবা তাহারা স্ব স্ব তারুণ্য ধন সমর্পণ করিয়া বিশুদ্ধ ভাবে আমাকেই পরিচর্য্যা করিবে। অতএব অতিক্ষুদ্র এই গোপীগণের সহিত স্বমহিমা দ্বারা গ্রথিত গ্লানিকারি উত্তর প্রত্যুত্তরে কি হইবে?॥

---

১। তারুণ্যধনং। ২। রাধা। ৩। গোচরীভবেৎ।
৪। মথনং কৃত্বা। ৫। সুহৃৎ ঘটা। ৬। তারুণ্যধন।

ততঃ কিঞ্চিৎ স্মিত্বা নান্দীমুখীং প্রতি রাধা অনুচ্চৈঃ প্রাহ,—অয়ি চপলব্রহ্মচারিণি ! অপেহি অপেহি ॥

বিশাখা,—অহো ! উড্ডীয় চলিতুমশক্যস্য বিম্বীমাত্রৈক-ভোজিনো বুভুক্ষিতস্য লোলুভশুকস্য মনসি দুর্লভমধুরদ্রাক্ষা-ভক্ষণমেতৎ ॥

মধুমঙ্গলঃ,—প্রিয়বয়স্য ! মদভীষ্টপারিতোষিকং (করে) দেহি ধ্রুবমধুনৈব ভবদ্রাজ্যাভিলাষিণীং রাধাং তাং ভবৎ-করগতাং বিধাস্যে ॥

ততোঽহং,—সায়ং মিষ্টান্নভোজনং দাস্যে ॥

মধুমঙ্গলঃ,—মাথুররাজপার্শ্বে ফুৎকৃত্য তদশ্বারূঢ়ানাং*

---

অনন্তর শ্রীরাধা ঈষৎ হাস্য করিয়া নান্দীমুখীর প্রতি লক্ষ্য করিয়া লঘুস্বরে কহিতে লাগিল—অয়ি চপল ব্রহ্মচারিণি ! দূর হও দূর হও ॥

বিশাখা কহিল—কি আশ্চর্য্য ? ইহা কেবল উড়িয়া চলিতে অশক্ত, বুভুক্ষিত, লুব্ধ ও একমাত্র বিম্বফল ভোজী শুকের মনে দুর্লভ সুমধুর দ্রাক্ষা (কিস্‌মিস্‌ মনকা আঙ্গুর প্রভৃতি) ভক্ষণই মাত্র

মধুমঙ্গল আমাকে কহিল—প্রিয়বয়স্য ! মদভীষ্ট পারিতোষিক প্রদান কর তাহা হইলে আমি এখনই ত্বদীয় রাজ্যাভিলাষিণী শ্রীরাধাকে নিশ্চয়ই তোমার হস্তগত করিয়া দিব।

অনন্তর আমি কহিলাম—সখে মধুমঙ্গল ! তুমি যদি তাহা করিতে পার তবে নিশ্চয়ই সায়ংকালে তোমাকে মিষ্টান্ন ভোজন করাইব।

মধুমঙ্গল কহিল—আমি মথুরাস্থ রাজার নিকট ফুৎকার করিয়া তাহার একশত অশ্বারোহী সৈন্য আনয়ন পূর্ব্বক অভিমন্যুর পৃষ্ঠদেশে কফোণি

---

* তদশ্বারোহাণামিতি ইতি পাঠান্তরং।

শতমানীয় পৃষ্ঠদেশে চর্ম্মরজ্জ্বা কফোণিদ্বয়বন্ধনপূর্ব্বকং কশাভি(১)স্তৎপতিরভিমন্যুস্তথা তাড়য়িতব্যঃ যথা স এব তামানীয় দদাতি।

ততঃ সর্ব্বে স্ময়যন্তি স্ম ॥

ললিতা,—বিশাখে! কমপি মহাভাগমুদ্দিশ্য যৎকিঞ্চিন্নিবেদয়ামি তৎ শৃণু॥

বিশাখা,—কথ্যতাং ॥

ততঃ কদম্বভূরুহাগ্রমভিবীক্ষ্য ললিতা,—ভো বৃন্দাবনচরতপস্বিবর! ত্বং তাবৎ ফলাহারী খ্যাতস্তৎস্বমর্য্যাদামুল্লঙ্ঘ্য ভবদযোগ্যপরমদুর্ল্লভসাধ্বী-হৃদয়ঙ্গমমহাধনে লালসামুদ্বহন্ কথং কলুষিতো ভবন্নসি ?

---

দৃঢ় বন্ধন করতঃ চাবুকদ্বারা রাধাপতি অভিমন্যুকে এমত ভাবে প্রহার করাইব, যেন প্রহারভয়ে সে নিজেই শ্রীরাধাকে এখানে আনয়ন পূর্ব্বক তোমাকে সমর্পণ করে।

অনন্তর মধুমঙ্গলের বাক্য শ্রবণ করিয়া সকলে হাস্য করিতে লাগিল।

ললিতা কহিল—হে বিশাখে! আমি যে কোনও মহাভাগকে উদ্দেশ করিয়া যৎকিঞ্চিৎ নিবেদন করিতেছি তাহা তুমি শ্রবণ কর।

বিশাখা কহিল—তাহা বল।

অনন্তর কদম্বতরুর অগ্রে অবলোকন করিয়া ললিতা কহিতে লাগিল—ভো বৃন্দাবনচর তপস্বিবর! তুমি ফলাহারী বলিয়া বিখ্যাত, অতএব স্বমর্য্যাদা উল্লঙ্ঘন পূর্ব্বক তোমার অযোগ্য পরম দুর্লভ সাধ্বী হৃদয়ঙ্গম মহাধনে লালসা করিয়া বৃথা কেন কলুষিত হইতেছ?

---

১। চাবুক ইতি খ্যাতাভিঃ।

পবিশাখা,—ললিতে। বুভুক্ষিতোঽয়ং তপস্বী ফলমনালভ্য এতদযোগ্যমপি কর্ত্তুং প্রবৃত্তোঽস্তি; তদুত্তমফলমস্মৈ (১)সমুদ্দিশ্যতাং। তবাপি ধর্ম্মবৃদ্ধির্ভবিষ্যতি॥

ললিতা স্মিতমপবার্য্য,—বিশাখে। কিমসৌ মানসজাহ্নবীং ন জানাতি?

বিশাখা,—সর্ব্বত্র ভ্রমণশীলোঽয়মতিপ্রসিদ্ধাং তাং (২)কথং ন জ্ঞাস্যতি।

ললিতা,—তদ্বায়ব্যতীরে সর্ব্বতশ্চলা কাচিদপূর্ব্বপদ্মা-স্ফুটমেকা বল্লরী বর্ত্ততে; তস্যা মধ্যভাগে পরমমনোহরং অত্যুচ্চং তুম্বীফলদ্বন্দ্বং তথাগ্রে চ অক্ষীণমকটুবিম্বীফলযুগলমস্তি॥

---

বিশাখা কহিল—ললিতে! এই তপস্বী বুভুক্ষিত হইয়া ফল লাভ করিতে না পারিয়া এই কার্য্য অযোগ্য হইলেও করিতে প্রবৃত্ত হইয়াছে অতএব এই তপস্বীকে উত্তম ফল দেখাইয়া দেও, তাহা হইলে তোমারও ধর্ম্ম বৃদ্ধি হইবে।

ললিতা হাস্য সম্বরণ করিয়া কহিল—বিশাখে! এই তপস্বী, মানসগঙ্গা জানে কি?

বিশাখা কহিল—এই তপস্বী সর্ব্বত্র ভ্রমণকারী হইয়া অতি প্রসিদ্ধ মানসগঙ্গা কেনই বা না জানিবেন?

ললিতা কহিল—সেই মানস গঙ্গার বায়ুকোণে সর্ব্বত্র বিচলিতা কোনও অপূর্ব্বা এক পদ্মা বল্লরী স্ফুটরূপে রহিয়াছে, তাহার মধ্যভাগে পরম মনোহর ও দীর্ঘাকার তুম্বী ফলদ্বয় এবং তাহার অগ্রভাগে বৃহৎ অথচ সুমধুর বিম্বী ফলযুগল বিরাজ করিতেছে।

---

১। তপস্বিনে। ২। মানসগঙ্গাং।

বিশাখা,—গোস্বামিন্! ত্বরিতমেব তত্র গত্বা ত্বদ্‌যোগ্য-তদনুত্তমফলোপভোগেন সাধ্বীধনলোভমপহায় স্বধর্ম্মং পালয়তা ভবতা পরমসুখিনা ভূয়তাং।

ততঃ সর্ব্বাসু হসন্তীষু ময়োক্তং,—ললিতে! তপস্য-সাবযাচিতবৃত্তিঃ করপাত্রো ভক্ষণে নিষিদ্ধং তুম্বীফলং নোপ-ভুঙ্‌ক্তে। কিন্তু অত্রৈব নির্ভরনিজপ্রদ্যোতভরেণ যা দৃশ্য-মানাপি ন দৃশ্যতে; তস্যাঃ কাঞ্চনবল্ল্যাঃ ক্রোড়ে মধুর-রসময়শ্রীফলদ্বন্দ্বং যদ্বিদ্যোতিতে; তৎ স্বয়মেব সৈ(১)বাগত্য

তাহা শ্রবণ করিয়া বিশাখা আমাকে কহিল—গোস্বামিন্! আপনি অবিলম্বে তথায় গমন পূর্ব্বক আপনার উপযুক্ত অনুত্তম* ফল ভোগ দ্বারা সাধ্বীধনে লোভ পরিত্যাগ করিয়া স্বধর্ম্মপালক হইয়া পরম সুখী হউন।

অনন্তর তাহা শুনিয়া, সকলে হাস্য করিতে লাগিলে আমি কহিলাম—ললিতে! এই তপস্বীর অযাচক বৃত্তি অর্থাৎ কাহার নিকট কিছু প্রার্থনা করেন না; এবং ইনি করপাত্রী অর্থাৎ হস্তই ইঁহার ভোজন পাত্র; অতএব ভক্ষণে নিষিদ্ধ তুম্বীফল উপভোগ করিবে না। কিন্তু যিনি এই স্থলেই স্বীয় প্রভূত প্রভায় দৃশ্যমানা হইয়াও দেখা দিতেছেন না সেই কাঞ্চনবল্লীর ক্রোড়দেশে যে সুমধুর রসময় শ্রীফলযুগল বিরাজ করিতেছে। অতএব সে কাঞ্চনবল্লী স্বয়ংই আগমন করিয়া প্রণয় পূর্ব্বক মধুর বচনে এই

১। কাঞ্চনলতা।

* এই শব্দটি শ্লেষে প্রয়োগ করিয়াছে অর্থাৎ অনুত্তম বলিতে যাহা হইতে অপর আর উত্তম নাই এই অর্থও বুঝায় এবং নিকৃষ্টার্থও বুঝাইয়া থাকে।

প্রণয়পূর্ব্বকং মধুরবচনেনৈনং(১) নিমন্ত্র্যাস্য(২) করে যদি পরিবেশয়তি, তদা তদুপভোগেন সুখী ভবন্নসৌ তথা-শিষয়তি(৩) যথা তৎফলোন্নতির্মহতী স্যাৎ॥

ততস্তন্নিশম্য রাধা অনুচ্চৈঃ,—নর্ম্মলম্পটোঽয়ং ধূর্ত্তঃ, শঙ্কে বৈদগ্ধ্যোন্নাত্রত্যাং মদবস্থিতিমবধার্য্য (অবধায়) মামেব কদর্থয়িতুমিমাং বচনভঙ্গীং বিতনোতি; তদিতঃ কুঞ্জান্তরমাসাদ্য স্বগোপনমেব নূনমুচিতম্॥

ইতি মনসি ভাবয়ন্ত্যাং তস্যাং পুনর্ময়োক্তং,—প্রিয়সখি ললিতে! অয়ং বৃন্দাবনচারী মহাবিনোদী ক্ষুদ্রযূথেশাং ত্বাং পট্টরাজ্ঞীং বিধায় ত্বয়া সহৈকসিংহাসনে উপবিশ্য বিশাখা-

তপস্বীকে নিমন্ত্রণ করতঃ ইহার করে সেই ফলদ্বয় যদি পরিবেষণ করেন তাহা হইলে তদুপভোগ দ্বারা সুখী হইয়া এই তপস্বী তাঁহাকে এমত আশীর্ব্বাদ করিবে যে তৎফলে তাঁহার বিশেষ ফলোন্নতি হইবে।

অনন্তর ইহা শ্রবণ করিয়া লঘু স্বরে কহিল "পরিহাস লম্পট এই ধূর্ত্ত বোধ হয় চতুরতা প্রযুক্ত এ স্থানে আমার অবস্থিতি জানিতে পারিয়া আমাকেই বিড়ম্বিত করিবার নিমিত্ত এই বাগ্ভঙ্গী বিস্তার করিতেছে অতএব এখান হইতে কুঞ্জান্তরে গমন পূর্ব্বক গোপনভাবে থাকাই আমার উচিত"।—

শ্রীরাধা ইহা ভাবিতেছে এমত সময়ে আমি ললিতাকে পুনর্ব্বার কহিলাম—প্রিয়সখি ললিতে! এই বৃন্দাবনচারি মহাবিনোদী, ক্ষুদ্রযূথেশ্বরী তোমাকে পট্টমহিষী করিয়া তোমার সহিত একসিংহাসনে উপবেশন পূর্ব্বক

১। তপস্বিনং। ২। তপস্বিনঃ। ৩। তথাশীর্ব্বাদং করোতি।

প্রভৃতিবৃন্দাবনচারীণাং লাস্যবিলাসমালোকয়িতুমভিলষন্তি তদাজ্ঞাপ্যতামেতা নৃত্যন্তু ।

ললিতা সক্রোধং,—নান্দীমুখি ! অস্মন্মুক্তাকেদারিকা-করপরিবর্ত্তনেন কিমস্য বিদূষকস্য নর্ম্মধনমেব দাপয়িতুং বয়মত্র ব্যাঘোট্যানীতাঃ স্মঃ ? তদেতাং নর্ম্মাদিগতিক্রিয়া-মপহায় যথাসৌ সুবলেন সহ যথার্থং লেখসাচর্য্য কেদারিকা-করং দদাতি তথা বিধায়াস্মান্ দ্রুতং গৃহায় প্রস্থাপয় ।

নান্দীমুখী,—ভবতীনাং কিয়ান্ করঃ সম্মতঃ স্যাৎ তং তাবৎ কথয় ।

ললিতা,—শ্যামাকাদিক্ষেত্রেকরতো ধান্যস্যাধিকঃ করো লগতি,ততোঽপি কার্পাসস্য,ততোঽপি বাস্তুভূমেঃ(১) প্রচুরতরঃ

---

বিশাখা প্রভৃতি বৃন্দাবনচারিণীদিগের নৃত্য বিলাস অবলোকন করিবার নিমিত্ত অভিলাষ করিতেছে ; অতএব আজ্ঞা কর ইহারা নৃত্য করুক ॥

ললিতা সক্রোধে কহিল,—নান্দীমুখি ! আমাদিগের মুক্তাক্ষেত্রের কর-পরিবর্ত্তে এই বিদূষকের প্রতি পরিহাস ধন প্রদান করিবার নিমিত্তই কি আমাদিগকে বল পূর্ব্বক এখানে আনয়ন করিয়াছ ? অতএব এই পরি-হাসাদি গতিক্রিয়া পরিত্যাগ করিয়া যেরূপে এই তপস্বী,—সুবলের সহিত যথার্থ লেখ আচরণ অর্থাৎ পত্র লেখালেখি করিয়া মুক্তা ক্ষেত্রের কর প্রদান করে সেই রূপ বিধান পূর্ব্বক আমাদিগকে অচিরে গৃহে পাঠাইয়া দাও ।

তাহা শ্রবণ করিয়া নান্দীমুখী কহিল,—তোমাদের কি পরিমিত কর, সম্মত হইবে তাহা আগে বল ॥

ললিতা কহিল,—শ্যামা প্রভৃতি ক্ষেত্রের কর হইতে ধান্য ক্ষেত্রের কর অধিক হইয়া থাকে, ধান্য ক্ষেত্রের কর অপেক্ষা কার্পাস ক্ষেত্রের কর অধিক,

---

১ । বসতিবাটীভূমেঃ ।

অপূর্ব্বামূল্য*মুক্তাকেদারস্য ততোঽপি পরার্দ্ধগুণঃ; তদলৌকিক-মুক্তাকেদারিকামিমাং ধর্ম্মশাস্ত্রোক্তবৃন্দাবনরাজ্যবিহিতা-লৌকিকমানদণ্ডেন(১) পরিমায় লেখং বিধায় চ সুবল এব কথয়তু।

নান্দীমুখী,—কিয়ৎ প্রমাণঃ স খলু মানদণ্ডঃ ?

ললিতা,—ময়া কথ্যমানঃ স খলু কেন প্রতীয়তাং; তদেতৎক্ষেত্রপালিকয়া সর্ব্বশাস্ত্রাভিজ্ঞয়া বৃন্দয়ৈব স নিরূপয়িতব্যঃ।

নান্দীমুখী,—ভদ্রং; বৃন্দে! মধ্যস্থয়া ত্বয়ৈব মুক্তা-মানদণ্ডঃ কৃত্বা দীয়তাম্।

---

কার্পাস ক্ষেত্রের কর অপেক্ষায় বাস্তুভূমির কর অধিক এবং তদপেক্ষায় প্রাচুর্য্য-বশতঃ অপূর্ব্ব অমূল্য মুক্তা ক্ষেত্রের কর পরার্দ্ধগুণ অধিক হইবে; অতএব এই সুবলই, ধর্ম্ম শাস্ত্রোক্ত বৃন্দাবন রাজ্যবিহিত অলৌকিক পরিমাণ দণ্ডদ্বারা এই অলৌকিক মুক্তাকেদারিকা পরিমাণ করিয়া পত্রিকায় লিখিয়া বর্ণন করুক।

নান্দীমুখী কহিল,—সেই পরিমাণদণ্ড কি পরিমাণ হইবে ?

ললিতা কহিল,—আমি বলিলে কে তাহা প্রত্যয় করিবে। অতএব এই ক্ষেত্র পালিকা ও সর্ব্বশাস্ত্রাভিজ্ঞা বৃন্দাদেবীই সেই পরিমাণদণ্ড নিরূপণ করিবে।

নান্দীমুখী,—বৃন্দাকে কহিল, ভাল তাই হউক হে বৃন্দে! তুমিই মধ্যস্থ হইয়া মাপ্য পরিমাণদণ্ড বিধান করিয়া দাও।

---

* অপূর্ব্বমূল্য ইতি পাঠান্তরং।

১। পরিমাণদণ্ডেন।

বৃন্দাদেবী,—

বাস্তু-ধান্যাদি-কঙ্কাদি-কার্পাস-মৌক্তিক-ক্ষমাঃ(১) ।
মীয়ন্তেঽঙ্গুষ্ঠমারভ্য ক্রমাদঙ্গুলিপঞ্চকৈঃ ইতি ।

অন্যত্র চ—

অপূর্ব্বমুক্তাক্ষেত্রাণামনর্ঘ্যকরতো বুধৈঃ ।
অনামিকাঙ্গুলিপ্রায়ো মানদণ্ডঃ প্রকীর্ত্তিতঃ ইতি ।

নান্দীমুখী,—বচনদ্বয়নিরুক্তাঙ্গুল্যোঃ কতরাত্র প্রমাণং ?

ললিতা,—ক্ষুরপ্রমাত্রখানিতভূমেরনায়াসেনৈবানর্ঘশস্যোৎপাদকত্বাৎ কনিষ্ঠৈব ।

নান্দীমুখী,—ললিতে ! যদ্যপি তদেব যুক্তং ভবতি তথাপি

---

বৃন্দাদেবী কহিল,—বাস্তুভূমি, ধান্যাদিভূমি, তৃণবিশেষ-ভূমি, কার্পাস-ভূমি ও মৌক্তিকভূমি এই সকল ভূমি, অঙ্গুষ্ঠ আরম্ভ করিয়া ক্রমান্বয়ে পঞ্চ অঙ্গুলিদ্বারা পরিমাণ হইয়া থাকে ।

অন্যত্রস্থলেও উক্ত হইয়াছে,—পণ্ডিতগণ অপূর্ব্ব মুক্তাক্ষেত্রের অমূল্যকর হেতু অনামিকা অঙ্গুলিপ্রায় পরিমাণ দণ্ড বলিয়া থাকেন ॥

নান্দীমুখী কহিল—হে বৃন্দে ! উক্ত বচনদ্বয়ে দুইপ্রকার অঙ্গুলির পরিমাণ কথিত হইল অতএব এস্থলে কোন্ প্রমাণ ? (গ্রাহ্য হইবে)

ললিতা বলিল,—কেবলমাত্র ক্ষুরপ্র অর্থাৎ ঘাস চ্ছেদনাদি অস্ত্রদ্বারা খনিত ভূমিতে অনায়াসে অমূল্যশস্যের উৎপত্তি হইতে পারে অতএব এস্থলে কনিষ্ঠাঙ্গুলিই প্রমাণ ॥

তাহা শ্রবণ করিয়া নান্দীমুখী, ললিতাকে কহিল—ললিতে ! যদিচ তাহাই

---

১। ভূমিঃ ।

ব্রজেন্দ্র-কুমার-মুখমালোক্য ভগবতী-পরিচারিকাং মাঞ্চ দৃষ্ট্বা অনামিকৈব স্থাপ্যতাম্ ॥

ললিতা,—বৃন্দে! ত্বং তাবল্লেখক্রিয়ায়াং মানবিষয়ে চ নিপুণাসি তৎ সর্ব্বাভিঃ সম্ভূয় গত্বা নান্দীমুখীসুবলসম্মতি-পূর্ব্বকং কেদারিকাং পরিমীয়াগম্যতাম্।

নান্দীমুখী,—ক্ষুণ্ণযূথেশ্বরি! একং প্রার্থয়িতুমিচ্ছামি।

ললিতা,—কামং কথ্যতাং; যোগ্যঞ্চেৎ কর্ত্তব্যং।

নান্দীমুখী,—অয়ং তাবৎ স্বদেশং বিহায়াত্রাগতো নবীন-

---

যুক্ত হয় বটে তথাপি শ্রীব্রজরাজ নন্দনের মুখাবলোকন করিয়া এবং ভগবতী পৌর্ণমাসীর পরিচারিকা স্বরূপ আমার প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক অনামিকাই স্থাপন কর॥

তচ্ছ্রবণে ললিতা বৃন্দাদেবীকে কহিল—বৃন্দে! তুমি লেখক্রিয়ায় ও মান বিষয়ে নিপুণা হইয়াছ অতএব সকলে মিলিয়া সেই মুক্তা ক্ষেত্রে গমনান্তে নান্দীমুখী ও সুবলের সম্মতি পূর্ব্বক কেদারিকা পরিমাণ করিয়া আগমন কর॥

নান্দীমুখী ললিতাকে কহিল ক্ষুণ্ণ যূথেশ্বরি।* আমি একটি প্রার্থনা করিতে ইচ্ছা করিতেছি।

ললিতা কহিল,—যাহা অভিলাষ কর তাহা যদি উপযুক্ত বোধ হয়, তবে তোমার প্রার্থনা অবশ্য পূরণ করিব।

নান্দীমুখী বলিল,—এই নবীন অতিথি স্বদেশ পরিত্যাগ পূর্ব্বক এদেশে

---

* তুমি যূথেশ্বরী শ্রীরাধা হইতে বিচ্ছিন্না হইয়াছ অর্থাৎ তিনি যেন এখানে নাই অতএব তৎরহিতা হইয়াছ এই অভিপ্রায়ে অথবা তোমার যূথেশ্বরী নিপুণা হইয়াছেন, এই অভিপ্রায়ে সম্বোধন করিলেন

প্রাঘুণঃ(১) তত্রাপি বৃন্দাবনরাজ্ঞীশরণাশ্রিতোঽস্তি ইহাপি বহ্বায়াসেনোৎকটভূমিং কৃষ্ট্বা বঃ প্রকামধনলাভং বর্দ্ধয়ন্নস্তি ; তস্মান্মানে(২) কৃতে ভবতীনাং ভোগরাগাদিব্যয়েন বহুহান্যা পুনঃ কৃষিকরণে বিমনস্ক ইব ভবিষ্যতি, কৃতেঽপি মানে করং(৩) দাতুমপি ন শক্যতে ; অতো মানকরণং বিহায় (পরিহায়) নিজভাগমাদায় তৎসমুচিতাংশমপি প্রদায়াস্য প্রকামমুৎসাহং বিবর্দ্ধয়ন্তু ভবত্যঃ ।

বৃন্দা,—কীদৃশঃ স ভাগঃ ।

---

আগমন করিয়া বৃন্দাবন রাজ্ঞীর শরণাগত হইয়াছেন এবং এখানেও বহুশ্রমে উৎকট ভূমি চাস করিয়া তোমাদের যথেষ্ট ধনলাভ বর্দ্ধন করতঃ বিরাজ করিতেছেন। অতএব মান* করিলে তোমাদিগের ভোগরাগাদি ব্যয় বশতঃ বহুহানি প্রযুক্ত পুনর্ব্বার কৃষিকরণে বিমনা হইবে এবং যদি তোমরা মানও † কর, তাহা হইলে এ ব্যক্তি কর ‡ প্রদানে অসমর্থ হইবে। অতএব তোমরা মানকরণ পরিত্যাগ করিয়া নিজ ভাগ গ্রহণ ও তৎসমুচিত অংশ প্রদান পূর্ব্বক ইহার যথেষ্ট উৎসাহ বর্দ্ধন কর।

বৃন্দা জিজ্ঞাসা করিল,—সেই ভাগ কি প্রকার ?

---

১। অতিথী। ২। মানে ক্রোধে বা। ৩। পক্ষে শুল্ক।

---

* পরিমাণ শ্লেষে ক্রোধ।

† পূর্ব্বার্থ।

‡ ভূমিমূল্য শ্লেষে তোমাদিগের অঙ্গে হস্ত।

নান্দীমুখী,—ত্বয়া কিং ন জ্ঞায়তে? যদস্য পরমোজ্জ্বল-ক্ষেত্রস্য সমান এব দ্বয়োর্ভাগঃ। তথায়ং পরগ্রামাদাগত্য কৃষিবৃত্তিং কুর্ব্বন্নাস্তে।

রঙ্গণমালা অমুচ্চৈঃ,—অসৌ পরগ্রামবাসী ভৌগিকো(১) ন স্যাৎ; সাম্প্রতং এতস্মিন্ (অস্মিন্) বনে বাসমাচর্য্য শ্রীবৃন্দা-বনেশাকৃষিমাচরন্নস্তি; তদস্য ষষ্ঠো ভাগ এব প্রাপ্তব্যো ভবতি কথং সমানং লভতাম্।

বিশাখা,—অয়ি মুগ্ধে! (মুগ্ধাঃ!) ভাগনির্ণয়চালনয়া কিমস্মাকং যতো মানপূর্ব্বকং সর্ব্বদা করদানং কর্ত্তুমেব মহারাজ্ঞীনামাজ্ঞালেখঃ সমাগতোঽস্তি তৎকথমস্মাভিঃ স্বাতন্ত্র্যেণৈবং কর্ত্তুং শক্যতে।

---

নান্দীমুখী বলিল,—তুমি কি তাহা অবগত নও যে এই পরমোজ্জ্বল-ক্ষেত্রের ভাগ, উভয়েরই সমান; কারণ এ ব্যক্তি পরগ্রামে আগমন পূর্ব্বক কৃষিবৃত্তি করিতেছে।

তাহা শ্রবণ করিয়া রঙ্গণমালা মৃদুস্বরে কহিল—এ ব্যক্তি পরগ্রামবাসী কৃষক নহে, অধুনা এই বনে বাস করিয়া শ্রীবৃন্দাবনেশ্বরীর কৃষি কার্য্য করিতেছে, অতএব ইহার ষষ্ঠভাগ পাওয়া উচিত হয়, সমানভাগ কি প্রকারে লাভ করিবে?

বিশাখা কহিল,—অয়ি মুগ্ধে! ভাগনির্ণয় চালনা দ্বারা আমাদিগের কি হইবে? যেহেতু মান পূর্ব্বক সর্ব্বদা করদান করিবার নিমিত্ত মহারাজ্ঞীর আজ্ঞা লিপি সমাগত হইয়াছে, অতএব স্বাতন্ত্র্যভাবে আমরা এইরূপ করিতে কিরূপে সমর্থ হইব।

---

১। কৃষকঃ।

ততো ললিতাবিশাখয়োর্মুখমবলোক্য স্বকর্ণাবতংসং নান্দীমুখ্যৈ নেত্রকূণনেন বৃন্দা দর্শিতবতী।

ততোঽল্পং স্মিত্বা নান্দীমুখী কিঞ্চিদুপসৃত্য বৃন্দয়া সহ উৎকোচদানকথনমুদ্রাভিনয়েন তয়োরীষদিঙ্গিতমেবাধিগম্য(১) মদন্তিকমাগত্য সা(২)মুচ্চভাষং মোহন! বৃন্দাবনরাজ্ঞ্যাঃ সর্ব্বাধ্যক্ষসচিবে খলু ললিতাবিশাখে তদনয়োঃ(৩) পরমোত্তমমুৎকোচং কমপি দেহি তদৈব তবাভিমতমেব দ্রুতং সম্পাদয়িতব্যমেতাভ্যাং।

তদাহং সানন্দং,—সখি নান্দীমুখি! যথা অন্যা ন জানন্তি

---

অনন্তর বৃন্দা, ললিতা ও বিশাখার মুখাবলোকন করিয়া নেত্রপ্রান্তে নান্দীমুখীকে স্বীয় কর্ণাবতংস (কর্ণভূষণ) দেখাইল।

তৎপর ঈষৎ হাস্য পূর্ব্বক কিঞ্চিৎ সমীপবর্ত্তিনী হইয়া, বৃন্দার সহিত উৎকোচ দান কথন মুদ্রাভিনয় দ্বারা ললিতা ও বিশাখার ঈষৎ ঈঙ্গিত জানিতে পারিয়া আমার নিকট আগমন পূর্ব্বক মৃদুভাষায় কহিতে লাগিল—হে মোহন! এই ললিতা ও বিশাখা, বৃন্দাবন রাজ্ঞীর সর্ব্বাধ্যক্ষ মন্ত্রিস্বরূপা হইয়াছে অতএব ইহাদিগকে পরমোত্তম যে কিছু উৎকোচ (ঘুস্) প্রদান কর। তাহা হইলে ইহারা তৎক্ষণমাত্রে তোমার অভিমতই অবিলম্বে সম্পাদন করিবে॥

তখন আমি আনন্দ সহকারে নান্দীমুখীকে কহিলাম্ সখি নান্দীমুখি! যেরূপে অন্য কেহ জানিতে না পারে সেরূপে এই ললিতা ও বিশাখাকে নিভৃত

---

১। জ্ঞাত্বা। ২। নান্দীমুখী।
৩। ললিতাবিশাখয়োঃ।

তথা ইমে এব নির্জ্জনকুঞ্জে মৎসমীপমানীয়েতাং যথা এতদভীষ্টমুৎকোচং দত্ত্বা প্রীণয়ামি ।

নান্দীমুখী,--সুন্দর । এতাঃ(১) খল্বনয়োরভিন্না এব তদসঙ্কোচং প্রকটমত্রৈব দেহি ।

ততোঽহং,--স্বাভিমতার্থলাভেন বিনা পূর্ব্বমেব কথং দাতব্যং ; যদি ময্যপ্রতীতিঃ স্যাত্তর্হি ত্বয্যেব স্থাপয়ামি ।

নান্দীমুখী,—সশিরশ্চালনং ন হি ন হি ।

ততোঽহং,—আঃ ব্রহ্মচারিণ্যাস্তু বিষয়স্পর্শেঃ* কানুস্যাদিতি চেত্তদা মৎপ্রতীতিপাত্র্যাং† সাধ্বীপ্রবরায়াং রত্নগমালিকায়ামেবাতদর্পয়ামি ।

---

নিকুঞ্জ মধ্যে আনয়ন কর, যেহেতু আমি এই অভীষ্ট উৎকোচ প্রদান পূর্ব্বক ইহাদিগকে সন্তোষ করিতে পারি ।

নান্দীমুখী আমাকে কহিল,—সুন্দর ! অন্যান্য ব্রজসুন্দরীগণ এই ললিতা ও বিশাখা হইতে অভিন্ন অতএব সঙ্কোচ পরিত্যাগ করিয়া এখানেই প্রকাশ্য ভাবে উৎকোচ প্রদান কর ॥

অনন্তর আমি কহিলাম্ স্বীয় অভিমতার্থ লাভ ব্যতিরেকে প্রথমই কিরূপ দান করিব যদি আমাতে অপ্রতীতি হয় তাহাহইলে তোমাতেই উৎকোচ স্থাপন করি ।

নান্দীমুখী,—শিরশ্চালনপূর্ব্বক কহিল না না ।

অনন্তর আমি কহিলাম্—আঃ ! যদিচ তুমি ব্রহ্মচারিণী অতএব তোমার বিষয়স্পর্শে পাপ হইবে ইহা সত্য অতএব আমার প্রণয় পাত্র সাধ্বীপ্রবরা রত্নগমলিকাতেই উৎকোচ অর্পণ করি ॥

---

১ । গোপ্যঃ ।

* আঃ ব্রহ্মচারিণ্যাস্তব বিষয়স্য স্পর্শে ইতি পাঠান্তরং ।

† মৎপ্রীতিপাত্রে ইতি পাঠান্তরং ভাবাং ।

নান্দীমুখী,—রসিকশেখর! প্রথমং তাবৎ শ্রাবয় কিম্বা কিয়দ্বা দাতব্যং তেন(১) তাবতৈব বানয়োঃ(২) সন্তোষো ভবেন্ন বেতি নির্দ্ধারয়ামঃ।

তদা ময়োক্তং,—ভবতু; শ্রূয়তাং—বৃন্দাবন-রাজস্য মম বনং পালনমপহায় ধনলোভেন মন্দ্রাজ্ঞীং রাধিকামনুসৃতেয়ং বৃন্দা, তৎপ্রথমমুৎকোচদানেন কায়স্থামেনা(৩)মাত্মনো বশাং বিদধামি।

নান্দীমুখী,—ভদ্রমেতৎ।

ততোঽহং,—চরমশার্ব্বর্য্যাং পরমাকল্পনাচার্য্যয়া(৪) গাঢ়ানু-

নান্দীমুখী আমাকে কহিল,—হে রসিকশেখর! কি পরিমাণ ও কি উৎকোচ প্রদান করিবে তাহা প্রথমতঃ আমাকে শ্রবণ করাও সেই উৎকোচ দ্বারা ললিতা ও বিশাখার সন্তোষ হইবে কি না; অগ্রে ইহা আমি নির্দ্ধারণ করি॥

তখন আমি কহিলাম,—ভাল তাহাই হউক; শ্রবণ কর; আমি বৃন্দাবনের রাজা। মদীয় বৃন্দাবনের রক্ষণাবেক্ষণ পরিত্যাগ করিয়া এই বৃন্দা, ধনলোভে আমার রাজ্ঞী শ্রীরাধারাণীর অনুগতা হইয়াছে অতএব প্রথমতঃ উৎকোচ প্রদান দ্বারা কায়স্থা* এই বৃন্দাকে আমার আয়ত্ত করিতেছি।

নান্দীমুখী কহিল,—এই উত্তম অর্থাৎ ইহা উত্তম পরামর্শ করিয়াছ॥

অনন্তর আমি কহিলাম,—মনোহর বেশরচনার আচার্য্যস্বরূপা গান্ধর্ব্বা

১। উৎকোচেন। ২। ললিতাবিশাখয়োঃ। ৩। বৃন্দাং।
৪। পরমাকল্পকল্পনাচার্য্যয়া ইতি পাঠান্তরং।

* কায়স্থ জাতিবিশেষ। শ্লেষে।

রাগবিহ্বলয়া গান্ধর্ব্বিয়া যেন(১) মদ্বক্ষোগগনমাকল্পিতং(২) তেনৈব নিরবদ্যার্দ্ধচন্দ্রপদকরাজেন স্বহস্তেনৈনাং(৩) ভূষয়ামি। ততঃ কৌস্তভাদপ্যধিকদেদীপ্যমানেনাতুলতৎসহোদর(৪) মচ্চুম্বকমণিনা যদ্গান্ধর্ব্বিয়া প্রগুণ(৫)পরস্পরপ্রণয়োদ্ধুর(৬)কেলিকৌতুকেন বকুলরাজতলে পরিবর্ত্তিতং(৭) অপূর্ব্বরসসমুদ্রসংলোড়নাৎ(৮) সমুদ্ভূতঘনীভূততৎসারাংশরূপং মন্মণিতোঽপ্যনর্ঘ্যং স্বচুম্বকমহারত্নং(৯) তত্তদদ্বৈতদয়িতমপি ললিতায়ৈ দাস্যামি। যথাস্ফুটমসৌ(১০) তেন(১১) স্বকর্ণাভ্যর্ণমলং করোতি।

---

(শ্রীরাধা), গাঢ়ানুরাগে বিহ্বলা হইয়া নিশান্তে যে পদক ভূষণদ্বারা আমার হৃদয়াকাশ বিভূষিত করিয়াছিল, সেই নিরুপম অর্দ্ধচন্দ্রাকার পদকরাজ দ্বারা আমি স্বহস্তে এই ললিতাকে অলঙ্কৃত করিতেছি। তৎপর কৌস্তুভ হইতেও অধিকতর দেদীপ্যমান অতুলনীয় সেই পদক তুল্য মদীয় চুম্বক মণির সহিত—গান্ধর্ব্বা (শ্রীরাধা), আমাদের উভয়ের পরস্পর সরলপ্রণয়ে নির্ভর কেলি কৌতুক বশতঃ বকুলরাজ তলে যাহা পরিবর্ত্তন করিয়াছিল, সেই অপূর্ব্ব রসসাগরমথন হেতু ঘনীভূত রস সারাংস স্বরূপ মদীয়মণি হইতেও অমূল্য স্বচুম্বক মহারত্ন তাহার অদ্বিতীয় প্রিয় হইলেও আমি তাহা ললিতাকে প্রদান করিব। ললিতা সেই রত্ন দ্বারা স্বীয়কর্ণের নিকটবর্ত্তি স্থান যথাস্ফুটরূপে অলঙ্কৃত করিবে।

---

১। পদকেন ভূষণেন। ২। ভূষিতং। ৩। ললিতাং।
৪। সদৃশ। ৫। সরল বা অনুকূল। ৬। উৎসুক বা নির্ভর।
৭। বদ্ধা গৃহীতং। ৮। মথনাৎ। ৯। তচ্চুম্বকমহারত্নং ইতি পাঠান্তরং।
১০। ললিতা। ১১। রত্নেন।

ততঃ পুনঃ পুনর্বিশাখাবদনমীষদবলোক্যাহং সস্মিত-মবদং,—অনুক্ষণপরমানুরাগভরেণ স্বকরাভ্যাং সুষ্ঠু বিরচয্য স্বকুণ্ডকুড়ুঙ্গাঙ্গনে এতৎ(১)প্রিয়সখী গান্ধর্ব্বা সুবৈদগ্ধ্যেন যাং(২) মহ্যমর্পিতবতী(৩); তয়ৈব বিচিত্রাঙ্কমালয়া মদ্ধৃদয়াকাশবিশাখাং বিশাখামপ্যলঙ্কৃত্য পরিতোষয়ামি।

তচ্ছ্রুত্বা অলীকরাজেন্দ্র! তিষ্ঠ তিষ্ঠেতি ব্যাহরন্তী রাধা মনসৈব লীলাকমলেন মাং তাড়য়তি স্ম।

ললিতা,—পদ্মাধররসাহিফেনাশনপ্রমত্ত! অপেহি অপেহি।

---

অনন্তর আমি পুনঃ পুনঃ বিশাখার বদন অবলোকন করিয়া সহাস্যবদনে কহিলাম,—ইহাদের প্রিয়সখী গান্ধর্ব্বা (শ্রীরাধা), অনুক্ষণ পরমানুরাগভরে স্বহস্তে অঙ্গমালা, সুন্দর রূপ নির্ম্মাণ করিয়া স্বকুণ্ডের কুড়ুঙ্গাঙ্গনে সুবৈদগ্ধ্য সহকারে আমাকে অর্পণ করিয়াছিল, সেই বিচিত্র অঙ্গমালা দ্বারা মদীয় হৃদয়াকাশে বিশাখারূপ* বিশাখাকে অলঙ্কৃত করিয়া পরিতুষ্টি করিতেছি॥

আমার এইবাক্য শ্রবণ করিয়া শ্রীরাধা মনে মনেই যেন আমাকে "হে অলীকরাজ! তিষ্ঠ তিষ্ঠ" এইরূপে তিরস্কার পূর্ব্বক লীলাকমল দ্বারা তাড়না করিতে লাগিল॥

তখন ললিতা আমাকে কহিল,—হে পদ্মাধররসাহিফেনাশনপ্রমত্ত! অর্থাৎ তুমি পদ্মার অধর-রসরূপ সার্পের ফেণ অর্থাৎ বিষের ন্যায় তীব্র গরল ভক্ষণ করিয়া উন্মত্ত হইয়াছ অতএব এখান হইতে দূর হও দূর হও॥

---

১। এতয়োঃ ললিতাবিশাখয়োঃ। ২। অঙ্গমালাং।

৩। মহ্যমর্পিতবতী ইতি পাঠান্তরং।

---

* বিশাখানক্ষত্র রূপ।

বিশাখা,—আর্য্য বিদূষকপ্রবর মধুমঙ্গল। ভবদ্বয়স্যঃ কিং ভবতোঽপি গুরুঃ কিম্বা তস্য ভবান্ গুরুরিত্যবগন্তুং সর্ব্বাঃ সমভিলষন্তি।

ললিতা,—বিশাখে। শ্রোতব্যং—কপটনাটকস্য যঃ কুসুমশরনামা নটস্তস্য সুপ্রসিদ্ধো যঃ শুচিনামা(১) বিদূষকস্তেনায়ং ধূর্ত্তঃ শিষ্যত্বেন কৃপয়ানুগৃহীতোঽস্তি। মধুমঙ্গলস্তু ভিন্নসম্প্রদায়িভোজনলম্পটনাম্নো বিদূষকাচার্য্যস্য প্রথীয়ান্ শিষ্যঃ।

বিশাখা,—ললিতে। তদেনং ব্রাহ্মণং মিষ্টান্নং ভোজয়িতুমিচ্ছামি।

---

বিশাখা কহিল,—আর্য্য বিদূষকপ্রবর মধুমঙ্গল। অর্থাৎ আর্য্য মধুমঙ্গল। তুমি বিদূষকগণের* মধ্যে শ্রেষ্ঠ হইয়াছ, অতএব তোমাকে জিজ্ঞাসা করি এইযে "যিনি তোমার বয়স্য বলিয়া বিখ্যাত তিনিই কি তোমার গুরু দেব ? না তুমিই তোমার বয়স্যের গুরুদেব ? ইহা জানিবার নিমিত্ত ইহারা সকলে অত্যন্ত অভিলাষ করিতেছে।

ললিতা, বিশাখাকে কহিল,—বিশাখে ! আমি বলি; শ্রবণ কর;—কপট নাটকের যে কুসুম শর নামা অর্থাৎ পুষ্পবাণ নামক নট, তাহার সুপ্রসিদ্ধ যে শুচি নামা অর্থাৎ শৃঙ্গার রসনামক যে বিদূষক ( নাট্যের নট ) তিনিই এই ধূর্ত্তকে কৃপা করিয়া শিষ্যস্বরূপে অনুগ্রহ করিয়াছেন পরন্তু মধুমঙ্গল, ভিন্ন সম্প্রদায়ি ভোজন লম্পট নামক বিদূষকাচার্য্যের বিখ্যাত শিষ্য।

বিশাখা কহিল,—ললিতে। অতএব আমি এই ব্রাহ্মণকে মিষ্টান্ন ভোজন করাইতে ইচ্ছা করিতেছি।

---

১। শৃঙ্গারঃ।

---

* নাট্যে—নায়কের সহায় বিশেষ। অঙ্গভঙ্গ প্রভৃতি দ্বারা যে ব্যক্তি সকলে হাসাইয়া থাকে তাহাকে বিদূষক বলা যায়।

ললিতা,—বিশাখে! অসৌ কর্ম্মসূচকঃ(১) পরমানুচানো মহাব্রাহ্মণঃ; তৎকথমস্মাকং ব্রাহ্মণেতরগোপজাতীনাং রান্ধং সম্ভক্ষ্যাতু।

বিশাখা,—পরমোত্তমদ্বিজাভ্যাং(২) মল্লীভৃঙ্গীভ্যাং স্বহস্তেনান্নং সংস্কৃত্য পরমাদরেণ যথাসৌ(৩) ভোক্ষ্যতে তথৈব সম্পাদনীয়ম্।

ততস্তচ্ছ্রবণতঃ ক্রোধেন কম্পমান ইব মধুমঙ্গলঃ প্রাহ,—অয়ে! অবদ্যবাদিনি গর্ব্বিতাভীরিকে! এতদ্দুঃশ্রবণমর্ম্মোৎকট-

---

ললিতা কহিল—এই ব্যক্তি কর্ম্মী এবং শিক্ষা, কল্প ও ব্যাকরণাদি ষড়ঙ্গ সহিত বেদাধ্যায়ি মহাব্রাহ্মণ* অতএব ব্রাহ্মণেতর গোপজাতি আমাদিগের রন্ধনায় কি প্রকারে ইনি ভোজন করিবেন।

বিশাখা কহিল,—তাহা হইলে পরমোত্তমদ্বিজা † মল্লী ও ভৃঙ্গী, স্বহস্তে অন্ন রন্ধন করিয়া পরমাদরে যে প্রকারে এই ব্রাহ্মণকে ভোজন করায় সে মত সম্পাদন করা যাইবে॥

অনন্তর বিশাখার বাক্য শ্রবণে মধুমঙ্গল ক্রোধে কম্পমান হইয়াই যেন কহিতে লাগিল,—অরে অকথ্য ভাষিণি! গর্ব্বিতা গোয়ালিনি! আমাকে এই

---

১। কর্ম্মী। ২। দন্তাভ্যাং। ৩। মধুমঙ্গলঃ।

---

* শ্লেষে মহাব্রহ্মণ—পতিত ব্রাহ্মণ।

† মল্লী ও ভৃঙ্গী এই দুই বন্যজাতি নীচকুলজাত অর্থাৎ চণ্ডাল বিশেষ হইলেও শ্রীরাধার বনসখী অতএব ইহাদিগকে "পরমোত্তমদ্বিজা" বলায় শ্লেষার্থই জানিতে হইবে এইযে পরমোত্তমদ্বিজা অর্থাৎ অতি সুন্দর দন্তশ্রেণী বিশিষ্টা মল্লী ও ভৃঙ্গী।

কটুলবণরিষ্টদগ্ধার্দ্ধপক্কপর্য্যুষিতবাগ্গোধূমরোটিকাঃ সংভোজ্য মম মধুরকর্ণাবেব সুষ্ঠু কটূকৃতৌ; কিং পুনর্মুখবিবরং, তদ্বিদূষকগোপবধূনাং যুষ্মাকং ছায়া-নিকটভূমিমপি কদাপি ন স্পৃশামি; কিন্তু প্রাতরেবাস্মজ্জাতিযাজ্ঞিকবধূবর্গমুপসর্পিষ্যামি। তদ্বৃন্দেন(১) পরমাদরেণ মচ্চরণক্ষালনপূর্ব্বকং কৌশেয়দুকূলে পরিধাপ্য সকর্পূরবাসিতোপলাপানক-মধুরপরমান্ন-সসৈন্ধবার্দ্রক-নিম্পাক-নানাবিধব্যঞ্জনবেষ্টিতসঘৃতসুগন্ধিশাল্যন্নফাণিতশষ্কুলী-কুণ্ডলিকা-লড্ডুক-ঘনাবর্ত্তিতদুগ্ধ-রসালা-সশর্করবদ্ধদধি-বিবিধ-বটকোত্তম-মরীচাদিভিস্তথাহং ভোজয়িষ্যে; যথা বর্ষাণি

শ্রবণের অযোগ্য পরিহাস রূপ উৎকট ঝাল, তিক্ত, ও লবণ মিশ্রিত দগ্ধ (পোড়া) অর্দ্ধপক্ক ও পর্য্যুষিত বাক্য রূপ গোধূম রোটিকা ভোজন করাইয়া আমার মধুর কর্ণযুগলকেও কটূ করিলে? মুখের কথা আর কি বলিব। অতএব বিদূষক গোপনারী তোমাদিগের ছায়ার নিকটবর্ত্তি ভূমিও আমি আর কখনও স্পর্শ করিতেছি না; কিন্তু আগামী প্রত্যূষেই আমার স্বজাতীয় যাজ্ঞিক ব্রাহ্মণগণের স্ত্রী সকলের নিকট গমন করিব। সেই স্থানে গমন করিবা মাত্র তাহারা পরমাদরে আমার চরণ প্রক্ষালন পূর্ব্বক পরিধেয় ও উত্তরীয় কৌশেয় বসন যুগল আমাকে পরিধান করাইয়া কর্পূরযুক্ত উপলাপানক অর্থাৎ শর্করা জলার সরবৎ, সুমধুর পরমান্ন, সৈন্ধব মিশ্রিত আর্দ্রক (আদা) ও নিম্পাক (লেবু) এবং নানাবিধ ব্যঞ্জনে পরিবেষ্টিত সঘৃত ও সুগন্ধি শালি-ধান্যের অন্ন, ফাণিত (গোলী-বাতাসা) কিম্বা ঘনীভূত ইক্ষুগুড় সমন্বিত শষ্কুলী (পিষ্টক), কুণ্ডলিকা (জিলেপী), লড্ডুক, ঘনাবর্ত্তিত দুগ্ধ, রসালা, শর্করা যুক্ত বদ্ধদধি, বিবিধ বটক (বড়া) ও মরীচ প্রভৃতি নানাবিধ দ্রব্যে আমাকে এমন করিয়া ভোজন

১। বধূবর্গেণ।

স্বচ্ছায়তরুমূলেষু স্বপন্ স্বগৃহমাগত্য সঙ্গবাবধি(১) স্বপন্নেব তিষ্ঠামি।

ততস্তচ্ছ্রবণেন হাসকোলাহলে বৃত্তে,—ময়োক্তং,—নান্দীমুখি! ক্ষুদ্রগামিনৈরেব স্বস্বগ্রাম-সীমার্থং মধ্যস্থমালম্ব্য ন্যায়ঃ ক্রিয়তে; রাজানস্তু রাজ্যং স্বদোর্দ্দণ্ডবলেনৈব লভন্তে; তদেতদ্রাজ্যহেতোর্ন্যায়েন কিং? ময়া সহৈতাঃ সমরমাচরন্তু; তত্র যস্য জয়ো ভবেত্তস্যৈব রাজ্যং স্ফুটং সেৎস্যতি(২) ইত্যুক্ত্বা তদর্থ(৩)মিব সাটোপং কিঞ্চিদুপসর্পতি ময়ি তাশ্চ ইতস্ততঃ সভ্রূসহেলনমপসর্পন্ত্যোযু.

করাইবে যে, আমি পথে আসিয়াই উত্তমছায়া সমন্বিত তরুমূলে নিদ্রা যাইয়া পুনরায় স্বগৃহে আগমন পূর্ব্বক বেলা অষ্ট ঘটিকা পর্য্যন্ত ঘুমাইয়া থাকিব॥

অনন্তর মধুমঙ্গলের বাক্য শ্রবণে সকলে হাস্য কোলাহল করিতে লাগিলে আমি নান্দীমুখীকে কহিলাম,—নান্দীমুখি! ক্ষুদ্রগ্রামিণ* সকল,—আপন গ্রামের সীমার নিমিত্ত অর্থাৎ স্বগ্রামের সীমা নির্দ্ধারণার্থ কোন মধ্যস্থ অবলম্বন পূর্ব্বক বিপক্ষের সহিত কলহ নিষ্পত্তি করিয়া থাকে এবং ইহা ন্যায়সঙ্গত বটে কিন্তু রাজাগণ, স্বীয় বাহুবলে রাজ্য লাভ করিয়া থাকেন অতএব এই বৃন্দাবন রাজ্যের নিমিত্ত ন্যায়াবলম্বনে আর কি হইবে এক্ষণ আমার সহিত ইহারা যুদ্ধ করুক তাহাতে যাহার জয় হইবে তাহারই এই বৃন্দাবন রাজ্য সিদ্ধ হইবে" ইহা বলিয়া আমি যেন যুদ্ধের নিমিত্তই সদর্পভাবে কিঞ্চিৎ অগ্রসর হইলে ব্রজসুন্দরীগণ সকলে ও হেলা † সহকারে ইতস্ততঃ

১। প্রভাতাবধি মুহূর্ত্তত্রয় পর্য্যন্তং। ২। সিদ্ধো ভবিষ্যতি। ৩। যুদ্ধার্থং।

* যে গ্রামে জন্মিয়াছে ও গ্রামে বাস করিতেছে অর্থাৎ নগরের কোন সম্পর্ক রাখে না অর্থাৎ ক্ষুদ্র গ্রামবাসী।

† অবহেলা অবজ্ঞা বা কটাক্ষাদি ভঙ্গী।

নান্দীমুখী;—বীর। সম্প্রত্যস্মৎসমক্ষমেতাসামুজ্জ্বলকুল-বিলসিতবল্লববধূনাং ধর্ষণ(১)মেতত্ত্বতঃ পরমসাম্প্রতমেব(২) ইত্যবধারয়ন্নারাদেব তিষ্ঠেতি মামাভাষ্য ললিতাং প্রত্যুবাচ,—ললিতে। সাম্প্রতমস্য বনবীরস্য নির্জ্জনবনেঽস্মিন্ প্রগল্ভতা মহতী; ভবতীনান্তু শিরীষকুসুমমৃদুলানি শরীরাণি, তদ্দেশ-কালবলাদিকং বীক্ষ্য বিবাদং ত্যজ।

তচ্ছ্রুত্বা চন্দ্রমুখী,—ভো মুগ্ধা। নান্দীমুখী সত্যং কথয়তি; ছন্দুণুধ্বং,—বয়মবলাঃ কোমলাঙ্গ্যঃ, অয়ন্তু নির্জ্জনবনপুরুষো-ঽতিচপলঃ। যস্যাঃ(৩)দর্শনাদেবায়ং সাধ্বসেন বিহ্বলো ভবতি;

---

পলায়ন করিতে লাগিলে নান্দীমুখী আমাকে কহিল,—বীর। সম্প্রতি আমা-দিগের সমক্ষে এই উজ্জ্বলকুল বিলসিত গোপবধূগণের এই ধর্ষণ* আপনার নিতান্তই অযুক্ত অতএব ইহা বুঝিয়া শুনিয়া দূরে থাক অর্থাৎ ইহাদের নিকটবর্ত্তী হইও না। এইরূপে আমাকে বলিয়া ললিতার প্রতি কহিল, সম্প্রতি এইবনবীরের এই নির্জনবনে অত্যন্ত সামর্থ্য কিন্তু তোমাদিগের দেহ, শিরীষকুসুমের ন্যায় মৃদুল অতএব দেশ কালও বল প্রভৃতি দেখিয়া বিবাদ পরিত্যাগ কর।

তাহা শুনিয়া চন্দ্রমুখী কহিল হে মুগ্ধাগণ! নান্দীমুখী ঠিক বলিয়াছে তাহার কারণ শ্রবণ কর; আমরা অবলা অতএব কোমলাঙ্গিনী কিন্তু এই ব্যক্তি নির্জন বন-পুরুষ অতএব অতি চপল, এবং যাঁহার দর্শনে অর্থাৎ আমাদিগের প্রিয়সখী শ্রীমতী রাধারাণীর দর্শনে এই ব্যক্তি ভয়ে

---

১। বলাৎকাররূপং। ২। অযুক্ত শ্লেষে পরমযুক্তং। ৩। প্রিয়সখ্যাঃ।

---

* পরাভব করণ—বলপূর্ব্বক বদ্ধ করণ শ্লেষে রমণ।

সাপাস্মচ্চক্রবর্ত্তিনী নাস্তিকবার্ত্তনী সুহৃন্মুখাভিমন্যুপ্রভৃতি-বাহিনীপতয়োঽপি সম্প্রত্যেবদ্বৃত্তানভিজ্ঞাঃ দূরে বর্ত্তন্তে। তস্মুমানকদেশেঽস্মিন্নাত্মমধ্যে দ্বন্দ্বে পতিতে সর্ব্বতঃ সর্ব্বে লুণ্টাকদুষ্টগমকাঃ সমুত্থায় সমস্তমৌক্তিকানি বিলুণ্ঠ্য নেষ্যন্তি; তদাস্মাকমেব মহতী হানির্ভবিষ্যতি। অস্য তু ষষ্ঠাংশ এব ততোঽল্পহানিঃ, তদ্যদি সর্ব্বাভ্যো রোচতে তর্হি বয়ং সৌম্যা(১) ইব ভবত্যঃ সম্প্রতি রাজ্যবার্ত্তামপহায় সমুচিতাং-দপ্যধিকমূল্যেন মৌক্তিকান্যাদায় অস্য চিল্লাতকস্য(২) স্পর্শ-

বিহ্বল হইয়া থাকে আমাদিগের সেই চক্রবর্ত্তিনীও নিকটে নাই এবং সুহৃন্মুখ অভিমন্যু প্রভৃতি সেনাপতিগণও সম্প্রতি এই বৃত্তান্ত অনবগত বিধায় দূর প্রদেশে রহিয়াছে অতএব এই ভয়ানক দেশে আত্মমধ্যে দ্বন্দ্ব অর্থাৎ আত্ম-কলহ উপস্থিত হইলে নানাদিগ্ হইতে দুষ্ট চোর সকল আগমন পূর্ব্বক আমাদিগের মৌক্তিক সমুদয় অপহরণ করিয়া লইয়া যাইবে; তাহা হইলে আমাদিগেরই অত্যন্ত ক্ষতি হইবে, কিন্তু ইহার (ক্রেতার) ষষ্ঠাংশ মাত্র অর্থাৎ সমষ্টি মুক্তার মধ্যে ইহার ছয় আনা ভাগ মাত্র। অতএব তাহা অপহৃত হইলে ইহার অল্পমাত্র ক্ষতি, অতএব যদি তোমাদিগের সকলের সম্মতি হয় তাহা হইলে সৌম্যের ন্যায় অর্থাৎ শান্তমূর্ত্তি ধারণ করিয়া সম্প্রতি রাজ্য-বার্ত্তা পরিত্যাগ পূর্ব্বক সমুচিত মূল্য অপেক্ষা অধিক মূল্য দ্বারা মৌক্তিক সকল গ্রহণ করিয়া এবং এই চিল্লাতকের* স্পর্শমাত্রেই আমা-

১। শান্তা ইব। ২। গ্রাহস্য চৌরস্য।

* চিলের মত ছোঁ মারিয়া যে অপহরণ করে। অর্থাৎ হাত ছেঁচড় (গাঁটকাটা)।

মাত্রেণৈব জনিষ্যমাণদুষ্কীর্ত্তিভরাদাত্মানমপি সংরক্ষ্য স্বগৃহমাসাদয়াম:। পশ্চাদেতদ্বৃত্তান্তশ্রবণাদেব বৃন্দাবন-মহারাজ্ঞী তন্মুক্তাপ্রদানেন দ্রুতমেব গুরুপ্রভৃতীন্ সন্তোষ্য মহারাগেণাতিবেগেন স্বয়মত্রাগত্য দূরত এব কটকাটোপমবষ্টভ্য স্বয়ং সমরমকুর্ব্বাণা চঞ্চলনয়নাঞ্চলপ্রেরণয়া নীততীক্ষ্ণাধারবিষমশরাস্ত্রসম্বর্দ্ধিতভ্রূকুটিধনুর্দ্ধরসুমুখকষ্টভীষণাভিমন্যুপ্রভৃতিবাহিনীপতিদ্বারৈব তথা বিগ্রহভঙ্গীমাটোপয়িষ্যতি ; যথাহং বনমধ্য এব বীরম্মন্যস্তুরিতমেব সাধ্বসেন কম্পমানঃ সন্ বৃংহিতহাহেতিকমলরাগমণিপ্রকরখচিতচারুচাটুচিন্তামণিনিকররচিতমঞ্জুলমালাং নিজকণ্ঠাদুত্তার্য্যোপঢৌকিতীকৃত্য তচ্চরণপরি-

---

দিগের যে দুষ্কীর্ত্তি জন্মিবে তাহা হইতে আপনাকে রক্ষা করিয়া স্বভবনে গমন করি। পশ্চাৎ আমাদিগের নিকট এই বৃত্তান্ত শ্রবণ হেতু বৃন্দাবন-রাজ্ঞী (রাধারাণী) অবিলম্বে সেই মুক্তা অর্থাৎ অসৎ প্রবস্ত মুক্তা প্রদানে গুরু প্রভৃতিকে সন্তুষ্ট করিয়া মহারাগে ও অতিবেগে স্বয়ং এইখানে আগমন করিবে এবং দূর হইতেই কপট দর্প অবলম্বন করতঃ স্বয়ং যুদ্ধ না করিয়া চঞ্চল নয়নাঞ্চল প্রেরণাদ্বারা (সুশাণিত বিষম বাণাস্ত্র যুক্ত, সম্বর্দ্ধিত ভ্রুকুটি বিশিষ্ট ও ধনুর্দ্ধারী সুমুখ, কষ্ট ও ভীষণ অভিমন্যু প্রভৃতি সেনাপতিগণকে আনয়ন করিবে এবং তাহাদিগের দ্বারা)* এবম্বিধ বিকট বিগ্রহ ভঙ্গী রচনা করিবে যে, বনমধ্যে বীরম্মন্য এই ব্যক্তি তৎক্ষণমাত্রে ভয়ে কম্পমান হইয়া অত্যন্ত হাহাকার রূপ পদ্মরাগমণি সমূহে খচিত, মনোহর স্তুতিবাক্যরূপ চিন্তামণিচয়ে রচিত মঞ্জুলমালা, নিজকণ্ঠ হইতে উত্তারণ পূর্ব্বক উপহারস্বরূপে গ্রহণ করিয়া শ্রীরাধারাণীর চরণ সমীপে

---

* পক্ষে শ্রীরাধার যে মুখখানি—তীক্ষ্ণধার কন্দর্পাস্ত্র দ্বারা সম্বর্দ্ধিত ভ্রূকুটিরূপ ধনুক ধারণ করিয়াছে সেই মুখপদ্মের ভীষণ অভিমন্যু (নির্ভয় ক্রোধ) রূপ সেনাপতি দ্বারা

সরং শরণমুপগচ্ছন্নেতৎসমুদিতগদ্গদগদিতধরত্যুতি(হ্যুতি)-লবেন তৎকালদ্রুতচিত্তনবনীতয়া তয়া কারুণ্যেন প্রসাদী-কৃতেনৈব তদ্‌যাবকারুণমণিদ্রবেণাভিনবশিখণ্ডাবতংসং শোণ-মিব রচয়ন্নেতদ্রাজ্যং তদুৎপন্ননিখিলমৌক্তিকাদিকমপি সমর্প্য স্বয়মপি তামেবানুচরিষ্যতি।

এতচ্ছ্রবণেন সানন্দোল্লাসসস্মিতং রাধাকুঞ্জং তির্য্যগব-লোকয়তি ময়ি—

নান্দীমুখী স্মিত্বা,—গোকুলপ্রবীর! ত্বদনুরূপবিষমশরসমর-প্রবীণয়া(১) বৃন্দাবনচক্রবর্ত্তিন্যা সমমেব ভবৎসমরপরিপাটী পরং

শরণগ্রহণ পূর্ব্বক যে সকল নিবেদন করিবে ইহার সেই সমুদিত গদ্‌গদ বাক্যরূপ অগ্নিকণা দ্বারা তৎকালীন আর্দ্রচিত্তা নবনীতপ্রায়া শ্রীরাধা কর্ত্তৃক কারুণ্য বশতঃ অনুগৃহীত হইয়াই এই ব্যক্তি তদীয় যাবক ও অরুণবর্ণ মণিদ্রবে নিজের অভিনব শিখণ্ডাবতংস (শিরোভূষণ) লোহিত বর্ণতুল্য রচনা করিয়া এবং এই রাজ্যজাত নিখিল মৌক্তিক প্রভৃতি সমর্পণ পূর্ব্বক স্বয়ং ও শ্রীরাধা রাণীর অনুচর হইবে॥

এই বাক্য শ্রবণে আনন্দে উল্লসিত ও হাস্য সহকারে আমি রাধাবস্থিত কুঞ্জের প্রতি বক্রভাবে অবলোকন করিতে লাগিলে—

নান্দীমুখী হাস্য করিয়া আমাকে কহিল—হে গোকুল প্রবীর। অর্থাৎ তুমি গোকুল মধ্যে প্রকৃষ্ট বীর হইয়াছ অতএব বিষম শর সমরে* অর্থাৎ কন্দর্প যুদ্ধে প্রবীণা বৃন্দাবনচক্রবর্ত্তিনী শ্রীরাধাই তোমার অনুরূপা; তাঁহার সহিতই তোমার সমর পরিপাটি কেবলমাত্র শোভা

১। প্রবরয়া ইতি পাঠান্তরঃ।

* বিষম অর্থাৎ অযুগ্ম অসম, শর বাণ। অসম হইয়াছে বাণ যাহার অর্থাৎ কন্দর্পের। সমরে অর্থাৎ যুদ্ধে॥

শোভতে। এতাঃ পুনরতীব কোমলাস্তদভাগ্মস্তরেণ ত্বয়া সহ তাদৃশবিগ্রহবিলাসং কথমাচরন্তু তদলীকবিরোধং পরিত্যজ্য সাম্প্রতমন্যাসামপি মৌক্তিকমূল্যং নির্ণীয়তাং পশ্চাস্তগবত্যেব রাজ্য-ন্যায়ং বিচারয়িষ্যতি।

ততস্তাসাং সাকূতবচনমবধার্য্যেব গর্ব্বিতগোপ্যো "জিতা জিতা" ইতি বদন্ স্বমুখে বামমুষ্টিং ভেরীকৃত্য বাদয়ন্ মধুমঙ্গলঃ সানন্দং তাণ্ডবমাতনোতি।

বৃন্দা,—ভো নটপ্রবর মধুমঙ্গল! অস্মচ্চক্রবর্ত্তিন্যামত্রায়াতায়ামপি তদাহ্লাদনার্থমাত্মপ্রিয়সখস্য হাহেতিঢক্কাবাদ্যেন শিক্ষাবৈশিষ্ট্যেন ষট্পদো ভবন্নুড্ডীয়োড্ডীয় ভ্রমরিকামা-

---

পায় পর্য্যন্ত এই ললিতাদি ব্রজাঙ্গনাগণ অত্যন্ত কোমল অতএব শ্রীরাধাকে নিকটে না রাখিয়া অর্থাৎ অধীশ্বরী সমীপে না থাকিলে তদধীনা ইহারা কি প্রকারে তোমার সহিত তাদৃশবিগ্রহ বিলাস আচরণ করিবে? অতএব অলীক বিরোধ পরিত্যাগ করিয়া অধুনা অন্যান্য সকলেরও মুক্তার মূল্য নির্ণয় করিয়া দেও, পশ্চাৎ ভগবতী পৌর্ণমাসী দেবীই রাজ্যের ন্যায্য বিচার করিবেন।

অনন্তর ব্রজসুন্দরীগণের সাভিপ্রায় ব্যঞ্জক বাক্য শ্রবণ করিয়া মধুমঙ্গল "গর্ব্বিত গোপীগণ পরাজয় হইল, পরাজয় হইল" এইরূপ বলিতে ২ স্বমুখে বামমুষ্টি প্রদান পূর্ব্বক ভেরী সদৃশ করিয়া বাদ্যকরতঃ সানন্দে নৃত্য করিতে লাগিল।

মধুমঙ্গলের এতাদৃশ সানন্দ নৃত্য অবলোকন করিয়া বৃন্দাদেবী তাহাকে কহিল,—ভো নটপ্রবর মধুমঙ্গল! আমাদিগের চক্রবর্ত্তিনী শ্রীরাধারাণী এখানে আগমন করিলে তাঁহার আহ্লাদার্থ নিজপ্রিয় সখার "হাহা" অর্থাৎ হাহাকার রূপ ঢক্কা বাদ্যে শিক্ষার বৈশিষ্ট্য প্রযুক্ত ষট্পদ (ভ্রমর) হইয়া

দদানঃ স্ফুটমিতো রঙ্গাদস্মাদধিকমুদ্দণ্ডং তাণ্ডবয়মনেন দ্বিপদগোপেন সার্দ্ধং সুগহনং নন্দীশ্বরগোষ্ঠমাপ্স্যসি তদানীং তদবলোকনাদ্বয়মপি চক্ষুঃসাফল্যমুৎস্কারয়িষ্যামঃ।

ততোঽহং বিহস্য,—নান্দীমুখি! সা ইয়ং চন্দ্রমুখী সামঞ্জস্য-রতা(১) ললিতাদিবদ্দ্বন্দ্বপাতিনী ন ভবতি; অতো বিনা মূল্যেনাপ্যস্যৈ সন্তুষ্টেন ময়া মৌক্তিকানি দেয়ানি কিন্ত্বিয়ং(২) মন্ত্রবিদাং মূর্দ্ধন্যা ততঃ শ্বঃ পরশ্বো বা পরমশুচিঃ সতী রহঃ-স্থানমাগত্য স্নানাদিনা পরমশুচয়ে কান্তদর্পাভিধাচার্য্যনিরুক্ত-মন্ত্রপটলং মহ্যমুপদিশতু; যথেহ বৃন্দাবনে গোপেনৈব ময়া সুরাধিকা শ্রীরক্লিষ্টমেব লভ্যতে।

---

উড়িয়া ২ ভ্রমরিকা ধারণ পূর্ব্বক এইরঙ্গ অপেক্ষা অধিকতর উদ্দণ্ড নৃত্য করিতে ২ এই দ্বিপদগোপের সহিত নিবিড় গহন নন্দীশ্বর গোষ্ঠ প্রাপ্ত হইবে। তখন তাহা দেখিয়া আমরাও চক্ষুর সাফল্য বিধান করিব।

নান্দীমুখীর বাক্য শ্রবণানন্তর আমি উচ্চ হাস্য করিয়া তাহাকে কহিলাম নান্দীমুখি! সেই চন্দ্রমুখী সামঞ্জস্যরতা, কিন্তু ললিতা প্রভৃতির মত কলহ-কারিণী নহে। অতএব আমি সন্তুষ্ট হইয়া মূল্য ব্যতিরেকেও তাহাকে মৌক্তিক নিচয় প্রদান করিব; কিন্তু চন্দ্রমুখী—মন্ত্রবিদ্‌গণের শিরোমণি সেহেতু কল্য বা পরশ্ব পরম শুচি হইয়া নিভৃত স্থানে আগমন পূর্ব্বক স্নানাদি দ্বারা অতি পবিত্র আমাকে কান্তদর্প নামক আচার্য্য কথিত মন্ত্র পটল উপ-দেশ প্রদান করুক। আমি গোপ হইলেও যে প্রকারে এই বৃন্দাবনে সুরাধিকা* শ্রী অবিলম্বে লাভ করিতে পারি।

---

১। পরস্পরং সমঞ্জসস্য ভাববিশিষ্টা। ২। চন্দ্রমুখী।

---

* সুরাধিকা—সুরগণের অধিকা শ্রী শ্লেষে শোভনা রাধিকা-শ্রী।

ততশ্চন্দ্রমুখী কুটিলং মামবলোকয়ন্ত্যাহ,—অহো! মামপি হিতোপদেশিনীং কৃতানভিজ্ঞস্ত্বং কদর্থয়িতুমুদ্যতোঽসি? নাহং তব মন্ত্রাভিজ্ঞা তন্মন্ত্রচতুরা কাঞ্চনলতৈবাচার্য্যা ক্রিয়তাং ভবতা।

ততোঽহং,—কাঞ্চনলতে! ভবদ্বৈদগ্ধ্যাবলোকনেন মম্মনোভ্রমরস্ত্বয়ি প্রকামমনুরজ্যমতীবোৎকণ্ঠতে তৎপরমসুন্দরতারাধিকা ভবৎকণ্ঠপার্শ্ববর্ত্তিনী মঞ্জুলতৈকাবলিকা সস্মিতমালোকয়ন্তীনামাসাং সমক্ষমেব পরমোৎকণ্ঠিতে মদুরসি স্নেহভরেণ স্বয়মেব ত্বয়া যদ্যাধীয়তে(১) তর্হি মূল্যমন্তরেণাপি ভবদভীষ্টমৌক্তিকান্যবশ্যং বিতরিষ্যামি। অপি চ মৎপরিষ্বঙ্গ(২)-

অনন্তর চন্দ্রমুখী মৎ প্রতি কুটিল দৃষ্টি পূর্ব্বক আমাকে কহিল,— কি আশ্চর্য্য? তোমার হিতোপদেশিনী আমাকেও দূষিত করিবার নিমিত্ত উদ্যত হইয়াছ? আমি তোমার মন্ত্রাভিজ্ঞা আচার্য্যা নহি, অতএব তুমি মন্ত্র চতুরা কাঞ্চনলতাকে আচার্য্য পদে নিযুক্ত কর।

তদ্বাক্য শ্রবণে আমি কাঞ্চনলতাকে কহিলাম,—কাঞ্চনলতে! ত্বদীয় বৈদগ্ধ্য দর্শনে আমার মনোরূপ ভ্রমর তোমাতে অত্যন্ত অনুরক্ত হইয়া অতিশয় উৎকণ্ঠান্বিত হইয়াছে অতএব সহাস্যে দর্শনকারিণী ইহাদের সমক্ষেই পরমোৎকণ্ঠিত মদীয় বক্ষঃস্থলে যদি তুমি স্বয়ংই প্রীতিভরে পরম সুন্দরতা রাধিকা* ভবৎকণ্ঠসমীপবর্ত্তিনী মঞ্জুলতার একা একাবলী (একনরহার) অর্পণ কর তাহা হইলে আমি মূল্য ব্যতিরেকেই তোমার অভীষ্ট মৌক্তিক সকল অবশ্য তোমাকে প্রদান করিব। এবং মদীয় আলিঙ্গন রূপ মনোহর রত্নহারপ্রতে

১। অর্প্যতে। ২। মৎক্রোড় ইতি পাঠান্তরং।

* পরম সৌন্দর্য্যের আরাধিকা অর্থাৎ অত্যুত্তমা। শ্লেষে রাধিকা।

ললিতরত্নহারত্রয়েণ ভবৎকণ্ঠমধ্যনাভিপ্রদেশানলং প্রসাধয়িষ্যামীতি তা(১)মনুসরতি ময়ি সা মাং তির্য্যগবলোকয়ন্তী হুং কুর্ব্বতী কিঞ্চিদপসসার, রাধা চ সস্মিতং কুর্ব্বতী আত্মনি শঙ্কামাধায় সম্ভ্রমবাপ।

ততো বিশাখা তর্জ্জন্যঙ্গুষ্ঠছোটিকয়া নান্দীমুখীং অভিমুখীকৃত্য নেত্রকূণনেন রঙ্গণমালিকাতুলসিকে দর্শিতবতী।

নান্দীমুখী বিহস্য, মোহন! ইমে রাধিকাপ্রিয়চরণৈক-পরে অতীব প্রিয়ে রঙ্গণমালিকাতুলসিকে তাং(২) বিনা-ক্ষণমপি কুত্রাপ্যবস্থাতুং ন শক্নুবতস্তদনয়ো(৩). মুক্তামূল্যং নির্ণীয় তূর্ণং তে তদন্তিকে প্রস্থাপয়।

---

তোমার কণ্ঠমধ্য হইতে নাভিদেশ পর্য্যন্ত অলঙ্কৃত করিয়া দিব এই বলিয়া আমি কাঞ্চনলতার অনুসরণ করিলে কাঞ্চনলতা আমার প্রতি কুটিল কটাক্ষে অবলোকন পূর্ব্বক হুঙ্কার করিয়া কিঞ্চিৎ দূরে গমন করিল। রাধাও হাস্য পূর্ব্বক আপনাতে আশঙ্কা করিয়া সম্ভ্রম প্রাপ্ত হইল।

অনন্তর বিশাখা—তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের ধ্বনিদ্বারা অর্থাৎ উক্ত অঙ্গুলিদ্বয়ে তুড়ি প্রদান পূর্ব্বক নান্দীমুখীকে অভিমুখী করিয়া নয়নেঙ্গিতে রঙ্গণমালিকা ও তুলসীকে দেখাইয়া দিলেন।

তখন নান্দীমুখী হাস্য করিয়া আমাকে কহিল—হে মোহন! এই রঙ্গণমালিকা ও তুলসী ইহারা উভয়ে শ্রীরাধার প্রিয় চরণ তৎপরা অতএব তাঁহার অত্যন্ত প্রিয়া। ইহারা রাধা ভিন্ন ক্ষণকালও কোথাও থাকিতে পারেনা অতএব ইহাদের মুক্তার মূল্য নির্ণয় করিয়া শীঘ্র তাঁহার নিকটে পাঠাও।

---

১। কাঞ্চনলতাং। ২। রাধিকাং।

৩। রঙ্গণমালাতুলস্যোঃ

ততোঽহং সান্দ্রানন্দং বিহস্য,—নান্দীমুখি! তুলস্যা অদৃষ্টচরচঞ্চলনয়নাঞ্চলাবলোকলবমরিচক্ষোদমিশ্রিতসুস্মিত-নবঘনসারলবপরিমলিতাশ্রুতচরনবনবভাষিতমকরন্দপায়নেন বিহ্বলীকৃতমিব মাং স্নেহবিহ্বলা রঙ্গণমালিকা মদুরসি নিজ-কুচকুট্মলাভ্যামবষ্টভ্য মজ্জীবাতুরূপস্বাধরপীযূষপায়নেন দ্রুতং সন্ধুক্ষয়ত্বিতি।

ততঃ সর্ব্বাস্থ হসন্তীষবনতমুখ্যৌ তে(১) বিশাখা-পৃষ্ঠলগ্নে বভূবতুঃ।

নান্দীমুখী,—মুক্তাফলবাণিজ্যবিলাসিন্! যূথেশয়োরপি রাধাবিশাখয়োর্মৌক্তিকমূল্যনির্ণয়ে যত্নবো ন ধৎসে; তত্র কিং কারণং?

অনন্তর আমি সানন্দান্তঃকরণে হাস্য করিয়া নান্দীমুখীকে কহিলাম হে নান্দীমুখি! অদৃষ্টচর চঞ্চল নয়নাঞ্চলের অবলোকনরূপ ঈষৎ মরিচ চূর্ণমিশ্রিত ও সুহাস্যরূপ কর্পূর যুক্ত অশ্রুতচর নব নব বাক্যরূপ মকরন্দ পানে আমি বিহ্বলীকৃত ব্যক্তির ন্যায় হইলে স্নেহ বিহ্বলা রঙ্গণমালিকা তৎক্ষণাৎ মদীয় বক্ষে নিজ কুচকলিকাদ্বয় ধারণ বা স্থাপন করিয়া আমার প্রাণ স্বরূপ স্বীয় অধরামৃত পান দ্বারা আমাকে আনন্দিত করুক।

অনন্তর সকলে হাস্য করিতে লাগিলে তুলসী ও রঙ্গণমালিকা অবনত বদনে বিশাখার পৃষ্ঠলগ্না হইয়া রহিল।

নান্দীমুখী আমাকে কহিল—মুক্তাফলবাণিজ্য বিলাসিন্! যূথেশ্বরী রাধা ও বিশাখার মুক্তামূল্য নির্ণয় বিষয়ে তুমি যে মনোযোগ করিতেছনা তাহার কারণ কি?।

১। তুলসীরঙ্গণমালিকে।

ততোঽহং,—সা যূথেশা মৎসবিধমাগত্য চেৎ স্বয়ং নির্ণয়তি ; তদৈব নির্ণয়নীয়ং ; তদগোচরে কেন নির্ণীয়তাম্ ।

নান্দীমুখী,—বীর ! মূল্যং তাবৎ প্রকাশয় ; যথা তচ্ছ্রবণেন তন্মূল্যদ্রব্যাণাং সমাহৃতি(১) ত্বয়া ক্রিয়তে ।

ময়োক্তং,—রাধাবিশাখয়োরদ্বৈতাদ্দ্বয়োরপি মদতীব প্রিয়য়োর্যৎকিঞ্চিন্মূল্যং কথ্যতে তচ্ছ্রূয়তাং—মৎপৃষ্ঠমঞ্জুলতর-তমালসম্বলিতমসৃণতরদক্ষিণসব্যভুজাস্বর্ণলতয়োর্গান্ধর্ব্বিকা-বিশাখয়োর্ললিতনতাংসনিহিতবিলাসোল্লসিতপরিমলিতস্বপ্রচণ্ড-দোর্দ্দণ্ডযুগলস্য সুরভিকুসুমকুলপরিবাসিতবনবিহারমাধুরী-

---

নান্দীমুখীর ঐ বাক্য শুনিয়া আমি কহিলাম্—সে যূথেশ্বরী যদি আমার নিকটে আসিয়া স্বয়ংই মূল্য নির্ণয় করিয়া লয়, তাহা হইলেই মুক্তার মূল্য নিশ্চয় হইবে নচেৎ তাহার অসাক্ষাতে কে মূল্য নির্ণয় করিবে ? ॥

নান্দীমুখী আমাকে কহিল,—বীর ! প্রথমতঃ অসাক্ষাতেই মূল্যটা মৎসমীপে প্রকাশ কর তাহা হইলে যূথেশ্বরী আমার নিকট তাহা শ্রবণ করিয়া তন্মূল্য দ্রব্যের সংগ্রহ করিবে ।

আমি কহিলাম,—রাধা ও বিশাখা এই উভয়ে অভিন্না অর্থাৎ একাত্মা হেতু ইহারা আমার অত্যন্ত প্রিয় অতএব যৎকিঞ্চিৎ মূল্য কহিতেছি শ্রবণ কর,—গান্ধর্ব্বিকা ও বিশাখা এই উভয়ে মৎপৃষ্ঠ রূপ তমালবৃক্ষ সম্বলিত মসৃণ তর দক্ষিণ ও বাম বাহুরূপ স্বর্ণলতা স্বরূপ অতএব ইহাদের সুকোমল বা মনোজ্ঞ বিনত স্কন্ধে আমি বিলাসোল্লসিত ও কুঙ্কুম চন্দনাদি সৌরভান্বিত আজানু-লম্বিত বাহু যুগল অর্পণ করিলে এবং আমি সুরভি কুসুম সমূহে পরিবাসিত

---

১। সমাহারঃ।

সুন্দরস্য পরস্পরমবিষমনিরুপমপ্রেমকলাপাবলোকনকৌতু-কেন মম গণ্ডরঙ্গস্থলে তন্মধুরবদনসুধাকরপ্রবীণনটপ্রবরৌ যুগপৎ পৃথগ্বা মুহুর্মুহু তাণ্ডবং সমুল্লাসয়ন্তৌ(১)মদানন্দকন্দং কন্দলয়তাম্।

কিঞ্চ,—রাধাকুণ্ডতটীকুডুঙ্গভবনাঙ্গনে ভ্রমদ্ভ্রমরঝঙ্কৃতি-পরিমিলিতসুরভিকুসুমবৃন্দস্যন্দমানমকরন্দমঞ্জুল(২)বকুল-তলা-নলকনক-বেদিকায়াং মঞ্জুলমল্লিকুসুমদলকুলকল্পিত(৩)প্রশস্ত-সুকুমারতল্পোপরি স্বর্ণযূথিকাকুসুমকৃতচন্দ্রোপধানে বাম-কফোণিমবষ্টভ্য সঙ্কুচিতজানুদ্বয়ং সুখোপবিষ্টস্য মন্মনো-মধুপাশ্রয়রূপায়া বিশাখয়া স্বর্ণসম্পুটস্থিতকুঙ্কুমরসং কিঞ্চিৎ শ্লথমিবালোকয়ন্ত্যা স্বসখ্যপ্রণয়মধূন্মাদেন(৪) নিস্তলনিজবক্ষোজ-

বন বিহার মাধুরী অনুভব করিতে থাকিলে ইহাদের মধুর মুখচন্দ্র রূপ প্রবীণনটবরদ্বয়—পরস্পর অত্যন্ত নিরুপম প্রেমকলাপ অবলোকন কৌতুক দ্বারা যুগপৎ বা পৃথক ভাবে আমার কপোলরূপ রঙ্গস্থলে মুহু ২ ভাবে নৃত্যরস প্রকাশ করিয়া মদীয় আনন্দ বিস্তার করুক। আর রাধাকুণ্ডের তীর-বর্ত্তি কুডুঙ্গ নামক গৃহাঙ্গনে ভ্রাম্যমাণ ও শব্দায়মান ভ্রমরান্বিত সুরভি কুসুম সমূহ হইতে মকরন্দ ক্ষরিত ও মঞ্জুল বকুলতলস্থ নির্ম্মল স্বর্ণ বেদিতে মনোহর মল্লিকা কুসুম দল সমূহে রচিত, সুন্দর ও সুকোমল শয্যোপরি আমি স্বর্ণ যূথিকা কুসুমকৃত চন্দ্রোপধানে বামকফোণি (কণুই) সংস্থাপন পূর্ব্বক জানুযুগল সঙ্কুচিত করিয়া সুখে উপবেশন করিলে আমার মনোরূপ ভ্রমরের আশ্রয় স্বরূপা বিশাখা—স্বর্ণ সম্পুটস্থিত কুঙ্কুমরস যেন কিঞ্চিৎ শ্লথ (তরল) দেখিয়া তদীয় প্রিয়সখী শ্রীরাধার প্রণয় মধুপানোন্মত্ত হেতু স্বীয় বর্ত্তুল স্তন

১। সম্যক্ উল্লাসং কুর্ব্বাণৌ। মুহুর্মুহুতাণ্ডবরসমুল্লাসয়ন্তৌ ইতি পাঠান্তরং।
২। মঞ্জুল ইত্যত্র বন্ধুর ইতি পাঠান্তরং। ৩। রচিত।
৪। স্বসখ্যপ্রণয়মদোন্মাদেন ইতি পাঠান্তরং।

যুগলাদাকৃষ্টদরকঠিনীভূতসুরভিকুঙ্কুমপঙ্কমিলনাদীষদ্ঘনীকৃত্য তেন মুহুর্মুহু রুষিতে মম পুলকিতবক্ষসি মৎপ্রাণপঞ্জরশারিকা রাধিকা কদাচিৎ স্বস্য কদাচিৎ বিশাখায়াঃ কুচসম্পুটবিকৃষ্ট-নবমৃগমদদ্রবেণ সরোমাঞ্চং চম্পককলিকাগ্রেণ(১) বল্লরিমকরা-ঙ্কুরপত্রাণি প্রগুণাকল্পকল্পনয়া(২) কল্পয়ন্তী নির্ভরপরস্পরা-সমানোর্দ্ধসৌহার্দ্দসৌরভ্যভরেণ চমৎকৃতিবলিতমদ্দেহমনো-বাক্যানি পরং পরিবাসয়ত্বিতি।

অতো রাধাবিশাখে সস্নেহং যুগপৎ সপুলকপরস্পর-চাতুরক্ষিকবীক্ষণেন লজ্জিতে বভূবতুঃ।

যুগল হইতে ঈষৎ কঠিনীভূত সুগন্ধ কুঙ্কুম পঙ্ক গ্রহণ পূর্ব্বক উক্ত সম্পুটস্থ কুঙ্কুমরসের সহিত মিশ্রিত করিয়া ঈষৎ গাঢ় করণান্তর তদ্দ্বারা মদীয় পুলকিত বক্ষে মুহুর্ ভাবে লেপন করিলে আমার প্রাণ পঞ্জরস্থ শারিকা স্বরূপা রাধিকা কখনও নিজের কখনও বা বিশাখার কুচ সম্পুট হইতে নব মৃগমদ দ্রব উদ্ধৃত করিয়া তদ্দ্বারা সরোমাঞ্চ কলেবরে চম্পক কালিকাগ্র দ্বারা লতা, মকর, অঙ্কুর, ও পত্র প্রভৃতি অনুপম বেশ রচনা করিয়া পরস্পরের অতিশয় অসমানোর্দ্ধ সৌহার্দ্দ সৌরভ্য ভরে কেবল চমৎকৃতি যুক্ত মদ্দেহ, মন ও বাক্য সকল সুবাসিত করুক॥

অনন্তর রাধা ও বিশাখা সস্নেহে যুগপৎ পুলকান্বিত কলেবরে পরস্পর চতু-শ্চক্ষু দ্বারা* সন্দর্শনে লজ্জিতা হইল॥

১। চম্পকললিতাগ্রেণ ইতি পাঠান্তরং।

২। প্রকৃষ্ট গুণশালিবেশরচনয়া। প্রগুণশিল্পকল্পনয়া ইতি পাঠান্তরং।

* উভয়ের দুই দুই চক্ষু হেতু দুইজনে দুই দুই চক্ষে প্রদর্শনে চারি চক্ষু বলা হইল।

বিশাখা,—ললিতে! লম্পটতানাট্যে তল্লম্পটনটাভ্যাং অসম্ভবমনোরথনামনাটকস্য বিধীয়মানাভিনয়বীক্ষণায় নির্জ্জনবনরঙ্গেঽস্মিন্ যথার্থনাম্নী নান্দীমুখীয়ং মৌক্তিকপ্রদাননিমিত্তকল্পিতথাবাক্প্রস্তুত্যাস্মান্ সভাসদঃ কর্ত্তুং সংরক্ষ্য প্রকারেণ বিড়ম্বয়িতুমুদ্যুক্তাস্তি; তদত্র রঙ্গে যস্যা রঙ্গো বিদ্যতে সা কিল কুলবতী সাধ্বী স্ফুটমস্য চতুঃষষ্টিকলাবিদগ্ধস্য নটস্য লাস্যমত্রোপবিশ্য পশ্যন্তী ভদ্রেণ কুলদ্বয়মুৎকীর্ত্তয়তু অহন্তু গৃহং গচ্ছামি।

ততো নান্দীমুখী,—সখি বিশাখে! অস্য নর্ম্মকর্ম্মঠশীলস্য দুর্লীলস্য বচনবিলাসমাত্রেণৈব কথং নির্বিদ্য খিদ্যসে? ক্ষণং তিষ্ঠ, নিঃসন্দেহমধুনৈব মুক্তা দাপয়িষ্যাম্যস্মি ইতি তামাশ্বাস্য নিবর্ত্ত্য চ মৎসবিধমাসাদ্য(১) মাং প্রাহ—দুর্লীল গোপ-

বিশাখা কহিল—হে ললিতে! লম্পটতা নাট্যে এই উভয় লম্পটনট কর্ত্তৃক অসম্ভব মনোরথ নামক নাটকের যে অভিনয় বিধান হইতেছে তাহা দেখিবার নিমিত্ত এই নির্জ্জন বনরঙ্গে যথার্থ নাম্নী এই নান্দীমুখী মৌক্তিক প্রদানার্থ অলীক বাক্য প্রস্তাব দ্বারা আমাদিগকে সভাসদ্ করিবার জন্য এখানে রাখিয়া প্রকারান্তরে বিড়ম্বনা করিতে প্রবৃত্তা হইয়াছে। অতএব এই রঙ্গে যাহার রঙ্গ আছে সেই কুলবতী সাধ্বী এই চতুঃষষ্টি কলাবিদগ্ধ নটের নৃত্য এখানে উপবেশন পূর্ব্বক দর্শন করিয়া কুলদ্বয় অর্থাৎ পিতৃকুল ও পতিকুল সুখস্বরূপে বা অনায়াসে উজ্জ্বল করুক পরন্তু আমি গৃহে চলিলাম।

অনন্তর নান্দীমুখী বিশাখাকে বলিল,—সখি বিশাখে। নর্ম্ম (পরিহাস) কর্ম্মরক এই দুর্লীল ব্যক্তির বাক্ বিলাস মাত্রেই কেন দুঃখান্বিত হইয়া খেদ করিতেছ? ক্ষণকাল অবস্থান কর, এক্ষণই নিঃসন্দেহে মুক্তা প্রাপ্ত হইব"

১। নিবর্ত্ত্য চ সা সবিধমাসাদ্য ইতি পাঠান্তরং

যুবরাজ! ভবদ্বিসদৃশনর্ম্মালাপশ্রবণেন বিশাখাদয়ো মদুপরি শশ্বৎ খিদ্যন্তে; তৎ কৃপয়া সম্প্রতি নর্ম্মকর্ম্মপঞ্জিকা(প্রপঞ্জিকা)-প্রপঞ্চং(১) সংরক্ষ্য ক্রয়বিক্রয়পঞ্জিকামুদ্‌ঘাট্য দ্রবিণাদিমূল্যেন মুক্তাঃ প্রদায় ধ্রুবমমূর্ভবৎস্নিগ্ধগান্ধর্ব্বাচমূস্তুরিতমনুরঞ্জয়।

ততোঽহং,—নান্দীমুখি। যদ্যপি রাধা ময়ি কাঠিন্যমেব সন্ততমাতনোতি তথাপি সহজস্নিগ্ধস্য মম মনস্তু তন্নামমাত্র-শ্রবণাদেব নাঙ্গমেব সমস্তং দ্রুতমনুসন্ধত্তে তদাস্থ তৎসহচরীষু কাঠিন্যেন কিং? ততো দিনদ্বয়াভ্যন্তরে(২) যাবন্নির্ণীতমূল্যমুপ-স্থাপয়সি; তাবদেব তৎসুবর্ণালঙ্কারণাদিরৌপ্যাদিরত্নাদিরসাদি-

এইরূপে বিশাখাকে কহিয়া গৃহ গমনে নিবর্ত্তিত করিয়া সেই নান্দীমুখী মন্নিকটে আগমন পূর্ব্বক আমাকে কহিল হে দুর্লীল গোপযুবরাজ। তোমার অযুক্ত পরিহাসময় আলাপ শ্রবণে বিশাখা প্রভৃতি ব্রজসুন্দরীগণ আমার প্রতি নিরন্তর দোষারোপ করিতেছে অতএব এক্ষণ কৃপা পূর্ব্বক পরিহাস কর্ম্মরূপ প্রস্তাবনা (বিস্তার) সমূহ পরিত্যাগ করিয়া ক্রয় বিক্রয় প্রস্তাবনা উদ্‌ঘাটন পূর্ব্বক সুবর্ণাদি মূল্য দ্বারা মুক্তানিচয় প্রদান করতঃ ভবদীয় প্রিয়তমা গান্ধর্ব্বার (রাধার) সেনাগণকে অবিলম্বে অনুরঞ্জিত কর।

অনন্তর আমি নান্দীমুখীকে কহিলাম, হে নান্দীমুখি! যদ্যপি শ্রীরাধা আমার প্রতি সর্ব্বদা কাঠিন্য বিস্তারই করিয়া থাকে তথাপি স্বভাবতঃ স্নেহযুক্ত মদীয় মনঃ অঙ্গবিহীন হইলেও তাহার নাম শ্রবণ মাত্রেই অবিলম্বে সমস্ত বিষয় অনুসন্ধান করিয়া থাকে অতএব তদীয় সখচরীগণে কাঠিন্য আচরণে কি ফল হইবে? অনন্তর দিনদ্বয়াভ্যন্তরে যে পরিমাণ নির্দ্ধারিত মূল্য আনয়ন করিবে, তৎপরিমাণ সুবর্ণালঙ্কারাদি, রৌপ্যাদি, রত্নাদি, রসাদি ও প্রিয়গবাদি

১। সমূহং। ২। দিনত্রয়াভ্যন্তরে ইতি পাঠান্তরং।

প্রিয়গবাদিকং ধনং ময়ি স্থাপ্যতয়া ময়ি সংরক্ষ্য এতদনুরূপ-কিয়ন্মৌক্তিকানি গৃহ্ণন্ত ইত্যাভাষ্য পুনঃ ক্ষণং মৌনেন বিমৃশ্যাহং,—নান্দীমুখি ! সন্ততদয়িতগোচারণলীলয়া বনে বনে ভ্রমতা ময়ৈতৎ সর্ব্বং কুত্র রক্ষিতব্যং, প্রতীতিপাত্রমপি কোঽপি ন দৃশ্যতে, রক্ষিতে চ পররমণী-দ্রব্যে লজ্জাপকীর্ত্তিতো মহত্তমং(১) লভ্যতে ; তৎ সত্যমুচ্যতে—প্রস্তুতমূল্যং বিনা এতৎ কিমপি ন সম্পাদ্যতে এব ।

নান্দীমুখী,—মোহন ! এতদপূর্ব্বমূল্যং কুত্রাপি ন দৃষ্টং, ন বা শ্রুতমস্তি ।

ততোঽহং,—বিদগ্ধে নান্দীমুখি ! ঈদৃশমেতদ্ভূমিজাতাপূর্ব্ব-মৌক্তিকং ত্বয়া ব্রহ্মাণ্ডে কুত্রাপি দৃষ্টচরং শ্রুতচরং বা অস্তি ?

---

ধন,আমার নিকট বন্ধক রূপে রাখিয়া ইহার অনুরূপ মৌক্তিক সকল গ্রহণ করুক ইহা বলিয়া পুনর্ব্বার ক্ষণকাল মৌনাবলম্বন পূর্ব্বক মনে ২ বিচার করিয়া কহিলাম—হেনান্দীমুখি । আমি নিরন্তর প্রিয় গোচারণ লীলা দ্বারা বনে বনে ভ্রমণ করিয়া থাকি অতএব এই সকল সুবর্ণাদি কোথায় রক্ষা করিব, বিশ্বাসের পাত্রও কাহাকে দেখিতেছি না। বিশেষত পররমণীর দ্রব্য রক্ষা করিলে লজ্জা ও অপকীর্ত্তি হইতে মহত্তর হইতেছে অতএব ইহা সত্য বলা হইয়াছে প্রস্তুত মূল্য ব্যতিরেকে ইহা কিছুই সম্পন্ন হইবেনা ॥

নান্দীমুখী আমাকে কহিল—মোহন ! এই অপূর্ব্ব মূল্য কোথায়ও দেখি নাই বা শুনিও নাই ॥

নান্দীমুখীর এব বাক্য শ্রবণান্তে আমি তাহাকে কহিলাম্ বিদগ্ধে নান্দী-মুখি ! বোধ হয় তুমি এই ভূমিজাত ঈদৃশ অপূর্ব্ব মুক্তা, ব্রহ্মাণ্ডমধ্যে কোথায়ও

---

১। লজ্জাপকীর্ত্তিভ্যাং নাম মহত্তমং ইতি পাঠান্তরং।

তদপূর্ব্বপদার্থস্য মূল্যমপ্যপূর্ব্বং, তত্রাপি ন বয়ং মুক্তা-ব্যাপারিণঃ কিন্তু কেবলং ভগবতীপাদানামাদেশেন ভবদাগ্রহেণ চাত্র প্রবর্ত্তিতাঃ স্মঃ। তস্মাচ্চেদিচ্ছা স্যাত্তর্হি মিথো নির্দ্ধারিতমূল্যং প্রস্তুতং দত্ত্বা পরমচতুরা এতা মৌক্তিকানি গৃহ্নন্তু. নো চেদ্গৃহং গচ্ছন্তু; পশ্য মধ্যাহ্নপ্রায়ো দিবসো জাত-স্তদ্বয়মপি গোধনসন্তালনায়(১) গোবর্দ্ধনং গচ্ছামঃ।

ততো নান্দীমুখী সনির্বেদমিব ললিতান্তিকমুপেত্য অমুচ্চৈঃ—সখি ললিতে! সখি বিশাখে! ভোঃ সর্ব্বাঃ প্রিয়-সখ্যঃ! নিজাভীষ্টৈতন্মূল্যলব্ধিং বিনা হঠী নাগরোঽয়ং মুক্তা ন দাস্যত্যেবেতি ময়োপরোধত্বেন(২)নির্দ্ধারিতমস্তি। মৌক্তিকান্যবশ্যমেব গ্রাহ্যাণি অতো ময়ৈতন্মন্ত্র্যতে যদস্মিন্নেব

দেখিয়া থাকিবে বা শুনিয়া থাকিবে? অতএব অপূর্ব্ব পদার্থের মূল্যও অপূর্ব্ব হইয়া থাকে। বিশেষতঃ তাহাতে আমরা মুক্তা ব্যবসায়ী নহি; পরন্তু কেবল ভগবতী পৌর্ণমাসী পাদের আদেশে ও তোমার আগ্রহে এই কার্য্যে প্রবর্ত্তিত হইয়াছি অতএব যদি ইচ্ছা হয় তবে পরস্পর নির্দ্ধারিত মূল্য উপস্থিত সময়ে প্রদান করিয়া পরম চতুরা এই সকল গোপীগণ মৌক্তিক গ্রহণ করুক, আর যদি তাহা না হয় তবে গৃহে চলিয়া যাউক; ঐ দেখ—বেলা প্রায় দ্বিপ্রহর হইয়াছে অতএব আমরাও গোধনচারণার্থ গোবর্দ্ধনে যাইব॥

অনন্তর নান্দীমুখী দুঃখান্বিতা হইয়াই যেন ললিতার নিকট আসিয়া লঘু-স্বরে কহিল—সখি ললিতে! সখি বিশাখে! অয়ে প্রিয়সখীগণ! এই হঠী নাগর—স্বীয় অভীষ্ট এই মূল্য না পাইলে কিছুতেই মুক্তা প্রদান করিবে না ইহা আমি বহু অনুরোধ দ্বারা নিশ্চয় করিয়াছি। মুক্তাচয় অবশ্যই গ্রহণ করিতে হইবে অতএব আমি এই মন্ত্রণা করিতেছি যে ইহার কথিত

১। গোধনসঞ্চালনায় ইতি পাঠান্তরং। ২। অনুরোধত্বেনেত্যর্থঃ।

মূল্যে কেনাপি ব্যাজেন কিঞ্চিন্মাত্রসম্মতিপ্রদানেনামুং সন্তোষ্য মৌক্তিকান্যাদায় গৃহে গতে কো নাম কস্য মূল্যং গৃহ্নাতু কো বা দদাতু ॥

ততঃ অদ্ভুততপস্বিনি ! তিষ্ঠ তিষ্ঠেতি নান্দীমুখীমাক্ষিপ্য মাং প্রতি ললিতা স্মিত্বা—ধীর ললিতযুবরাজ ! অপূর্ব্বা বৃন্দাবন-কেদারিকা, অপূর্ব্বমেতন্মৌক্তিকবীজং, অপূর্ব্বাণি মৌক্তিকানি, অপূর্ব্বোঽয়ং মৌক্তিকবিক্রয়ী বণিক্, অপূর্ব্বমেতন্মূল্যং, ন বয়মপূর্ব্বা ভবামস্তৎ কথমস্মাকমেতদপূর্ব্বমূল্যপ্রদানে সামর্থ্যং ভবতু কিন্তু নান্দীমুখীয়ং তাবদস্মাস্বতীব স্নিগ্ধা অস্মদভিন্না চ ত্বঞ্চ তাবদপূর্ব্বব্রহ্মচারী তস্মাদপূর্ব্বব্রহ্মচারিণীয়ং অপূর্ব্বতপস্যা বলাৎ ভবদভিমতাপূর্ব্বমূল্যপ্রদানেন ভবন্তং সন্তোষ্য মৌক্তিকান্যাদাস্যতে বয়ন্তু গৃহায় চলিতাঃ স্ম ইতিসপ্রণয়ের্ষ্যামিব বিবিধসাত্ত্বিকোল্লাসবিলসিতাঃ কিঞ্চি-

মূল্যে কোনরূপ ছল ক্রমে কিঞ্চিন্মাত্র সম্মতি প্রদানে ইহাকে সন্তোষ করিয়া মৌক্তিক সকল গ্রহণ পূর্ব্বক গৃহে গমন করিলে কেইবা কাহার মূল্য গ্রহণ করিবে এবং কেইবা কাহার মূল্য প্রদান করিবে ॥

অনন্তর ললিতা—"অদ্ভুত তপস্বিনি ! তিষ্ঠ তিষ্ঠ" এইরূপে নান্দীমুখীকে তিরস্কার করিয়া হাস্য পূর্ব্বক আমাকে কহিল হে ধীর ! ললিত যুবরাজ ! অপূর্ব্ব বৃন্দাবন কেদারিকা, অপূর্ব্ব এই মৌক্তিক বীজ, অপূর্ব্ব মৌক্তিক সকল, অপূর্ব্ব এই মৌক্তিক বিক্রয়ী বণিক্ এবং অপূর্ব্ব এই মূল্য পরন্ত আমরা অপূর্ব্বা নহি অতএব এই অপূর্ব্ব মূল্য প্রদানে আমাদিগের কি প্রকারে সামর্থ্য থাকিবে কিন্তু এই নান্দীমুখী আমাদের প্রতি অত্যন্ত স্নেহযুক্তা ও আমাদিগের অভিন্না এবং তুমিও অপূর্ব্ব ব্রহ্মচারী অতএব ইনি অপূর্ব্ব ব্রহ্মচারিণী—অপূর্ব্ব তপস্যার বলে তোমার অভিমত অপূর্ব্ব মূল্য প্রদান দ্বারা তোমাকে সন্তোষিত করিয়া মৌক্তিক সকল গ্রহণ

তির্য্যগ্গ্রীবাভিরামং স্মিতশবলিতনয়নাপাঙ্গেন ক্ষণে ক্ষণে মামবলোকয়ন্ত্যস্তথাবিধাং বিবিধসাত্ত্বিকভাবোল্লাসবিলসিতাং রাধাং পুরস্কৃত্য রাধাকুণ্ডতীরোপান্তমঞ্জুলবকুলকুঞ্জমন্দিরং তাঃ সর্ব্বা জগ্মুঃ॥

ততঃ পরমানন্দসন্দোহেন ময়া বিচিত্য বিচিত্য পরমোত্তমমৌক্তিকসঞ্চয়ৈঃ স্বহস্তেন বিচিত্রশিল্পকল্পনয়া রাধাঙ্গপ্রত্যঙ্গাভরণানি বিরচয্য সুবর্ণসম্পুটে নিধায় তন্নামমুদ্রয়া চিহ্নিতীকৃত্য ললিতাবিশাখাদিসখীমণ্ডলীনাঞ্চ ভূষণানি তথৈব নির্ম্মায় পৃথক্ পৃথক্ সম্পুটে ন্যস্য তত্তন্নামমুদ্রয়া চিহ্নিতীকৃত্য তথৈবাগ্রথিতান্যপ্যুত্তমমৌক্তিকানি বহূনি চ নান্দীমুখ্যা

---

করিবে; পরন্তু আমরা গৃহে চলিলাম এই রূপ সপ্রণয় ঈর্ষ্যাতেই যেন বিবিধ সাত্ত্বিক উল্লাস বিলসিত ব্রজসুন্দরীগণ—মনোহর গ্রীবাদেশ ঈষৎ বক্র করিয়া হাস্যান্বিত নেত্রাপাঙ্গে ক্ষণে ক্ষণে আমার প্রতি অবলোকন করিতে করিতে কুঞ্জ মধ্যে অবস্থিতা ও বিবিধ সাত্ত্বিকভাবে উল্লাসবিলসিতা শ্রীরাধাকে অগ্রে লইয়া রাধাকুণ্ড তীর সমীপবর্ত্তি মঞ্জুল বকুল কুঞ্জ মন্দিরে গমন করিল।

অনন্তর আমি পরমানন্দে মৌক্তিক সকল চয়ন করিয়া পরমোত্তম মৌক্তিকসমূহে, স্বহস্তে বিচিত্র শিল্পরচনা দ্বারা শ্রীরাধার অঙ্গ প্রত্যঙ্গের আভরণ সমুদয় প্রস্তুত করিয়া স্বর্ণ নির্ম্মিত সম্পুটে (কৌটায়) সংস্থাপন পূর্ব্বক তাহার নাম মুদ্রায় চিহ্নিত করতঃ এবং ললিতা বিশাখা প্রভৃতি সখীবর্গের ভূষণ সকলও তদ্রূপ নির্ম্মাণ করিয়া পৃথক্ পৃথক্ সম্পুটে স্থাপন পূর্ব্বক তত্তৎ নামমুদ্রায় চিহ্নিত করতঃ তথা অগ্রথিত বহু বহু উত্তম মৌক্তিক সকল নান্দীমুখীর সহিত মধুমঙ্গল, সুবল ও তৎকালে সমাগত উজ্জ্বল,

সহ মধুমঙ্গল-সুবল-তৎকালাগতোজ্জ্বল-বসন্ত-কোকিলাদিহস্তেন রাধাকুণ্ডনিকুঞ্জমন্দিরে প্রহিতানি।

রাধয়া স্মিত(লসিত)ললিতাবিশাখাদিসখীভিঃ সমং স্মিত-শবলিতহর্ষেণাদায়* সাদরমধুরপ্রচুরতরপক্বান্নতাম্বূলবীটিকাভি-র্মধুমঙ্গলং প্রণয়রূপগন্ধচন্দনৈর্বরতাম্বূলৈশ্চ সুবলাদিকঞ্চ সন্তোষ্য তদ্ধস্তেন স্বহস্তসম্পাদিতসুরভিসুকুমারারুণ-কুসুমবিচিত্রিতকাঞ্চনযূথিকামাল্যকর্পূরবাসিততাম্বূলোপঢৌক-নেন নির্ভরমানন্দিতোঽহং প্রণয়াধিক্যেন তন্মাল্যভূষিত-স্তত্তাম্বূলমুপযুঞ্জানঃ সখিভিঃ সহ গোসন্তালনায় গোবর্দ্ধন-মাগতঃ।

---

বসন্ত, কোকিলাদি নর্ম্ম সখাগণের হস্তে প্রদান করিয়া রাধাকুণ্ডের নিকুঞ্জ মন্দিরে প্রেরণ করিলাম।

রাধা—হাস্যান্বিত ললিতা বিশাখা প্রভৃতি সখীগণের সহিত সহাস্যে ও সহর্ষে তাহা গ্রহণ করিয়া মধুমঙ্গলকে সাদরে সুমধুর প্রচুরতর পক্বান্ন ও তাম্বূল বীটিকা দ্বারা এবং সুবল প্রভৃতিকে প্রণয় রূপ গন্ধ, চন্দন ও উত্তম তাম্বূল দ্বারা সন্তোষ করিয়া, তাহাদিগের হস্তে সখীগণের প্রেরিত স্বহস্ত নির্ম্মিত সুগন্ধযুক্ত সুকোমল অরুণবর্ণ কুসুমে বিচি-ত্রিত কাঞ্চন যূথিকার মালা ও কর্পূরবাসিত তাম্বূল উপহারে আমি অত্যন্ত আনন্দিত হইলাম এবং প্রণয়াধিক্য বশতঃ তাহাদের মাল্যে ভূষিত ও তাহাদের তাম্বূল উপভোগ করিয়া সখাগণে সহিত গোচারণার্থ গোবর্দ্ধনে আগমন করিলাম।

---

* স্মিতসবলিতহর্ষেণাদায় ইতি পাঠান্তরং।

ততশ্চ স্বর্ণসম্পুটং সমুদ্‌ঘাট্য(১) ললিতা তদলঙ্করণেন সানন্দমানন্দিতাং রাধাং প্রসাধয়ামাস।

তদনু ললিতাবিশাখাদয়ঃ সখ্যোঽপি পরস্পরং তত্তৎ-সম্পুটাভরণেনাত্মানং ভূষয়ামাসুঃ। ততস্তাঃ স্বস্বগৃহে গত্বা তৎপ্রচুরতরাদ্ভুতমৌক্তিকপ্রদানেন স্বস্বপতিং স্বস্বগুরূংশ্চ পরং সন্তোষ্য পুনর্গান্ধর্ব্বা-সরস্তীরগান্ধর্ব্বান্তিকমবাপ্য মিথো মন্মধুরমধুরনর্ম্মবার্ত্তাবিনোদেন সুখং বিজহ্রুঃ।

সত্যা,—গোকুলবিলাসারামমত্তকোকিল! ততস্ততঃ?

কৃষ্ণঃ,—প্রিয়ে! শ্রুতং শ্রোতব্যং; তদলং তদতিবার্ত্ত-

---

অনন্তর ললিতা—শ্রীরাধা নামে চিহ্নিত স্বর্ণ সম্পুট উন্মোচন করিয়া সেই মুক্তাভরণ দ্বারা আনন্দ সহকারে আনন্দময়ী শ্রীরাধাকে বিভূষিতা করিল।

অনন্তর ললিতা ও বিশাখা প্রভৃতি সখীগণও পরস্পর তত্তৎ সম্পুটস্থ আভরণ দ্বারা ভূষিত হইল। পরে সকলে স্বস্বগৃহে গমন করিয়া সেই প্রচুর পরিমিত অদ্ভুত মৌক্তিক প্রদানে স্বস্ব পতি ও স্বস্ব গুরুজনকে অত্যন্ত সন্তোষ করিয়া পুনর্ব্বার রাধাকুণ্ড তীরে শ্রীরাধার নিকট আগমন পূর্ব্বক পরস্পর মদীয় মধুর পরিহাস বার্ত্তাবিনোদ দ্বারা সুখে বিহার করিতে লাগিল।

সত্যভামা জিজ্ঞাসা করিল—হে গোকুল বিলাসারাম-মত্ত কোকিল!* তারপর তারপর?

কৃষ্ণ কহিল প্রিয়ে! এইত গোকুল বিলাস শ্রবণ করিলে, ভবিষ্যতে আরও

---

১। স্বর্ণসম্পুটমুদ্‌ঘাট্য ইতি পাঠান্তরং।

* অর্থাৎ তুমি গোকুল বিলাসরূপ আরামের মত্ত কোকিল স্বরূপ হইয়াছ

যেতি(১) ক্রুবন্নেব তন্মধুর(মধুর)-রহস্যকেলিবৃত্তান্তোদ্‌ঘাটন-বৈকুল্যাতিশয়েনাধৈর্য্যং—

মৎকণ্ঠস্য সুবর্ণবন্ধুরমণিব্রাতোল্লসন্মালিকা
মচ্ছ্রোত্রদ্বয়য়োরলংপরিলসৎস্বর্ণাবতংসদ্বয়ী।
মৎকায়স্য সুগন্ধিকুঙ্কুমলসচ্চর্চ্চা পরা সা কদা
হাহা(২)যাস্যতি দৃক্‌পথং মম পুনঃ পুণ্যৈরগণ্যৈরিহ॥

ইতি ক্ষণং মৌনমালম্ব্য পুনঃ সৌৎসুক্যং—

মদ্বক্ষঃস্থলচম্পকাবলিরিয়ং(৩) মন্নেত্রপদ্মাবলী-
সৌধাসিক্তিরিয়ং মদেকবিলসৎসর্ব্বাঙ্গলক্ষ্মীরিয়ম্।

---

শ্রবণ করিতে পারিবে; অতএব এখন আর অধিক বর্ণনার প্রয়োজন নাই" ইহা বলিতে বলিতে শ্রীকৃষ্ণ, সেই মধুর রহস্য বৃত্তান্ত উদ্‌ঘাটন জন্য অত্যন্ত ব্যাকুলতা প্রযুক্ত অধৈর্য্য হইয়া বিলাপ করিতে লাগিলেন—

যিনি আমার কণ্ঠের সুবর্ণ ও মনোহর মণি নিচয়ের শোভমানা মালা স্বরূপা, ও আমার কর্ণযুগলের উজ্জ্বল স্বর্ণাবতংস (কর্ণভূষণ) দ্বয় এবং যিনি আমার দেহের সুগন্ধি ও কুঙ্কুমের লেপন স্বরূপা, হায়! সেই সর্ব্বাধিকা শ্রীরাধিকা, মদীয় অগণ্য পুণ্যবলে কবে আমার নয়ন গোচর হইবেন।

এইরূপে বিলাপ করিয়া ক্ষণকাল মৌনভাব অবলম্বন পূর্ব্বক পুনর্ব্বার ঔৎসুক্য সহকারে কহিতে লাগিলেন—

আহা! যিনি আমার বক্ষঃস্থলের চম্পকাবলী স্বরূপা, যিনি মদীয় নয়ন কমল যুগলে সুধাসিক্ত করিয়া থাকেন, যাহার সর্ব্বাঙ্গের শ্রী—আমার একমাত্র

---

১। তদতিবর্ণনয়েতি পাঠান্তরং। ২। রাধা ইতি পাঠান্তরং।
৩। শ্রীরাধা

মৎপ্রাণোরুবিহঙ্গবল্লরিরিয়ং মৎকাঙ্ক্ষিতশ্রীরিয়ং(১)
মজ্জীবাতুরিয়ং ময়া পুনরহো ! হা হা কদা লপ্স্যতে ॥

ইতি বিলপন্ সাশ্রুধারস্তল্লীলাস্মরণবিহ্বলঃ ভূমৌ নিপত্য সশব্দং রুদন্তং মধুমঙ্গলমালিঙ্গ্য তদনু—প্রাণবল্লভে ! ত্বমেব জীবাতুরূপা রাধাসীতি সকম্পং সগদ্গদং লপন্ তাং সত্যাং পরিষ্বজ্য মুহুর্মুহুর্দ্দীর্ঘমুষ্ণঞ্চ উচ্চৈর্নিশ্বসমাসীৎ ।

সত্যভামা চ—সম্ভ্রমেণ সাশ্রুরোমাঞ্চা নিজশাটিকাঞ্চলেন তং বীজয়ন্তী তূষ্ণীমাসীৎ ।

ইত্যখিলবৃত্তান্তং পৌর্ণমাসীশিষ্যা সমঞ্জসা-মুখাদাকর্ণ্য সরোমাঞ্চং সকৌতুকং সব্যথং লক্ষ্মণা প্রাহ—সখি সমঞ্জসে ! ততস্ততঃ ?

---

বিলাসের স্থান, যিনি আমার অভিলষিত সম্পত্তি স্বরূপা, যিনি আমার প্রাণরূপ বিহঙ্গের বল্লরি এবং যিনি মদীয় জীবনের ঔষধ স্বরূপা, হায় ! হায় ! আমি পুনর্ব্বার কত দিনে সেই শ্রীরাধাকে প্রাপ্ত হইব ।

শ্রীকৃষ্ণ এইরূপে সজল নয়নে বিলাপ করিতে করিতে, বৃন্দাবনীয় উক্ত লীলা স্মরণে বিহ্বল ও ভূমিতলে পতিত হইয়া উচ্চৈঃস্বরে রোরুদ্যমাণ মধুমঙ্গলকে আলিঙ্গন পূর্ব্বক তাহার পর সত্যভামাকে কহিলেন হে প্রাণবল্লভে ! "তুমিই আমার জীবনৌষধ স্বরূপা শ্রীরাধা হও" এইরূপে সকম্প ও সগদ্গদ বাক্যে বিলাপ করিতে করিতে সত্যভামাকে আলিঙ্গন করিয়া মুহুর্মুহুঃ দীর্ঘ উষ্ণ ও উচ্চ নিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন ।

সত্যভামা সম্ভ্রমের সহিত অশ্রুজলাভিষিক্ত ও রোমাঞ্চিতা হইয়া স্বীয় বস্ত্রাঞ্চল দ্বারা শ্রীকৃষ্ণকে ব্যজন করতঃ মৌনভাব অবলম্বন করিয়া রহিলেন ।

পৌর্ণমাসীদেবীর শিষ্যা সমঞ্জসার মুখে এইসকল বৃত্তান্ত শ্রবণকরিয়া সকৌতুকে ও দুঃখসহকারে রোমাঞ্চিতা লক্ষ্মণা কহিল—সখি সমঞ্জসে ! তারপর তারপর ?

---

১ । বাঞ্ছিতসম্পত্তিরিয়ং শ্রীরাধা ।

সমঞ্জসা—ততঃ প্রথমমতিসম্ভ্রমেণ ক্ষণং তূষ্ণীং স্থিত্বা তদনু(১)। প্রাণনাথ! নিখিলব্রজজনৈকজীবন! জয় জয় ধৈর্য্যমবলম্বস্ব ধৈর্য্যমবলম্বস্ব সমাশ্বসিহি সমাশ্বসিহীতি বৈয়গ্র্যবিশঙ্কটধ্বনিং আহ্বয়মানয়া মুহুর্মুহুর্বীজনেন মৃদুমৃদুলগাত্রমার্জ্জনেন গোকুল-গমনার্থপ্রার্থনাদিভিরেব নিজ-জীবিতনাথং শনৈঃ শনৈঃ সন্ধুক্ষিতীকৃত্য নিজানন্তসুখসুধাসিন্ধূন্ নিজানন্তপ্রাণপরম্পরামপি তৃণবদ্দূরমনপেক্ষ্য সদা চিকির্ষিতনিজপরমাভীষ্টতৎসুখাভাস-লবলেশয়া তচ্চরণপঙ্কজৈকগত্যা সত্যয়া তদানীমেব সখী-দ্বারা তত্রানীতশ্রীমদুদ্ধবমন্ত্রিরাজসন্নিরূপিতে সমাগামিনি

সমঞ্জসা কহিল—তার পর প্রথমে অতি সম্ভ্রমে ক্ষণকাল মৌনভাবে থাকিয়া তৎপশ্চাৎ সত্যভামা কহিল—হে প্রাণনাথ! হে নিখিল ব্রজজনৈক-জীবন! জয় হউক, জয় হউক। ধৈর্য্য অবলম্বন কর, ধৈর্য্য অবলম্বন কর, আশ্বস্ত হও, আশ্বস্ত হও এইরূপ বৈয়গ্র্য প্রযুক্ত উচ্চধ্বনি পূর্ব্বক আহ্বান করতঃ মুহুর্মুহু বীজন, মৃদু মৃদু ভাবে মধুর অঙ্গমার্জ্জনা এবং গোকুল গমনার্থ প্রার্থনাদি দ্বারাই যেন স্বীয় প্রাণনাথকে ধীরে ধীরে চেতন বা আনন্দিত করিলেন। কারণ এই সত্যভামা নিজের অনন্ত সুধামৃত সিন্ধু ও নিজ অনন্ত প্রাণ পরম্পরাকেও তৃণবৎ দূরে উপেক্ষা করিয়া সর্ব্বদা কেবলমাত্র শ্রীকৃষ্ণের বিন্দুমাত্র সুখকে নিজের অভীষ্ট বলিয়া মনে করিয়া থাকেন এবং শ্রীকৃষ্ণের-চরণকমলকে নিজের একমাত্র গতি স্বরূপ বলিয়া মানিয়া থাকেন (অতএব প্রাণনাথ গোকুলে গমনপূর্ব্বক শ্রীরাধাকে দর্শন করিলে অবশ্য সুস্থতা লাভ করিবেন; এই মনে করিয়া প্রাণনাথের গোকুল গমনার্থ মন্ত্রণা করিবার নিমিত্ত তখনই) সখীদ্বারা শ্রীযুক্ত উদ্ধব মহাশয়কে আনয়ন করিলেন। তখন

১। আহ ইত্যূহ্যং।

পরশ্বোঽহনি মধুরদধ্যন্নাদিভোজনানন্তরং গুরুদিনসিতদশমী-
ধনিষ্ঠাভশুভযোগসম্ভাবিতবিবিধগুণাভিরাজিতাভিজিন্নামমুহূর্ত্ত-
বরে সর্ব্বতো নৈর্ব্বিঘ্ন্যেন ঝটিতি সমস্তপ্রশস্তশস্তোৎপাদন-
পুরঃসরং গোকুলপুরপ্রবেশসম্পাদয়িত্রীং পরমমঙ্গলকুলোজ্জ্বলিত-
যাত্রাং বিধায় সবিনয়নির্ব্বন্ধেন পূজ্যচরণশ্রীমদগ্রজমহানুভাবং
গোকুলগমনার্থমত্যুৎকণ্ঠিতমপি দ্বারকাপুরাভিভাবনার্থমভি-
সংরক্ষ্য তত্র ভবতী শ্রীভগবতীপাদপদ্মান্ পুরো নিধায় সার্দ্ধ-
মুদ্ধবরোহিণীশ্বরীভ্যাং সকলমঙ্গলালিঙ্গিতো মধুমঙ্গলালঙ্কৃতঃ
শ্রীশ্রীমদ্ব্রজনবযুবরাজস্তৎক্ষণাদেব দ্রুতমিতশ্চলিত্বা শ্রীমতা
নন্দীঘোষরথেন শ্রীগোকুলোপশল্যমাসাদ্য প্রমদসম্ভৃত-

---

মন্ত্রিরাজ উদ্ধব,—আগামী পরশ্ব বৃহস্পতিবার শুক্লাদশমী ধনিষ্ঠা নক্ষত্র ও শুভযোগ সম্ভাবিত বিবিধ গুণান্বিত অভিজিৎ নামক উত্তম মুহূর্ত্তে * শ্রীকৃষ্ণের গোকুল গমনের শুভদিন নির্দ্ধারণ করিলেন। শ্রীশ্রীমান্ ব্রজ-যুবরাজ শ্রীকৃষ্ণ সেই নির্দ্দিষ্ট দিনে যথাসময়ে মধুর দধি, অন্ন প্রভৃতি যাত্রোচিত ভক্ষ্য দ্রব্য ভোজনান্তর তৎক্ষণাৎ নির্ব্বিঘ্নে সর্ব্বদিক্ সমস্ত প্রশংসনীয় মঙ্গলোৎপাদন পুরঃসর গোকুলপুর প্রবেশ সম্পাদয়িত্রী পরম মঙ্গল কুলো-জ্জ্বলিতযাত্রা বিধান করিলেন। এদিকে পূজ্যপাদ মহানুভব শ্রীমদগ্রজ বলরাম গোকুল গমনার্থ অত্যন্ত উৎকণ্ঠিত হইলেও তাঁহাকে সবিনয়াগ্রহে দ্বারকাপুরী রক্ষার্থ তথায় রাখিয়া ভগবতী পৌর্ণমাসীকে অগ্রে লইয়া উদ্ধব ও ঈশ্বরী রোহিণীর সহিত এবং সকল মঙ্গলান্বিত মধুমঙ্গলকে সঙ্গে করতঃ তৎক্ষণাৎ দ্রুত-বেগে তথা হইতে গমন পূর্ব্বক পরমশোভনীয় নন্দীঘোষাখ্য রথে শ্রীগোকুলের উপশল্যে গমন করিলে সর্ব্বসম্মতিক্রমে নির্ণীত হইল যে—"আনন্দসহকারে

---

* দিবসকে ১৫ পঞ্চদশ খণ্ডে বিভাগ করিলে তাহার অষ্টম ভাগ বা অষ্টম মুহূর্ত্ত অর্থাৎ মধ্যাহ্নকে অভিজিৎ বলা যায়, অতএব তন্নামক মুহূর্ত্তে।

চিরাভিলষিতনিজাভীরশৃঙ্গারনিকরেণাতিভ্রাজমানঃ সন্ শ্রীমতি নিজব্রজপুরে শুভপ্রবেশমবশ্যং করিষ্যতীতি সুদৃঢ়ং সর্ব্বসম্মর্ত্যা নির্ণীতমস্তীতি। তৎপরিবেশিতমধুরসমাচারসুধাসারমানন্দাসারসংপ্লুতা* শ্রবণচষকৈঃ সমাচম্য পরমসৌভাগ্যবতীশিরোমণিমঞ্জরীসত্যভামাসমকক্ষপট্টমহিষী সকলসল্লক্ষণগুণলক্ষোজ্জ্বলিতলক্ষ্মণা সৌৎসুক্যং সংললাপ—সখি সমঞ্জসে। এতন্মধুররসবার্ত্তাশ্রবণাদতীব উৎকণ্ঠিতাহং শ্রীযাদবেন্দ্রেণ সার্দ্ধং গোষ্ঠেন্দ্রগোষ্ঠমবাপ্য রাধা-সখ্যপুষ্পসৌরভ্যেনাত্মানং বাসয়িতুমভিলষামি।

সমঞ্জসা,—সখি! তথৈব সর্ব্বথা ভবতু ভবত্যা ইতি।

---

চিরাভিলষিত নিজগোপজাতীয় বেশচয় ধারণ পূর্ব্বক তদ্দ্বারা অতিশয় শোভমান হইয়া শোভাময় স্বীয়পুরে শুভ প্রবেশ অবশ্য করিতে হইবে।" এইরূপে সমঞ্জসা কর্ত্তৃক পরিবেশিত মধুর সমাচার রূপ সুধাসার শ্রবণ পাত্রে পান করিয়া পরম সৌভাগ্যবতী শিরোমণি মঞ্জরী সত্যভামার তুল্যা পট্টমহিষী নিখিল সল্লক্ষণময় লক্ষগুণে উজ্জ্বলিতা লক্ষ্মণা—আনন্দপ্লুতা হইয়া ঔৎসক্য সহকারে সখীকে কহিতে লাগিলেন—সখি সমঞ্জসে! এই মধুর বৃত্তান্ত শ্রবণে আমি অত্যন্ত উৎকণ্ঠিতা হইয়াছি অতএব শ্রীযাদবেন্দ্রের সহিত ব্রজরাজের গোষ্ঠে গমনপূর্ব্বক শ্রীরাধার সখীস্বরূপ কুসুমসৌরভে আপনাকে সুবাসিত করিতে অভিলাষ করিতে ইচ্ছা করিতেছি।

সমঞ্জসা কহিল—সখি লক্ষণে! সর্ব্ব প্রকারে তোমার অভিলষিত পূর্ণ হউক কিমধিকমিতি।

---

* তৎপরিবেশিতমধুরসমাচারসুধাসারসংপ্লুতা ইতি পাঠান্তরং।

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি ॥ ১ ॥
যস্যাজ্ঞাসুধয়া প্রবোধিতধিয়া মুক্তাচরিত্রৈর্ময়া
গুচ্ছঃ পুষ্পভরৈর্ব্যধায়ি য ইহ শ্রীরূপসংশিক্ষয়া।
জীবাখ্যস্য মদেকজীবিততনোস্তস্যৈব দৃক্‌ষট্‌পদী
ঘ্রাণৈস্তং পরিভূষিতং সু তনুতাং তৎকেলিশীধূৎকধীঃ* ॥২॥
মুক্তাচরিত্রপুষ্পৌঘৈর্গুচ্ছঃ গুম্ফিতমদ্ভুতং।
বতংসয়তু মৎস্নেহাৎ শ্রীমদ্রূপগণো রহঃ ॥ ৩ ॥

---

আমি দশননিচয়ে তৃণ ধারণ পূর্ব্বক পুনঃ পুনঃ প্রার্থনা করিতেছি এই যে, জন্মে জন্মে যেন শ্রীপাদ রূপগোস্বামি মহাশয়ের শ্রীপাদপদ্মের ধূলি হইয়া জন্ম গ্রহণ করি ॥ ১ ॥

আমি যে শ্রীপাদ জীবগোস্বামীর আদেশামৃতে প্রবোধিত বুদ্ধি সম্পন্ন হইয়াও, শ্রীপাদ রূপগোস্বামীর সম্যক্ শিক্ষায় এই মুক্তাচরিত্রের কুসুমনিকরে গুচ্ছ (স্তবক) প্রস্তুত করিলাম, আমার একমাত্র জীবিত বিগ্রহ স্বরূপ সেই শ্রীজীবের, যে নেত্রভৃঙ্গ—কৃষ্ণলীলামাধ্বীকে অত্যন্ত সমুৎসুকমতি হইয়াছে, তাহার সেই দৃক্‌ষট্‌পদ—ঘ্রাণ দ্বারা এই স্তবক পরিভূষিত করুক ॥ ২ ॥

মুক্তাচরিত্রের কুসুম সমূহে মৎকর্ত্তৃক অত্যাশ্চর্য্য যে গুচ্ছ (স্তবক) গ্রথিত হইল তদ্দ্বারা শ্রীপাদ রূপ গোস্বামীর অনুগত ভক্তগণ মৎপ্রতি স্নেহ বশতঃ নির্জ্জনে বসিয়া স্ব স্ব কর্ণ বিভূষিত করুন অর্থাৎ নির্জনে বসিয়া শ্রবণাস্বাদন করুন ॥ ৩ ॥

---

* ঘ্রাণৈস্তং পরিভূষিতং বিতনুতাং তৎকেলিশীধূৎকধীঃ ইতি পাঠান্তরং দেবাক্ষরগ্রন্থে দৃষ্টং।

যস্য সঙ্গবলতোঽদ্ভুতা ময়া
মৌক্তিকোত্তমকথা প্রচারিতা।
তস্য কৃষ্ণকবিভূপতের্ব্রজে
সঙ্গতির্ভবতু মে ভবে ভবে ॥ ৪ ॥

ইতি শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামি কৃত
শ্রীমুক্তাচরিত্রং সম্পূর্ণং।

---

আমি যাঁহার সঙ্গ বলে এই অদ্ভুত মৌক্তিকোত্তম কথা প্রচার করিলাম আমার জন্মে জন্মে এই ব্রজমণ্ডলে সেই কৃষ্ণদাস কবিরাজের সঙ্গ হউক ॥ ৪ ॥

শ্রীধাম নবদ্বীপ নিবাসি পণ্ডিত শচীনন্দন গোস্বামি ভক্তিরত্ন কৃত
"মুক্তাচরিত্রের" অনুবাদ সমাপ্ত।

BRITISH
JA 28 1910
MUSEUM
INDIAN COPYRIGHT

missing
51-56
60-61
64
80
92-93
142-143
226-227